१५७ भुग्रेश्य १५अ ४०.४ १०१

১ ম, ১০০০ কাপী।

र ए, २००० काली । • स, २००० काली भ



# निर्घणे भव।

প্রকরণ	****		****		পৃষ্ঠা
शृर्वज्ञ कीकृष	ফ্রে বন্দন	••••	••••	*****	>>
দেব দেব মহা	দেবের বন্দ	ना		****	><
बी बी श्र्यापार	বর বন্দনা			•••••	20
গ্রহকারের বি	বরণ			****	,78
গ্রীকুফের পথ	pনাম <mark>মাহ</mark> াৰ	ij · ··			>@
গ্রহারন্ত					72
গ্রীকুষ্ণের মথু	ता नीना अ	করণ			২•
গ্রীকুঞ্চের মথু	য়া নগর ভা	प्ल		•••	२७
গ্রীকৃষ্ণ রজক	•				२৫
গ্রীকুফের রাই	দ্বেশ ও ত	ন্তবায়ের ট	বকুঠ প্রাণি	광 <b>.</b>	२७
মালাকার স্থা	নে মাল্য ধা	রণ ও বরদ	તાને	****	২৯
কুবুজার সৌন	ৰ্য্য প্ৰাপ্ত্যা	नि	••••	••••	৩২
नन श्रीकृष्ट			••••	****	89
নিশিপ্রভাতে	•		1	••••	8@
রাজসভায় জ					ક છ
কুবলয় বৰ্গ ও	•		** 741	****	86
চাহর মৃষ্টিক ব		••••	•••;	****	৫२
কংস বধ		****	••••	• • • •	œ
দেবকী বস্থদে			****	••••	৫৩
नम्म विमादग्रत		*****	g		৬১

<b>প্রকরণ</b>	*****	*****	• • • •	****	পৃষ্ঠা
<b>बिह्न नम्रक</b>	জ্ঞানবোগ	কন ও বি	শ্ৰপ দেখা	A	७२
नैन विषय	*****	****	40.00	****	৬৪
উপ্রদেশের রা	দ্যা প্রাপ্তি	••••	•••••	••••	9.
রোহিণী আদি	কে আনয়ন	। त्रामकूटक	র উপনয়ন	••••	92
রামকুঞ্চের অং	गुत्रनार्थ अ	वस्त्री नगर	র গমন		90
গুরুদক্ষিণা বিব	বরণ	••••	****		91
শঝান্তর বধার্থ	কুষ্ণের স	युष्ड ध्याः	व <b>न्</b>		۶۶
শুরুপুত্রার্থ কুরে	ষ্ণর সংযম	নীপুরে গা	मन	*****	<b>४</b> २
खङ्गिका नि	য়া রামক্লুষে	র মথুরা <b>গ</b>	গমন	••••	▶8
দেবকীর মৃত প	ত্রের আন	यन ও निर्य	ia	••••	50
গ্রীক্লফের ব্রজ	বিরহ			****	20
উদ্ধবের রুন্দাব	ান গমন		• •••	****	28
জীমতীর সহিত	উদ্ধবের :	मका ९ ७	কথা	••••	20
উদ্ধণ্যে প্রতি	শ্রীমতীর ব	হথোপকথ	न	****	৯৬
শ্রীমতীর বচনে	উদ্ধবের উ	ন্তর	1000		৯৭
উদ্ধবের কথায়	এমতীর ও	প্রত্যুত্তর	****	••••	· 🔊
উक्तरवत्र नम्मान	ব্যে গমন	****	****	****	>•৫
উদ্ধব कृष्ण गः	वान निया न	न्मदक मार	রুনা করেন	****	>05
উদ্ধব कृष्ण निव	কটে ব্রজের	সংবাদ ক	হেন	••••	>>0
কুৰুজা বিলাস	1		****	• • • • •	>>0
কুবুজা কর্তৃক	গ্রীক্লফের	প্ৰতি অল	কে স্তব	*****	>>0
क्रूका शृद्ध है	কুষ্ণের গম	ान	****	*****	>>5
কুব্জার পূর্বা ভ	ন্ম বিবরণে	া রামায়ণ	<i>বৃ</i> তান্ত	****	226
স্থূর্পনথার খেদ	ও রামপ্রা	खार्थ मा	গরসঙ্গমে ব	চামনা করি	য়ো
প্রাণ পরি	ত্যাগ	*****	••••	••••	>२@
কুজা'রাণী হ'	হৈল মথুরা	বাসিনীর ব	म्था	****	<b>५</b> १७
<b>ঞ্জিমতীকৃষণ্ডণ</b>	শরিয়া বি	লাপ করে	4 ****	• •••	३२४
•					

প্রকরণ	পূৰ্চ
এক্রিফগুণ কথনে ক্রফকানী বৃত্তন্তি	255
कनक ७ छन त्रास्य	>0:
নৌকাপর রুভান্ত	206
মান কালের র্ভাস্ত • · · · · · · · · · · · · · · · · · ·	306
কুম্বের নাপিতিনীর বেশ রুত্তান্ত	303
ক্লুফের বিদেশিনীর বেশ রুভান্ত	>83
कूटक्षत्र विष्मिनी व्यटन कशर्षे शतिहत्र	>88
কুষ্ণের যোগীবেশ রুভান্ত	>89
জটিলা কুটিলার সহিত যোগীর কথার বৃত্তান্ত	>82
ঞ্জীমতীকে ভিক্ষা দিতে জটিলার আদেশ	>0>
জটিলার আদেশে যোগীকে ভিক্ষা দেন	>0<
ঞীমতী যোগীর কথাতে মান ভঙ্গ	D
मानाच्छ भूनर्त्रिवत्नत्र कथा ऋत्र	<b>9</b> 0¢
রাস রাত্রি স্মরণে শ্রীমতীর রোদন	>@9
চক্রাদের কথা ভাবণে রোদন	১৬২
মহারাসের কথা স্মরণে রোদন	>98
রাধিকা আপন রাজবেশ শ্বরণে রোদন	<b>&gt;</b> ૭૭
ত্রীস্ভার প্রীকৃষ্ণ ভ্রম ···· · · · · · · · · · · · · · · · ·	296
ভ্রম বশতঃ শ্রীমতী কালীয়হ্রদ তীরে পতিতা হন	<b>৯</b> ৭২
গোর্ব্ধনের নিকটে শ্রীমতীর রোদন	598
শ্রীমতীর নিবাদে স্বপ্ন দর্শন	290
শ্রীমতীর প্রবল মুর্চ্ছা	>99
চক্রাবলীর নিকট রাধার অপ্রকট সংবাদ	296
চন্দ্রাবলীর শ্রীমতীর কুঞ্চে গমন	<b>348</b>
চক্রার আগমন অবণে ললিতার কোপ রাধার মৃষ্ট্রভঙ্গ	24c
মতান্তরে পদাঙ্ক দূত প্রকরণ 🗼	266
গ্রন্থকারের অনুনয়	ントカ
,	

প্রকরণ	*****		****	পূঠা
ভাষাৰ্থ সহিত শ্লোকাৰ্থ			*****	>2%
শ্রীমতীতে রুন্দার আশ্বাস		****	••••	₹७•
इन्ना क्रक्टक जानिवात वि	ववत्रग कर	হন		२७२
मधुता भमनार्थ इन्नानि मर्व	शैत्र मित्र	नन	• •••	२७8
वृक्ता श्रीमञीदक भूनः अर	বাধ কয়ে	٠	•. • • •	२७७
শ্রীমতীকে কুঞ্চে রাখিয়া	নব স্থীর	মধুপুরে য	ত্র	२७१
वृन्नां पित मध्यूरत गमन	11.01		****	२०२
मंडाखरत मंत्री कर्जुक, अ				282
कृत्कत्र नगत समत् छित्य	াগ	*****	• • • •	288
ক্লফের নগর ভ্রমণে যাত্রা		****	••••	<b>२8</b> ७
मधीगरगत क्रुक मर्मन	• • •			289
প্রভাদেরমতে স্থীগণের			****	<b>२</b> ७३
মধুরা নাগরীর সহিত বৃদ্	াদির কং	л	*****	<b>२</b> ७२
अस्यामि क्रम मशीरमत अ	াগমন জ	मिया जला	ল কাকদেন	₹ <b>₫</b> ₹
वृम्मानित क्ष मर्भात मङा	मकान हर	ংকত ওক	त्र ना अध्यान जन्म	700
বাক্য রহিত	144 ( 94	, 14.0 0 %	<b>9</b> (1	56.
স্থচিত্রার উক্তি				? <b>%</b> •
ভৃপ্তি দ্বিজের উপাখ্যান			• • • • •	<b>२७</b> 8
ইন্দুমুখীর উক্তি		****		२७৫
অঙ্গদেবীর উক্তি	••••		*****	२७৮
চ <b>ন্দ্র</b> মালার উক্তি	• • • • •	4 ***	. * * * * ′	500
চন্দ্রনালার ভাস্ক স্থুমীতি প্রিয়ার উক্তি	*****	4 * **	****	5 <b>9 2</b>
	****	****	••••	२٩৫
বিশাখার উক্তি	*****		• • • •	२१४
ললিভার উক্তি ·····	• • • • •	• ••	****	२५५
রুন্দার উক্তি	• • • •	••••	•-••	२৮१
রুন্দার আক্ষেপোক্তি	*****	****	••••	266
এক্রফের উক্তি	451110		*****	२२०

. •				
क्रमा कर्जुक ब्रम्मावरनत अव	वन्त्रा दर्गन	••••	••••	२৯५
প্রকরণ	• •••	****	****	পৃষ্ঠা
যশোদার ছঃখ বর্ণন	• · • • •	****	*** *	२५७
<b>জ্রীনন্দের রোমন বর্ণন</b>		****	4****	२৯৫
<b>क्रीनामि मधागर</b> णत प्रक्रम	ণা রর্ণন		****	২৯৬
গোৰৎসাদির ছঃখ বর্ণন		*****	****	<b>394</b>
শ্রীমতী রাধার ছঃখ বর্ণন				२৯৯
শ্রীমতীর দশাশ্রবণে কুফে	त द्वापन	उ इम्नातः	প্ৰবোধ-	602
श्रीकृत्कत उक्रभमनार्थ निर	বদন ও অ	শ্বাস	****	0.0
ৰড়াইর সহিত কুঞ্চের সাং				900
क्रक मशीमिगरक जकरवर्ग	দেখান ও	वैभी अ	₹q	৩০৬
द्रमानि मशीसु गरगत शिक्रा	ফের বাঁশী	विदेश उ	জ আগমন	७००
বাঁশী প্রাপ্তে সে সময়ে তা	বতের তা	প শান্তি		৩১০
রাজা জরামক্কের ক্রোধ	*****			७५२
জরাসন্ধের যুদ্ধে যাত্রা	••••			958
ক্লফ বলরামের সহিত যুদ্ধ		••••		B
জরাসন্ধের পূনঃ যুদ্ধে আং	গমন	****		929
ক্লুষ্ণের দ্বারিকার পরিবার	স্থাপন		****	410
कोल यवन वश		****	****	ゆかか
রাজা মুচুকুন্দের মুক্তি	****	****		<b>9</b> 20
জরাসন্ধের মথুরায় পুনরাং	গমন ও র	ম কুফের	ছারিকা গম	न ७२२

निर्घले পত मण्यूर्ग।

# পূर्वतुका बीकृषः वनना।

ত্রিপদী। মনোনিত্য নিরঞ্জন্, পূর্ণব্রহ্ম পরাত্মন্, সভ্য সনা-তন সর্ক্ষধার। স্বপ্রকাশ সত্যাশ্রয়, নিখিল কারণালয়, নিরীহ निर्खं न निर्स्तिकात ।। खटनत नोहिक रमेश, निर्खं टनत खनाट्यम, स्म শেষ করিতে কেবা পারে। ভক্তের কার্য্যের হেণ্টু, বান্ধিয়া গুণের সেতু, নিরাকার বিদিত সাকারে।। গোলক বিহারি শ্রাম, বামে রাণী রাধানাম, যুগ্ম ৰূপ অপুর্ব্ব দর্শন। রুন্দাবনে অবতরি, নিত্য नव मीमाकति, तरम भूनं रेकरन जिज्जूवन।। তোমার চরিত্র চয়, স্থাজিনি স্থাময়, পানে হয় ভব কুধানাশ। সর্বাশান্ত্রে এই গায়, যেই তব গুণ গায়, যায় তার শমনের ত্রাশ।। কিবা মূর্ত্তি মনোহর, ত্রিভঙ্গিম নটবর, অধরেতে মুরলী যোজন। চূড়া পরে শিখি পুচ্ছ, কিবা সে স্থন্দর গুচ্ছ, হেরে ভুচ্ছ হয় ত্রিভুবন।। কর্ণেতে কুগুল দোলে, যেন নবঘন কোলে, চপলার গমন চঞ্চল। বঁচনে মধুর হাস, করে করে তমোনাশ,কপ্তেতে কৌস্তভ সমুদ্ধল ॥ অধিকন্ত উপহার, মণি মুক্তা স্বৰ্ণহার, বনফুল হার তার পরে। ভৃগুপদ লক্ষ বক্ষ, কিঙ্কিণী বেষ্টিত কক্ষ,কেয়ুর বলয়া শোভে করে।। কটাকে কচ্জন ধরা, পীতপট বস্ত্র পরা, চরণে ফুপুর মনোহর। অরুণ চরণ তল, পদ পৃষ্ঠ মেঘ দল,নখরে নিকর শশ্ধর।। সকলে সরল কায়, স্বতে-জেতে শোভা পায়, এ কেবল চরণের ভাব। চরণ আশ্রয় করি, মেঘবিধু সবিভরি, বিহীম হইল ছেষ ভাব ৷৷ নিজনিভা কাদশ্বিনী, অঙ্গ আধা বিনি বিনি, গৌরাঙ্গিনী বামে স্থশোভিত। যুগল ক্রপের ছটা, কিবা মনোহর ঘটা, ঘনঘটা তড়িত জড়িত ৷৷ শিশু করে নিবেদন, আশু প্রভু নিরঞ্জন, এইকপে মম হৃদে আসি। দিয়া দিব্য জ্ঞানদান, শুনহ আপন গান, শাস্ত্রমতে যথা শক্তি ভাষি॥

## प्तव प्तिव महारमव वन्तना।

নমো দেব দেব শিব রুষভ বাহন। ত্রিনেত্র ত্রিপূলধারি ত্রিপুর ষাতন।। ত্রিপুরের অধীশর ত্রিপুরার পতি। ত্রিতাপ বারক বিভূ ত্রিলোকের গতি।। জটাজুট মন্তকে মুকুট মনোহর। ফণিফণা স্থুশোভিত তাহার উপর।। উপবীত ফণি**হার কটি বেড়া** ফ**ণি ॥** ফ্রিমর আভরণ ফনি শিরোমনি। ফ্রিমনি বিভুষণে সমুজ্জুল কার। দৃষ্টে মনীষীর মনোধ্বাস্ত দূরে যার।। নিন্দিরা রজত গিরি নিভা কলে রবে। অধিক উক্ষ্রল করে বিভৃতির করে।। ব্যাস্ত চর্ম্ম পরিধান আসন তাহাই। ছুই ক্রোড়ে ছুই শিশু কার্ভিক গণাই। বামে বামা গিরিবাল। শোভাকর কত। চতুর্ভিতে স্তুতিকরে জমরে নিয়ত।। গীর্স্কাণ গণেশ গিরি গিরিজার পতি। আদি অস্ত বির-হিত অগতির গতি।। ভূতেশ ভূতেশ ঈশ দেবেশ মহেশ। বিশ্ব-নাথ বিশ্বতাত-বিশ্বেষ বিশেষ।। বিশ্বময় বিশ্বকায় বিশ্ব নিকেতন। বিশ্বকৃত বিশ্ববীত বিশ্ব বিজেতন।। অৰ্দ্ধঅঙ্গ ক্ষীকেশ বিরাট বিশ্বের। বিশ্বপতি বিশ্বগতি বিভব নিঃস্বের। নিশুস্ত নাশীনিনাথ নিস্তার কারক। পতিত পাবন প্রভু প্রণত পালক।। পরমেশ পরি পরিশেষ কে কহিবে তব। তোমার আশ্রয় নিলে তরে ভব ভব ॥ তুমি সার মূলাধার অসার সংসারে। তোমার ভক্তনে যুক্তি উক্তি তক্সসারে। দেবতার কল্পতরু তুমি দয়াময়। কামনা সাত্রেতে জীব ফলপ্রাপ্ত হয়। কামনা একস্তি মনে করি নিবেদন। শাস্ত্রমতে ক্রফণ্ডণ করিতে কীর্ত্তন। নিজে মূর্য স্থলভাব না পাই मकान। मीरनद प्ररट्ट प्रव कानवृत्ति मान।। आश्वरकांय कर्छ বিস করাও বর্ণন। কুপায় শিশুর কর কামনা পুরুণ।।


## स्र्राप्तव वन्तन।।

লঘু ত্রিপদী। নমো দিবাকর,প্রভার আকর, তমোহর তেজো-ময়। ব্রহ্ম পরাৎপর, পরম ঈশ্বর, প্রধান শাক্তেতে কয়॥ ভোমার মহিমা, জগতে অসীমা, সে সীমা কেমনে হবে। বিধি পঞানন, কৈতে ক্ষম নন, অন্যের কি সাধ্য কবে॥ সংসারের সার, সর্ব্ব মূলা ধার, তেজোধার চক্ষুক্প। মণ্ড:ল তোমার, বর্ত দেবতার,অধিবাস বিশ্বরূপ॥ বিশ্বের কারণ, বিশ্বের জীবন, বিশ্ব বিমোহন তুমি। সর্ব্বশাস্ত্রে কয়, তুমি সর্ব্বময়, সর্ব্ব দেবাঞ্জয় ভূমি।। বায়ু অগ্নিজন. শূন্য আর স্থল, এপঞ্চ আপনি হও। পঞ্চনাম লও, পঞ্চনুতে রও, পঞ্চত্ত্বে পঞ্চত্ত্ব নও। জীব ছাড়ে দেহ, তুমি বাও গ্রহ, মিশাও পঞ্চতে পঞ্চ। পঞ্চে গিয়া রও, যেন কেই নও, কে বুঝে তব প্রপঞ্চ। ভোমার মহত্ব, কে জানিবে তত্ত্ব, অনস্ত শকতি ধর। এচারি প্রহরে, ভ্রমি চরাচরে, স্বকরে প্রদীপ্ত কর।। প্রকাশিয়া কর, তরু শুদ্ধ কর, শুকাও সাগর জল। হেন খুর করে, সানন্দে বিহরে, প্রফুল নলিনী দল।। এভাবে বুঝায়, যে ভুজে ভোমার, তারে কর দয়া দান। প্রথর প্রতাপে, নাশো তার তাপে, দয়ামর জগবান।। তোমার চরণে, লয়েছি শরণে, শুন প্রভু নিবেদন। মনের বাসনা, করিতে রচনা, জ্ঞীক্লফ গুণ কীর্ত্তন।: দেছ বরদান, করহ কল্যাণ, নিরাপদ যেন হয়। ক্ষেণ ভক্তি হয়, তব স্ত জয়, অন্তে যেন নাহি রয়।। ক্লফভক্তি ধন, অমূল্য রতন, দেহ থেঁ। পত্মিনীকান্ত। শিশুরাম দাসে, মনের উল্লাসে, যাচয়ে ঘুচায়ে जारा।

## গ্রন্থকারের বিবরণ।

---

পরার। পৃথিবীতে নবদ্বীপ ত্রিদিব সমান। যথায় গৌরাল মূর্ব্বি প্রভু ভগবান।। ফুলে বেলগড়ে নামে অন্ত পাতি তার। স্থবিখ্যাত সর্বলোকে গ্রাম মধ্যে সার।। ব্রাহ্মণে কহিল শ্রেষ্ঠ বদতি যথায়। ত্রাহ্মণের ধর্মা কথা কার সাধা গায়॥ এক শ্বিজরাজ করে গগণে বিরাজ। বেলগড়ে গ্রাম দ্বিজরাজের সমাজ॥ তথা বাস রামানন্দ ধার্মিক স্থার। তন্তবায় কুলোদ্ভুত সর্ব্ব গুণ ধার।। উংহার তনয় দ্বয় শান্তশীল অতি। ইষ্ট নিষ্ট দ্যাবন্ত বিঞো ভক্তি মতি।। কনিষ্ঠ জ্ঞারঘুনাথ সর্ব্বগুণধর। জেষ্ঠ শ্রেষ্ঠ প্রাণকৃষ্ণ পর্কোতে তৎপর ৷ কভানাম সয়ামণি **অতি** সাধী সতী৷ ১ৰূপ 🗦 শ্বর ছটি তাহার দত্রতি।। প্রাণকুষ্ণে চারি পুত্র জগচ্চন্দ্র বড়। পদাভক গুণশাল বৃদ্ধিমন্ত দড়।। মধামেতে জ্ঞীরামকুমার গুণ ময়। দেব দ্বিজ্ঞ বৈষ্ণবেতে ভক্তি অতিশয়। শ্রীরাধাচরণ নামে ভ্তীর তনর। স্থলেথক যার সম দৃষ্টি নাহি হয়। ধর্মবন্ত দয়াবন্ত সশোমন্ত অতি। সতাবন্ত ক্লিতেক্রির রামে ভিক্তিমতি। ক্রিষ্ঠ দীন শিশুরাম দাস। পুথিবতৈে সন্তানেতে হইয়। বৈরাশ্ব ব্রজ গোপী নারী দহ ভাবিয়া উপায় মন্ত্রণ করিয়া মনে ক্লম্ঞ গুণ গায়।। শাস্ত্রনতে কুফ্ কথা ব্যাস বির্চিত। শিশুরাম ভাষাক্রন্দে ভাষে দে চরিত।



ক্ষায় বাসুদেবায় দেব কীনন্দনায় চ। নন্দগোপ কুমারায় গোবিন্দায় নমোননঃ।

পক্ষর। মহাপুরাণীয় লোক মহারত্নসার। সঞ্চয় করিয়া অত্যে অর্থের বিস্তার॥ মূল শাস্ত্রমতে যাহা বিশেষ বর্ণন। সূল সুক্ষা ছই অর্থে করহ প্রবণ॥

### चूनार्थ।

পয়ার। ক্লফ বাহুদেব দেব দেবকীনদ্দন। নন্দগোপ কুমার গোবিন্দ সনাতন॥ জ্ঞান ভক্তি হীন আমি বল কিলে তরি। প্রণাম তোমার পদে বার বার করি।

### स्चार्थ।

পরার। কৃষ্ণাদি নামার্থে জান সর্ব্বভূত আআ। পরব্রন্ধ প্রথা চক নিশ্চিত পরাআ।। প্রমাণ বিশিষ্ট তার কর দরশন। বিস্তার ১ করিয়া লিখি মূলের বচন।।

#### यथा।

ভ্ৰাহ্মণো বাচকঃ কোয় মৃকারোন্ত বাচ্ক। শিবস্য বাচকঃ যশ্চ ণকারো ধর্মবাচকঃ।

#### कुराउः।

পরার। ক কারেতে করে ব্রহ্ম বাচক প্রত্যের। ঋ কার বাচ-কানস্ত বিষ্ণু বিশ্বময়।। শ কার বাচক শিব গুরু দেবতার। ণ কার বাচক প্রশুল দেবতার সার।। কৃষ্ণনাম এই চতুষ্টরাক্ষর যুক্ত। পূর্ণ ব্রহ্ম কৃষ্ণচন্দ্র সর্ব্বশাস্ত্র উক্ত।। অতএব কৃষ্ণ পদে করি নমস্কার। বাস্তদেব নামের শুনহ অর্থ সার।

#### वासूरमवः।

### যথা। সত্ত্ব বিশুদ্ধং বাসুদেবং শব্দিত মিতি।

পয়ার। বিশুদ্ধিত সত্ত্বপ বাস্থানের তিনি। প্রলয়েতে স্বাকার বাসস্থান যিনি।। দেব দেব বাস্থানের দেব শ্রীনিবাস। ব্রহ্মা সহ যাবত জীবের যাতে বাস॥ কাহার দীপ্তিতে দীপ্ত জগত সংসার। বাস্থানের পরব্রক্ষে করি নসস্কার॥

#### (मवकीनमन।

পয়ার। দেবকীনন্দন পদে শুন অর্থসার। মায়াতে আনন্দ দেন মায়া নাহি যার।। দেবকীর বিশেষণে শাস্ত্রেতে বিদিত : মায়ার জ্ঞানাম দেবকপিণী নিশ্চিত।। যাহার দীপ্তিতে দীপামান ত্রিভুবন। বলি দেবকপিণী ভাহার বিশেষণ ।। সে মায়াতে দেন যিনি আনন্দ বিধান। দেবকীনন্দন বলি ভাহার আখ্যান।। দেবকীনন্দন পদে করি নমস্কার। নন্দগোপ কুমারের শুন অর্থসার।।

### नन्द्रशां शकुमात ।

পরার॥ নন্দপোপকুমারাখ্য পরমাত্মা হন। নন্দ শব্দে আনন্দ শান্তেতে নিরূপণ॥ গোপ শব্দ অর্থ সেই অনর্থ সে নয়। বিশে-বিয়া সার অর্থ শুন সমুদয়॥

## দ্বিতীয় ভাগ।

## यथा। शाः भानग्रि हिंछ।

পয়ার। গো শব্দেতে নানাঅর্থ সর্কাশান্ত্রে ধানি। তদর্থে জগত বলি গোশব্দেরে গণি॥ জগতের রক্ষা যিনি করেন নিশ্চয়। গোপ বলি তার নাম প্রতিগণে কয়।। কুমার বলিয়া শাব্দে বণন তাহার। অবস্থার পরিক্ষয় কভু নাহি যার।। সর্বাদা সমান ভাব কিশোর আকার। নন্দগোপ কুমারেরে করি নমস্কার।।

### त्शादिनमः भटम ।

পয়ার। গোবিন্দ শব্দেতে আত্মা শুন স্থনিশ্চয়। শাস্ত্র মতে মুনিগণে যে কপে বর্ণয়॥

### গাং বিন্দতি ইতি গোবিন্দঃ।

পয়ার। গো শব্দেতে সূর্য্য তেজ জ'নিবে বিশেষ। সূর্য্য মণ্ডলেতে যিনি থাকিয়া প্রবেশ।। করেন তেজের বৃদ্ধি নিজ তেজ দানে। গোবিন্দ বলিয়া তারে শাস্ত্রেতে বাখানে। অস্থ্য অর্থ শুন কিছু গোবিন্দ নামের। গো শব্দেতে পশু খ্যাত ব্যাপ্ত জগতের।। জগতে নিবাস করে যত জীবগণ। আত্মা রূপে বৃদ্ধি সদা করেন যে জন।। এমন গোবিন্দ দেব পরব্রহ্ম হরি। তোমার চরণে ভূয় নমস্কার করি।। শিশুরাম দাসে ভাষে মনের উদ্ধাসে। ক্লফ্ডভিন্তির বেদ যেন সদা মন ভাসে।।



## গ্রহার্ডঃ।

নির্ভ তত্ত্বক শুকদেব মহামুনি। কর্ণভরি কৃষ্ণ কথা বাাদ মুখে গুনি।। পুনঃ পুন: গুনিখারে ত্যা বাড়ে তার। পুনশ্চ শুধান শুক নিকটে পিতার।। কহ কহ মহাশয় কথা স্থাধার। অবণে অবণস্পৃহা নহে অবহার।। জীক্তফের লালা যাহা করিলে বর্ণন। রাধার গোলকগতি অপূর্ব কথন।। পূর্ণ ব্রহ্ম কুঞ্চন্দ্র ছুই তন্ত্র হয়ে। গোলোকে বঞ্চেন আর বৈকুপ্ত নিলয়ে॥ কার্যাক্রমে পৃথিবীতে হয়ে অবতার। ছুই তন্ম পুনর্বার হন একাকার॥ ব্রজ-ধামে কিছু দিন করিয়া বঞ্চন। হইলেন পুনরায় দ্বিভাগ যথন।। অলকে রহেন ব্রজে না জানিল কেহ। মথুরা গেলেন হরি প্রকা-শিত দেহ॥ শ্রীকৃষ্ণ বিরহানলে বিদগ্ধ হইয়া। বঞ্চিলেন রাধা সতী কি ৰূপ করিয়া। আর যত ব্রজবাসী গ্রীক্লঞ্চ অভাবে। ব্রজধানে বঞ্চিলেন কেবা কোন ভাবে।। মধুরানগরে ক্লফ করিয়া গমন। কি ৰূপেতে কোন কার্য্য করেন সাধন। বিস্তারিয়া কহ কুষ্ণ দীলার তদন্ত। মধুরা অবধি আর প্রভাস পর্যান্ত। ভাগবতে সার जान करतह दर्नन। नीना कथा दर उथा आहरत वर्जन ।। नीना সহ সমুদায় কহ বিশেষিয়া। অধীন দীনের প্রতি সদয় হইয়া।। এত যদি কহিলেন শুক সহাশয়। শুনি মুনি ব্যাসদেব সানন্দ श्रमग्राः च्हारकाद्र श्रमान्यां कति करहंन उथन। मधूता व्यवि क्रसः-লীনার কথন॥ সংস্কৃতে একাশেন মহামুনি ব্যাস। শিশু আশু ভাষাচ্চন্দে ভাষে সেই ভাষ।।

### 14

## মাথুর।

### षर्थाद बीक्रकात मथुता लीला।

দীর্ঘ ত্রিপদী। ব্যাস কন শুন শুন, হয়ে অতি স্থনিপুণ, কুষ্ণ কথা অমৃতের ধার। কর্ণাঞ্চলি ভরি পান, করিলে জুড়ায় প্রাণ, ভবে জন্ম নাহি হয় আর । অবিশ্রান্ত অবিরত, কব ক্লফ কথা যত, প্রথমতঃ শুনহ মাধুর। কংস নামে মহাস্কর, নিবদে মধুরাপুর, বাছবলে জরী তিনপুর॥ ইক্র যম হুডাশন, যার ভয়ে স্থির নন, প্রতাপে তপনতাপ ক্ষীণ। বলে বলি দর্পহর, কলি জিনি কলেবর, পাপকর্মে অতি হুপ্রবীণ । বিষম বিষয়ে মন্ত্র, হরে লয় পর স্বস্তু, পরবিত্ত দেখে আপনার। দারুণ চর্জ্জর দাপে, পদাঘাতে ধরা काँद्रिन, कांत्र माधा कांद्र यांग्र छात्।। मर्खना अधर्मा कर्मा, धार्मिन কের ধ্বংদে ধর্মা, মর্ম্মে ব্যথা দেয় সাধুজনে। বড়ই প্রথরতর, ভয়ে কাঁপে চরাচর, কংস নাম শুনিলে এবণে।। মহাপাপী ত্ররা-চার, হিংসা করে অনিবার, দেব দ্বিজ বৈষ্ণবে না মানে। করি বছ মহাপাপ, দৈবাধীন পায় ভাপ, দৈৰবাণী ভানে নিজ কানে।। দেবকীর গর্রাষ্ট্রম, জিমাবে কংসের যম, তার হস্তে হইবে নিধন। শুনিয়া আকাশ বাণী, ধায় হয়ে শস্ত্রপাণি, ভগিনীরে করিতে क्ट्रमन।। वस्ट्राप्त हिन उथा, वुसारम अयानक कथा, मन्त्र कवि কহিলেক বাণী। দেবকীর গর্ত্ত্বতু, কিবা স্থতা কিবা স্থত, জঁন্ম মাত্রে কংসে দিবে আনি ॥ শুনি কংপ কান্ত হয়ে,প্রবেশিল নিজা-লয়ে, স্নেহে রাখি ভগ্নীর জীবন। কিন্তু অতি ভীত হয়ে, নিজ ু মন্ত্রীগণে লয়ে, মন্ত্রণা করিয়া সর্ব্বক্ষণ।। দেবকার গর্ভ্জাত, কিবা আট কিবা সাত, প্রথম দ্বিতীয় নাহি মানে। জন্ম মাত্রে শিশু আনি, পাষাণ উপরে হানি, নাশে তুষ্ঠ সকল সন্তানে । দৈব হল বলবান, কংদের নাশিতে প্রাণ, কুষ্ণ জন্ম অপ্তমে হইল। বস্তুদেব क्रूटक निया, नत्मत जानस्य निया, कन्ना जानि शूट्य जालाईन।। ন্দ্রত সমাচার, পূর্কেতে বলেছি সার, যমজ জনম যে বিধান।

श्रुट्य श्रुट्य मिर्नाहेन, कलांटिक वस् निन, जानि निन प्रवकीत द्यांन । कन्या देश्ल प्रिवकीय, क्रांनि कश्म महावीय, धरि कन्या বিনাশিতে যায়। সে কল্যা সামাল্যা নয়, কেমনে করিবে করু, হাতে হৈতে উদ্ধে উচি ধায়। কংস হাতে উত্তরিয়া, গগণে উঠিয়া গিয়া, অপ্তভুক্তা হইলেন কালী। ক্রোধেতে পূরিল মন, उद्धन कतिया कम, छेटेक्रव्यदत कश्टम मिया शालि॥ श्रद्धादत পार्भिष्ठं कः म, आमारत कतिवि भारम, अस्क्रारत मां एम्थ मग्रदम। তোমারে বধিবে বেই, গোকুলে বাড়িছে সেই, তাঁরে নষ্ট করিবে (क्यारन ।। (क्यांशंखरत हैश विला, विलाहरत यान हित, महाकानी जनक जमनि। बक्ता (मवदूम्म निया, (मवीदेत शृंदक्रम शिया, স্তুতি রাক্যে দিয়া জয়ধানি ॥ এখানে পাপিষ্ঠ কংস,জানিল জাপন শ্বংস, দেবীমুখে শুনি সমাচার। ভয় পেয়ে নিজ মনে, ডাকি নিজ মন্ত্রীগণে, মন্ত্রণা করয়ে পুনর্ম্বার।। অনেক মন্ত্রণা করি, বিনাশিতে নিক অরি, নিশাচরী পূতনাকে বলে। কংসের আদেশ পায়, পুতনা সম্ভ্রমে ধায়, অবিলম্বে গোকুলেতে চলে।। ছল করি দে পুতনা করিয়া পূতনাপণা, বিষস্তন ক্লফ্চমুখে দিল। যেই হরি বিশ্বাধার, বিষে কি করিবে তার, নিজ পাপে পুতনা মরিল।। পূতনা হইল ধ্বংস, শুনিয়া তুর্কার কংস, ডাকাইয়া যত বীরগণে। বুদ্ধে যারা মহামন্ত, অঘ বক তৃণাবর্ত্ত, ক্রমেতে পাঠায় বহু জনে॥ যে জন গোকুলে যায়, না আইদে পুনরায়, কুফ তারে করেন সংহার। দেখিয়া এসব কর্মা, তথাপি না বুঝে মর্মা, মোহের কি পর্মা চমৎকার। অক্ষয় অব্যয় জনে, চেষ্টা করে বিনাশনে, নিজ মনে নাহি করে ভয়।, ডাকি নিজ মন্ত্রীচয়, পুনঃ রাজা জিজাসয়, कि कार्पाल भक्त इरव करा।। मञ्जूषा कतिरत यादा, विकल इहेन ভাষা, গভমাত্রে মরে বীরগণে। শিয়রে শমন সম, নন্দস্তভ হৈল মম, বল কিবা করি এইক্ষণে।। এমন কে আছে শূর, একা গিয়া ব্রজপুর, নন্দস্থতে বিনাশিতে পারে। গুনি মন্ত্রীগণে কর, তথার পাঠান নয়, অন্থ বীরগণে বারে বারে।। সে শক্র সামান্ত নয়,

তথা গিয়া পরাজয়, করিতে নারিবে কোন জন। করি কোন সমু-পায়, এখানে আনিয়া তায়, মারো শক্ত সাক্ষাতে আপন।। শুন ন্তন মহাভাগ, উপলক্ষ ধমুর্যাগ, করিয়া করছ নিমন্ত্রণ ॥ শান্ত দান্ত ভ্ক্তিযুত, প্রেরণ করহ দূত, বৈষ্ণব দেখিয়া এক জন ৷৷ পত্রনেখ নক্ষযোবে, পূত্রসহ সসস্তোষে, আসিবেক যজ্ঞ দর্শনে। তা इडेरल बनाग्राटम, व्यानिग्रा जाशन वात्म, वट्धा मिरल वह वीत्रशरण॥ मजीश्रत देश क्य द्धनि क्श्म हर्व हयू, विद्ध छाकि यदक आएन-শিয়া। অক্র,র বৈঞ্চব বড়. বিষ্ণুপদে ভক্তিদড়, গোকুলেতে দিল পাঠাইয়া।। অকূর ব্রজেতে গিয়া, নিমন্ত্রণ পত্র দিয়া, জানাইলা यञ्ज नमाठात । नन्म जानन्मिक रुद्य, ताम कृत्यः मदन लाय, ठलिटलन যজে মধুরার ।। শুনিয়া কুঞ্চের গতি, কুঞ্চ মাতা যশোমতী, নিষে-ধিলা অনেক প্রকারে। রুফ যোগ প্রকাশিরা, জননীরে বুঝাইয়া, চলিলেন যক্ত দেখিবারে।। শুনি যত ব্রজাঙ্গনা, হইয়া উদ্বিশ্ননা, শ্রীমতীকে নিয়া সঙ্গে করি। ত্যজি ভয় লোক লাজ, আসিয়া পথের মাজ, দাঁড়াইলা রথ চক্র ধরি॥ ভাসিলা নয়ন জলে, দেখি কুষ্ণ সেই স্থলে, দ্বিভাগ হয়েন ততক্ষণ। নন্দস্ত ব্ৰজে রন, किन्छ कांक्र पृष्ण नन, पृष्ण तन (प्रवर्गनन्पन।। ইर्हात व्यटलप कथा, ना कानरत्र क्ट उथा, विस्कृत्म याथिङ भक्तकन। ভाष्टा मिथ নরহরি, বদি সেই রখে পরি, কহিলেন আশ্বাদ বচন।। আদিব আশ্বাস দিয়া, শীত্র রথ চালাইয়া, মধুপুরে চলেন তখন। এখা-নেতে গোপীগণ, শোকে মোহে সর্ব্বজন, দেখি তথা ক্লফের গমন। জ্রীরাধার বিবরণ, পরে কব বিশেষণ, জ্রীহরির শুন ममाठातः अकुदतत मदन भिन्ना, मशुतात প্রবেশিরা, করিলেন যেই ব্যবহার।। নন্দ নিজগণ নিয়া, অত্যে মধুপুরে গিয়া, করেছেন যথা অবস্থান। রাম ক্লফ তথা গিয়া, রথে হইতে উত্তরিয়া, রহিলেন নক্ষ বিদ্যমান।। অক্তুর অগ্রেতে গিয়া, কংসেরে সংবাদ দিয়া, নিজ গৃহে করেন গমন। দিবা হৈল অবসান, দিবাকর অস্ত যান निभात बहैन जागमन ।। नत्मत निकटि दति, सूर्थए भग्न कति,

করিলেন যামিনী যাপন। প্রভাতা হইলে নিশি, প্রকাশ পাইল দিশি, উচিলেন শ্রীমধুস্থদন।। শ্রীমনেদর প্রতি হরি, কহেন বিনয় করি, শুন পিতা আমার বচন। তুমি নিজগণ নিয়া, অত্যে পুরে প্রবেশিয়া, কর গিয়া যক্ত দরশন।। মথুরানগর শোভা, শুনিয়াছি মনোলোভা, আগে আমি এ শোভা দেখিব। নগর দেখিয়া রঙ্গে, বলাই দাদার সঙ্গে, তবে পুরীমধ্যে প্রবেশিব।। এত যদি কৃষ্ণ কন, শুনি নন্দ হর্ষ মন, বলরামে কৃষ্ণে সমর্পিয়া। লইয়া আপন গণে, স্থান পূজা সমাপনে, পরে পুরে প্রবেশেন গিয়া। এ দিকেন্ডে নর হরি, বলরামে সঙ্গে করি, চলিলেন নগর শ্রমণে। শিশুরাম দাসে কয়, বচন অমিয়াময়, একমনে শুন সাধুজনে।।

### জ্রীক্লকের মথুর! ভ্রমণ।

পরার। রামকুষ্ণ চুই ভাই হইয়া মিলন। জীলাম স্থলাম जानि मह मथाभग।। পথ বিহরণ করি চলেন যখন। আপনারে ধন্য। মানে মথুরা তথন।। বন শৈল সরোবর সহিত নগর। সন্ত্র-মেতে সমুদিত শোভার আকর। শুন্ধতরু মুঞ্জরিল প্রক্ষুটিত ফুল। পুস্পগদ্ধ প্রমোদিত ধায় অলিকুল। কোকিল কুহরে ঋতু বসন্ত উদয়। আনন্দে পূরিল যত জনের হৃদয়। জিনিয়া অমরা-পুরী মথুরানগরী! দেখিতে দেখিতে ক্রমে চলেন জীহুরি ৷ বস-তির পরিপাটা শোভা চমৎকার। শ্রেণী বন্ধ অটালিকা পথের ত্বগার।। ছাবেতে কপাটযুক্ত হেমেতে মণ্ডিত। দর্পণে গবাক্ষদার অতি শোভান্বিত। ক্ষটিকের স্তস্ত সব বার গৃহেসাজে। মুকুডার জালমালা ভাষাতে বিরাজে।। কোন কোন বারগৃহে পিঞ্রেতে, পক্ষ। শারী শুক আদি করি আছে লক্ষ লক্ষ।। রাধা রুফ রাম হরি ছুর্গা শিব তারা। নিজ নিজ খরে স্থথে উচ্চারিছে তারা। পুরীর বাহিরে পূর্ণকুস্ত আম্রদার। প্রতি পুরে দেবগৃহে মঙ্গল আচার। বারবধূ বারদিয়া বদিয়া স্ববাদে। ভুলায় যুবকজনে মৃত্র मन्दराम ।। कि जाकर्ग माहिन्या करोक मन्त्रान । पृष्टिमाज मूक

করে পুরুষের প্রাণ।। আপণির মধ্যেতে বিপণি সারি সারি। বসিয়াছে নানা জব্য লইয়া পসারি॥ নানাবিধ খাদ্য আর নানা উপহার। নানাবিধ শোভনীয় বস্তু অলম্বার।। দেখিয়া এ সব श्रां यान नत्रहति। क्रूष्क जागमन वार्डा शाहेल नागती॥ धाहेल রমণীগণ কৃষ্ণ দরশনে। ত্যজিয়া কুলের ভয় কুলবতি জনে।। ছুটিল বারণ মন না মানে বারণ। গৃহ ধন পরিহরি ধায় রামাগণ।। কোন নারী পুত্রমুধে দিতে ছিল ত্তন। পুত্রে ছাড়ি তাড়াতাড়ি ধায় ততক্ষণ।। কেহ কেহ কান্ত কাছে আছিল বসিয়া। কান্তে ছাড়ি পথপ্রান্থে চলিল ধাইয়া।। কেহ কেহ নিজ অঙ্গবেশে যুক্ত ছিল। বেশভুষা পরিহরি অমনি ধাইল।। একাঙ্গেতে আভরণ কেহ পরিয়াছে। কেহবা অঞ্চন এক চক্ষে অর্পিয়াছে।। কেহব মুপুর নিজপদে দিতেছিল। একপদে দিয়ামাত্র আর না ইইল।। কেহবা আপন কেশ বেশ যুক্ত ছিল। বিউনি দর্পণ হাতে অমনি ধাইল।। মুক্ত কেশে উৰ্দ্ধাদে ধায় সৰ্ব্বজন। আঁথিভরি কুঞ্চৰূপ করে দরশন।। মদনমোহন মৃত্তি ছেরি এছরির। মদনে মোহিল যত রমণী শরীর।। কি নবীনা কি প্রবীণা মোহে সর্ব্বজন। ব্রজা-इना शर्मात्र क्रत्र अभाष्यमा मत्व वरन ४ ग्रा ४ ग्रा उद्याव নাগরী। অহর্নিশি এইৰপ দেবে আঁখিভরি॥ গুভক্ষণে সে সবারে নিরমিল বিধি। যাদের হয়েন রুফ হৃদয়ের নিধি। এই-कर्ल खेंगेश्मा कतरम करन कन। क्रयः अरम करत घन भूष्य वित-ষণ।। তৃত্বপ্রনি শন্ধনাদ করে রামাগণ। পুরুষেতে হরিপ্রনি করে সর্বজন।। একপেতে করে তথা মঙ্গল আচার। দেখিয়া চলেন হরি হরিষ অপার ॥ যাইতে ষাইতে পথে বিচারেন মনে। যাইতে হইবে শীস্ত্র রাজার সদনে।। যশোদা নির্দ্মিত এই যে বেশ আমার। সাত্ত্বিক গণের হয় হৃদয়ের সার।। রাজার নিকটে রাজবেশে হয়ে মান। রাজবেশে যেতে হবে রাজ বিদ্যমান।। রাজার বসন আমি পাই কোন স্থান। ভাবিতে ভাবিতে হরি ধীরে ধীরে যান।। এমন সময়ে পথে রক্ষক রাজার। রাজবন্ত লয়ে যায় বাটাতে রাজার।

তাহা দেখি হরষিত হয়ে অতি মনে। শিশু কহে কন হরি রঙ্গকে যতনে।

### **এরিক্ষ রজককে বধ করেন।**

পয়ার। শুনহে রক্তকরাজ বস্ত্র শুজ্রকারি। দিতে পার আমা দোঁহে वज्रशानि हाति । ছটি ভাই নাম ধরি কানাই বলাই। বনালয়ে বাস করি বস্ত্র ভাল নাই॥ রাজার সভায় যাব হেরিব রাজন। মলিন বদনে গতি না হয় শোভন।। তবদত্ত দিব্যবাদে দেহ সাজাইয়া। প্রফুল্ল মানদে পুরে প্রবেশিব গিয়া। রাজসভা জয়ী হয়ে বসিব যখন। পূরাইব মনোরথ ভোমার তখন।। এই রূপে কুষ্ণ কন করিয়া বিনয়। রুষিল রজক জাতি রুক্ষ অতিশয়। রাজার রজক বলি আছে অহন্ধার। তাহাতে হইল আসি ক্রোধ অলন্ধার॥ হেলে ছলে চলে আর বলে কুবচন। কভু নাহি জানি ভোরা কোপাকার জন।। কোন জাতি কোথা ঘর কোন ব্যবসায়। হবে বুঝি গোপজাতি লক্ষণে জানায়। গোয়ালা হইয়া বাঞ্চা রাজার বসন। পঙ্গু হয়ে ইচ্ছা কর পর্বাত লঞ্জন। বামন হইয়া চক্রে চাহ ধরিবারে। সর্পের বদনে হস্ত দেহ মরিবারে॥ গোপিদের বস্ত হরে বুক বাড়িয়াছে। একণেতে রাজবন্তে ইচ্ছা হইয়াছে॥ ছোট মুৰে বড় কথা নহে ভয় মন। জাননা যে কংসরাজা সদৃশ শমন।। এমন বচন মুখে না বলিহ আর। প্রমাদ পড়িবে হলে গোচর রাজার। এখনি ধরিয়া নিয়ে রাখিবে বন্ধনে। নহেত পাঠাবে শীজ্ঞ শমন সদলে।। একপ কংসের ধোবা কহে কুবচন। গর্জির। গর্জিয়া পূনঃ করয়ে ভর্জন।। রজকের মুখেতে উল্লণ কটু বাণী। শ্রবণে কাঁপেন ক্রোধে দেব চক্রপাণি।। কহিলেন ওরে মূঢ় পাপিষ্ঠ কিঙ্কর। কুকথা কহিতে মনে নাহি বাস ডর॥ কে ভোর কংসেরে ভর করে ছুরাচার। জাননা যে আমি যম তোমার রাজার।। এত বলি ক্রোধে হরি কর প্রহারিয়া। রজকের মুগু তথা ফেলেন ছিভিয়া। কৃষ্ণ কর প্রহারেতে রজক মরিল। বিষ্ণুদূত আসি

তারে বৈকৃষ্ঠেতে নিল। অনায়াসে দিবাগতি প্রাপ্তি হৈল তার!
ক্রোধে বর তুল্য ছই হয় দেবতার।। রজক মরিল যারা দেখিল
নয়নে।। হীনবাসে উর্দ্ধানে পলায় সঘনে।। হাতেমাথা কাট
বলি পলায় সকলে। ভয়েতে না সরে বাণী হা মা হা মা বলে।।
ত্রাসেতে একপ লোকে বলে অবিরাম। দেখিয়া হাসেন দোঁহে
কৃষ্ণ বলরাম।। রজক মরিল বস্ত্র রহিল পড়িয়া। তবে হরি নিজমনে বিচার করিয়া।। ছভাইর উপযুক্ত বস্ত্র বাছি লন। স্থাগণে
ভাকি কিছু করেন অর্পণ।। অপর বসনচয় খণ্ড গণ্ড কয়ি। তথা
হৈতে ধীরে ধীরে চলিলেন হরি॥ মনেতে ভাবেন বস্ত্র পরিব
কেমনে। রাজবেশ সাজাইয়া দিবে কোন জনে।। ভাবিতে
ভাবিতে পথে করেন গমন। এ সময়ে তন্ত্রবায় যায় এক জন।।
ভক্রবায়ে হেরি হরি হরিষ হইয়া। অমৃত জিনিয়া বাক্যে কহেন
ভাকিয়া।।

### শ্রীক্ষয়ের রাজবেশ ও তম্বর্বায়ের বৈকুপ্ঠ প্রাপ্ত।

পয়ার। ত্রীগোবিন্দ দাস নামে মন্ত্রী কুলােছুব । শান্ত দান্ত স্বদর্শন ক্ষণভাতি যুত ॥ চলিয়াছে রাজপুরে যক্ত দরশনে। তাহারে ডাকিয়া কৃষ্ণ কহেন যতনে।। শুন শুন তন্ত্রবায় শিষ্টশীল মতি। ক্রন্ত হয়ে কোন্ স্থানে করিতেছ গতি।। তোমারে দেখিয়া মনে হইল উলাস। আমা দোঁতে দেহ শীন্ত পরাইয়া বাস॥ রাজ বস্ত্রে রাজবেশ দেহ সাজাইয়া। পূরাইব তব বাঞ্চা যতন করিয়া॥ এত যদি কন কৃষ্ণ অমিয়া বচনে। শুনিয়া ফিরিল তন্ত্রবায় সেই কণে।। য়েমন হইল কৃষ্ণ কপ দরশন। ভুলিল নয়ন মন না চলে চরণ॥ একদৃতে কৃষ্ণদিকে রহিল চাহিয়া। নিমেষ ঘুটিল চক্ষেসকপ হেরিয়া। স হজেতে তন্ত্রবায় কৃষ্ণ ভক্তি মন। কৃষ্ণ হেরি হৈল মনে ভক্তি উদ্দীপন॥ ছই চক্ষে প্রেমধারা করিতে লাগিল। ক্রন্ত হয়ে সেইকণে নিকটে আইল।। ভক্তিভরে পুলকিত সজল

নয়ন। প্রাণাম করিয়া পদে করুরে ক্তবন।। ক্লুফ্ বিষ্ণু রমানাথ রাজীবলোচন। রাধিকার প্রাণকান্ত অরাতি ভঞ্জন। অক্ষর অব্যয় অঙ্গ অচিন্তা আকার। অনাদি অনন্ত বিস্তু বিধি বিশ্বাধার।। বিশ্বাতীত বিশ্ববীজ বিশ্বজীতোদয়। বিষয় বিকার শূন্য বিহীন বিলয়॥ নির্ব্বিকার নিরাকার নিরীহ নিশ্চিত। নির্মায়িক নিরঞ্চন নির্ণয় রহিত।। শুণাতীত গুণাত্রায় করিয়া কখন। ভক্ত বাঞ্ছা পূ**র্ণ** হেতু ৰূপের কল্পন।। দেবগণে দয়া করি দৈত্য বিনাশিতে। যুগে যুগে অবতার আসি অবনীতে । কখন বা মীনৰূপ কভু কুৰ্ম্ম কায়। কথন বরাহ মূর্ত্তি নৃদিংহ নিধায়॥ কখন বামন ৰূপ কখন এরাম। গ্রীপরশুরাম কভু কভু বলরাম। বুদ্ধ কল্কীরূপে হও কখন কখন। যুগ ভেদে অবয়ব করহ ধারণ।। ইহা ভিন্ন অসংখ্য তোমার অব-ভার। সে কথা কহিতে প্রভু সাধ্য আছে কার॥ ভব ৰূপ বর্ষি-বারে পারে কোন জন। তুমি সর্ব্ব ফুলাধার বিভূ সনাতন।। সকল ৰূপের বাস শরীরে ভোমার। শ্রীনিবাস নাম তব সর্ব্ব শোভাধার। জগতের রাজা তুমি তব রাজবেশ। সাজাইতে অধীদেরে করিলে স্বাদেশ। এ কেবল কুপাময় করুণা ভোমার। ভোমারে সাজাতে পারি আমি কোন ছার।। এইকপে তত্রবায় করয়ে স্তবন। ক্লফ কন স্তবে তব নাহি প্রয়োজন। তোমারে সদয় আমি হইয়াছি মনে। মনোবাঞ্ছ। পূর্ণ তব করিব এক্ষণে।। বিলম্ব না কর তুমি ধরহ বসন। শীভাদেহ সাজাইয়া করিয়া ফতন। রাজপুরে প্রবে-শিব অতি শীঘ্রতরে। এতবলি বস্ত্র দেন ভন্তবায় করে॥ বস্ত্র নিয়া অগ্র হয়ে প্রণাম করিয়া। শ্রীক্লফের শ্রীলঙ্গেতে দেয় পরা-ইয়া।। স্বর্গে থাকি দেবগণ ধন্য ধন্য করে। ধন্য ধন্য তন্ত্রবায় পুথিৰী ভিতরে ॥ বির্দি ভব আদি যাঁরে খানে নাহি পায়। সে অঙ্গেতে তন্ত্রবায় বদন পরায়। এইকপে ধন্য ধন্য করে দেবগণ। এখানেতে তন্ত্রবায় পরায় বসন॥ প্রণমিয়া পাদপদ্মে বন্ত নিয়া করে। সাজাইয়া দেয় তথা কুষ্ণ হলধরে।। কটিতে ধটিত ছিল অপূর্ব্ব বসন। ততুপরি পরাইল স্থন্দর বসন। বস্ত্রের কবচে দিব্য

**प्रम**्णाम्हामिया। मञ्जक उँभारत निल उँकीक वास्त्रियाः। यरभामात मखरूषा नाहि नामाहेल। **উ**क्षिक উপরে মঙ্গে বার্কিয়া রাথিল।। তাহাতে হইল শোভা অপূর্ব্ব ঘটন। ৰূপ হেরি ধন্য ধন্য করে সর্ব্ধজন।। এইকপে রাম ক্লফে আগে সাজাইয়া। ভার পরে তার সখীগণেরে ডাকিয়া।। একে একে সকলেরে পরায়ে বসন। এক চিত্ত হয়ে কুষ্ণে করে দরশন। ভক্তি হেরি ভগবান সহুষ্ট অন্তর। তন্ত্রবায়ে কন লহ বাঞ্চামত বর।। তোমারে অদেয় কিছু নাহিক আমার। বুঝিয়া যাচিয়া লহ যে বাঞ্চা ভোমার।। এত যদি কুঞ-চন্দ্র কুপা করি কন। করযোড় করি তক্তি বলয়ে বচন।। অনাথের নাথ তুমি অগতিরগতি। অধম তারণ কর্ত্তা অখিলের পতি।। ভবারি তরণে তরি ভোমার চরণ। ভোমা বিনা কর্ণদার নাহি অন্ত জন ॥ তুমি যারে কুপা করি ভবে কর পার। সেই সে যাইতে পারে এ ভবের পার। ভব ভয়ে ভীত হয়ে যত মহাজন। গৃহ পরিহরি করে তোমার ভজন॥ জলাহার ফলাহার বাতাহার করি। অবশেষে নিরাহারে আরাধয়ে হরি।। শীত উফ গ্রীম বায়ু ৰবিষার জল। ছঃসহ সহিয়া ভজে ওপদ কমল।। তথাপি তোমার দেখা পায় কদাচন। নিজ গুণে রুপা করি দিলে দর্শন ৷ বেদু বিধি অগোচর ভোমার মহিমা ৷ ভোমার গুণের কেবা দিতে পারে সীমা। দীনবন্ধ দয়াময় দারিদ্র ভঞ্চন। দীনে যদি দরা করি কছিলে বচন। অধীনেরে প্রভু যদি দিবে বর দান॥ ভবপার বিনা বর নাহি যাচি জান।। এই দেহে পার কর এ ভব সাগর। ক্লপা করি লহ নিজ বৈকুঠ নগর।। তোমার ক্রপাতে যাই জোমার ভবন। দেখুক নয়নে ইহা মথু-রার জন।। মধুরার রাজা কংস গুরুক আবণে। ঘুরুক ভোমার যশ ত্রিভূবন জনে।। শুনিয়া তাহার কথা কন দামোদর। তুমি সাধু শুদ্ধমতি পৃথিবী ভিতর।। আমার নিকটে তুমি চাহিলে যে বর। বহু তপজায় ইহা নাহি পায় নর। ভোমারে সেস্তোষ হয়ে দিই বর দান। একণে বৈকুঠে যাহ চড়ি দিব্য যান।।

যেই মাত্র এই কথা কহেন প্রীহরি। আইল পুশ্পক রথ সহ বিদ্যাধরী।। তন্ত্রবারে তুলি নিল রথের উপর। শত শত বিদ্যাধরী ঢুলার চামর।। নৃত্যকিরগণ তথা নাচিতে লাগিল। কিম্নেতে কৃষ্ণগুণ গান আরম্ভিল।। বিদ্যাধরে বাদ্য করে কিমরেতে গায়। বর্গে থাকি পুশ্পরৃষ্টি করে দেবতার।। এই কপ স্থাকলে পূর্লিত হইয়া। বৈকুঠেতে গেল তন্ত্রী সাযুজ্য পাইয়া। ভক্ত তন্ত্রবায়ে মুক্ত করি স্থাকিশে। চলিলেন রাজপথে ধরি রাজবেশ। ঘাইতে যাইতে মনে হইল স্মরণ। ভক্ত মালাকারে দিতে হবে দরশন।। মালা হেতু যাব আমি ভবনে তাহার। পদগুলী দিয়া ধন্য করিব আগার। পরিবার সহ তার পুরায়ে মনন। পরে আমি কংসপুরে করিব গমন। ইহা ভাবি নরহরি করেন গমন। শিশু কহে শুন মালাকার বিবরণ।।

অথ মালাকার গৃহে জ্রীক্তৃত্যের মাল্য ধারণ ও বরদান।

পরার। স্থদামা নামেতে মালা মগুরায় বাস। অহর্মিশি হৃদয়েতে ভাবে ঞানিবাস॥ পরম উদার রীতি সাধু স্দাশর। দেব দিজ বৈষ্ণবেতে ভক্তি অতিশয়॥ যথা যথা প্রস্থাপিত মুর্জি দেবতার। তথায় যোগায় পুল্প মাল্য উপহার॥ দেবতারে মাল্য দিয়া মূল্য নাহি লয়। কেবল যাচয়ে রুফ্ ভক্তির উদয়। রাজকার্য্যে ফুল দেয় বাটাতে রাজার। তাহার বেতনে চলে সংসার তাহার॥ প্রাতে উঠি তুলি ফুল বাছিয়া বাছিয়া। নিজ ইপ্ত ক্রম্ম পূজা করণে রাখিয়া। তার পরে নিয়া ফুল প্রফুল বিস্তর। দেব দিয় গৃহে দেয় সক্রপ্ত অন্তর। রাজার বাটাতে ফুল দেয় অম্চরে। আপনি আসিয়া গৃহে ইপ্তপুলা করে॥ সতী সাধ্বী পতিরভা মালাকর বধু। মধুমতী নাম তার কথা গুলি মধু॥ পতির সদৃশ ভক্তি ক্রম্মেতে তাহার। ক্রম্ম পূজা হেন্দু মালা গাঁথে অনিবার॥

लाक मूर्य (म त्रमनी स्निल वहन। मधुतात बहेबाट क्रक व्यागमन। **এক্রফের পথে গতি পরোক্ষে ভ**নিয়া। পথ পরিক্ষণে রহে স্বারে माँ ज़िर्देशा। मत्न ভाবে नत्रहति এই পথ मित्रा। यमि यान ভবে হেরি নর্ম ভরিয়া।। ক্রপা করি গৃহে যদি হন অধিষ্ঠান। তবে ক্রানি সত্য বটে শান্তের প্রমাণ।। বাঞ্চা কল্পতরু হরি বেদে বলে তাঁরে। দেখি প্রভু কি করেন দেখিয়া আমারে।। যদি আমি দেখা পাই পথে কুষ্ণ ধন। ভক্তিতে বান্ধিয়া লব আপন ভবন॥ পতিরে দেখাব নিয়া গোলকের পতি। যুচাইব চিরস্থিত ভবের ছুৰ্গতি।। এই ৰূপে ভাবে রামা স্বভক্তি হৃদয়। এসময়ে ক্লফচন্দ্ৰ হয়েন উদয়।। বলরামে কন হরি বিনয় বচন। দেখা যায় দেখ দাদা भानीत ज्वन ।। हन याँहे हुई छ।हे माना निग्ना পति । नाना कुटन নিজ্ঞ অঙ্গ শোভা করি। বলরাম কন ক্লফ বড়ই চঞ্চল। মথুরার প্রকাবর্গ কংসের সকল।। এখানে ধামালি করা উচিত না হয়। মা জানি কখন কোথা কি ঘটনা হয়। মালীর ব্যবসা পুষ্প করয়ে বিক্রয়। বিনা মূল্যে মাল্য দিবে সম্ভব না হয়। ক্রমাকর ওরে ভাই ফুলে কার্য্য নাই। রাজার ভবনে চল শীঅগতি যাই॥ আগে গিয়া দেখি কংস রাজ ব্যবহার। পরেতে করিহ কার্যা যে হয় বিচার ॥ কুষ্ণ কন এখানে না হবে অনাদর। দেখ দাদা কত ভক্ত হয় মালা-কর।। এতবলি বলরামে সঙ্গেতে করিয়া। মালির ভবনে শীন্ত্র প্রবেশেন গিয়া।। মালীর রমণী আছে দ্বারে দাঁড়াইয়া। দেখিয়া ক্রহেন ক্রফ তারে সংখাধিয়া।। কহ কহ পতিব্রতে কোখা মালা-কার। মাল্য হেতু স্থাসিয়াছি পুরেতে ভোমার।। শুনিয়া কুঞের। সুখে মধুর ভারতী। ৰূপ হেরি মোহপ্রাপ্ত হৈল মধুমতী।। প্রেম ভক্তি উদয় হইল কলেবরে। অনিমিষ হৈল আঁখি বাক্য নাহি সরে। প্রণাম করিয়া পদে অতি অকপটে। রাম রুষ্ণে নিয়া যায় পতির নিকটে।। রামক্লকে হেরি পুরে সম্ভ্রমে উঠিয়া। প্রথময়ে সালাকার চরণে পড়িয়া।। দণ্ডবৎ প্রণাম করিয়া সেইকণে। কর যুড়ি স্তুতি করে ভক্তিযুক্ত মনে।। নমো নমো রামক্লঞ্চ

জগতের সার। ভূজার হরণ হেতু ভূমে স্ববতার।। উভয়েতে ক্রম নিয়া বহুদেব ঘরে। কংসে বিভৃত্বিতে বাস নদ্দের নগরে। ভবভাবনীয় বস্তু ভূবনে প্রকাশ। রূপায় করিলে थमा अधीरनत वाम।। ऋत्रात्मत मित्रामि ও ताका हत्।। অধীনের অধিবাসে করিলে অর্পণ।। অথিল জীবের আত্মা অথি-লের পতি। অজ্ঞানীর জ্ঞানদাতা অগতির গতি।। ইচ্ছাময় ইচ্ছা-ধীন ইচ্ছায় ক্রীড়ন। ইচ্ছায় জগত সৃষ্টি স্থিতি বিনাশন॥ বেদ বিধি অগোচর মহিমা অপার। কখন সাকার হও কভু নিরাকার ॥ পতিত পাবন প্রভু পরম দয়াল। শিষ্ট জনে সম্ভাব দৃষ্টে মহা-काल । मीरन मग्राकति यमि मिरल मत्रभन । आड्या कत रकान कर्म्म করিব সাধন।। ক্লফ কন আসিয়াছি পুষ্পের কারণ। পুষ্প দিয়া দেহ দেহ করিয়া ভূষণ।। 🕮 কুষ্ণের বাক্য শুনি সাধু মালাকর। आंनिश উত্তম ফুল বাছিয়া বিস্তর ।। মন সাধে গাঁথি মালা মালীর রমণী। রাম রুফ্ কাছে দিল আনিয়া অমনি। মালা হেরি হর্ষিত হয়ে অতি মনে। মালীরে বলেন মালা পরাও যতনে।। তবেত সে মালাকার নিয়া পুষ্পহার। তুলে দিল সম্ভনে গলেতে দোঁহার।। চুড়াবেড়ি দিল মালা উফাক উপরে। প্রস্ফুটিত পুষ্পগুচ্ছু তুলে দিল করে।। চরণেতে দিয়া ফুল করয়ে পূজন। স্বর্গে ধন্য ধন্য করে যত দেবগণ।। ফুলেতে ভূষিত হয়ে কৃষ্ণ হলধর। মালাকারে কন তুমি বাচি লহ বর।। সন্ত্রীক হইয়া আসি লহ বর দান। মনোবাঞ্ছা সিদ্ধি আর যাহাতে কল্যাণ।। তবেত সে মালাকার রমণী সহিত। কর যুজি কহে রাম কুষ্ণের বিদিত।। যদাপি मिटबन बन्न बहेशा मन्त्र । अव्हानिन मन त्यन ७ हन्नतः नग्ना । क्रम्य कश्रत्न क्रभ कतिया द्वार्थन। अगिथि यम मर्खकन करत प्रतमन।। কর যেন ভোমাদের কাষে থাকে রত। মন্তক প্রণামে যুক্ত থাকে चवित्रकः ॥ व्यवन थाकरम् छन कीर्जन व्यवरन । तमना थाकरम् मना ও গুণ বর্ণনে।। অহৈতুকী হরিভক্তি দেহে দেহ দান। ইহা বিনা বরে কার্য্য কিবা আছে আন । এইবপে মালাকার কামিনী সহিত।

কামনা করয়ে কৃষ্ণ ভক্তি মনোনীত।। শুনিয়া ভক্তির কথা রাম কৃষ্ণ কন। অহৈতুকী ভক্তি দেহে রবে সর্ক্ষকণ।। ইহকালে স্থেব রবে বাড়িবেক ধন। পরকালে পাবে দোঁহে বৈকুণ্ঠ ভবন।। শমন ভবনে গতি নাহি হবে আর। অনায়াসে পার হবে এ ভব সংসার।। মনোমত বর দিয়া মালীরে তথন। চলিলেন রাজপথে সহ স্থাগণ।। মথুরায় মালাকার হইল পরিত্র। শিশু কহে শুন কিছু কুবুজা চরিত্র।।

## কুবুজার সৌন্দর্ग্যপ্রাপ্তি।

পয়ার। রাজবেশ ধরি হরি পরি পুস্পহার। বাড়ান স্থাপন ৰূপ দেহে আপনার।। সকল ৰূপের ধান যেই নারায়ণ। কেমনে ভাঁহার রূপ হইবে বর্ণন।। বর্ণনা করিতে চাহি তুলনার স্থান। অতুল্য ৰূপের হবে কিৰূপে প্রমাণ।। মন্মথ মথিত ৰূপ ভুবন মোহন। হেরিয়া মোহিত হৈল মথুরার জন॥ রভিপতি বোদ করি রতিপতি তাতে। মোহিল রমণীগণ একেবারে তাঁতে।। মদন মোহন মূর্ত্তি হেরিয়া হরির। মদনে মাতিল মন বত রমণীর।। কি নবীনা কি প্রবীণা রুসে টলে মন। ইহাতে বুঝহ ভাব যুবতী যেমন॥ কুলটা কুলজা কিবা কেহ নছে বিষয়ে কামশরে জর জর কাঁপয়ে শরীর।। ত্যক্তি লাজ কুল ভয় ক্রিক্ট্রেই চায়। আঁথি পালটিতে পুনঃ ঘটে ঘোর দায়। এই রূপে রামাগণ রহে পরস্পর। পথোপরি क्रा यान क्रू व्याध्या ध्याप्त क्रिक श्री क्रिक व्याधिक व्याधि •কুবুজা নামেতে যায় কংদের কিন্ধরী।। সাজিতে কটোরা পোরা স্থর্গন্ধি চন্দন। রাজপুরে দিতে করে ত্বরিতে গমন।।বিপরীত ৰূপ তার বিধির স্থঞ্জিত। দৃষ্টে অতি কদাকার লোকেতে ঘূণিত। তিন ঠাঁই অঙ্গ ভঙ্গ পৃষ্ঠোপরি কুঁজ। গলদেশে গণ্ডমালা ক্ষীত পদাস্জ।। স্তনযুগ শুদ্ধ হয়ে লাগিয়াছে জাঁতে। কহিতে বচন মুখে ব্যথা লাগে দাঁতে।। বয়দেতে বৃদ্ধতম। যষ্টি ভৱে গতি। মাধায় নাহিক কেশ বে শ হীন অতি॥ কেমনি ক্লফের লীলা বুঝ

নাহি যায়। ক্লফে হেরি কামাকুষ্ট হৈল তার কার।। চকিতে চাহিতে ৰূপ হারাইল চিত। মনে ভাবে একেমন একি বিপরিত। এ বে ৰূপ অপৰূপ রুমণীয় রুমা। আমার সমান নারী নাহিক অধমা। ইহারে দেখিয়া দেহ হইল এমন। প্রকাশ পাইলে হব হাস্যের ভাজন।। আমি নিজে কুরূপিণী হেরি যদি রূপ। কু লোকে কুকথা কবে করিবে বিজ্ঞপ।। বলিবেক বুড়ামাগী কুরূপের শেষ। ইহার হয়েছে দেখ এরপে আবেশ। কুৎসা করি কভ কণা কহিবেক ভায়। ক্লফ্ট হাসিবেন মনে দেখিয়া আমায়। হায় বিধি নিদারুণ কি দোষ পাইয়া। আমারে সৃক্তিলা তুমি কুৰূপ করিয়া।। তোমারে কি দিব দোষ অদৃষ্ঠ আমার। কর্মণ্ডণে পায় লোক বিশেষ আকার।। এই রূপে নিজ নিন্দা উপেক্ষিয়া মনে। তিরস্কার করে কত আপনি আপনে।। হায় আদি হইয়াছি এৰূপ ঘূণিত। হইলাম ক্লফৰূপ দেখিতে বঞ্চিত।। যুবতি রমণীগণ ৰূপবতী যারা। সগর্ক্সেতে কুফ্চরূপ হেরি-তেছে তারা।। ইহা বলি খেদার্জিনী হয়ে সেইক্ষণে। আপনারে ধিক দেয় আপনার মনে।। লজ্জায় নাচাহে ক্লুফে হইয়া স্থান্থিরে। आफ़ हरक हाटर आंत्र हटन थीरत थीरत । जुलाह नग्नन मन कि করে লক্ষায়। ধীরে দীরে যায় আর ফিরে ফিরে চায়।। কিন্তু পূর্ণ চক্ষে চাহে সাধ্য নাহি ভার। ইঙ্গিতে চাহিয়া চক্ষু মুদে আরবার ।। ভাষাতে হইল তার অদ্ভত ঘটন। ক্লফেতে করিছে যেন সঙ্গেতে 🕏 কণ।। যে কপ যুবতীগণ যুবকেরে চায়। সে কপ চাহনি তার তাহাতে জানায়।। হেরিয়া তাহার ভাব হরি দ্য়াসয়। জানিলেন কুবুজার যে ৰূপ স্থদয়।। বাঞ্চাকল্লত্রু হরি মন বুঝি তার। পূরাতে ভাহার বাঞ্চা হন অগ্রসার।। বিকার বিহীন বিভু ব্রহ্ম সনাতন। কুৰূপ স্থূৰূপ ভাঁর সমান ঘটন। যে জন যে ভাবে ভাঁরে করয়ে ভাষানা। সেই ভাবে পূর্ণ তার করেন কামনা।। কোন বিষয়েতে क्रम म्लुहायुक्त मन। जटकत जावना वृत्ति कनक्षम हन। मीनवन्न দয়াময় দয়া প্রকাশিয়া। কুবুজারে কন তথা অমৃত জিনিয়া।

কোকিল জিনিয়া সরে কছেন বচন। করিতেছ ও স্থন্দরি কোথায় গমন।। স্থন্দরিং বলি ডাকেন এছরি। গুনিয়া ক্লফের কথা কুবুজা শিহরি।। কাহারে ডাকেন বলি চারিদিগে চায়। নিকটেতে আর কারে দেখিতে না পায়॥ আমাকে ডাকেন বলি জানিয়া নিশ্চিত। উপহাস বোধ করি অধিক ছঃখিত॥ কুষ্ণের কথায় খেদ অধিক বাড়িল। নয়নের জলে ভার বদন ভাসিল।। বারস্বার কুফচন্দ্র ডাকেন যখন। কুবজা ফিরিয়া কথা কহিল তখন।। কাহারে ডাকিছ ওহে পুরুষ রতন। স্থন্দরীত এখানে না দেখি কোন জন॥ ক্লফ কন তোমাকেই ডাকিতেছি ধনী। দাঁড়াইয়া কিছু কথা শুন স্থবদনী।। কুবুজা বলিল কেন কর উপহাস। তব উপযুক্ত বাক্য নহে জ্রীনিবাস ।। আপনি স্থন্দর বলি উপহাস কর। আমিত কুৎ-সিতা নারী সংসার ভিতর। তোমার ইঞ্চিত যোগ্য নহে কদা-চন। পরিহাস বাক্যে কেন কর ছালাতন।। সকলের আত্মা মন জানহ হৃদয়। আমারে এমন কথা উচিত না হয়। একে আমি মরি হরি খেদে আপনার। ততুপরে বাক্যবাণ কেন হান আর॥ কর্ক্কটি সমান দেহ কাটে তুঃ থকীটে। তুমি দেহ কাটাঘায় লবণের ছিটে ॥ ক্লফ কন উপহাস আমি নাহি করি। কহিলাম সত্যকথা তোমারে স্কুক্ষরি।। আমার মনের মত তোমার এ অঙ্গ : তুমিও ত্রিভঙ্গী বটে আমিও ত্রিভঙ্গ। কুবুজা কহিল রুফ কত কহ আর। মধুমাখা বাক্যে কত কর তিরস্কার। কৃষ্ণ কন মম বাক্য কভু মিথা। নয়। এখনি তোমার ৰূপ হইবে উদয়। তব ৰূপ ত্রিভুবনে হইবে মোহিত। শুন শুন গুণবতী না হও ছঃথিত।। সাজিতে কটোরা পূর্ণ স্থান্ধি চন্দন। কার হেতু লয়ে কোথা করিছ গমন। তোমার হাতেতে এই চন্দন স্থদার। দেহ কিছু পরাইয়া অঙ্গেতে আমার॥ এত যদি কহিলেন কমললোচন। কুবুজা কাতরা হয়ে করে নিবে-দ্ন।। মম পরিচয় হরি করি তব স্থান। কংসের সভায় দেই চন্দন যোগান।। দারুণ কংসের দাপে ভীত হয়ে মনে। না দিলাম কভু आित देश अक्रजत्।। এट कि इटेर जागा जूमि देश नरव।

# দ্বিতীয়ভাগ।

অধিনীর অদৃষ্টেতে ক্লপাবান হবে। কমলা সেবিত তব কমল চরণ। আমি কি করিতে পাব ও পদ সেবন। আমি অভি পাপমতি বিহীন আচার। আমার সমান নারী নাছি কদাচার।। যত কথা কহ কুষ্ণ মনে নাহি লয়। পরিহাস করিতেছ অমুভব হয়॥ কুষ্ণ কন পরিহাস আমি নাহি করি। শীত্র দেহ স্থচন্দন আমারে স্থন্দরি॥ বিলম্ব নাসহে যাব কংসের সদন। চন্দনেতে দেহ দেহ করিয়া ভূষণ॥ তোমার মানদ পূর্ণ করিব যতনে। ইহার অস্তথা কিছু নাহি ভাব মনে। সত্য আমি সত্য কহি সত্যব্ৰত হই। সত্য বিনা মিখ্যা কথা কখন না কই।। শুনিয়া ক্লফের ক্থা কুবুজাত্তখন। সানন্দে পূরিল মন হসিত বদন।। ভূমি লুঠি প্রাণমিয়া লইয়া চন্দন। ঞ্রীকু-ষ্ণের জীঅঙ্গেতে করয়ে অর্পণ।। চরণ যুগল পদ্মে আগেতে অর্পিয়া। তদন্তরে নাসা ভালে দিল বিশেষিয়া॥ অলকা আরুত একে ক্লফমুখ ইন্দ্র। কুবুজা তাহাতে দিল চন্দনের বিন্দু। হইল অপূর্ব্ব শোভা না যায় বর্ণন। সর্ব্ব শোভাময় কুষ্ণ ব্রহ্ম সনাতন। ক্লফেরে চন্দন দিয়া কুবুজা তখন। দ্বিতীয় কটোরা পোরা লইল চন্দ্দ।। বলরাম নিকটতে রাখিল যতনে। প্রণাম कतिन পদে निक्किত वनरन ॥ ভাব वृक्षि वनरमव ঈष९ शामिश्रा। কুবুজার দত্ত সারচনদন লইয়া। আপন অঙ্গেতে কিছু করিয়া ধারণ। স্থাগণে ডাকি তথা করেন অর্পণ। শিশু কহে কুবুজ্ঞার শুন বিষরণ। ক্লফের ক্লপায় রূপ হুইল যেমন॥

ত্রিপদী। কৃষ্ণের করুণোদয়, কার প্রতি কবে হয়, কে বুকিতে পারে তার মর্মা। ইচ্ছায় স্তজন হয়, ইচ্ছায় পালন লয়, ইচ্ছায়র ইচ্ছায়ান কর্মা। সর্বাশাস্ত্রে আছে শোনা, লৌহচয় হয় সোণা, স্পর্শমণি স্পর্শেতে বেমন। কৃষ্ণ অঙ্গ স্পর্শ করি, কৃরুজা কৃরপ হরি, ফুন্দরী হইল অতুলন॥ কিবা রূপ অন্তপমা, অরুজাতী তিলোভ্রমা, উর্বাশী মেনকা রন্তাবতী। রোহিণী সোহিনী জয়া, মোহিনী মহেন্দ্রালয়া, মনোজ মহিলা মায়াবতী। জিনিয়া সবার রূপ, কুরুপার হৈল রূপ, অপরুপ

অতি মনোলোভা। অঙ্গ শোভা আভরণ, অঙ্গে হৈল আভ-রণ, তাহাতে অধিক বাড়ে শোভা।। কোকিল জিনিয়া ভাষা, তিলফুল জিনি নাসা. করিকুস্ত জিনি পয়োধর। যোড়শ বৈয়সী ममा, माधरवत मरनातमा, कङ कव कहिर्छ विखत ॥ वज्र रेनल मिवा শাটী, কি কহিব পরিপাটী, অঞ্চলে অঞ্চল সমুক্ষুল। আপনি আছিল দাসী, रेहन শত দাস দাসী, দেখিতে দেখিতে সেই স্থল।। কুবুজা আহ্লাদে ভাসে, কুটার আছিল বাসে, তথনি হইল দিব্য পুর: মধ্যেতে মন্দির শত, শোভা তার কব কত, দেবরাজে হয় দর্পচুর।। তবে ফ্লঞ্চ ক্লপাকরি। কুবুজার করে ধরি। কহিলেন যাও धनी शूरत। घूठिन मरनत त्थम, देशन मिया शतिराक्तम, ভেটিতে হবেনা कश्माञ्चरत । এত यक्ति क्रुक्ष कन, कूतुका मानन्त्र मन, कटह কিছু করিয়া বিনয়। বাঞ্চাকল্লভরু হরি, নিজগুণে রূপা করি, करल यपि आश्रीन मनत्र ॥ दुविहा छः थिनी मन, नान निरल এ योवन, क्रि मित्न क्रिनि विनाभिती । विना उव श्रीष्ठतन, उव म्रङ এ योवन, वल नाथ कि कर्प नम्नति ।। জीवन योवन मन, তব পদে नमर्पन, कृति इति इडियां हि मानी। मन्त्रत्थ मिन मन, स्थन दह मत्नादमाहन, অধিক কহিতে লক্ষ্ম বাসি।। রুপা করি গুণরাশি, অধীনীর বাসে আসি, বক্ষ শিরে দেহ গ্রীচরণ। না হও আমারে বাম, পূর্ণ কর মনস্কাম, দাসী আসি লয়েছি শরণ।। এত বলি দৃঢ় করি, কুফের চরণে ধরি, বর্লে হরি না ছাড়িব আর। তুমি যদি কর আন, এখনি ছাড়িব প্রাণ, কহিলাম চরণে তোমার।। শুনি कूबुकात वानी, शांति कन ठक्कभानि, कुबुकादत अभिया वहदन। मक्त माम। रमध्य, आंत्र वर्ष्ट मरहत, अक्रालिए बहिव क्यारन।। সময় বিশেষে আমি, হয়ে তব গৃহগামী, পূরাইব মন অভিলাষ। এত বলি নরহরি, কুবুজা বিদায় করি, চলিলেন কংসের নিবাস।। कुर्वका ख्रम्बती रुरस, माम मानी मटक लास, निक्रशूरत कतिल প্রবেশ। হুথে কৈল অবস্থান, তুঃথ হৈল অবসান, শিশু জাবে करम क्यीदकर्भ।

পরার। কুরুজারে ক্লপাদৃষ্টে করিয়া ফুদ্দরী। কংগালয় অভি-भूर्य চिनिटनम ब्रिना अतिरङ कश्टमदा किछू दकांध देवन भटन। ধরুর্যজ্ঞ স্থান কোথা জিজ্ঞানেন জনে।। যারে তারে জিজ্ঞানা करत्र घटन घन। हक्ष्म हत्ररण कृष्य करत्रन भमन ॥ এ ममरत्र नभन নিবাসী কোন নর। দেখাইল ধহুর্যজ্ঞ স্থান ভয়ক্কর।। কংসপুর নিকটেতে রঙ্গভূমি যথা। অমুচর গণেতে বেষ্টিত আছে তথা। চারিদিকে অন্তর্গুহ অপূর্ব্ব নির্মাণ। বড় বড় বীর তথা আছে ধন্থ-भान ॥ मूलाती पूरनी त्यनी भृती जिन्मिशानी। श्रीयशीय अञ्च करत আছরে বীরালি। চন্দ্রী বন্দ্রী বীরগণে চর্ন্দ্র বর্ণ্দ্র ধরে। হত্তস্কারে মহুষ্যের মর্মাভেদ করে॥ অবিলম্বে রাম ক্লফ দেই স্থানে গিরা। দারপালে মিষ্ট ভাবে কহেন ডাকিয়া।। দার ছাড় দারপাল বূহে প্রবেশিব। সংসার বিজয় ধমু কি রূপ দেখিব।। ধমুর প্রশংসা বড় শুনেছি প্রবণে। বড় সাধ আছে মনে দেখিতে নরনে ॥ শুনিরা ক্লুফের কথা ছারপাল কয়। কে ভোমরা তুইজন দেহ পরিচয়।। কোন স্থানে বাগ কর কাহার নন্দন। ধমুক দেখিতে চাহ কিগের कांत्रण।। वंग्रदम वानक प्राचिधकूर्त्विमा। श्रीन कथा कर रहन वीत-সণেতে প্রবীন।। কোন জাতি কিবা নাম দেহ পরিচয়। বুঝিরা বিহিত কথা কহ সমুদয়।। ক্লফ কন পরিচয় শুন দ্বারপাল। বুন্দা-বনে বাস করি নন্দের গোপাল। অধিক কহিয়া আরু কিবা अद्याजन। द्वांत हाफ् भीष ४यू कति मत्रभन।। क्रुट्फ्त वहरम দারী হাসি হাসি কয়। জানিলাম তোমাদের শুদ্ধ পরিচয়। পোপজাতি বিনা বৃদ্ধি এমন কাহার। ভেলায় হেলায় সিদ্ধু হতে চাহে পার।। মনে করে বান্ধে করি মাকড়ের জালে। পর্বত ঝুলাতে চাহে এরওের ডালে। হাত বাড়াইয়া চক্রে ধরিবারে ধার। অমরের সনে রণে মদে না ভরায়। গোটে থাক ধেতু রাখ জম বনে বনে। পাঁচনির মত ধমু ভাবিয়াছ মনে।। দেখিতেছ লক্ষীর রক্ষক যাহার। আইলে অমর জাতি নাপায় নিস্তার॥ ব্যুহত্বারে লেখা যাহা দেখহ নয়নে। অক্রের সঙ্গে বাদ পড়িবে

কেমনে।। গুনহ অবোধ জাতি রাজার বচন। প্রতিজ্ঞা করিয়া याहां कतिना लिसन ॥ शृक्तियां अक्तय ध्यू हत्व ध्यूर्यागः। हिस्या আসিয়া ইহা যত বীরভাগ। ত্রিভূবন মধ্যে বীর যে জম হইবে। রক্ষকে নাশিয়া এই ধমুক ভাঙ্গিবে॥ তবেত রাজার সঙ্গে কক হবে তার। মহাযুদ্ধ করিবেন সঙ্গেতে তাহার॥ করিতে পারিরা ইহাবে নাহি করিবে। গর্জভজাতক বলি তাহারে জানিবে। এইত বচন ইথে করিলে ভাবণ। প্রবেশ করহ ব্যুহে থাকে বীর-গণ।। ভনিয়া ভারির কথা কৃষিয়া গোপাল। হাসিয়া কছেন ভবে রাখ দ্বারপাল।। এত বলি দ্বারপালে ধরি ছুই করে। হেলার টানিরা ফেলি যোজন অন্তরে। শত শত দ্বারিগণে করিয়া অন্তর। ছুই ভাই প্রবেশ করেন অভ্যন্তর।। দেখেন ইক্সের ধন্ম অতি শোভমান। চক্র সূর্য্য স্বর্ণরেখা পৃষ্ঠে দীপ্যমান। সিংহ ব্যান্ত আদি করি বহু চিহু যার। বন্ধন বিজয়ঘণ্টা সংখ্যতে তাহার।। মহাভার ধনুখান শত মলে বয়। কমঠের পুষ্ঠ জিনি স্থকটিন হয়।। দৃষ্ট মাত্রে কৃষ্ণচক্র বাম করে ধরি। গুণ দিয়া পুনঃ২ উর্চ্চে ক্ষেপ করি।। পুন ধরি টঙ্কার দিলেন বিপরীত। সহাশব্দে রক্ষকের। হইল মোহিত। টক্লারিয়া ধমুখান করিলেন ত্তঙ্গ। শব্দ শুনি কংসের কাঁপিয়া উঠে অঙ্গ।। কতকণে রক্ষকের। পাইয়া চেতন। রামকুষ্ণ প্রতি ধায় যত বীরগণ।। ক্রোধে কাৃঁপে কলেবর বলে মার মার। রৃষ্টি জিনি বাণরৃষ্টি করে অনিবার॥ ভাষা দেখি রামকৃষ্ণ ক্রোধিত হইয়া। ভগ্নধনু ছুই খান ছুই ভাই নিয়া।। ধমু ঘূরাইয়া অন্ত করি নিবারণ। বীরগণ প্রতি করি ধমুর चार्जन ।। अवरहरेल लक्त वीरत विनामन कृति । अवरमस्य अञ्चबृत्र ভাঙ্গিলেন হরি।। একে একে যত অন্ত্র ধরি ধরি করে। খণ্ড খণ্ড করি সব ফেলেন অন্তরে।। ক্রীড়ার বালকে যেন ভাঙ্গে বন্য শর। সেইমত ছুই ভাই ভাঙ্গিলেন শর।। একপেতে পঞ্চকার্য্য করিলেন হরি। ভাহার কারণ শুন স্থবিস্তার করি।। পঞ্চ কর্ম যে যে কর্ম শুন বিষয়ণ। হস্ত দিয়া রজকের মস্তক ছেদন।। সশরীরে তন্ত্র-

वारत्र देवकूर्छ भाष्टीन। मानाकरत्र मानिनीरत्र एमन वत्रमान ॥ क्वूका श्यमती कता अहु ७ वहन। महूया इंहेट बाहा नटह कर्नाहन।। छात পরে বীরত্ব দেখান নরহরি। অন্তব্যুহে অবহেলে প্রবেশন করি।। ধরিয়া বজ্ঞের ধমু দিরা এক টান। বাম করে ভাঙ্গিলেন করি খান থান। তাহাতে হইল শব্দ অত্যন্ত বিশাল। মহাশব্দে ব্যাপিলেক পৃথিবী পাতাল।। লক্ষ বীর ছিল তথা ধমুর রক্ষণে। মারিলেন সে সবারে প্রভু সেইকণে।। দেখিয়া শুনিয়া এই কর্ম সমুদয়। কংস ছুরাশয়ে যদি জ্ঞানোদর হয়।। আসিয়া বদ্যপি লয় চর**ে** শরণ। দেবকী বহুর করে বন্ধন মোচন।। পাপ কর্ম কদাচিত নাহি করে আর। ভবেত কংসেরে রাখি দিয়া রাজ্য ভার।। এই মত বহুবিধ করিয়া বিচার। দেখালেন পঞ্চকার্য্য অগ্রে চমৎকার।। ক্রীড়ারূপে এই কার্য্য করি ক্ষণকাল। অবিলম্বে মিলিলেন সহিত রাধাল। রাধালেরা রামকুষ্ণ পাইয়া তথন। আনন্দে হইয়া মগ্ন করুরে নর্ত্তন।। মিলিত হইয়া যত রাখালের সঙ্গে। আনন্দে নাচেন ত্রই ভাই মনোরকে।। এসময়ে দেখিলেন দিন অবশেষ। বামিনীর সক্কি আসি হতেছে প্ৰবেশ। দিন ছাড়ি দিননাথ বান নিজ বালে। निनी मिननी दम् कुमूर्पिनी दारम ॥ क्रुयरक छाड़िल कर्म अधिक চিস্তিত। পথ ছাড়ি গৃহস্থের গৃহে উপনীত। পক্ষীগণ নিজ নীড়ে করে প্রবেশন। সল্কের বন্দনা গান গায় শিবাগণ।। মথুরার গোপ গণ গোবৎস লইয়া। আপন আপন গুহে আসিছে ধাইয়া।। ভাহা দেখি নরহরি ছাড়েন নিশ্বাস। মনে হৈল ব্রজধাম গোৰূপ বিলাস।। গোরূপের রূপ ভাবি বিরূপ এইরি। মনোছ:খ উপ-জিল গোরূপেরে অরি। আর না যাইব ব্রজে না চরাব গাই। কত তুঃধ পাবে তারা ভাবিয়া না পাই।। যথন মথুরাধামে করি আগ-मन। (शांकरशता उर्क् मूर्य कतिल त्तामन।। এक मुर्छ तरह नरव চক্ষে বহে বারি। সেরূপ অরিয়া মনে অস্থির মুরারি।। দরার সাগর হরি অনন্ত মহিমা। কহিব কতেক গুণ গুণে নাহি সীমা।। ছ্রপ্তের দমন আর শিপ্তের পালন। করিবারে অবতার বিভূ সনা-

তন।। এজ ভাৰ ভাৰি কৃষ্ণ ব্যাকৃলিত মন। কিন্তু কিছু প্ৰকাশ না করেন তথন।। রাখালের সঙ্গে রঙ্গে নাচিতে নাচিতে। মিলি-লেন আসি যত গোপের সহিতে।। সন্ধ্যাযোগে নন্দের নিকটে উপনীত। দেখি নন্দ মহাশয় হয়ে হর্ষিত।। কোলে নিয়া কুষ্ণচক্রে मूर्य हुन्न मिता। जुयित्नन वहाबिध जामत कतिता। वनतारम काल निज्ञ करतन चामत्र। नरम्मत स्त्ररहत्र कथा कहिएछ विखत्र।। তবে দোঁহে কোলে হতে নামিয়া তখন। স্লিগ্ধ জলে করিলেন পদ প্রকালন ।। যুদ্ধ আর অটনের পরিশ্রম যাহা। জল সিঞ্চনেতে দূর করিলেন তাহা।। ক্ষীর সর নবনীত করিয়া ভোজন। নক্ষের নিকটে দোঁহে করেন শয়ন॥ মতান্তরে নন্দ কাছে এক রাত্রি রন। প্রভাদের মতে তুই রজনী যাপন।। খ্রীদামাদি করি য ত কুষ্ণ সখাগণ। আপন পিতার কাছে করেন শরন॥ উপমনে শকটের উপরেতে বাস। চন্দ্রের কিরণে মনে বাড়য়ে উল্লাস।। হইল রজনী বৃদ্ধি করে বিলীরব। ক্রমে ক্রমে গোপগণ ঘুমাইল সব।। নদ চক্ষে নিদ্রা নাই শুনহ কারণ। ক্লফের চরিত্র যত করিয়া শ্রাবণ ॥ রঙ্গকের মুগুচ্ছেদ হস্তের প্রহারে। তন্ত্রবায়ে মুক্তিদান জ্ঞান মালা-কারে॥ যজ্জের ধতুকভঙ্গ নাশি বীরগণ। কুবুজা স্থন্দরী করা , অন্তুত কথন। জন্মাবধি যত কথা একিফের আর। শারণ করিয়া নন্দ ভাবেন অপার॥ ভাবিতে ভাবিতে দেহে জ্ঞানোদয় হয়। भाञ्च कथा आटनांहना करतन श्रम्य n यथा-

> শ্রীমন্তাগবতে মহাপুরাণে প্রথমক্ষকে প্রথমাধ্যায়ে।

ক্তবান্ যানি কর্মাণি সহরামেণ কেশবঃ। অতি মর্ত্যানি ভগবান্ গুঢ়ঃ কপট মানুষঃ॥

গূঢ় শব্দে দর্ম গুহাশয় হন বিনি। গোপন হইতে অতি

গোপনীয় তিনি॥ এই হেতু তাঁর পরিক্ততা কেহ নয়। তিনি সকলের জ্ঞাতা সর্কশাল্তে কয়॥

# যথা।—সন্ধ্বৈত্তা নহিতক্তবেত্তা ইত্যাদি।

সকলি জানেন তিনি বিভূ বিশ্বময়। তাঁহাকে জানিতে কেছ ক্ষমবান নয়।। সজীবের অজীবের অন্তরাক্ষা হন। শব্দৰূপে আকাশের হৃদয়েতে রন।। আকাশ তাঁহারে কভূ জানিতে না পারে। এই হেতু প্রতি কর অশরীর তাঁরে॥ পুনঃ কয় সর্ব্বময় ব্রহ্ম সনাতন। প্রচ্ছের ৰূপেতে সর্ব্ব শরীরেতে রন।।

## यथा।-- मर्तर थिल्वनः खत्कि ।

জ্ঞতির সংবাদ দেখ বিরাট কপেতে। সকল ধরেন তিনি আপন দেহেতে। মারায় মাসুষ কপ করেন ধারণ। এই ছেতু গূঢ় বলি শুতিগণে কন॥

#### অতিমানুষঃ।

ভাতিমানুষের কর্মা শুন তত্ত্বার। মনুষ্য অতীত কর্ম সর্কাঞ্চণ যার॥ শুদ্ধ ঈশ্বরীয় কার্য্য প্রকাশনা করি। মনুষ্য হইাতে কর্ম্ম অধিক আচরি॥ গোবর্দ্ধন গিরি আদি ধারণ যে হয়। মনুষ্য বালকে ইহা সন্তাবিত নয়॥ ঈশ্বরীয় কর্ম্ম বলি ধরা নাহি যায়। জগত আছয়ে ধৃত যাঁহার সত্ত্বায়॥ ভাঁর গোবর্দ্ধন ধরা নহে বড় ভার। গোবর্দ্ধন আদি পদে শুন অর্থ আর॥ পূতনা বিনাশ করা শক্ট ভঞ্জন। তৃণাবর্ত্ত জঘ বক অম্বর নাশন॥ কালীয় দমন আর দাবালন পান। এত কর্ম্ম মনুষ্যেতে সম্ভব না পান॥ সব ঈশ্বরীয় কর্ম্ম মনুষ্যের নয়। পুক্র ভাবে জনমিল ঈশ্বর নিশ্চর॥ এই সব কৃষ্ণ কার্য্য মরি মনে মনে। নন্দ মহাশ্য কন আপনি আপনে॥

যথা।—জানামীসং মহাবিঞ্ং পরং নিগুণ মচ্যতং। তথাপি মোহিতোহঞ মানবো বিঞুমায়য়া।।

ু পারার। এই বে বালক মন বিফু অবতার। পারম নির্গুণা-চ্যুত অচিস্তা আকার।। জানিয়া নিগুড় তত্ত্ব নাহি থাকে স্মৃত। আসি বে মানৰ বিষ্ণু মায়া বিমোহিত।। আমার মানব দেহ অতি পাপাচারি বিষ্ণু মায়ামোহে মুদ্ধ চিনিতে না পারি।। কোলে পেয়ে কৃষ্ণনিধি তত্ব হারা হই। পূজ্ঞ ভাব ভাবি মনে কন্ত কথা करे । मरन मरन এই कंश कविशा विठात। मलुषा नरहन क्रयः जानि-লেন সার। নাশিতে ভূজার অবতার নারায়ণ। এ কথায় অক্তথা যে মহে কদাচন। ভাষিতে ভাষিতে মন্দে ভক্তি উপজিল। স্ততি कतिबादत क्रुटक्ष मदन विठातिल ॥ উठिया विभाना नन्म मञ्जल नयन । ভাব দেখি क्रक्षाञ्च ভाবিয়া তথন।। মায়াতে ভুলায়ে দেন নন্দের সে ভাব। কে বুঝিতে পারে কবে ক্লফের কি ভাব॥ নিজে ভয়ে-শ্বর হয়ে ভাসিলেন ভয়ে। স্বপ্নে যেন ভয় পেয়ে মনুষ্য কাঁপয়ে।। পিতা পিতা বলি হরি উঠি চমকিয়া। ধরিলেন ছুই হাতে নন্দে জড়াইয়া।। জড়াইয়া ধরি নন্দে করি আকর্ষণ। জ্ঞানময় জ্ঞানতত্ত্ব করেন হরণ।। কুফের মায়ায় নন্দ হারাইয়া জ্ঞান। তুহাতে ধরেন ক্রফে ভাবিয়া সন্তান।। কেন কেন বাপ বলি করি সম্বোধন। ভয় কি ভয় কি বলে করেন সাজুন।। হায় হায় কি আশ্চর্য্য গ্রীকুম্থের बीबा। प्रिथिए प्रिथिए नम्म मक्ति जूनिवा।। शूर्क **जा**र हुरत গেল হইল সভাব। ঘুচিল ঈশ্বর ভাব ভাবে পুক্র ভাব।। তবে ক্লফ কতক্ষণে স্থলাস্ত্র হইয়া। স্থান পিতারে কিছু কোলেতে বসিয়া। অদ্য পিতা গিয়াছিলে রাজ বিদ্যমান। কহ দেখি কি দেখিলে রাক্সার বিধান। কি ৰূপ সভার শোভা রাজা বা কেমন। কি ৰূপ মন্ত্ৰণা করে রাজ মন্ত্রিগণ।। সভাসদগণের কি ৰূপ সভে মতি। দাবিদ্র দীনের প্রতি কিন্দপ ভকতি।। কোন কোন জন আছে পার্ষদ রাজার। কহ পিতা সে সবার কি রূপ আচার ॥ সাধুক্রন কত আছে রাজার নিকটে। কত বা আছয়ে থল কহ অকপটে॥ মহাবীরপণ তথা আছে কত জন। কত বল ধরে তারা আকার কেমন।। শিষ্ট লক্ষে রাজার কিবল আলাপন। তুর্তে বা কেমন মন

# দিভীয়ভাগ।

কহ বিবরণ া আর তার কত আছে জপর বৈতব। একে একে বিশেষিয়া শুনাও সে: দব। এত যদি কৃষ্ণচন্দ্র স্থান পিতায়। শুনিয়া কহেন নক্ষ সশক্ষিত কায়॥ মৃত্যুরে কন পাছে শুনে অন্য জনে। দারুণ কংসের শুর আছে মনে মনে। শিশুরাম দালে ভাষে শুন সর্ব্বজন। শ্রীকুষ্ণে কহেন যাহা শ্রীনক্ষ তখন।।

## নন্দ মহাশয় জ্রীক্ষথকে কংসের রন্তান্ত কহেন।

जिल्ली। अक्रुत्कत छनि वागी, श्रीनम्न कलात्न शनि, धीदत ধীরে কহেন বছন। শুন শুন বাপধন, কংসরাজ বিবরণ, কহিতে मछील इस मन । तकनी त्यारभरक कथा, तला नरह यथा ज्या, नीकि শাস্ত্রে আছুরে বারণ।। গুন পুক্র সাবধানে, পাছে যায় অন্য কাণে, তা হইলে হবে বিঘটন। শত্রু ফেরে পায় পায়,কথা বলা বড় দায়, শুনে পাছে কছে কংস স্থানে। তা হলে ফিরিয়া আর,ব্রজে যাওয়া হবে ভার, শুন কহি অতি সাবধানে।। পাপমতি খল কংস,পুণ্যের নাহিক অংশ,অস্তুরের বংশ তুরাচার। উগ্রসেন জায়া যেই,অস্তুরে ভজিল দেই, ভেঁই হৈল এমন কুমার॥ পাপেতে জনম যার, ধর্ম কোথা থাকে ভার, কর্ম নষ্ট সকলি ভাহার। ছষ্ট সঙ্গে স্থামিলন, निर्देश माहि जालाशम, जातरकात मर्च वला छात ॥ ताका निर्क वलवान, देख भाग अभान, युद्ध यमि कनकाल यात्र। नारून কংসের দাপে, পদভরে ধরা কাঁপে, বাস্থকি মস্তকে ব্যথা পার।। कार्ट्स वर्ष बीव्रशन, त्रविद्यार्ट्स ज्यभनन, जमनन बन मिर्ट्स धरत । त्रका বিষ্ণু মছেশ্বরে, ক্ষণে মাত্র নাহি ডরে, মুহুর্তে প্রলর ধরা করে॥ क्षमद मुखात कथा, य कल (मर्थिছ छथा, माधा यथा कहि छव স্থানে। রাজা যথে দেয় বার, অসুচরগণ তার, অসুরূপ রাজ বিদ্যা-मारन।। मिरकः পाभमकि कश्म, मक्ति भारभव अश्म, इज्याति অভি পাপাচারি। চামর ছুলার ষেই, খলমতি অভি নেই, সমুখে

ছঃশীল আসাধারি॥ রাজপাত্র মহাপাত্র, পাপের প্রধান ছাত্র, মন্ত্রণার কত কব কথা। পরনারী পর ধন, পরবিত্ত প্রহরণ, বলেতে क्तिरव यथा एथा ॥ वलीरत शृक्षित्य ताका, निर्वालीरत मिरव माका, প্রজাগণে সভত পীড়িবে। ছুষ্টের রাখিবে মান, শিষ্টের নাশিবে প্রাণ, রাজইপ্ত তবে দে হইবে।। দোকর প্রজার কর, বলেতে আ-নিবে ঘর, লুটে লবে যদি দেখে ধন। সতত করিবে রোম, ইহাতে নাহিক দোষ, রাজকোষ করিবে পূরণ 🛭 মন্ত্রিণির এমন্ত্রণা, কত কব নে যন্ত্রণা, সভাসদ অসত স্বাই। রাজার যে মত পায়, মত মত रमत नात्र, वटन हेरथ रमाय कि कू नाहे ॥ ताका यमि वटन कन, उक्क দেখি এই হল, সভাসদে বলে সভ্য রায়। রাজবৃদ্ধি বিচক্ষণ, নহে কেবা এ লক্ষণ, বিলক্ষণ বুঝিবারে পায়।। কাছে আছে মহামল শলাদি তোষল সল্ল, চাতুর মুষ্টিক আদি করি। রাজ জাজ্ঞা যদি পায়. তারা জ্ঞিনি বেগে ধায়, বাসবে আনয়ে চুলে ধরি॥ ঋষিগণে रम्य कहे, यागामि कत्रदा नहे, त्या क्लाय नाहि करत <u>च्या थल</u> वटक विष्कर, अथादमा अधिक मन, मनाशादन मदखांव क्रम्य ॥ धक्रश অনেক চর, আছে রাজ অনুচর, ভয়ানক দেহের আকার। কি কব অধিক আর, খল মতি স্বাকার, শিষ্ঠ কেহ নাহি তথাকার।। রাজা ভাবি ভয়ন্কর, চকু করি ঘোরতর, সতত সবার দিকে চার। দেখিলে সে ঘোর আঁথি, উড়ে যায় প্রাণ পাখি, কত আর কহিব তোমায়।। কি জানি কি মন্ত্রণায়, আনিলেক মধুরায়, আমা সবে করি আমত্রণ। বিশেষতঃ সমাদরে, পত্র দিল স্বতস্থরে, তোমা क्षांट कतिया यकता। **ध कार्याक मम मन, श्वित नरह क**र्माहन, সর্বাদা কাঁপিছে কলেবর। বাবস্থা রহিত বার, প্রসম্মতা বাক্য তার, দেহ হয় অতি ভয়ক্কর॥ একণেতে ভালে ভালে, কার্য্য সমাপিয়া কালে,দেশে গেলে তবে হব স্থির। শুন বলি ওরে বাপ, কংস খলমতি পাপ, অতিশয় নির্দ্ধয় শরীর। ভগিনী দেবকী বতী, বহদেৰ ভারিপতী, তুইমতি রেখেছে বন্ধনে। দে দোঁহার ছুঃখ यङ, आमि वा करिव कछ, इनि काट्टे यनि कति मत्न।। এछ यनि

নশা কন, জ্রীক্রক কুপিড মন, কংসের শুনিয়া দুষ্ঠাচার। কিন্তু তথা প্রকাশিরা, কোন কথা না কহিয়া, মনে মনে করেন বিচার॥ প্রত্যুবৈতে প্রতিকার, ঘুচাব পৃথীর ভার, কংসে ধংস করিব নিশ্চিড। করিলাম দৃঢ় উক্তি, মা বাপে করিব মুক্তি, সক্ষনের ঘুচাইব ভাত।। এতেক ভাবিয়া মনে, নানা কথা আলাপনে, নন্দ ক্রোড়ে নিদ্রা যান হরি। জ্রীনন্দে কংসের ভয়, নেত্রে নিদ্রা নাহি হয়, ভাবনায় বঞ্চেন শর্মরী।।

### कःरमत इः यश मर्भन।

দীর্ঘ-ত্রিপদী। ওখানেতে রাজা কংস, নিদ্রার নাহিক অংশ, कार्नियां कृत्स्थत कर्म्य यछ। प्रिवकीत श्रद्धांष्ट्रेम, क्रियल व्यामात यम, এত দিনে বুঝি হই হত।। দূরে ছিল ছিল ভাল, কাছে আনিলাম কাল, আপনি করিয়া আমত্রণ। আপনার হাতে গলে, শিলা বান্ধি পড়ি জলে, একণে উপায় অপায়ন। আগুণে দিলাম ঝাঁপ, ধরিলাম কাল সাপ, জানিয়া শুনিয়া নিজ হাতে। কি করিব হায় হায়, মরি মরি প্রাণ হায়,বিষাগ্রির বিষম জালাতে ॥ এইমত ভাব-নায়, রজনী কাটায় তায়, জাগিয়া যে দেখে দুঃস্বপনা মূর্ভি জতি যোরতর, দশুকর এক নর, ভয়ঙ্কর মহিষ বাহন ॥ পুনঃ দেখে এক নর, তৈলসিক্ত কলেবর, বলে ধরি করি আলিঙ্গন। চড়ায়ে গাধার পরে, নগরে ভ্রমণ করে, ওডফুল দিয়া বিভূষণ ॥ পুনঃ পৃষ্ঠে মারে ছাট, ছাড়িয়া প্রশস্ত বাট,লয়ে চলে কন্টকের বন। ছিন্ন ভিন্ন করে কায়, রক্ত নাহি পড়ে তায়, কুঞ্নীর হয় দরশন। আপন ছুর্গতি তায়, স্থপনে দেখিয়া রায়, উক্তরায় করয়ে ত্রন্দন। পুনঃ স্থপ্ন দেখে তার, মুগু হীন নিজ কার, ছারা নাহি হর দরশন। निभि ल्या कुः चर्यन, साथि तोका अपूक्त, अर्थ उटक व्यक्ति উটিল। ভয়ে কাঁপে কলেবর, কোথা আছ অমুচর, বলি উচৈচঃ-স্থার ডাক দিল।। শুনিয়াক দের রব, ধাইয়া আইল সব, মহাবীর

अकूठत वर्छ। एमचि नव वीत्रवंत्र, मित्रा अश्र शतिवत्र, काटम वटन हरेनाम रु ॥ अनि बीतगर्ग क्या, अ नकन कि हू नम्र, बांयूरवारभ দেখার অপন। শুন রাজা মহাশয়, তোমার কিসের ভয়, আমাদের থাকিতে জীবন।। সমুদ্র লঙ্ঘন করি, ইন্দ্র চন্দ্রে নাহি ডরি, শম-নেরে দেখাই শমন। আকর্ষণ করি ভামু, বালক বলাই কামু, তাহে এত ভয় কি কারণ।। মুহুর্ত্তে মারিব রায়, কিছু না ভাবিবে তায়, মল যুদ্ধ করিয়া তুজন। চাফুর বলিল আর, কামুরে আমারে ভার, বলরাম মৃষ্টিক ভাজন।। এইৰপে বীরগণ, দর্প করি সর্ব্ব জন, রাজারে বৃষায় বিধিমতে। সাহস পাইল কংস, শত্রুর হইবে ধাংস, নিশি গতে অমুচর হতে।। বহুবিধ কথা কয়ে, বসিল স্থৃস্থির হয়ে, একণেতে শুন সমাচার। নন্দ ক্রোড়ে ভগবান, উপ-वरन निक्रा बान करमराख तकनी अवदात ॥ ऋग भरत अख निनिः প্রকাশ পাইল দিশি, পক্ষী সব করে কলরব। অরুণের আগমনে, নলিনী আনন্দ মনে, সরোবরে করয়ে উৎসব।। প্রাতঃস্নানে ঋষি-भर्ष, हरतम मानम भरन, देष्टे नाम कति উচ্চाরণ। उच्छत इकत क्रम, इहेल मिलन मन, निर्ख्य शृहण्ड यन मा ध ममरत्र निरहित, উঠিলেন जुदा कति, तजनीत कानि अवमत । तन्त जानि शांभशन, উটিলেন সর্বজন, শিশু করে শুন অতঃপর॥

## নিশি প্রভাতে রাজসভার **এ কুংকে**র গমনোক্ষোগ।

পরার। নিশির গমনে শীজ উঠি নরহ্রি। প্রাতঃক্তা আদি
সব সমাপন করি। ক্ষীর সূর নবনীত করিয়া ভোজন। নন্দের
নিকটে বসি বলেন বচন।। শুন শুন মহাশয় করি নিবেদন। অগ্রে
ভোমা সবে বাও রাজার সদন।। অবিলম্বে গিয়া সেই রাজ সন্ধিধানে। রাজারে বন্দিয়া বৈস ষ্থা যোগ্য স্থানে।। জ্ঞীদাম স্থদাম
আদি মম স্থাগণ। আমার সঙ্গেতে সবে করিবে গমন। দাদা

বলরাম সঙ্গে যাব কিছুপরে। যাইয়া মিলিব শীজ ভোমার (भारुद्र ॥ अनियां क्रूटस्थ्रे कथा श्रीनम्म उथन । मधुत्र निः मदत्र कन मधुत वहन ।। नगत (मित्रा) वाश वाहेटव क्रुज्ञत्। (मथ व्यन शर्थ इन्ह नट्ट कांत्र महन्।। छुत्रस्थ ध त्राक्रधानी छुत्रस्थ त्राक्रमः। हक्क्स স্বভাব বড় তোমরা ছজন।। পাছে কার সহ ঘুন্দ কর বাপধন। এই হেতু সদা তয়ে ভাসে মম মন।। ক্লফ কন পিতা ভয় না ভাবিহ মনে। এখনি মিলিব গিয়া ভোমার সদনে।। এত বলি कुक्ष्ठक जिल्ला माना करा निर्मा करा कि वार्य मान वार्य मान वार्य मान জীনক সভয় মনে সহ গোপগণে। রাজার সদনে যান যক্ত দর-শনে ॥ উপনন্দ আদি করি সহ সর্বজন। অবিলয়ে উপনীত রাজার ভবন।। কংসরাজ নিকটেতে নন্দ মহাশয়। প্রণাম করিয়া বছ করেন বিনয়।। নন্দেরে দেখিয়া কংস করি সমাদর। বুসিতে আদেশ দেন সভার ভিতর।। রাজার অংদেশে নন্দ সহ সহচর। বসিলেন সভামধ্যে সভীতি অন্তর ॥ পুনঃ কংস মহারাজ নন্দেরে ন্থান। কুশলেতে আছ নন্দ সহিত সন্তান। বুদ্ধকালে পুত্ৰ তব হয়েছে স্থন্দর। অধিকস্ক হইয়াছে বড় বলধর॥ শুনিয়া দেখিতে ৰাঞ্ছা হয়েছে আমার। স্বতন্তর নিমন্ত্রণ দিয়াছি তাহার।। তবে তব পুল্লে কেন সঙ্গে আন নাই। মম বাক্য লজ্জনেতে মুনে ভয় নাই। শুনিয়া কংসের কথা কম্পিত সম্ভরে। করষোড়ে কন নন্দ রাজার গোচরে। কার সাধ্য তব বাক্য করিবে লজ্জ্বন। আসি-য়াছে সঙ্গে রায় আমার নন্দন।। বালক স্বভাব গেল দেখিতে নগর। এখনি আসিবে দেব ভোমার গোচর।। শুনি ভাল ভাল বলি নন্দেরে কহিয়া। ইঞ্চিতে আপন গণে কছেন ডাকিয়া॥ কুব-লয় নামেতে যে আছিয়ে কুঞ্জর। দশ শত কুঞ্রের সম বলধর।। মদ্যপান করাইয়া মাতোয়ালা করি। ছারদেশে আবন্ধিয়া রাখ সেই করী।। প্রচও নামেতে আছে মাহত তাহার। বুঝাইয়া বল তারে করিয়া বিস্তার।। যথাসাধ্য পরাক্রমে অঙ্কুশ ধরিয়া। হস্তী পরে থাকে বেন সতর্ক হইয়া।। বেই মাত্র রাম ক্লফ্ আসিবেক

ছারে। হস্তি টোয়াইয়া যেন জবিলকে মারে। এই কপে শক্রর হইলে পরিক্ষর। আমার অবশ তবে ভূবনে না হর।। এতেক মন্ত্রণা করি দূতে আজ্ঞা দিল। দূত গিয়া মাহতেরে বিশেষ কহিল।। দূতমুখে রাজ আজ্ঞা করিয়া শ্রবণ। প্রচণ্ড মাহত করি করীর সাজন।। মদ্যপান করায় কলসী দশলক্ষ। ছারদেশে রাখে করী কৃষ্ণে করি লক্ষ।। আপনি অস্কুশ করে রহে করীপরে। কার সাধ্য প্রবিপ্ত হইবে ছারবরে।। রাজার নিকটে রহে মহাবীরগণ। চামুর মুষ্টিক আদি আছে যত জন।। শিশুরাম দাসে ভাষে মধুর বচন। রাজদারে কৃষ্ণ বলরামের গমন।।

### কুবলয় বধ ও রামক্ষের রাজসভায় গমন।

পরার। এখানেতে নরহরি সহ সহচর। নগর ভ্রমণ করি চলেন সত্ত্ব ।। মলে মল ক্রীড়া করে কংসের সভায়। বাহ্বক্ষেটি হুহস্কার শব্দ হয় তায়।। দূরে হতে সেই শব্দ করিয়া শ্রাবণ। বল-রামে কন ক্লফ ইঙ্গিত বচন।। হইয়াছে স্থসময় চল শীত্রগতি। কংসে বধি ঘুচাইৰ সাধুর ছগতি।। অবিলক্ষে ভার শূন্য করিব ধরুণী। মা বাপের বন্ধ মুক্ত করিব এখনি॥ এত বলি গুণময় সত্ব সম্বরিয়া। তমোগুণ উপরেতে নির্ভর করিয়া। ক্রোধন্ডরে নিজ কায় করি বিশ্বস্তর। কটিতে আঁটিয়াধটা চলেন সত্ত্বর।। পৃষ্ঠেতে আটোপ পাঁতবন্ত মনোহর। মেঘেতে থেলিছে যেন চপলা স্থন্দর ॥ চূড়াপরে শিখীপুচ্ছ চরণে সূপুর। চঞ্চল গমনে ঘন বাজে স্থমধুর ॥ করেতে বলয় তাড় গলে দোলে মণি। কর্ণেতে কুগুল শোভে দীপ্ত দিনমণি।। চলিলেন কৃষ্ণচক্ত এইৰূপ ভাবে। रव कन रव कारव जारव मिथिरव मि कारव।। मिक्किश्वर वनमिव বলেতে অনন্ত। কি কব কপের কথা কপে নাহি অন্ত।। ৰামভাগে চলিজের জ্ঞীদাম স্থমতি। পশ্চাতে রাখালগণ ৰূপবান অভি॥ আলো করি রাজপথ রাজীবলোচন।ক্রতগতি যান মোহি মথুরার

कन।। कन माद्य तक्काद्य इत्त डिशनीङ। प्रिथितन क्षतिपर्म করী বিপরীত॥ প্রচণ্ড মাহত দল্ভে জ্রমায় তাহারে। প্রবিষ্ট হইতে কারে নাহি দের দ্বারে।। দেখি কুষ্ণ কন আঁথি করি ঘোরতর। দার ছাড়ি শীত্রগতি অন্তরেতে সর॥ নহিলে নহিবে ভাল শুনরে বর্দার। হস্তি সহ পাঠাইব শমন নগর॥ শুনিয়া কর্কশ কথা মাহুত রুষিল। ক্লুফের উপরে হস্তি টোরাইয়া দিল।। প্রমন্ত মাতঙ্গ সেই প্রমন্ত হইয়া। ধরিবারে ধায় কুষ্ণে কর প্রদারিয়া।। তুলি মুণ্ড লাড়ে শুণ্ড বেগে ঝাড়ে মদ। অঙ্কুশ আঘাতে আরো কোপে চালে পদ।। দেখিয়া মাতঙ্গ গতি প্রভু ভগবান। আতঙ্গ পাইয়া যেন অন্তরে পলান।। তাহা দেখি অতি বেগে ধায় হন্তী বর। চারি হস্ত অন্তে তার রন মুরহর।। সহজে সে মূর্খ হস্তী না পারে বুঝিতে। তবু মহা বেগে ধায় ক্লঞ্চেরে ধরিতে।। **পুনঃ** পুনঃ মাহুতে বলিছে ধর ধর। ধরিতে না পারে কুষ্ণে ক্রোধিত অন্তর ।। তা দেখিয়া ক্লফচন্দ্র বেগেতে ধাইয়া। হস্তির গালেতে এক চাপড় মারিয়া।। পুনরপি কত দূরে উঠে দেন রড়। চাপড় খাইয়া হস্তী করে ধড়ফড়।। কতক্ষণে কুবলয় সন্বিত পাইল। সন্তরে পাইয়া ব্যথা অধিক কোপিল। ক্রোধ ভরে তুণ্ড তুলে শুণ্ড বাড়াইয়া। ধরিতে ধাইল ক্লফে আত্ম পাসরিয়া। যে দিগেতে বেশ্রে হস্তী হয় ধাৰমান। অলক্ষেতে কুঞ্চন্দ্ৰ অন্ত দিগে যান।। কখন বা বামে যান দক্ষিণে কখন। কখন পশ্চাত ভাগে করেন গমন। কখন লুকান তার বক্ষতলে গিয়া। পুনরপি দেখা দেন সম্মুখে আসিয়া॥ ধরিতে না পারি কুষ্ণে হইল ফাঁফর। মাছতে অঙ্কুশ মারে বলে ধর ধর॥ কুলাল চক্রের ন্যায় কেরে কবুলয়। ধরি ধরি করে কিন্ত ধরা নাহি হয়।। কোন মতে কৃষ্ণচন্দ্রে না পারি ধরিতে। কর প্রসারিয়া হস্তী ভ্রমে চারিভিতে।। ভবে কভক্ষনে কুষ্ণ করিয়া বিচার। করির পশ্চাতে গিয়া পুচ্ছ ধরি ভার॥ বামহাতে ধরি পুচ্ছ করান ভ্রমণ। বংসেরে ঘুরায় ধরি বালকে यमन ।। दिश्री नकन लोक हमदकांत्र इस । धना धना कति कृत्यः

বার বার কয়।। অসুক্ষণ নরহরি ধরি তার লেজ। খুরায়ে ঘুরায়ে হস্তী করেন নিস্তেজ।। অবিলয়ে ছাড়ি পুচ্ছ সমুখেতে গিয়া। মারেন মস্তকে মৃষ্টি কর প্রসারিয়া।। সেই মৃষ্ট্যাঘাতে করী হেরি শূস্যাকার। পড়িল অস্তরে গিয়া ছাড়িয়া চিৎকার।। কালঘামে দেহ তার হইল্পাবন। মুখে রক্ত উঠে হন্তী ত্যজিল জীবন। সরিল যদ্যপি হন্তী মাহুত পলায়। ধেয়ে গিয়া বলরাম মারিলেন ভার।। কেমনি কুঞ্চের ইচ্ছা বলা নাহি যায়। মরি করী কুঞ্চাতে দিব্য দেহ পায়।। শৃষ্ধ চক্র গদা পদ্ম করিয়া ধারণ। অলুক্লেতে বৈকুঠেতে করিল গমন॥ দেবগণে পুষ্পার্থ করে অনিবার। लात्क वत्न प्रभा कृष्य वेत अवटात्र।। उत्व कटकर्ग कृष्य পিরা সন্নিধান। উপাড়েন করি দস্ত দিয়া একটান। ছুই হাতে क्रहेम्स कति উৎপাটन: এक मन्छ वनतास करतन अर्थन।। ত্রই ভাই করিদন্ত ক্ষক্ষেতে করিয়া। চলিলেন রঙ্গভূমে রঙ্গিত হইরা।। করিদস্ত উৎপাটিতে উঠি রক্ত ধার। বেগেতে ছড়ায়ে গিয়া পড়ে চারিধার ।। নিকটেতে যে যে লোক আছিল ভাহার । কিছু কিছু লাগে ছিটা অঙ্গেতে নবার। ক্লফ বলরাম অঙ্গে বিন্দু বিন্দু লাগে। হ'ইল অপূর্দা শোভা অঞ্জ অনুরাগে।। শ্বেদ নীল ছুই তথু জিনিয়া কোমল। তাহাতে ফুটিল ধেন স্থারক্ত কমল।। কি কব সে অঙ্গ শোভা না যায় বর্ণন। ৰূপ হেরি মোহ হয় এ তিন ভুবন।। এই ৰূপে রাম রুফ করীদন্ত হাতে। উপনীত হইলেন কংসের সভাতে।। ব্রজ সহচর শিশু বারা ছিল দঙ্গে। ভাষারাও উপনীত হৈল দঙ্গে দঙ্গে॥ যেকপে বিদিত হরি হউলেন তথা। শিশুরাম দানে ভাষে সপ্রমাণ কথা।।

यथा।

মলানামশনিন্ গাং নরবরং দ্রীণাং স্বরোমুর্ত্তি-মান্। গোপানাং স্বজনঃ সতাং ক্ষিতিভূজাং শাস্তা স্বপিত্রোঃ শিশুঃ। মৃত্যুর্ভোজপতের্বিরাড্ বিহ্বাং তত্ত্বং পরং যোগিনাং। র্ফীণাং পর-দেবতেতিবিদিতো রঙ্গং গতঃ সাগ্রঙ্গঃ।।

পরার। পরম পুরুষ কৃষ্ণ অগ্রজ সহিত। রঙ্গভূমে অবি-लस्य रुरत्र উপनीज।। जूननरमाहन मृर्डि करतन धातन। व्यक्ति বিবেচিয়া ৰূপ হৈল দরশন।। মলগণ দেখে ক্লফে বজ্ঞের সমান। नात्रीभटन प्रतथ कामरमव मूर्जिमान।। भारिभता प्रतथन क्रूटब्स আপন স্বজন। সক্ষনে দেখেন শাস্তা ছুষ্ট রাজাগণ।। কংসরাজ্ঞ प्रिचितक नाकार भमन। वस्रुप्तव प्रिचितन ज्ञाभन नन्तन।। ক্তানিরা দেখেন প্রভূ বিরাট আকার। অখিল ব্রহ্মাণ্ড স্থগু লোম-কুপে যাঁর।। বোগতত্ত্ব পরিহরি দেখে যোগিজন। পরম দেবত। कर्ल (मर्स यहूरान ॥ এই करल कृष्य कल रहन अमर्भन। मरन মনে সকলেতে করে প্রশংসন॥ কংস ভয়ে কারো মুখে বাক্য নাহি সরে। সাঁখি পথে লয় ৰূপ আপন অন্তরে।। এ সময়ে কংসাদেশে চাতুর উঠিয়া। কহিতে লাগিল কথা কুষ্ণে সম্ভা- . ষিয়া।। শুন ওতে নন্দত্মত বচন আমার। ব্রহ্মপুরে তুমি আর রোহিণী কুমার । মল যুদ্ধ করি বহু বীরে বিনাশিলে। বছবিধ বল বীর্য্য প্রকাশ করিলে॥ শুনিয়া রাজার হৈল হর্ষিত মন। আনিলেন তোমা দোঁহে দিয়া আমন্ত্রণ । মলযুদ্ধ পরিপাটী তোমা দোঁহাকার। দেখিতে মানস বড় হয়েছে রাজার।। প্রজা হয়ে রাজার সস্তোষ করে যেই। চিরকাল ধনে জনে স্থপে থাকে সেই॥ অতএব শীত্র কর রাজার সন্তোষ। ক্ষমিবেন তোমাদের পূর্ব্বকার माय। यनि वन युक्त योगा वाक्ति हैएथ हाहै। जुनि कानि कति . युक्क मृष्टित्क वलाहे।। ७७ विक कित कारूत महावीत। स्थानित्रा करहन क्रूक वहन गडीत।। छन छन महावीत मन निरवहन। य कहिरल ममूनम् व मन्त्र वहन ॥ श्रकारलाक इटे विह देवनि बना-লয়। রাজার সভোষ হবে বড় ভাগ্যোদয়॥ কিন্তু এক ইহাতে আছুরে এই কথা। সমানে সমানে যুদ্ধ সাজে বথা তথা।। তুমি

হও মহাবীর আমি শিশুমতি। কেমনে শোভিবে যুদ্ধ ভোমার সংহতি।। চামুর বলিল কামুকেন মিছা কও। দেখিতে বালক তুমি বলে ছোট নও।। বাল্যকালে বকাস্থরে বধিলে বিপিনে। चय जामि जातक विधाल मित्न मित्न।। धक्राल अर्थात जानि मख (मर्थारेला। कूवनम्र कति कताघारः विनामिरमा। (मर्थिस বে হস্তিবরে লোকে ধরে দিশে। ভারে বিনাশিলে বলে ভূমি ছোট কিলে।। তুমি আমি সমযোগ্য মুষ্টিকে বলাই। এ কথার অন্যথাত কদাচিত নাই।। ছাড়িয়া ছলনা কথা হও অগ্রসর। তুমি आमि हुई जत्न क्रिय ममत्।। वलाई कक्रन त्र मृष्टिक महिछ। রাজার সম্ভোষ ইথে হইবে নিশ্চিত।। ক্লফ্ষ কন যদি তুমি না ছাড় একান্ত। কি করি করিতে যুদ্ধ হইল নিভান্ত। এসো ভবে ছুই करन माकी कति ভाग्न। जात माकी कति এই धनस्य क्रयानू । আর সাকী হও যত মহাবীরগণ। একজন উপরে না রুষিবে ছুজন।। এত বলি রঙ্গভূমে নামিলেন হরি। চামুর নামিল দস্তে বাহ্বাকোট করি।। মুষ্টিক বলাই সহ হ'ইল ভিড়ন। শিশু কহে मझयूक चारु ७ कथन ।

## চামুর ও মুষ্টিক বধ।

ত্রিপদী। আজ্ঞা দিল মহান্তর, রণবাদ্য স্থমধুর, বাজিতে
লাগিল মধুস্বরে। কি কর বাদ্যের কথা, যোদ্ধাগণ শুনি তথা,
উৎসাহে আপনি পদ সরে॥ আপন নাশন ভয়, অন্তরে নাহিক
রয়, কেবল মারিতে ধায় মন। বাহ্বাক্ষোট হুহুয়ার, করতালি
শব্দ আর, অনিবার স্থানে গর্জ্জন॥ চালুরের ভীমনাদ, শুনি গণি
পর্মাদ, লোক সবে এক দৃষ্টে চায়। ক্লেফর কঠের স্বর, জিনি
শত পিকবর, মনোহর কমনীয় কায়॥ উল্লক্ষন প্রোলক্ষন, উদ্ধরে য়েতে অনুক্ষণ, ঘনেঘন ঘূরে ঘূরে পাক। করি দোঁহে হাতাহাতি,
ক্রমে হয় সাভামাতি, পাড়াপাড়ি মল্লযুদ্ধ ডাক।। চালুরের হাতে
ভালি, মারি শীজ বন্যালী, অস্তরেতে করেন গমন। চালুর ক্রবিয়া তায়, রুফেরে ধরিতে ধায়, ছুই ভুক্ত করি প্রসারণ।। শতপদ व्यस्त भिन्ना, भदन कृत्यः नाशिष्टेत्रा, त्कारम निन्ना **हात्य महाबदम** । ক্লুক্তের কোমল কার,করিলেন বক্ত তার,চামুরের লাগে বক্তর্তা ॥ বেদনা পাইয়া বীর, না পারে হইতে স্থির, ছাড়ি শীঅ ক্রোধে মারে কিল। কুফেরে না লাগে তার, চাতুর বেদনা পার, বক্ত **(मर्ट जोइन इन्डियन)। ज**रत रहा कि हू शिष्ट, मूर्य पन्न करते মিছে, ক্রোধে বলে মারিব এবার। দেখিয়া যুদ্ধের গতি, কংসেরে নিন্দিয়া অতি, লোকে বলে একি অবিচার।। যতেক রমণীগণ, দেখি তারা অকরণ, অগণন নিন্দা করি কয়। ,বলে ভাগ্য এ রাজার, কথন নাহিক আর, নিজ পাপে শীভ্র হবে কয়॥ ছিছি একি ছুরাশয়, হৃদয়ে না দয়া হয়, দেখিয়া এ কোমল শরীর। ছুরস্ত অন্তর সনে, নিযুক্ত করিল রণে, কেমনে করিয়া মনস্থির।। কপটে मञ्जग करत, आनिया आशन घरत, इष्टे तीका करत इष्टे कार। অন্যায় কর্ম্মের ফলে, যাকু রাজা রসাতলে, মুগ্রেতে পড়ুক শীন্ত্র वाक ।। दक्वन अधर्मामय, ध ऋत्वार थाका नय, देश कि नयूरन দেখা যায়। নীল শ্বেত পদ্মপ্রায়, ক্লফ বলরাম কায়, অস্থর হস্তির সম তায়।। দলিছে দারুণ দাপে, ক্লেণে কেণে কোলে চাপে, বিনা-শিতে চাহে পদাদল। আর নাহি দেখা যায়, ধর্মে ধর্মে রক্ষা পায়ু, কোমলাঙ্গ কাঁপিছে কেবল !৷ কেহ বলে নীলকায়, দেখ কিবা শোভা পায়, ঘর্মাবিন্দু চন্দনের কোলে। কেহ বলে শেত অক্ষে राम शका मजुरक, विश्वास्त भवन शिल्लाल।। रक्ष वर्ण मित्र মরি, দেখ দেখি সহচরি, নীল কায় রক্তবিন্দু শোভা। জিনি রক্ত শতদল, হইয়াছে সমুক্ষুল, দেখি ধার মনে। মধুলোভা।। কেহ বলে শ্বেতকায়, মরি কি শোভিছে তায়, হায় হায় ভুবিল গো जाँथि। हेव्हा दश উटफ़ शिशा, ताथि मना आविक्ता, ७ शम পিঞ্চরে প্রাণ পাবি।। কোন স্থী বলে সই, দেখ দেখ দেখ अই, নীলীঘুজ ভুজ মনোহারা। ব্রজবধূ গণ গলে, শোভিত মৃণান স্থলে, কত পুণ্য করে ছিল তারা।। এইকপে রামাগণ, রামকুক্তে

সঁপি মন, মনোগত কছে পরস্পর। ভুবি ৰূপ মরোবরে, ছইচকে জল করে, রাজারে নিন্দরে বহুতর।। এখানেতে নন্দ্রোষ, যুদ্ধ **एमिक अमरकाय, यन** वाति वटर छूनग्रत्न। हिट्छत श्रृक्ति रहा धक मुट्डे टिट्स तरम, न्यत्न कतरम नाताम्रत्न ।। क्रूटक्षत्र तकात তরে, অনিবার ক্লফে সরে, নাহি জানে পুত্র কোন জনা আর যক্ত সাধুগণ, সকলেই ছুঃখ মন,অকরণ করি নিরীক্ষণ।। আকাশে অস্ত্র চর, চান্তরের চাহে জয়, দেবে রাম ক্লুঞ্রের কল্যাণ। ভত্তের হৃদরে হরি, তুঃখচর দৃষ্টিকরি, ঘুচাইতে হন চিন্তমান।। ছাড়ি की जा अञ्चल, अकानि जाशन वन, जविनस्य विज्ञानिक मित्रा। চাপিয়া চাত্তরে হরি, ক্রমে ছুই পদ ধরি, পাক দেন শূন্যেতে তুলিয়া।। পাকেতে বিনাশি বল, আছাড়িয়া ভূমিতল, চামুরের बरधन कीवन। वलाई मृष्टित्क धति, ठालि प्तर हुर्न कति, अनाशादन করেন নিধন। রণে পড়ে ছুই বীর, কংদের কাঁপিল শির, অন্য লোকে ধন্য ধন্য করে। পৃথিবীর অর্দ্ধভার, হৈল তাহে অবহার, জরশূত্য হইল অমরে।। তবে ক্রোধে মহাবল, ধাইল ভোষল সল, দেখি রাম শমন সমান। ভোষলে ধরিয়া তুর্ণ, আছাড়ি করেন চুর্ণ, সলেরে মারেন ভগবান।। তবে কুট মহাস্থর, যারে কাঁপে তিন পুর, ক্রোধেতে কুষ্ণের আগে ধায়। দেখি ক্রোধে নরহরি, ধাইয়া কুটেরে ধরি, কুটচ্ছিন্ন করিলেন তায়।। কুট যদি পড়ে রণে, দেখি ভয়ে বীরগণে, কেহ না নিকটে আসে আর। কংসের কম্পন হয়, मूर्य मञ्ज कति कम्न, वीत्रभर्ग छाकि वात वात ॥ यङ आह वीत्रभग লয়ে নিজ প্রহরণ, মারহ এ বালক ছুটায়। নন্দ আদি গোপগণ, আসিয়াছে বে যে জন, বন্ধি করি রাখহ সবায়।। পাপ উগ্রসেন ৰাপ, দিল বছ মনস্তাপ, তাহারেও করহ বন্ধন। দেবকী বহুর त्रह, कांत्रागादत अहतह, ताथ लटा धहे तर करा। आश्र मात प्रहे (ड्रांफा, এ प्रहे मरहेत शाफ़ा, देशता शांकरण छात्रा मारे। কতে শিশুরাম দাস, শুনিয়া কংগের ভাষ, ক্লবিলেন নন্দের কানাই 8

# कश्म दथ ।

্পিয়ার। কংসের দর্পের কথা করিয়া তাবণ। কুপিলেন ক্রঞ্জ-চন্দ্র কমললোচন।। ক্রোধেতে পুরিল তমু কাঁপে কলেবর। লক্ষ দিরা উঠিলেন মঞ্চের উপর।। দানবে দলিতে যেন যায় স্থরপতি। সর্পে সংহারিতে যথা গরুড়ের গতি॥ সেই মত মঞ্চে গিয়া উপ-নীত হন। দেখিয়া কংসের হয় হৃদয় কম্পন।। শমন সদৃশ কুৰেং নিকটে হেরিয়া। উপায় না পায় কিছু ভাবিয়া চিন্তিয়া।। ভয়েতে অন্থির তবু মুখে দন্ত করে। উঠি দাণ্ডাইল শীভ্র খাণ্ডা লয়ে करत।। क्रूरक्ष्टत कांग्रिट कश्म करत मत्न मन। कश्म स्त्रि कुष्के करतन खमन।। कुलाल हत्कत्र नाम खरमन खिर्ह्मा কংস সেই মত ভ্রমে হাতে খাণ্ডা করি ।। মারিবারে চাহে কিন্ত লক্ষ হয় মিছে। সম্মূথে করিতে লক্ষ ক্লফ যান পিছে।। এইমত কতক্ষণ করিয়া ভ্রমণ। কংসেরে মারিতে ক্লফ্ষ করিলেন মন।। পশ্চাতে যাইয়া শীত্র ধরি কংস কেশে। ফেলিলেন ভুমিতলে চক্ষুর নিমেষে ।। বাম হত্তে অসি খান কাড়িয়া লইয়া। <mark>অবিলছে</mark> ফেলিলেন দূরেতে টানিয়া।। কেশে ধরি উর্দ্ধে তুলি মারেন আছাড়। আছাড়ে আছাড়ে তার চুর্ণ হৈল হাড়।। অবশেষে শিলাতলে ফেলি আরবার। মুখ্র ধরি ঘর্ষণ করেন অনিবরি।। ঘর্ষণে ঘর্ষণে কংস ভাজিল জীবন। ক্লফ হাতে মরি গেল বৈকুপ্ত जूबन।। कश्रमत्र निधन प्रिय ये वीत्रभन। शैनवारम खेक्सारम करत भनावन।। भनाविष्ठ जरन कृष्य ना मारतन आता। वनताम হাতে কারো নাহিক নিস্তার।। আছিল কংসের আর ভাই অষ্ট, क्रम। कक्क आपि नाटमै महावीदत्र जिल्ला । त्नाप्तत्रत्र लाटक ভারা অন্থির হইয়া। অস্ত্র হাতে ধায় রণে ভয় তেয়াগিয়া।। তাহা पिथि बनताम त्रांहिनी नम्मन। এएक अरक अष्टेकरन करत्रन নিধন।। দেখিয়া ভরেতে কেহ নাহি আনে আর। বাঢ়িল আনন্দ चन्द्र भूচिन অপার।। কংলের মরণে ভর গেল পৃথিবীর। পাতা-

লেতে ভারশৃত্য ৰাহ্যকির শির।। অভয় হইল সৰ স্বর্গে হরগণ। পুষ্পর্টি করে আর ছফুডি বাজন।। অনিবার পড়ে ফুল রাম ক্লফ শিরে। রাখালেরা মৃত্য করে চারিদিগে খেরে।। আর নৃত্য करतः वह मधुदात कन । य क्र जानम उथा ना यात्र कथन ।। यह-গণ আনন্দিত হয়ে অতি মনে। রাম ক্লুফে প্রশংসা করয়ে জনে জনে।। এখানেতে কংস পুরে কংস পরিবার। কান্দিয়া কংসের শোকে করে হাহাকার।। অন্তি প্রাপ্তি নামে তুই কংসের রমণী। পত্তি শোকে কান্দে সভী লোটায়ে ধরণী।। দারুণ ছঃসহ শোকে হারায় সন্থিত। ক্ষণে ক্ষণে চমকিয়া উঠে আচন্থিত।। ধুলায় धुयत अक इस टेश्न (वंग। मिथिन श्रेन वान मूक टेश्न किम।। অস্থির হইরা লক্ষা ভয় তেয়াগিয়া।। রঙ্গভূমে উপনীত হইল আসিয়া।। দেখিরা কংসের দশা করে হাহাকার। পড়িয়া চরণ **তলে कात्म अ**निवात ।। आत कश्म खाञ्च ४ कात्म अष्टे अने। পরিয়া কংসের অট ভাতার চরণ।। যে ৰূপে করুণা করি কান্দে ব্ৰাশাগণ। ফি কপে কহিব তাহা অসাধ্য বচন।। রোদন দেখিয়া ক্লফ কর্ণা সাগর। প্রবোধিয়া সে সবারে কহেন বিস্তর।। শাস্ত ভদ্ধ জ্ঞানবন্ধ করিয়া প্রদান। করেন রোদনে ক্ষান্ত প্রভু ভগ-বান।। তবে কতক্ষণে ডাকি জ্ঞাতিগণে তার। আজ্ঞাদেন কংসে कर्त्र जान्नि मश्कात ।। कश्म महत्य त्य जन हत्य्यक्त निधन । मवाद्र লইয়া কর অগ্নিতে অর্পণ।। ক্লফের আদেশে আসি জ্ঞাতিগণ তার। করিলেক কংসাদির অগ্নি সংস্কার।। শিশুরাম দাসে ভাষে मधुत वहन। अकर्ष छन्ड वस्त्र (मवकी माहन।।

### (मवकी वस्रूरमवामित वस्र न , (या हन।

পয়ার। কংসে ৰধি হর্ষিত হয়ে নরহরি। অবিলয়ে মন্তবেশ পরিহার করি।। ধরিলেন পূর্ববেশ অপূর্ব আকার। যে বেশে সাজাশাছিল রাণী যশোদার।। অলকা আর্ড কিবা প্রীমুখ্যওল। চূড়াপরে শিবিপুক্ কর্ণেতে কুগুল॥ নীলকান্ত কোলেতে করিছে

वानमन । मिट्यु वानटक राम हुना हुक्षान । गटन प्राप्त मनि-হার রুকু নথ তার। হিল্লোলেতে ফণি ভণা সম শোভা পার॥ করেতে কেমুর সার বলয়ে স্থন্দর। কটিতে কিঙ্কিণী সব ঘুন্টি মনোহার।। ধড়া করি পীতবাস তাহে পরিধান। পৃষ্ঠে পউবস্ত মণিময় দীপ্রমান ।। চক্দনে চর্চিত অঙ্গ চরণে সূপুর। স্থচারু চলনে কিবা বাজে স্থমধুর॥ অপরূপ রূপ রুফ বর্ণে দাধ্য কার। সকল ৰূপের বাদ শরীরে ঘাঁহার।। গ্রীবাদ গ্রীনিকেতন বেদে বলে যাঁরে। অন্সের কি সাধ্য ৰূপ বর্ণিবারে পারে॥ দক্ষিণেতে বল-দেব আপনি অনস্ত। কি কব ৰূপের কথা নাহি যাঁর অস্ত।। উদ্ভ-রের সম বেশ সম অলঙ্কার। কেবল প্রভেদ মাত্র মূর্ত্তি দোঁহাকার। শ্বেত কান্তি বলদেব নীল নীলমণি। প্রকাশিত যেন শ্বেত নীল-कान्ड मि। এই करि तामकृष् हतन यथन। मीश्र टेहन ममिन हमिक क्रम ॥ वञ्चराव रापकीत वक्षम रमाहरम । उपनीख∙श्हेरासम দ্বিরদ পমনে । দেখিলেন ছুই জন আছেন বন্ধন। আপনার হাতে কুষ্ণ করেন মোচন।। লোহার নিগড়ে সেই নিগুঢ় বন্ধন। এরওের শাখা সম করেন ভঞ্জন ।। বন্ধন ভঞ্জন করি প্রণাম করিয়া। কর যোড় করি ক্লফ্ষ রন দ্বাঁড়াইয়া। দেখিয়া দেবকী আর বস্তুদেষ জ্ঞানী। না ভাবেন পুত্রভাব পরমাত্মা জানি॥ না করেন আশীর্কাদ নাহি দেন কোল। গদ গদ ভাবে মুখে নাহি সরে বোল। পর্মীর্মা বোধ হৈল পুলক শরীর। উভয়ের নেত্রকোণে ঝরে ভক্তি নীর।। স্তব করিবারে দোঁহে করেন মনন। ভাবেতে ভূলান ভাব দেখি নারায়ণ।। কেমনি ক্লক্ষের মায়া কে বুঝে প্রভাব। যুচিল ঈশ্বর বুদ্ধি হৈল পুত্রভাব।। তবে ক্লফ করখোড়ি করেন বিনয়। শুনগো জননী আর পিত। মহাশয় । ও চরণে অপরাধ হয়েছে অনেক। করিতে না পারিয়াছি সেবন কণেক। পরে ঘরে রহিলাম শৈশব ममन्न। मकिन देवत्वरू करत्र आञ्च माथा नत्र।। शहिराह वह कष्टे থাকি কারাগারে। ইহাও দৈবের কর্ম খণ্ডিতে কে পারে। দারুৎ কংসের দায়ে হয়েছে এমন। নহে কি এতেক ছঃখ পায় কোন

জন। মরিল সে কংশান্থর সংসারের পাপ। যুচিল সকল ছুঃখ খণ্ডিল সন্তাপ।। আর না ঘটিবে ছুঃখ হৈল অবসান। একণেতে আমা দোঁতে হও কুপাবান।। সন্তানের কর্ম বাহা করিব এখন। সেবিব ও পাদপদ্ম যাবৎ জীবন ।। এই ৰূপে কুফচক্ৰ কন বারং । वञ्चरमव रमवकीत जानम ज्ञानात ।। मञ्चारमत्र श्रिप्तवारका श्रृमक শরীর। স্নেহেতে পূরিল মন চক্ষে হর্ষ নীর।। পুত্র বুদ্ধে শীভ্রগতি বাছ পদারিয়া। উভয়ে করেন কোলে উভয়ে ধরিয়া।। শিরজ্ঞাণ চুম্ব দান মুহুমুহু মুখে। ঘুচিল সকল ছঃখ ভাসিলেন স্থা।। তবেত দেবকী চাহি ক্লফের বদন। পূর্কাবধি ছঃখ বত করান শ্রবণ।। শুন ওরে বাপধন যে হুঃখ আমার। এত হুঃখ ত্রিভূবনে প্রাণে বাঁচে কার।। প্রথম বয়সে হৈল বিবাহ যখন। মহোল্লাসে স্থামি বাসে করিতে গমন॥ আমার সহায় হয়ে অশ্ব রক্জ্ব ধরে॥ আপনি চলিল কংস রথের উপরে। ছুষ্ঠ হৈল জন্ম তারা রুষ্ট গ্রহ-গণ। অকন্মাৎ দৈববাণী হইল ঘটন॥ কংসেরে ডাকিয়া বলে অশরীরী বাণী। কোথা যাও ওরে মূঢ় অশ্বরজ্ঞাণি।। যে ভগিনী রাখিবারে অশ্বরজ্ঞ্জ্বরে। চলিয়াছ ওরে মূঢ় আনন্দ অস্তরে।। উহার অষ্টম গর্ব্তে জন্মিবে যে জন। সেই সে বধিবে ছুপ্ত তোমার জীবন।। যেই মাত্ৰ এইৰূপ হৈল দৈববাণী। অশ্বরজ্ঞ ছাড়ি কংস হৈল খজনপাণি ॥ মান মনে ছুরাচার করিল বিচার : ভাগিনী বধিলে গার্ত্র কিসে হবে আর।। এতেক বিচার ছুষ্ট করিয়া অস্তরে। ধরিল আমার কেশে কাটিবার তরে।। একেত অবলা আমি বালিকা वयम । ভাবিলাম পরমায়ু হৈল পরিশেষ ।। একেবারে হরিলেক অন্তরের মুখ। ভয়েতে হইল কম্প শুকাইল মুখ।। তখন হইত যদি আমার মরণ। ভবে কেন এত ছঃধ ইইবে ঘটন। সে সময়ে এই বম্বদেব তব তাত। কংসে করিলেন স্তৃতি করি যোড় হাত।। বহু স্তুতি করি আর বহু বুঝাইয়া। কহিলেন অগ্রে ভার প্রতিজ্ঞা করিয়া॥ না মারো না মারো কং স স্থির কর মতি। তোমার ভগ্নীর যত হইবে সন্ততি।। একে একে তব কাছে করিব অর্পণ।যে

ইচ্ছা বালকে লয়ে করিবে তথন।। স্ত্রী বধ ত্রন্ধর পাপ না কর এখন। বিবেচিয়া কোপ শান্তি করহ রাজন। এত যদি কহিলেন वस् महाभन्न । छनि कश्म अञ्चल (र्मानी इत्त्र त्रत्र ।। मत्न मत्न वह-বিধ করিল বিচার। বালক হ'ইতে ভয় কি হবে আমার॥ বন্ধুর ৰচন মিথ্যা নহে কদাচিত। স্ববশ্য বালকে আনি দিবেক নিশ্চিত।। এই ৰূপে মনে মনে অনেক ভাবিয়া। অমূক্ষণে দিল তবে আমারে ছাড়িয়া। রক্ষা পেয়ে স্থানি বাদে করিলান গতি। বহু দিনে হৈল এক অপূর্ব্ব সন্ততি।। তাহারে লইয়া তব তাত ততক্ষণ। কংসে দিয়া করিলেন প্রতিজ্ঞা রক্ষণ।। বস্তুর সত্যতা জানি দয়া উপ-জিল। প্রথম নন্দন বলি প্রথমে ছাডিল। বলিল ইহাতে মম নাহি কোন ভয়। অষ্টম গর্ট্পের স্থতে দিবে মহাশয়।। এ কথা শুনিয়া তবে জনক ভোমার। দিলেন আনিয়া স্থতে কোলেতে আমার। সন্তানে পাইয়া আমি ভাসি মহাস্তুখে। আনন্দে দিলাম তবে छन তার মুখে।। এ সময়ে পুনঃ কংস কি ভাবিয়া মনে। কোলে হতে কাড়ি নিয়া গেল সে নন্দনে ॥ পাষাণে আছাড়ি তার বধিল জীবন। যে তুঃখ পেলাম ভাহে না যায় বর্ণন।। কেমনে বর্ণিব তাহা হইল স্মরণ। অদ্যাপি আমার দেহে না রহে জীবন।। এই ৰূপে ছয়বার হইল নন্দন। ছয় জনে বিনাশিল পাপিষ্ঠ তুর্জন্ম. সপ্তমেতে গর্ত্তপাত হইল আমার। আপনিসে স্বত গেল না মারিল আর॥ অপরে অষ্টম গর্ত্ত হইলে সঞ্চার। দূত মুখে সংবাদ শুনিয়া ত্ররাচার।। আপনি আনিয়া শীঘ্র লোহার শৃষ্খলে। বন্ধন করিল মম পদে হাতে গলে।। তার পরে তব তাতে করিল বন্ধন। ছুজ-নেরে বন্ধি ঘরে দিল ততক্ষণ।। কারাগারে যত ছংখ কত কব ভার। এক দিন অস্তে দিত অর্দ্ধেক আহার।। শুনিয়া কুষ্ণের अँ थि ছल ছल करत । स्विकी वरतन वाहा अन छात शरत ।। नाम-নের শয়া ছিল কম্বল সম্বল। উর্ণতন্ত ফুটি অঙ্গ হইত বিকল।। তাহাতে মক্ষিকা মশা ভাঁশের দংশনে। নিক্রা না হইত ক্লফ ক্ষণেক শয়নে।। বহু দিন পরে ক্লফ্ ঘটিল স্থদিন। তোসার জনম

বাছা হইল যে দিন।। বন্ধন খুলিয়া গেল আপন উদ্ধান্ধ তব মুখ হেরি হৈল পুলকিত কার।। তবে তোমা লুকাইতে জনব ভোমার। নিশিষোগে নিয়া বেতে যমুনার পার।। রক্ষকেরা খুমাইল দৈব বলবান। আপনি যমুনা পথ করিলেন দান।। সেই পথে গিয়া শীজ্র নন্দের মন্দিরে। ভোমা দিয়া কন্যা নিয়া আইলেন ফিরে।। (म कन्छा (पश्चित्रा मम देशल वर्ष मन। छातिलाम विधाय ना कन्छा तक थन।। काम्मिय़ा उठिन कन्छा मम काटन जानि। कम्मटनत শব্দে যত জাগে পুরবাসি।। জাগিল রক্ষকগণ ছিল যত জন। কংসরাজ কাছে গিয়া করে নিবেদন। শুনিয়া তুর্বার কংস ভয়েতে ভাসিয়া। নিদ্রা ত্যজি কারাগারে আইল ধাইয়া।। কন্সাট রাখিতে আমি করিয়া যতন। কংসরাজে করিলাম অনেক স্তবন।। কোন কথা না শুনিল পাপিষ্ঠ দুৰ্ম্মতি। কোলে হতে কাড়ি নিল কন্তা ৰূপবতী।। পাষাণ উপরে নিল করিতে আঘাত। আকাশে উঠিল কন্তা ছাড়াইয়া হাত।। শূন্যে গিয়া কংসে ডাকি ক্রহে সমাচার। আমারে মারিবে কিরে পাপী ছুরাচার।। অবিলম্বে ভোরে যেই করিবে নিধন। কোন স্থানে বাড়ে নিয়া সেই মহা-क्रम।। हेडा बिल कश्रम वर्छ कति जित्रकात । यथा जात शाल ক্রুলা দেব অবতার।। তাহা শুনি তুরাচারে বাড়ে বহু ভয়। পুনঃ বান্ধে আমা দোঁতে হইয়া নির্দ্দয় ।। পূর্ব্ব হতে বহু কণ্ঠ আরম্ভিল দিতে। মমুষ্য জীবনে তাহা পারে কি সহিতে।। তবে যে তাহাতে মম রহিল জীবন। কেবল চাহিয়া বাছা তোমার বদন।। এরপে দেবকী দেবী কন বার বার। ভাবণে ক্লফের জাঁথিকরে জনিবার॥ পরেতে দেবকা পুনঃ বলেন বচন। এত দিন শুভ দিন হইল ঘটন॥ অদ্য মম স্থপ্রভাতা হইল রজনী। প্রকাশ পাইল আদি শুভ দিনমণি।। পূর্ব্ব পুণ্যে দেখিলাম বদন ভোমার। দূরে গেল ছংখ ৰূপ যোর (অন্ধকার।। এত বলি কান্দে দেবী পূর্বে ছংখ সরি। अक्षरत धतित्रा पूर्व पूष्टान औहति।। अननीतत तुवाहेत्रा वटलम বচন। আর না হইবে মাতা তঃধ সংঘটন।। পূর্ব্ব ছঃখ সারি ছঃখ

লা ভাবিহ আর । দৈববলে ছঃখ তব হৈল অবহার।। এত বলি
বুঝাইরা মারে শান্ত করি। অন্ত বলি ছাড়াইতে বান নরহরি।।
কারাগারে আবদ্ধিত ছিল যত জন। একে একে সবাকারে করেন
মোচন।। উপ্রসেনে মুক্ত করি দিরা শীত্রগাতি। কহিলেন আর
না ভাবিহ মহামতি।। মথুরা নগরে তুমি হইবে রাজন। এত
দিনে ছঃখ তব হইল মোচন।। এত বলি উপ্রসেনে উল্লাসিত
করি। জন্য বন্ধিগণে ক্রমে তোষেণ গ্রীহরি।। কারাগারে মুক্তি
পেরে যত বন্দিগণ। আনন্দে ক্রফের জয় দেয় সর্বাজন।। তবে
ক্রফ তথা হতে বাহিরে আসিয়া। হইলেন দিন্তামান নন্দেরে
ভাবিয়া।। কি বলি নন্দেরে আজি বিদায় করিব। আমি না যাইব
ব্রজে কেমনে বলিব।। না যাইব আমি যদি বলি এ বচন। অমনি
সে ব্রজরাজ ত্যজিবে জীবন।। এই কপে অনুক্ষণ জনেক ভাবিয়া।
মায়াতীত ভগবান মায়া বিস্তারিয়া।। নন্দেরে বিদায় দিয়ে ধীরে
ধীরে যান। শিশুরাম দাসে ভাষে ছঃখে ফাটে প্রাণ।!

### नन्म विमारस्य छेटम्सान।

ত্রিপদী। বলরামে সঙ্গে করি, নন্দের নিকটে হরি, আসিয়া প্রশাম করি তার। নিকটে আসিয়া কন, গুন পিতা নিবেদুন্ত, কহি কিছু তোমার প্রীপায়।। তুমি আমি ছই জন, সঙ্গে সহচর-গণ, বৃন্দাবন ছাড়া তিন দিন। যশোদা জননী যিনি, আমারে ভাবিয়া তিনি, হয়েছেন অতিশয় ক্ষীণ।। গোপ গোপী যত জন, সবে সচিস্তিত মন, এক দৃষ্টে পথ সবে চায়। গো বংস যতেক আছে, রক্ষক নাহিক কাছে, না জানি কি হইল তথায়।। অতএব মহাশয়, লয়ে সহচর চয়, অগ্রে তুমি করহ গমন। রাজ্যের করিয়া ধার্য্য, সমাপিয়া বহু কার্য্য, পরে আমি যাব রন্দাবন।। তুমিত আমার বাপ, না ভাবিহ মনস্তাপ, যশোমতা জননী আমার। স্বেহ করি বহুতর, খাঙাইলে ক্ষীর সর, স্থাবিতে নারিব তার ধার।। যেই মাত্র এই বাণী, চক্রে কন চক্রপাণি, নন্দে লাগে অশনি

সমান। বাক্যের হইল রোধ, তরিল দেহের বোধ, মন্তক হইল বুৰ্ণমান।। শেল সম লাগে বক্ষে, দেখিতে না পান চক্ষে, সহ-নেতে শরীর কম্পন। অন্থির হইল প্রাণি, কপালে আঘাত হানি, কান্দি নন্দ কুষ্ণ প্রতি কন।। ওরে বাছা কি বলিলে, হদি মস বিদারিলে, কেন হেন হইলে নিষ্ঠুর। তুমিরে সর্বন্ধ ধন, মা বাপের প্রাণ ধন, ৰাপধন বাপের ঠাকুর।। তোমারে বিলায়ে পরে, যাব व्यामि এका घरतः कि विनव अभन कथात्र। তোমার জননী विहेः পথ চেয়ে আছে সেই, কি বলে বুঝাব আমি তার।। যথন স্থধাবে कथा, (भाशाल, आमात काथा, वल प्रिथि कि विनय वाश। यनि বলি হেতা আইল. দেবকীরে মা বলিল, বস্তুদেবে বলিলেক ৰাপ 🛭 বেমন শুনিবে বাণী, অমনি পড়িবে রাণী, মূর্চ্ছা হয়ে ধরণী উপর। পুড়িবে উক্ষুলানলে নহেত পশিবে জলে, ত্ৰপা ছাড়ি যাবে ত্রপান্তর।। গলে রক্ষ্র নিযোজিয়া, অথবা মরিবে গিয়া, তা नहिरल इंहेरव शांशल। वल प्रिंथ अरत वाश, त्कमरन महिरव ত।প, প্রজ্জুলিত তব শোকানল। বলিতে বলিতে নন্দ, রহিত इरेब्रा म्लान्स, পড़ित्तन अमनि धताता। रहेत्तन २७ छान, मूर्य বাক্য নাহি আন. নিশ্বাস না সরয়ে নাসায়।। দেখি রুফ রুপাময়, ্বাস্ত হয়ে অতিশয়, পদ্ম হস্ত বুলান শরীরে। দেহে দিয়া জ্ঞান मान, कति नत्म छानवान, ज्ज्ञानत्यां कन धीरत धीरत ।।

## শ্ৰীকৃষ্ণ নন্দকে জ্ঞানযোগ কন ও বিশ্বৰূপ দেখান।

ত্রিপদী। শুন শুন বলি বাপ, পরিহর পরিতাপ, ভারিরা দেখহ মিছা সব। মারামর এ সংসার, ইথে কিছু নাহি সার,সকলি মারার অবয়ব।। পুত্র পিতা কেবা কার, কেবল ভূতের ভার, জারি ভূমি দেখার মায়ায়। নহে পরমায়া বিনি, মায়াতীত হন ভিনি, না সম্ভবে দিতীয় তাঁহায়।। দেই দিব্যচক্ষু দান, চেয়ে

त्रथं विश्वान, मीश्रियान भरीत जामात् । जामि जाया नवाकात, ' নংলারেতে আমি নার, আমা বিনা দকলি অদার॥ হরিতে ভূবির ভার, বই আনি অবতার, যুগে যুগে অবনী উপরে। আমি জগতের পিতা, নাহি মম মাতা পিতা, মাতা পিতা বলি ক্লপা करत ॥ जुमि मम जल जिल, उपिक बामामडी, शूर्ख उभ করিলে বিস্তর। তাহে হয়ে কুতুহলি, দোঁহে মাতা পিতা বলি, এত দিন বঞ্চি তব যর।। দেবক তুহিতা সতী, গ্রীদেবকী শুদ্ধমতি, পूर्वकत्त्र वश्रुपाव मह। रात्र (काँटर भूखकामा, भूखवाशा करि আমা, করিলেন তপ অহরহ। সেই হেতু অবতার, আর এই ভূবিভার, ক্রমে আমি করিব হরণ। প্রকাশিরা মারামোহে, মাতা পিতা বলি দোঁতে, কামনার করিব পূরণ।। পূর্ণ কৈলে মনস্কাম, বাঞ্ছা কল্পডরু নাম, তবে রবে জগতে আমার। আমি কভু অন্ত নই, জনক সবার হই, তব কাছে কহিলাম সার॥ এত বলি নর-रति, नियानक मान कति, विश्वक्र मत्मदत दिशान। जिल्लवन नमूनव, क्रूक (मटर नमूनव, तनि नम खरव रुख्यान।। आवत জন্ম জল, স্বৰ্গ মৰ্ত্য রসাতল, চরাচর ভূচর খেচর। দেবাস্থ্র যক तक, नांश नत शंख शंक, शंकर्त कित्तत विमाधत ॥ अवत स्मीख কর, চক্র সূর্য্য জলধর, বস্থ ভারা আদি অগণন। গিরি দরী শত শত, করি আর করী কত, যত যত আছে জন্তুগণ। নগর চত্ত্বর ঘর, শত শত শোভাকর, হাট ঘাট বাট নাট ভায়। সাগর প্রথর-তর, প্রচণ্ড লহরি ধর, সপ্তে সপ্ত চর শোক্তা পারু।। জমু আদি वृक्त हम्, मर्ख दीरभ मर्ख द्रम, अग्र दृक्त करु कर नाम। कुन कन সমুদ্রব, শোভাকর রুক্ষ সব, তাহে বহু পক্ষীর বিশ্রাম।। পরেতে দেখেন গলা, ক্লফ্ পদে স্থতরলা, হালর কুন্তীর বহুতর। ইহা ভিন্ন বহুতর, ভরঙ্কর জলচর, দেখি ভরে কাঁপিল অস্তর।। তার भरत्र (भाभत्रोक, स्टब्सन विषय कांक, जाभनात भाकृत नगत्र। তাহে क्रुक्क हाफ़ा नन, नर्समा मानत्म तन, क्रीफ़ारवार्श मह नह-हत्र।। क्षु यत्नीवात कारण, जांध जांध जांध रवारण, मा बरन

করেন স্তম্ম পান। কখন চরান গরু, দানে হন কল্পতরু, বাচকের বাসনা পুরাণ।। একাসনে রাধা সহ, বিরাজেন অহরহ, অমর आत्राधा अभवात। बक्का अवानि स्विभारत, श्विष्टि करत क्रीहतूरन, नमूर्य (मर्थन विमामान।। এक क्रयः विश्वमम्, क्रयः विना कि हू नव, कानि नम उद्ध ममूनव। क्रुट्छत निकटि कन, कत बल मश्-त्रन, मिथिया कियान मत्न जत्र।। किन्छ এक कथा कहे, एव वर्ष आमि नहे, ड्यानरवाश किছू नाहि हाहै। नाहि हाहि तज्र स्म, কেবল তোমাতে প্রেম, এই ভিক্ষা তব পদে চাই। জন্ম জন্ম ভোমা পাই, ইহা ভিন্ন নাহি চাই, করিলাম চরণে বিদিত। যাও বা থাক বা হরি, অস্তরে প্রবেশ করি, সর্ম্বদা পূরাও মনোনিত।। এত বলি নন্দঘোষ, স্তবে ক্লুফে করি তোষ, দাঁড়ালেন নয়ন मुनिया। नत्मत वहत्न हति, अञ्चत्त अत्वन कति, तिथा तिन विश्वम হইয়া॥ পুনঃ পুনঃ বলি বাপ, ঘুচান মনের তাপ, তবে নক্ষ হর-विज मन। अक्रिक रहिव राय, जीनत्मात वाल काय, विमास्यत করেন যতন।। শ্রীদামের প্রতি হরি, কছেন বিনয় করি, গুন সখা না হও কাতর। কিছু দিন ধৈর্য্য ধরি, আমার বচন শরি, থাক গিয়া গোকুল নগর।। প্রবোধিয়া যশোদায়, যতনে রাখিবে ভাঁয়, ্রভবে যেন নাহি হন ক্ষীণ। এমিতী রাধারে কবে, ত্বরিতে মিলন হবে, বিচ্ছেদ না রবে চিরদিন।। স্থবলাদি স্থাগণে, প্রবোধেন জনে জনে, আর যত ছিল গোপগণ। সংস্পর্ক বিহিত হরি, প্রণাম আশীষ করি, করিলেন প্রেম আলিঙ্গন ।। বহু বস্ত্র অলঙ্কারে, তুই कांत्र मवाकारत, नम्म मर करत्रन विमाग्न। किन्छ नम्म महाभार, কিছুতে সম্ভোষ নয়, শিশু কহে কান্দেন সদায়।।

#### नन्म विषाय ।

পরার। কৃষ্ণ কন পিতা আর না কর রোদন। আপনি জানিলে দব তত্ব বিবরণ।। দেখিলেত দিবাচক্ষে আমার এ দেহ। শুবে তুমি কি কারণে কর এত স্লেহ।। এক্ষণেতে রুন্দাবনে করহ

भर्मन। तका कर शिया मय अजवामि कन।। यटगामि कननीद्र বুঝাবে দত্র। আমার কারণে তিনি না হন কাতর।। আমারে পাবেন পুনঃ কিছুদিন পরে। অতএব ছঃখান্বিত না হন অন্তরে 🛊 বিলম্ব না কর শীভাষাহ রুন্দাবন। পুনশ্চ আমার সঙ্গে হইকে মিলন।। এত যদি ক্রঞ্চক্র কহেন বচন। কান্দিয়া শ্রীনন্দ কিছু কৃষ্ণ কাছে কন। কেমনি ভোমার মায়া না হয় মোচন। জানিয়া সকল তত্ত্ব তানে মন।। অধিক বলিব বাছা কি আর বচন। प्रत्यो कृष् यामात् ना श्रा विनात्।। এত वनि अकताक अष्क যেতে চান। নয়নের জলে পথ দেখিতে না পার্ন॥ চরণে চরণ বাধি পড়েন ধরায়। দেখি যত গোপগণ করে হায় হায়॥ হায় क्ररू कि कतिरल मूर्ट्य এই रत्न । अनिवात ভार्म मर्ट्य नय़रनत জলে। তবে কুষ্ণ গোপগণে বলেন তখন। না কান্দ না কান্দ পুনঃ হইবে মিলন।। ব্রজরাজে শকটে করায়ে আরোহণ। ধরে नरत्र यां ७ मरव ना २७ विमन ॥ এ उवनि क्रु क्ष हन्त्र व्यरधामूर्थ इन । কি করে কান্দিয়া গোপ চলিল তখন।। উপনন্দ মহাধীর নন্দেরে ধরিয়া। অবিলম্বে লইলেক শকটে তুলিয়া॥ তবেত সকল গোপ কান্দিয়া চলিল। গোপের ক্রন্দ্রে পথ কর্দ্দম হইল।। ক্রমেতে যমুনা পার হয়ে সর্বাজন। অপরাছে উপনীত হৈল রুক্দাবন॥ রুহ্লা 🐣 বন ধামে আর গোপ গোপী যত। ক্লফ্ষ হেতু পথ চেয়ে আছে অবি-রত।। কুষ্ণের আসার আশা ভাবিয়া অন্তরে। গো গণেরা উর্দ্ধ-মুখে হাস্বারৰ করে।। আর যত রুন্দাবনে আছে পশু পাথী। রুষ্ণ আসা পথ চেয়ে উন্মীলিত আঁবি।। দিবা অবসানে সূর্য্য বান অন্তাচল। এ সময়ে গ্লোপগণ আইল সকল।। পাইয়া গোপের শাড়া যতেক পড়সী। ধাইল বালিকা আর কি বৃদ্ধা বোড়শী। कुरक ना प्रियो मर्द महिन्डिक मन। मचरनरक भागिमान ऋथात्र বচন।। কৃষ্ণ না আসার হেডু গোপে না বলিল। শুনিয়া গোপিনী সৰ ধরায় পড়িল।। অসুক্ষণ অচেতন থাকি গোপীগণ। অপ-त्तरं जार्डेचरत कतरं तामन । कह कात्म हूल हूल करे

উটেচः यदा। कुकः भारक मिटर जात देधत्र ना धरत।। উপनन्म महाधीत नत्मत्त्र धतित्र। धीरत धीरत उभनी ए जानरत जानित्र।। আর্থ অমুচর ছিল যত জন। সঙ্গে সঙ্গে সকলেতে কৈল আগ-মন।। শব্দ শুনি ধশোমতী ক্ষীর সর নিয়া। আইল নক্ষন বলি বাহিরে আসিয়া। গোপাল গোপাল বলি ডাকে বার বার। গোপালে ना दिश्व तांगी दिश्य अक्काता। युत्रिन मलक हत्क मिथिए ना भाषा भाषाम भाषाम विन हार्तिमिटक थाया। গোপালেরে কোন দিকে না দেখি তখন। ধেয়ে গিয়ে ধরে রাণী নন্দের চরণ। পড়িয়া চরণতলে করয়ে জিজ্ঞানা। গোপাল কোথায় সম কহ সত্যভাষা। সত্য বল ব্রজরাজ মরি প্রাণ যায়। আমার গোপালে রাখি আইলে কোথায়।। গোপাল আঁখির তার। গোপল জীবন। গোপাল বিহনে স্থির নাহি মানে মন। এই ৰূপে নন্দরাণী ধরি নন্দ পায়। অনিবার আর্ত্তস্বরে বচন স্থধায়।। রাণীর বচনে নন্দ না দেন উত্তর। কেমনে কঠিন কথা কবেন সত্ত্বর ।। রাণী বলে কি কারণে না কহ বচন। পুরুষ কঠিন জাতি কঠিন জীবন।। কুঞ্চ বিনা এতক্ষণ দেহে আছে প্রাণ। বলিতে বলিতে রাণী হারাইল জান।। তাহা দেখি উপনন্দ নিকটে 🛥 ইল। রাণীর কাণেতে ক্লফ নাম গুনাইল। ক্লফ নাম গুনি রাণী পাইল চেতন। তবে উপনন্দ ধীর কহেন বচন।। মশোদার শোক কিছু শান্তি করিবারে। ক্লুফের কর্মের কথা কছেন প্রকারে॥ শুন শুন ওগো রাণী করি নিবেদন। তোমার কুঞ্চের कथा कर्ड खारण।। मथूता श्राविष्ठे क्रुक खारम बहेगा। महत्त সঙ্গে ভ্রমে নগর দেখিয়া।। ভ্রমিতে ভ্রমিতে দেখে রক্তক রাজার। বস্ত্র মাথে যায় পথে করি অহঙ্কার।। তার স্থানে ক্রফ তব চাহি-লেন বাস। অহস্কারে রক্তক করিল উপহাস।। না দিয়া বসন क्रूटक ट्यांटि करूँ बता। तम करूँ सनिम्ना क्रूक अभिनम बता। ক্রোধেতে পুরিয়া ক্লফ কেশে ধরি তার। করেতে কাটিলা মাধা লোকে চমৎকার। হস্তের প্রহারে তার বধিয়া জীবন। বাছি

নিয়া ভাল বস্ত্র করেন গমন।। এসময়ে সেই পথে তন্তবায় যায়। त्मच्चित्र श्रष्टेमत्न छाकित्मन छात्र ॥ मधुत वहतन कन ममानत्त्र তারে। বস্ত্র পরাইয়া দেহ আমা দোঁহাকারে।। শুনিয়া কুঞ্জের বাণী জ্ঞানী তন্তবায়। শীভ্ৰগতি আদি তথা প্ৰণমিল পায়।। প্রণাম করিয়া তন্ত্রী লইরা বসন। পরাইল তুইজনে করিয়া যতন।। বসনেতে নানাবিধ বেশ করি দিয়া। একচিত্ত হয়ে তন্ত্রী দেখে নিরীক্ষিয়া।। হেরিয়া অপূর্ব্ব ৰূপ হরিল চেতন। অনিবার প্রেম-বারি চক্ষে বরিষণ। ভক্তি করি বহু স্তব করে তন্তবায়। ভক্ত पिथि कुष्णम्य विलियन छात्र।। वत वह मरमानी छ य वाक्षा ভোমার। ভোমারে অদেয় কিছু নাহিক আমার।। তন্ত্রী বলে প্রভু যদি দিবে বরদান। তব পদে ভক্তি বিনা নাহি চাহি আন॥ অহৈতুকী ভক্তি দিয়া ও রাঙ্গা চরণে। তিলেক না হবে ছাড়া অধীনের মনে।। রুপা করি শীত্রগতি লহ নিজাগারে। উদ্ধার করহ ক্লফ এ ঘোর সংসারে॥ শুনিয়া তন্ত্রীর বাণী এক্লিফ তখন। कहिल्लन यां जुनि रेक्क्रे जवन। यह माज এह कथा कहिल्लन তায়। আচম্বিতে এক রথ আইল তথায়। চতুভূ জ হৈল ভন্নী দেখিতে দেখিতে। সেই রথে শূন্ত পথে উচিল ত্ররিতে॥ দেব-গণে করে শিরে পুষ্প বরিষণ। অপ্সরী গণেতে করে চামুর ব্যজন।। এইকপে তন্তবায় সহস্ত অন্তরে। রথে চড়ি গেল চলি বৈকুঠ নগরে।। দেখিয়া কুফের কর্ম লোকে চমৎকার। সবে বলে कृष्ण्ठे विकु व्यवहात ॥ मन्या नत्हन कृष्ण वतन नर्वकन । व्यश्रत जभूर्त्त कथा के तर धारण ॥ उथा दिए छ छ है जो रे जानम जखात । উপনীত হইলেন মালাকার ঘরে॥ পরিয়া পুঞ্জের মালা হবেক হইয়া। মালাকার মালিনীরে জ্ঞান দান দিয়া।। তার পরে যেই কৰ্ম কৈল তব হৃত। কভু নাহি দেখি গুনি বলেন অদ্ভুত। মাল¦-কার গৃহ হতে বাহির হইয়া। পুনরপি চলিলেন পথ<sup>°</sup>নিরক্ষিয়া॥ এ সময়ে হটাৎ হইল দরশন। কুবুজা কংসের দাসী করিছে গমন॥ কটোরা পূরিরা নিয়া স্থান্ধি চন্দন। রাজারে ভেটিতে

যার পুলকিত মন।। চলিতে না পারে বুড়ি গুড়ি গুড়ি বার। তিন ঠাঁই অঙ্গ ভঙ্গ রঙ্গ কত তায়।। বয়দের সীমা নাই কি কহিব বাড়া। যষ্টিভরে চলে বুড়ী দিয়া বাহুনাড়া।। মাথায় নাহিক কেশ মুখে নাহি দাঁত। একেবারে আঁতে আঁতে লাগিয়াছে আঁত।। অঙ্গের কি কব আভা কুছ জিনি কায়। মনি বলে আমি শশী দেখিলে তাহায়।। হেরিলে দে অঙ্গ ভঙ্গি প্রেতিনী বলিয়া। আতঙ্গে বালকগণ যায় পলাইয়া।। তাহারে দেখিয়া কুষ্ণ আন-क्ति अटन। **अदिनटच ডाकि**टनन मधुत वहरन।। ख्रुकती वनिज्ञा তারে করি সম্বোধন। বারস্বার মধুস্বরে ডাকেন তথন।। গুনিয়া মধুর বাণী কুবুজা ফিরিল। হেরিয়া কুষ্ণের ৰূপ মোহিত হইল।। অফুক্ষণ অনিমিয়ে করে দরশন। ক্লফচন্দ্র তার স্থানে চাহেন চন্দন।। শুনিয়া ক্লঞ্চের কথা কুবুজা তখন। শ্রীঅঙ্গে মাখায় আসি चश्रद्ध इन्हन। कशालाट जिल विन्छू छिलक नात्राग्न। मरनत मानतम তथा बिकूत्यः माङाग्न। वनताम निकटिए तांचिन हन्दन। আপনি বলাই অঙ্গে করেন ভূষণ।। সহচরগণে গন্ধ দিল বহুতর। সকলে স্থান্ধি পরি সহষ্ঠি অন্তর।। তবে কুঁ জি ক্লফ পদে প্রণাম করিয়া। কহিতে লাগিল বহু বিনয় করিয়া॥ পূর্ণব্রহ্ম পরাৎপর তুমি লাবায়ণ। তোমার বচন মিখ্যা না হয় কখন॥ औমুখে ডাকিলে তুমি স্থন্দরী বলিয়া। স্থন্দরী করিতে হবে রুপা বিভরিয়া। এভবলি কুবুজিনী ধরিলেক পায়। পরমা স্থন্দরী কৃষ্ণ করিলেন তায়।। করে ধরি ভারে তবে তুলিলেন হরি। স্পর্শ মাত্রে কুৰূপিণী হইল হৃদ্রী।। উর্কাশী মেনকা রস্তা কিবা তিলোভ্যা। রতী প্রবন্ধতী সমা স্বার উত্তমা।। দেখিতে দেখিতে হৈল দাসী শত শত। করিতে লাগিল আসি সেবা অবিরত।। চামর ব্যক্তন কেছ করে তার গায়। কেহ বস্ত্র অলঙ্কার যতনে পরায় ।। পর্ণে আচ্ছা-দিও ভার আছিল কুটার। দেখিতে দেখিতে হৈল অপূর্ব্ধ মন্দির॥ ইন্তের ভবন সম হইল ভবন। অপর বৈভব কত না হয় वर्गन ।। द्दितियां अगव कार्या गरन हमकिल। अक्रूक मनूया नत

विनटि माभिन्।। उपस्रदत उर्व कृष्ण उर्था टेस्टि भिन्न। कश्मत यरब्दत प्रकृ क्विन जानिया।। वर्ष वर्ष वीवगरन विनामिया वरन। गटकात नमरत्र भूनः जानि उभरत्।। कीत नत नवनी कतिया ভোজন। নন্দ ক্রোড়ে সানন্দেতে করেন শরন।। প্রাতে উঠি পুনরায় খেরে ক্লীর সর। আমাদেরে সভাতে পাঠায়ে অগ্রসর।। আপনি বলাই সঙ্গে গিয়া তার পরে। বধ কৈল কুবলয় নামেতে কুঞ্জরে।। সহস্র কুঞ্জর বল ধরে যেই করী। করাঘাতে অনায়াসে বিনাশন করি। প্রবিষ্ট হইয়া শীভা ক সের সদন। চাতুর মৃষ্টিক সহ করি ঘোর রণ।। তুই ভাই তুই বারে বিনাশার করি। অপর অনেক বীরে মারি ধরি ধরি।। তদন্তরে কংসান্তরে কেশেতে ধরিয়া। মারিলেন ক্লফ্ষ তারে ভূমে আছাড়িয়া। কংসে মারি কারা-গারে গিয়া ততক্ষণ। বস্থদেব দেবকীর ঘুচায়ে বন্ধন॥ মাতা পিতা বলি দোঁহে করি সম্বোধন। করিলেন উভয়ের চরণ বন্দন।। যেই মাত্র উপনন্দ এ কথা কহিল। মূর্চ্চিত হইয়া রাণী ভূমেতে পর্ভিল।। অতুক্ষণ পরে পুনঃ পাইয়া চেতন। ক্লফ্ষ বলি উচ্চৈঃস্বরে করুয়ে রোদন । উপনন্দ কন রাণী শুন আর বার ।। ভার পরে যে করিল জ্রীকৃষ্ণ ভোমার । দেবকী বস্থর করি বন্ধন মোচন। স্থামা-प्तरत कृष्क जानि निना पत्रभन।। ध्रागम कतिया कृष्क नत्मृत् আছি তিন দিন। যশোমতী মাতা ভেবে হয়েছেন ক্ষীণ।। অতএব পিতা অত্যে করিয়া গমন। বুঝাইয়া জননীরে করহ সাস্ত্রন ॥ কিছু मिन भरत आित यांच त्रुक्तावरन। तुकाहरत कनगीरत ना **छा**रवन মনে।। রাজ্যের শাসন আর সারি বহু কাষ। তবে আমি ব্রজপুরে -যাব ব্ৰজরাজ। এ কথা শুনিয়া নন্দ কান্দিয়া আকুল। কহিলেন অশ্রে জামি না যাব গোকুল। কেমনে ছাড়িয়া ক্লফ বাইব ভোমায়। कि विनया व्यादिव जानी यरभानाय ।। এই करिंग नम्न वह कतिन कम्मन। अप्राप्त कहिल क्रुक्ष अप्रनक बहुन। विलस बाहेव आमि কিছু দিন পরে। কহিবে মায়েরে নাহি ভাবেন অন্তরে।। ইহা বলি

জীনন্দেরে করি ধরাধরি। শক্ট উপরে দিল তুলি শীন্ত করি।।
পাঠাইল ব্রজরাজে সহ গোপগণ। আপনি আসিবে পরে বলিল
বচন। অতএব নন্দরাণী না কর রোদন। আসিবেন শীন্তগতি
তব ক্লঞ্চধন।। এই কপে উপনন্দ কন বারে বারে। রাণী কি
ক্ষেত্র শোক পাসরিতে পারে॥ হা ক্লফ বলিয়া রাণী করয়ে
রোদন। কার সাধ্য সে রোদন করিবে বর্ণন।। একেবারে কান্দে
তথা গোপ গোপী ষত। শুনিয়া শ্রীমতী সতী হন মৃদ্র্গাত।। পশু
পক্ষ গোবৎসাদি কেহ নহে স্থির। অনিবার সবাকার চক্ষে বহে
নীর।। এ সব ছঃখের কথা কব কিছু পরে। এক্ষণেতে শুন যাহা
মথুরানগরে।। শিশুরাম দাসে ভাষে মধুর বচন। একমনে সাধুগণে করহ প্রবন।।

#### উত্তাসেনের রাজ্যপ্রাপ্তি।

পয়ার। প্রীনন্দে বিদায় করি প্রীক্ষণ তথন। ক্রমে ক্রমে উঠিলেন যত বছগণ।। ইহা ভিন্ন অস্ত্র অন্ত সভাসদ যত। ক্রম্ণের আহ্বানে সবে হন সমাগত।। বস্তুদেব পিতা আর অক্রুর উদ্ধব। উপ্রন্যে আদি আদি উপনীত সব।। বদিলেন বলদেব বিশ্বের গ্রাকুর। বলেতে যাহার তুল্য নাহি তিনপুর।। মধুপুর নিবাসী যতেক প্রজা ছিল। ক্রমেতে আসিয়া সবে সভাতে বদিল।। কংসের অধীন ছিল যত বীরগণে। মনেতে পাইয়া ভয় কংসের মরণে।। আসিয়া লইল তারা ক্রম্ণের শরণ। সভাতে বদিল সবে সচিন্তিত মন।। আশাসিয়া ক্ষচন্ত্র সে সকল বীরে। সভাসদে চাহি কথা কন ধীরে ধীরে॥ শুন শুন সভাসদ আর প্রজাগণ। নিজ পাপে কংসরাজ হইল নিধন।। একণে বলহ রাজা করিবে কাহারে। রাজা বিনা রাজ্য নাশ হয় ক্রিসংসারে।। বে দেশেতে সাহি থাকে রাজার শাসন। মহাপাপ ক্রমে হয় শাস্তের হচন।। চৌর্যকৃত্তি বাড়ে আর বাড়ে পরদার। পরহিংসা পরক্রোহ কর্ম্ম অনিবার।। ক্রণহত্যা হয় আর জারজ সন্তান। বে সকল পাপে

ককু নাহি পরিত্রাণ।। জবিয়া এ মহাপাপ ঘটে অনুদল। রাজ্যের विनाम इत कमना प्रथम ।। प्रक्रिक क्यात्रा (मर्ग अका नाम পার। পাপবোগে বিনা রোগে যমালর বার। অতএর এ সভাতে আছ যত জন। বিচারিয়া বল রাজা হবে কোন জন।। শুনিয়া সভাস্থ সবে বিচারিয়া কর। তোমরা চুভাই বিনা সম্ভব না হয়।। নিজে রাজা হও কিম্বা কর বলরামে। ইহা ভিন্ন<sup>"</sup> পরিক্রাণ নাহি পরিণামে।। ধর্মবস্ত দয়াবস্ত বলবস্ত ধীর। বুদ্ধি বিচক্ষণ আর স্থমতি স্থস্থির।। ছুপ্টের দমন আর শিষ্টের পালন। ভোনা দোঁহা বিনা নাহি শোভে অন্তজন। অতএব এ দোঁহার ক্রধ্যে একজন। রাজা হও ইথে দবে দন্তোবিত মন।। প্রসিদ্ধ বিচার এই শুন গুণমণি। বলরামে রাজা কর অথবা আপনি।। এত যদি কহিলেন সভাসদ গণ। শুনিয়া কহেন ক্লফ কমললোচন ॥ যে কথা কহিলে ভোমা করিব বাঞ্ছিত। কিন্তু এ কর্ম্মেতে এক আছে অবিহিত।। যত্নকলে রাজ্য নাই যযাতির শাপ। অবিহিত কর্ম কৈলে হবে মহাপাপ। পাপ কর্মা করিতে না লয় মম মন। আমি এক কথা কহি করহ প্রবণ।। অগ্রে এই উগ্রসেন ছিলেন রাজন। পাপ-যোগে জন্ম কংস এহাঁরি নন্দন।। অম্বর অংশেতে জন্মি হৈল ছুরাচার। আস্থরিক কর্মা করে না করে বিচার।। মহাবল প্রা-ক্রান্ত হইল অমুর। বাছবলে শাসিত করিল ডিনপুর।। আপন পিতারে বলে করিল বন্ধন। কাড়ি নিল রাজ্য ধন পাপিষ্ট ছুর্জ্জন॥ ইচ্ছামতে কর্ম্ম করে বাধ্য কার নয়। দরিজ্ঞ দীনেরে জঃখ দেয় অতিশয়।। স্ত্রীবধ গোবধ আর বিপ্র হিংসা কর্ম। অনিবার করে कृष्टे नाहि मारन धर्मा।। जलाट कलात तृक्षि शूरगा शूगाहत्र। পাপেতে যাড়িয়া পাপ প্রাণী হয় কয়।। বহু পাপ করি কংস হইল নিধন। মম মতে উগ্রসেন হউন রাজন।। আমার বে মত তাহা কহিলাম সার। ইহাতে কি মত হয় তোমা সবাকার।। পৃষ্ঠ वन कामता थाकिव छूटे छाटे। भागतन थाकित्व ताका छन्न त्कान নাই।। এত যদি কহিলেন কমললোচন। শুনিরা সন্মত হত সভা-

সদর্গণ। শিশু শিশু করি ক্রফে বাধানে সবাই। ক্রফ সম দরাবস্ত ত্রিভূবনে নাই। তবে ক্রফ সবাকার লইয়া সম্মতি। আমজিরা আনিলেন অনেক ভূপতি।। সপ্তসাগরের জলে অভিবিক্ত করে। উপ্রসেনে বসালেন সিংহাসনোপরে।। ছত্রদণ্ড মোরছল আড়ানি চামর। রীতি মত নিযোজিত করেন সত্ত্র।। শশিশুরাম দানে ভাষে মধুর বচন ।।

অথ বস্থদেব কর্ত্ত্ব রোহিণী আদি অভাত দ্রীগণের ভানয়ন ও রামক্লফের উপনয়ন।

পরার। উগ্রসেনে রাজ্য দিয়া প্রভু ভগবান।। বছগণে বসি-লেন যার যথা স্থান।। নিজ নিজ নিকেতনে গিয়া সর্বাজন।। जानत्म क्रूटक्षत्र ७१ करत्रन वर्गन ॥ वस्रुट्रमव दमवकीत ७ नर वहन त्राम कुटक दकाटन टेनटब जानिक् र मन।। दमवकी वटनन अन वस् মহাশর। মরিল ছুর্জ্জর কংস আর কারে ভর। সতিনীগণেরে শীদ্র কর আনয়ন। অন্য স্থানে থাকা আর না হয় শোভন।। শুনি দেবকীর বাণী বস্থ হরষিত। পাঠাইতে দূতগণে ডাকেন ত্বরিত॥ ব্রঙ্গপুরে এক দৃত করহ গমন। রোহিণীরে শীত্রগতি কর স্থান-🗝 🗔 ।। নন্দ যশোদারে করে করিয়া বিনয়। ক্লফ্চ হেতু নার্হি হন চিন্তিত হাদয়।। তাহাদের ক্লফনিধি কহিবে নিশ্চিত। কোনমতে মনে বেন না হন ফুঃখিত।। ইহা বলি প্রিয় দূতে দোলা সক্ষে দিয়া। অবিলম্বে ব্রজপুরে দেন পাঠাইয়া।। আদেশ পাইয়া দৃত শীভ্রগতি যায়। বস্থুর বচন যত নন্দেরে জানায়।। গুনি নন্দ মহা-শন্ন করি সমাদর। দূতেরে তোষেণ দিয়া দ্রব্য বছতর।। যশোদার প্রতি চাহি বলেন বচন। রোহিণী পাঠায়ে দাও স্বামীর সদন। শুনিয়া যশোদা রাণী কান্দিতে কান্দিতে। আজা দেন রোহিণীরে শীত্র সাজাইতে।। রাণীর বচনে তবে দাসীগণ বত। সাজাইল রোহিণীরে করি মনোমত।। বহু দ্রব্য রোহিণীরে করারে ভোজন সঙ্গে দেন বছবিধ বন্ধ্র আজরণ। দোলায় তুলিয়া দেন কান্দিয়া

कान्त्रिया। द्वाबिनी जानीय शरम क्षन्त्र कान्त्रिया। बाबीकाम करत রাণী শিরে হাত দিরা। হবে থাক বরে সিরা পতি পুত্র নিরা।। আমি অভাগিনী একা রহিব কেমনে। ও রোহিণী ভূমি আরগো-পান বিহনে।। এত বলি বশোষতী কান্দিতে লাগিল। কান্দিরা त्रारिगी प्रती प्रामात्र **উठिन ।। अविनय उउ**तिन मध्दानभद्र । রোহিণীরে হেরি সবে সম্ভষ্ট অন্তর।। আসিয়া দেবকী দেবী লয়ে যান ঘরে। ভগিনী সমান বহু সমাদর করে।। বলরাম নিজ মাতা পাইয়া তখন। হইলেন অতিশয় জানন্দিত মনঃ তবে বস্থু মহাশয় বিবেচিয়া মনে। স্থানিতে পাঠান নারী আর ছয়জনে।। নিজ নিজ পিতৃ যরে সবে তারাছিল। দৃত গিয়া দোলা নিয়াছজনে আনিল। সষ্টম রমণী এই বসুর নির্ণয়। শুভ বিবাহিতা সবে অহিতা না হয়। রামক্লফ ভূই ভাই আনন্দিত মনে। আদরে তোবেন সবে মাড় मरशांधरम्॥ भरत वस्र महानात्र मर्रनेट जावित्रा। भर्भमृनि भूरताहिर्ड भारतम छाकिया ॥ अनिमया मूनिवरत वरतम वहता ताम क्रूटक छेश-বীত করহ অর্পণ। শুনি মূনি মহাশয় সম্ভষ্ট হৃদয়। মনে মনে আপ-নারে ধন্ত করি কয়। ব্রহ্মণ্যদেবের গলে দিব উপৰীত। বিশ্ব গুরু গুরু হব ভাগ্য সমোদিত।। এত ভাবি মুনিবর জ্যোতিষ थूं निया। कतिरलन पिन स्थित स्थित स्टेग्रा।। वस्रपारव कटिर सुन কর আয়োজন। তোমার ভাগ্যের দীমা না হর বর্ণন।। উপনয়নেত্র দিন বে দিন ঘটিল। তব ভাগ্যযোগে দিন এমনি মিলিল।। এমন দিনেতে যার উপবীত হয়। ধনে জনে থাকে করে ত্রিভুষ্ম জয় 🕷 কমলা অচলা হয়ে সলা রন ঘরে। করয়ে ভাহারে পূজা স্থরাস্থর নরে।। অতথ্য শীত্র তুমি কর আয়োজন। এই দিনে শুভকর্ম হবে সমাপন।। উপনরনের ক্রব্য বাহা বাহা চাই। প্রস্তুত রাধহ বেন চাষা মাত্র পাই।। এত বলি লিপি করি দেন মুনিবর। লিপিং মত দ্রব্য বহু আনান সত্ত্বর।। তবে মুনি আঁসি সেই দিন শুভ-करन । ताम क्रुकः वस्रुप्तरव नरम्र जिन करन ।। व्यम मञ्ज महामूनि মুখে উচ্চারিয়া। বেদের বিহিত যত কর্ম সমাপিয়া।। অবশেষে

ইপরীত করেন অর্পন। আকাথেতে ধন্তা থক্ত করে ছরগণ। পূজা বৃত্তিকরে আর ছবু জি বাজার। অধ্যর অন্যরীকণে সৃত্য করে আর বিশ্বানগরে বত বালাকর ছিল। স্থানকে বাল্যোদাস করিতে লাগিল।। বে শব্দে পূরিন অর্গ ভূমি রসাতল। এক সুখে নাহি হর বর্গন সকল। তবে সুনি রাম রুকে ঘূলমন্ত্র দিতে। নিভ্ত নিলরে নিরা গেলেন জুরিতে।।

· जिल्ला । त्राम क्रम प्रदेशत्न, नत्त्र अंडि स्ट्रिशनत्न, शर्शमृति বলেন তথ্ন। তোমরা বিখের গুরু, ভোসাদের হব গুরু, এ কেবল গুরুতা বচন।। মহাবিষ্ণু মূলাধার, চতুরংশে অবতার, ভূবিভার বরণ কারণে। হইবে যত্নর কুলে, জানিয়া ভবিষ্য মূলে, পুরোহিত बरम्हि यखरन।। त्रामकृष्य प्रदेखन, এक जाजा এक मन, এक उन्न রিভিন্ন আকার। অতিকপ অপকপ, বিশ্বনয় বিশ্বকপ, স্বৰূপ नाहिक रकह जात ।। उक्ता जानि र्मंत्रभन, जाताधिया ও চরণ, मर्ख का पर्भान ना भान। रेव्हाधीन नीमा हत्न, जानिया अवनीखतन, জীবের করহ পরিত্রাণ।। মূলাধার সবাকার, নিরাধার নির্মিকার, নিরাকার নিত্য নিরঞ্জন। প্রকৃতি নির্ভর করি, অপরূপ রূপ ধরি, সাধকের পূরাও মনন।। নাশিতে অবনী ভার, যুগে যুগে অবভার, ুকিশাধার বিশ্বের ঠাকুর। শিষ্টের রাখিয়া মান, ছট্টের নাশিয়া প্রাণ, পৃথিবীর ভার কর দূর ।। অনন্ত মহিমা গুণ, বর্ণিবারে স্থানি-शूब, अनुस्र महत्व मृत्य नन । भक्तमृत्य भक्तानन, ठातिमृत्य विधि नन, वक्त्रूर्य नटह वक्तानन।। शक्त्रपूर्य नन मित्र, जानि कृत्रमिक कीव, धक्यूरथ कि कब कथन। महा मान कत गारत, राष्ट्र रा कानिएक शादत, नाधा मटक कत्रदा वर्गन।। अवर्गिनि श्वन भारत ভ্ৰাক্সি তরিয়া যায়, গোষ্পদের স্বৰূপ সে জন। নাথাকে শনন তায়, নিভাগানে স্থাথে রয়, পুনর্কার না হয় জনম।। সর্কা শাত্রগণে ক্র, সর্ক্ষেত্র সর্ক্ষর, স্থৰূপে স্বার নিকেতন। স্বর্গ ভূমি রুসা-छन, मागद कन्नम जन, नाग नद शक्तर्य हादन ।। स्नवासूत्र यक तुक्क, माश्रि मोथा शक्षशक, कोवाकीव द्वावब्राष्ट्रावत । त्या विधि

# বিতীয়ভাগ।

সম্রামান, ভাগানে স্থার স্থান, কোন বস্তু নারি প্রভাষ্টর বা আগস निमम छन् मूनि मूटब महामदाः अकानियां कत्र अनानिया स्मि जानि देव छन्न, ग्रेडिंग रन्हे बन्न, कुणाविष्टे इंड छन्।वाम ॥ অপারাধ না লইও, অত্তে পদে স্থান দিও, এই ভিকা চাহি বার वार मान दिन सन भान, ना दश कठेदर यात्र, ना याहेटल दश सना-গার।। এইকপে মুনিবর, স্তুতি করি বহুতর, দুচ্ভক্তি যাচেন চরতে। রাম ক্লফ কম তার, সিদ্ধ হবে সমুদার, যে বাইশ থাকরে তব মনে।। একণে এ কথা আর, নাহি কর মুপ্রচার, আমরা मानव त्मर धति। मानत्वत त्य विधान, मीका कत मनाधान, जिका তাহা ব্যত্নে করি।। এত বলি রাম হরি, স্বনায়া বিভার করি, সুনিরে ভুলান ততক্ষণ। মুনিরাজ হর্ষ মনে, মহামন্ত্র সমর্পাণে, कब्रिट्मन किया नमाशन॥ यहाप्तव दर्शमन, मान दमन अभगन, সমতনে ডাকি বিপ্রসণে। মণি চুণি হীরা সার, বছ:বক্ত অবস্কার, উপহার আর নানাধনে।। পূর্বেতে মানসে নানা, ছিল আর দ্রব্য नाना, बीक्रुटकृत कनम नमरहा। नवरन खयुष्ठ गाँहे, वर्ष मह त्नहें ठाँहै. जानि मान पन कहे हरत।। तामकृष कहे हरत, मण कमखनू ल**रत**, ধति ७था <u>जन्म</u>होती (यम । मूनिश्राम नरु रात्र,नि<del>ङ्ख नित्राम</del> রয়ে, বাহিরে আসিয়া অবশেষ।। নিয়মিত যে যে ধর্মা, সমাপিয়া गव कर्मा, वद्यामार कार्यन औष्टति । शिक्षताम मारम खास्य. विमा অধারন জাশে: বেতে চান অবস্থীনগরী।।

#### রাম্ক্রফের অধ্যয়নার্থ অবন্তীনগরে গমন।

পরার। উপনয়নের কর্ম হলে সমাপন। বিপ্র আদি বহু
আতি করিল ভোজন।। বতেক দানের দ্রব্য লইরা ব্রাহ্মণে।
বহুরে প্রশংসি সবে গেল নিকেতনে।। তবে কৃষ্ণ হরবিত হরে
অতি মনে। জনক জমনী কাছে বসিয়া বতনে।। করপুটে কহিছেন অফিয়া বচনে। শ্রেবণ করছ মাতা পিতা ছুইজনে।। বাল্যাবধি বৃক্ষাবনে করিলাম বাস। শিধিলাম গোচারণ আর গোপ-

ভাষ।। বিদ্যা অধ্যয়ৰ নাহি করি কোন দিন। পশ্চিত সমাজে বনা বছৰ কঠিন।। পণ্ডিতে পণ্ডিতে যবে শাস্ত্ৰ কথা কন। অধ্যে-. मूटब थाकि छवा मा भएत रहन ।। ना दुविदा बाका वाका कटेंट टार्ट क्षेत्र। ज्ञा मार्ट्स द्या रम्हे द्यारगात जाकम।। पूर्व दनि छेशवाम अरब करत्र ভात्र। विमा विना मकूरचात्र कीवन त्रुवात्र॥ विमात्र वाफ़ान वृद्धि वृद्ध वाएए धन। विमा वृद्धि वर्ध करन माना कन कन ॥ विका अर्थ विका उन विका श्रृगाधर्य। विकारि नाधन रह नाध-কের কর্ম।। বিদ্যায় বাধিত হন বিধাতা আপনে। বিছান জনেতে জন্ন পান্ন ত্রিভূবনে।। বিদ্বান হইলে প্রজা রাজা হন বশ। রাজার क्रेंटल विन्ना बाए वह यथ।। विन्ना दत्र मणूरशत आर्गत नमान। বিদ্যা সম সার বস্তু নাহি কিছু আন ॥ একারণে নিভাস্ত হয়েছে मन मन। किছू मिन कत्रिवादत विमा अधारन॥ नाम्मीशनि नाटम মুনি অবস্তীনগরে। দর্ম শান্ত স্থপারগ ব্যাপ্ত চরাচরে।। অধ্যয়ন হেতু বাব ভাঁহার বসতি। ক্লপাকরি আমা দোঁহে দেহ অসুমতি।। এ কথা ভনিয়া বস্থ দেবকী তুজন। ব্যাকুল হইয়া মনে বলেন बहन। य कथा कहिला वाश ख्रुशंत ममान। किन्ह ध कथात्र देशन ব্যাকুলিত প্রাণ।। বাল্যকালে রক্ষাবনে রাখিয়া ছজনে। অহর্মিনি -বারিধারা বহিত নয়নে। পুত্র নয়নের তারা পুত্র প্রাণ ধন। পুক্র বিনা মহুযোর রুধার জীবন। ছেন পুক্র দূর দেশে রাখি বছ **मिन। छावित्रा छावित्रा उन्न ब्राह्म की।। वह मिटन विधि यमि** হয়ে সামুকুল। মিলাইয়া পুত্র ধনে দিয়াছেন কূল।। অতএব আমাদের জীবন থাকিতে। পেয়ে নিধি পুনরার না পারি ছাড়িতে। একারণে বলি বাপ গুনহ বচন। বাসে বসে বিদ্যা দোঁছে কর অধ্যয়ন।। সর্বাশাস্ত্র স্থবিদিত আচার্য্য আনিয়া। ইচ্ছামত পড় পাঠ चवारम विमया।। क्रुक कन कष्टे विना विमा नाहि इत। বিদ্যা হৈতু বিজ্ঞ জনে যাবে পরাশ্রয়।। স্ববাসে থাকিলে হুখ হয় मबुषिछ। ऋरबरं छ जुलियां विमा बातात्र निक्छित। विरोधसः अकरन अं बर्धता छवरन। आमता नवात्र रखे विन नर्क्करन।।

# নিভীনভাগ ।

क्रम करके क्रांत करके करने बनाना अध्यासक गाम धन नहां नर्क-क्ता। छाहाटक राजिया लाकी बटव अवस्थात। अरखाटत प्रेमार्कत ना का विकास ।। जरबाद मर्कनांच मर्कनांद्व का । व्यवदाद ब्राध्यत कत्राय शतिका।। युक्ति युक्त छाटन करन विनाक्श कत। बुक्ति हीन काल हम मक्कि विकल।। धरे दहलू धरेकथा कति निर्द-দর। বিদ্যা হেতু বিদ্যেশেতে করিব গমন। ইহাতে ভাবনা কিছু ना कत अखदत । अहिरत आमिन फिरत मथुतानभरत ।। এত अनि वस्ताव मिक्को उथम्। कान्नियाः, क्रात्कत्र काट्य कट्यम् बह्म्।। একান্ত বদ্যপি ৰাপ যাবে দূর দেশ। শুন তবে কৃহি কিছু করিয়া बिरम्य ।। माछा शिष्टा विल बाह्य महाद्वरथा मरन । दहरथा स्वन वि-স্মরণ না হইও কণে।। এতবলি রামক্লফে বদন চুস্বিয়া। করিলেন অমুমতি অনেক ভাবিয়া।। পাইয়া আদেশ তবে রাম হাধীকেশ। अविनास हिन्दान हाफ़ि निक प्रमा। त्रथ हिफ़ छूडे जोडे जानन अखदत्। উপनीত रहेत्वन अवसीनगरत्।। अथरम अविष्टे हरू মুনির ভবন। মনে মনে বিবেচনা করিয়া তথন ।। পথে থাকি तथ अन्य आत मिलगरन। विनाय कतिया निया मथुता छवरन।। তদন্তরে ছুইজনে ছাত্র বেশ ধরি। প্রবেশেন মুনি পুরে পুথি কাঁখে করি।। দূরে হতে রামক্লফ ৰূপ দরশনে। ভটস্থ হইল তথা যত ছাত্ৰগণে।। অপৰূপ ৰূপ হেরি মুনি সান্দীপনি। এক-দৃষ্টে অনিমিষে রহেন আপনি॥ রাম ক্লক্ষ ছই ভাই বিনত रहेश। व्यनस्मन मूनिश्राम भीखनित निया।। श्रीतृत्य निया कुर्वः बरलन वहन। आमारमञ्ज अधिवान मथूता अवन।। तामकृष्य नाम বস্থদেবের নন্দন। আসিয়াছি পাঠ হেতু এই নিবেদন ॥ ভব ভুলা জ্ঞানি মুনি নাহি ত্রিভূবনে। ক্লপা করি পাঠ দিতে হবে ছুই करन।। এই कर्ल क्रुक्ष कन मधुत छात्रि । अनि मूनि मामीलनि मानिक्ट प्रिं।। जाभीश्वाक भिरताजान वहन हुचन। कहिरतन क्षेत्र शांक प्रदे करा। मञ्जू अ बरप्रहि बाहा अनिया तुष्टन । রাধামতে প্রভাইব করিয়া বড়ন।। এড বলি বছবিধ করিয়া

ব্যবিদান। তপোৰন ভিতরেতে দেন বাসস্থান। মুনি রমণীয়ে মুনি **छानिया उपना करिलन एवं केर भिल हुरे जन**। विशा कारण এলৈছেন নিকটে আনার। তব কাতে এ দোঁহার আহারের ভার। पूर्ति जात्रा माश्री गडी छनित्रा वहन। जात्र त्रामकृष्ण कश कति দর্শন।। পুত্রহীনা পুত্র ভাবে পুলক্তি মন। পালিতে প্রকৃত ভার করেন গ্রহণ।। তবে হর্ব হয়ে রাম ক্লফ মতিমান। করিলেন मूनिमंड चारन अवद्यान ।। প্রত্যহ প্রত্যুবে পাঠ পড়েন বতনে।। স্থাহারাদি হর মুনিপত্নীর সদনে।। হুদামা নামেতে ছিল ছাত্র विकासना देशीन महाभिष्ठे विद्धात नम्मन।। जात्र मह क्रूटकत হইল স্থাভাব। উভরে অর্পণ করি উভর স্বভাব।। শরুনে ভোজনে আর অটনে রটনে। সর্বাদা বঞ্চেন হুখে শান্ত আলা-পरिन।। वनताम मह क्रूकः পড़েन यथन। दिशा अवाक इस वेड ছাত্রগণ।। একে একে সর্কাশাস্ত্র করিয়া বিন্যাস। চৌষটি দিবসে বিদ্যা চৌষ্টি অভ্যাস।। দেখিয়া গুরুর মনে হৈল চমৎকার। বলেন এমন শিশু নাহি দেখি আর।। মনুষ্য স্বভাব নহে এই ছুই জন। ৰূপ গুণ যত দেখি দেবতা লক্ষণ।। হরণের হেতু এই পুথিবীর ভার। বোধ হয় হয়েছেন বিষ্ণু অবতার ॥ মানবী লীলার - হৈতু মানিলেন গুরু। বাঞ্ছা কল্পতর বিষ্ণু জগতের গুরু।। যে হন বুরিয়া আমি দক্ষিণা চাহিব। বিশেষিয়া তত্ত্ব কথা তথ্ম জানিব। এই ক্রপে সান্দীপনি ভাবি মনে মন। একদিন রাম ক্লকে বলেন বচন।। সর্ব্ধ শান্তে স্থপারগ হইলে ছজন। আর বে পড়িবে শান্ত नाहिक अपन ॥ अकथा छनियां छटव क्रूक्टिस कर्न । मिक्नियां बाहरू গুরু বাইব ভবন। শিশুরাম দাসে ভাবে মুনি সান্দীপনি। শুনিরা मकिना कथा कारमन जाशन।।

#### ख्क्रमिन। विवत्र।

প্রার। কৃষ্ণচন্দ্র কন শুরু করি নিবেদন। তোমার প্রসাদে বদি সাঙ্গ অধ্যয়ন।। আজাকর শুরুদের প্রেনন হইরা। সাভা

## क्वित्रज्ञा ।

**लिए। बन्नभंत कान्निः बृद्ध निज्ञाः। विद्यान्न बक्तिना कि हुः हिन गरा-**भन्न। वाक्षांमञ्जाद क्षत्र बाहा देवहा हत्।। कत्रिय प्रकिता मान আমি ছনিশ্চয়। দক্ষিণা বিহীনে কোন কর্ম্ম সিদ্ধ নয়।। দক্ষিণা কর্মের মূল দর্মশাল্পে ভনি। সাধ্যমতে ত্রদক্ষিণা দিব সহায়ুনি।। খনিয়া ক্লফের কথা মুনি মহাশর। নরনের জলে তার ভাগিল क्षप्र । উटेक्टम्यत् कारम् यूनि रहेग्रा क्रार्थिछ । उथनिन भाकिनक् হারার সন্বিত 🛭 শুনিরা রোদনধ্যনি মুনির রমণী। আসিয়া কান্দরে কাছে লোটায়ে অবনী।। বক্কঃ শিরে করাঘাত করে ঘনে यन्। পুত্ৰ পুত্ৰ বলি দোঁতে করয়ে রোদন।। দেখিয়া এৰপ ক্লক ক্ৰন্দন দোঁহার। বুঝাইরা এমুখেতে কন আরবার।। কি কারণে কান্দ দোঁহে বল সমুদার। বুঝিরা দক্ষিণা লহ বাহে ছঃখ বার।। এত যদি ক্লফচন্দ্ৰ বার বার কন কান্দিতে কান্দিতে তবে কন ছই क्रम।। कि मिक्किण मिद्द बाहा कि धन महेव। धन निम्ना वाशधन कि ধন সাধিব।। পুত্রধন হেজু ধন বাঞ্ছা করে জন। পুত্র হীনে ধনে বল কোন প্রয়োজন। পুদ্র হেডু ভার্যা লোক কররে গ্রহণ। ভার্যা ছতে পুজ ধন হয় উৎপাদন ।। পুজ হয় সংসারির সর্ব্ব সার ধন। পরকালে পুক্র পিতে মুক্ত হয় জন।। মরিল এমন পুক্ত সমুদ্রে ড়বিয়া। তদবধি আছি দৌহে জীয়ন্তে মরিয়া।। সংপ্রতি পাইয়া ৰাছা তোমা ছুই জনে। পুত্তশোক নিবারণ হয়েছিল মনে॥ তৌমরা পরের পুক্ত বাবে নিকেতন। কেমনে ধরিব প্রাণ আমরা এখন।। হার হার কোথা পুত্র কি ধর্ম সাধিলে। পুত্র হরে পিতা মাতা कीग्रटस मातिरन।। स्रकारन मतिन পूल नाहि मिर्थ भाभ। कि কারণে ওরে বাছা দিলে এত তাপ।। এত বলি মুনি আর মুনির त्रभगे। कान्मित्रा कर्मन देकना तजना जननी।। हाहा भटन काटन साहि नहर निवातन। एमचि क्रक क्रमा कति कहन वहन ॥ ना काम्न না কান্দ আর ব্রির কর মন। অচিরে মধ্যের ছঃখ করিব মোচন।। ধন কিবা পুত্র ধন কিবা ভূমি বর্গ। ধর্ম অর্থ কাম মোক চতুইয় ৰুৰ্ম।। বাহা চাৰে ভাহা পাৰে না হইবে আন। বুৰিয়া বাচ্ছ মুনি

यमकिना मानु । এक महि कुछक्क करबन भाशनि । धनिम्र इतिया मरत मूनि मान्ती शक्ति।। शुर्गजन्त नाजावत खुटम खुरवान्। नविस्त এমন কছে সাধ্য আছে কার ॥ অতএর মূকপুতে বাঁচারে লইব। रितिया शुरकात मूच छःच निवातिन ॥ खनक्षत्र शांत्रहत्व नरमह्म श्चरू। उथित यूटहरक् मम कर द्रःथ श्वरू ॥ भारत्मत माथा माहि শাসিতে আমায়। একণে যাচিয়া লব যাতে ছঃখ বায়।। এত ভাবি সান্দীপনি কুষ্ণে করে তব। জানিলাম তব বাক্যে তব তত্ত্ব म्ब।। जूमि जन्ना जूमि विक् जूमि मद्दश्वत। जूमि एव एपि पिवि তুমি দিবাকর। জল স্থা রসাতল জন্ম সাগর। নাম নর মুক রক্ষ গন্ধর্ম কিন্নর। পশু পক্ষী পত্তস্থাদি বিভূতি তোমার। ভোষা বিনা ত্রিজগতে নাহি কিছু আর।। কি করিব তব স্তব তুমি বিশ্বময়। কুপায় করিলে ধন্য আমার আলয়।। বিশ্বগুরু হয়ে ध्वक्र बलाइ यथन। वर्ग ठजुष्टेय लाज इरम्राइ उथन।। उटव यनि ন্তুদক্ষিণা দিবে ভগবান। মৃতপুতে বাঁচাইয়া আনি দেহ দান।। अधिरक रेमिट्क छू थ कर निवारण। है हा विना अन्तर्भरन नाहि প্রয়োজন।। এত যদি সান্দীপনি করি দৃঢ় কন। শুনিরা ঈষৎ হাসি দেৰকীনব্দন।। কহিলেন তব পুত্ৰ মরে কোন স্থলে। সাব্দীপনি क्टिलन ममूद्रज् कला। यात्रिधित्र नाम श्रीने यात्रिक वत्रना চলিলেন জানিবারে গুরুর নন্দন।। প্রণাম করিয়া গুরু পাদপল্প মূলে। বলরাম সহ যান সাগরের কূলে।। তীরে থাকি ত্রস্তচিতে রাজীবলোচন ৷ করিলেন সাগরেরে ক্রোধে সংখাধন ৷৷ ক্রফ শ্লমি শুনি ধুনিনাথ চমকিয়া। দিবা মূর্ণ্ডি ধরি দেখা দিলেন আসিয়া।। পূর্ব্বে রাম অবতারে বন্ধনের ভয়ে। শরিয়া সলিলপতি শক্কিড় হৃদরে।। প্রণমিরা পাদপত্তে কর বাড়ে কর। ক্রোধে সংখাধন কেন কর কুপাময়।। কোন দোষে ছবি আমি নহি ও চরণে। অধীনের প্রতি ক্রোধ কিসের কারণে 🛭 ক্লঞ্চ কন গুরুপুক্র তব কলে করে। বেগেতে ভুবায়ে মার না ভাব অন্তরে॥ অন্নুনিধি কহে প্রভুকরি নিবেদন। আমি নাহি মারি তব গুরুর নন্দন। পঞ্জন নামে এক শঝ সহান্তর। বলেতে করিতে পারে জয় তিনপুর।।

ছষ্ট শীল ছরাচার ছর্জর শরীর। তার জরে জলজড কেহ নহে

হির ॥ বল ছাই আমার জলে থাকে সর্বক্রণ। বারে পার তারে

থারে কররে ভক্রণ।। শিশুমতি তব শুরুপুক্ত গুণরাশি। অঘাটে

নামিল মানে অবেলার আলি॥ পাইরা মনুষ্য শক্ষ শঝ ছুরাচার।

অবিলবে তারে ধরি করিল আহার॥ ছঃথে মরি ভরে কিছু

বলিতে না পারি। ছরন্ত শঝার তেজে কাঁপে মম বারি॥ ইবে মম

অপরাধ নাহি ভগবান। বুরিয়া করহ প্রভু বে হয় বিধান।। সাগরেয় কথা শুনি করুলা সাগর। কুপা বিতরিয়া তারে করেন উন্তর ॥

শঝারে মারিয়া তব ঘুচাইব ডয়। জলমূর্ত্তি ধরি জলে বাওছে

সাগর॥ শুনিরা কুক্রের কথা বিরক্তা নন্দন। জল কপে জল মধ্যে

করিলা গমন॥ বলরামে কন কুক্র করিয়া বিনয়। কণকাল নীরে

তুনি থাক মহাশয়॥ মুহুর্ত্ত মধ্যেতে আমি শক্ষে বিনাশিয়া।

অবিলম্বে তব কাছে মিলিব আসিয়া।। এত বলি বলরামে রাখি

সেই স্থলে। শিশু কহে কুক্র বান সমুদ্রের জলে।।

### গুরুপুত্ত অন্বেষণে শঙ্খাসুর বধার্থ শ্রীক্লফের সমুদ্রে প্রবেশ।

প্রার। বলরামে বুঝাইয়া রাখি সেই স্থান। কটি বেড়ি বীর ধটি করি পরিধান॥ অবিলক্ষে আরোহিয়া বট বুক্লোপরি। বাহ্যা-ক্লোট ইহস্কার ঘোর শব্দ করি॥ লক্ষ্ণ দিয়া পড়িলেন সমুদ্রের জলে। আক্ষালনে অসুধির অবু উর্চ্ছে চলে।। উথলিল জল জল-জন্ত ভয় পায়। অস্থির হইয়া বেগে ইতন্তভো ধায়॥ গুনিয়া দারুণ শব্দ শব্দায়্র বর। শক্ষায় হইল তার অস্থির অন্তর।। মহাভয়ে ভীত হয়ে চারিদিকে চায়। যম সম হেরি কুফে বেগেতে পলায়।। অন্ত জলচরে কুফ কিছু নাহি কন। শব্দে অন্তেথিয়া বেগে করেন ভ্রমণ।। দুরে হতে দেখিলেন শব্দ ছয়াশয়। পলায় পবন বেগে শক্ষিত হয়য়॥ তাহা দেখি হাস্তা করি প্রাঞ্জ ভগবান।

পাদ্যাতে পাদ্যাতে ভার হন ধাৰ্মান 🔃 নিকট জনেন ভার করি ধর ধর। কিরিয়া দেখিল শক্ষা শবন সোনর।। পরাইতে নাহি পারে रहेन काकत । कि करत कितियां जाति पिरतक नमत ।। जाका-नत्त- केर्क जन जुनित्त रकनाता धारेत्र कामज शस्त्र आकृत्कत काइ।। रूट्ड शरम किंग्रि मिटम कमरत्र कामकः। स्मिन क्रूक ट्यारिश এক মারেন চাপড়। অন্থির হইল শঝ্ খাইয়া চাপড়। তথাপিছ ছষ্টশীল না ছাড়ে কামড়। কামড়ে কামড়ে কুফ অন্থির হইরা। रने कर्ण निक मत्म विठात कष्टिया । कतिराम करमयत वक्क यह-মণি। কামড়ে শ্ঝার দন্ত ভালিল আপনি।। অস্থির হইল শ্ঝা দক্তের আলার। কি করে ভাবিয়া কিছু উপায় না পায়।। পলাইতে চাতে শব্দা শক্তিত হইয়া। দেখি ক্লফ বাম করে ধরেন চাপিয়া।। প্রসারি দক্ষিণ হস্ত শব্ধ মুখে দিয়া।। মুগু ধরি একটানে বাহির করিয়া।। নথাঘাতে বক্ষ তার বিদারণ করি। শমন সদনে তারে পাঠান এইরি।। মরণ সময়ে শখা বলিল বচন। গুরুপুত্র আছে ত্ব শমন ভবন। অনেক কহিয়া আর স্তবনীয় বাণী। কহিল আমার শন্ম লহ চক্রপাণি।। রাখিবা আপন করে মম শন্মসার। কুপাকরি অধীনেরে করহ উদ্ধার।। শন্ধার বচনে ক্রফ তথাস্ত বলিয়া। লইলেন শন্থ তার সহস্ত হইয়া। তবে কুম্ফে প্রণিমিয়া भक्ष में शक्त । किया किर धित किल मेमत्नत श्रेत । भेमत्न श्रेशीम করি চড়ি দিবারথে। অবিলয়ে চলি গেল বৈকৃঠের পথে ॥ বৈকুঠ নগরে তার হৈল অধিবাস। পাইল সালোকা ভাষে শিশুবাম माम।।

### গুরুপুজ আনয়নার্থে বলরাম সহ জরিক্তের সংযমনীপুরে গমন।

পরার। শঙ্খারে বধিয়া শঙ্খ লইরা জীহরি। জলে হৈতে উঠিলেন অতিশীত করি।। শঙ্খ বিনাশনে তুই হইয়া সাগর। পুনরপি উঠিলেন ধরি কলেবর।। মণি চুণি হীরা সার মার্জিড

# रिकीयकाग।

वनन । नानाविध केनहात मामा व्यक्तिन ॥ एक हे निता तामकूक **एतन कमत्त्र। इंडि कति वह**विध श्रादिनिना **करन**।। তবে क्रूक् জনদিক্ত বন্ধ্র পরিহরি। সাগরের দত্ত বন্ত্র আভরণ পরি।। তুই ভাই রখোপরি করি আরোহণ। সংযমনীপুরে শীত্র করেন গমন। পাঞ্চলন্য শত্মনাদ করিলেন হরি। গুনিয়া শমন ভরে উঠিল শিহরি।। চিত্রগুপ্ত সহ শীজ গললগ্নী বালে। প্রণাম করিল আসি রাম জীনিবালে।। অগ্রসরি নিয়া গিয়া আপন ভবন। বসাইলা শীজ দিয়া দিবা সিংহাসন।। কর যুড়ি স্তুডি করে জনেক প্রকার রামকুঞ্জ মহাবাহো জগত আধার।। জয় জয় জগদীশ জগত कीयन। यस्कृतन व्यवजात यरभोगानम्मन।। अभिरत युगन नाम বার ধমভর। জননী জঠরে জন্ম আর নাহি হয়।। অপার মহিমা গুণ বর্ণে সাধ্যকার। পদার্পণে পবিত্র করিলে মমাগার।। কি কারণে আগমন কহ বিবরণ। আজ্ঞা কর কোন কর্ম্ম করিব সাধন। শ্মনের বাক্য শুনি সহাস্তা বদনে। কছেন করুণাময় প্রণয় বচনে । মম পাঠগুরু হন মুনি সান্দীপনি। পুত্র তাঁর প্রিয়ন্বদ সর্ব্ব গুণ-মণি। অকালে সমুদ্রে তারে মারে শঙ্খাস্থর। মারিলে আনিল ত্তব দুতে তব পুর।। তদবধি এইধামে আছে দেই জন। তাহারে আনিয়া শীভ্র দেও হে শমন। না কর বিলম্ব ইথে শুনহ ভারতি। শুৰুকে দক্ষিণা আমি দিব শীঅগতি।। এত যদি কৃছিলেন দেব उभवान। अनि कीव काताभारत यमताक्र यान।। मान्नीभान मूनि পুত্রে তপাদিয়া मिয়া। অবিলবে রামকুষে দিলেন আনিয়া;। গুরু পুত্রে পেয়ে হরি হয়ে হরষিত। পূর্ব্ব রূপ দেহ দান দিলেন ত্বরিত ॥ হস্ত পদ চক্ষু কর্ণ চলন বলন। পূর্কের সমস্ত ভাব করিয়া · অর্পণ।। শমনেরে শুভাশিষ করি রাম হরি। গুরুপুত্তে নিয়া যান অবস্তী নগরী।। শিশুভাবে কুষ্ণপদ ভাব অনিবার। কুষ্ণ বারে সামুকুল কি ভাবনা তার।।

## खन्नमक्तिन। धनानानस्त तामकृत्यन्तः । मधुता शमन।

ত্রিপদী। অবিলম্বে রাম হরি, আরোহিয়া রখোপরি, গুরু-পুত্তে নিরা সঙ্গে করি। অশ্ব পুঠে মারি ছাট, ছাড়রে জনেক বাট, উপনীত, অবস্তী নগরী।। গুরুপুরে প্রবেশিয়া, প্রদক্ষিণে প্রণমিয়া, গুরু গুরুরমণীর পায়। গুরুপুক্ত সহ আর. মণি চুণি बीता मात्र, मान दमन मिक्कना विधात्र ।। वहतत्त्र পतिकात्र, वहविध व्यवकात, वह वर्ष तानि तानि वाता निता नान वर्गनन, नाँजातन ছুইজন, দেখি মুনি মানে চমৎকার।। ছেরিয়া পুজের মুখ, জনমিল ব্রত হথ, কত তার করিব বর্ণন। পুত্র ধনে কোলে নিল, মুখে শত চুম্ব দিল, মুনি মুনিরমণী ছজন।। শোকসিদ্ধু হয়ে পার, চারি চক্ষে অনিবার, স্থ্যনীর বহিতে লাগিল। পুলকে পুরিয়া তত্ত্ব, উচ্চারিয়া বেদ মতু, রামক্লফে আশীর্কাদ দিল।। জানি মুনি সমু-দয়, ব্রাহ্মণেরে পরিচয়, ব্রহ্মণ্য দেবের ব্যবহারে। কেমনি মায়ার কার্য্য, তথাপি বোধের ধার্য্য, না হইল সমূহ প্রকারে।। অজ্ঞানের অসুরোধে, রামক্কফে শিষ্য বোধে, তুলে দেন মন্তকে চরণ। রাম-कुक छूटेजन, প্রণমিরা দেইকণ, অমুক্ষণ করেন স্তবন।। खरन वक्त कति, व्यास्त हान तामहति, आश्रनात मधुता नगरत । विमान সাংগ্রন দান, শুনি মুনি মতিমান, অপ্রমাণ চক্ষে জলঝরে ॥ যতকন बहुमनि, कि करत्रन नाम्मीश्रानि, धरमा वानी विज्ञातम मूर्य । विज्ञात করিয়াদান, স্থস্থির না মানে প্রাণ, ভাসিলেন অর্ণব অস্থরে॥ মুনির রমণী বেই ধাইয়া আসিয়া সেই, কোলে নিয়া রাম দামো-দরে। শিরের আত্রাণ নিয়া, শত শত চুর্ন্থ দিয়া, অগণন আশী-র্বাদ করে।। তবে তথা ত্বরা করি, কোলে হতে রাম হরি, নামিয়া প্রণাম করে পায়। পাঠ ছাত্র যত জন, সবে করি সন্তাবণ, অবি-नद्य गाटहन विनात्र ।। छुनामा नशादत रहि, कन कथा करत धरि, मिट्या मथा थिको नावधात। जामात्त्र त्राथिश्व मतन, ना इरेश्व

বিশ্বরণে, প্রেমের পরীকা পরিমাণে।। শুনিয়া ক্লঞ্চের বোল,ভাবে रदा উত্রোল, স্থদামার চকে বহে নীর। আকুল হইল প্রাণী, মুখেতে না সরে বাণী, ভাব ভরে অভির শরীর।। উভরের ভাব যত, ভাবে ভাব অনুগত, ভাব জানে ভাবের স্বভাব। ঘন ঘন আলাপন, ঘন প্রেম আলিঙ্গন, স্বভাবের না হয় অভাব।। ন্থদাসা দিলের স্থত, ভাবি হরি কর যুত, প্রণাম করিয়া তার পার। চকে চকে আরোপিয়া, কহিলেন আশা দিয়া, দেখা সর্খা হবে পুনরায়।। এত বলি ত্বরা করি, উঠিলেন রখোপরি, রাম সহ রাজীব লোচন। দেখিতে দেখিতে রথ, ছাড়াইয়া বছ পথ, উপনীত মথুরা ভবন।। রামকুষ্ণ আগমন, জানিয়া মথুরা জন, সবে করে মঙ্গল আচার। পূর্ণকুন্ত আত্রসার, রন্তাতকু পুষ্পহার, স্থাপিয়া শোভিল পুরদ্বার ॥ আনন্দের সীমা নাই, দুত্য গীত সর্ব্ব ঠাঁই, বাজে বাদ্য মৃদত্ত মধুর। বীণা বাঁশী করতাল, শच घनी खुतमाल, खुतरव शृतिल मधुशुत ॥ नर्खकी नर्खकान, নত্য করে স্থমোহন, হেরে মন হয় পুলকিত। স্থান্তে মিলারে তান, দিয়া তাল লয় মান. গায় গান অতি ফ্লোলীত। রাজপথ মথুরার ধূলি সাম্য করে তার, ছড়া দিয়া স্থসার চন্দনে। রামকুঞ্চ जुरेकरन, अञ्चनति जानस्तन. छ म मूर्थ थास यक्र गर्ण।। त्वना देशन অবসান, অন্তাচলে রবি যান, গোধূলিতে গগণ ধূষর। বারবঞ্ দিয়া বার, শোভা করি বার-দার, বসিয়াছে সাজি কি স্থন্দর।। বিহঙ্গ স্থরঙ্গ দিয়া. রুলায় কুলায় গিয়া, রব করে অতি স্থমধুর। तामकृष्य এ ममरत्र श्रात मिनिङ हरत्र, आहेरनम आश्रमात शूत ।। (परकी जानम पन, जामा का जिनीशन, (धरत तामकूरक निन काला। तामकृष्य महीमन, পেয়ে निक माठांशन, कन कथा समधुत्र ৰোলে।। হাপুতীর পুত্রধন, দারিদ্রের স্থরতন, সেই মত আনন্দ উদয়। চক্ষের আনন্দ জলে, ধোয়াইয়া কুতৃহলে ক্লফমাতা কত কথা কয়।। বস্তুদেব মতিমান,ধেয়ে আসি সেই স্থান, পুত্রধনে হেরে হরবিত। আনন্দেতে অপ্রমাণ, ব্রাহ্মণে করেন দান, কল্যাণ

করেন যথোচিত। রাম কৃষ্ণ ছইজন, মাতা পিতা বন্ধুগণ, সহিতে হইয়া স্থমিলিত। করিলেন অবস্থান, অপরে শুনহ আন, শিশু কহে কথা স্থলোলীত।।

### অথ দেবকীর মৃত ষট্পুজের আনয়ন ও নির্যান।

িপয়ার। প্রভাতে উচিয়া রামক্রফ ছই জুন। প্রাভঃক্রত্য আদি কর্ম করি সমাপন।। বার্দিয়া বসিলেন বাহিরে আসিয়া। আইলা মথুরাবাদী দেখিতে ধাইয়া।। বাল বৃদ্ধ যুবা জরা কি পুরুষ দারা। উপযুক্ত স্থানে থাকি সবে দেখে তারা।। নিকটে বদিল যত সান্ত গণ্য জন। সকলে স্থমিষ্ট ভাষে করে আলাপন। অধ্যাপক ভটাচার্য্য মধুরার যত। ক্রমেতে সভাতে সবে হন সমাগত॥ শুনে-ছেন রামকুষ্ণ পাঠ সমাপিয়া। এনেছেন সর্ক্ষশাস্ত্রে পণ্ডিত হইয়া॥ এ কথা শ্রবণে যত পণ্ডিতের গণ। বসিলেন করিবারে শাস্ত্র আলাপন।। কেহ রাম সহ কেহ ক্লুফের সহিত। একে একে বসি-লেন যতেক পণ্ডিত।। বেদাস্ত বেদাঙ্গ বেদ আদি শাস্ত্র আর। শিবের আগম আদি নানা তন্ত্রসার॥ নানা মুনি মতে নানা শাক্ত -স্থবিক্সার। ক্রমে ক্রমে সর্বর শাস্ত্রে করেন বিচার॥ বিচারেডে রামক্লফ হইলেন জয়। দেখিয়া সভাস্থগণ সানন্দ হৃদয়।। অক্রুর উদ্ধব বস্থদেব মতিমান। উগ্রদেন আদি যত যদ্ভর প্রধান। মূনি ঋষি আদি করি যত মহাজন। সকলে করেন রামকুষ্ণে প্রশংসন।। একমুখে শতবার বলে ধন্য ধন্য। রামক্লফ্ষ্ণ সম নাহি ত্রিভূবনে অস্য।। অধিক গুণের কথা গুনিলেন আর। মরেছিল বহুদিন মুনির কুমার।। শমন সদন হতে তাহাকে জানিয়া। গুরুরে मिकना (पन कीवनाम पिया।। এ कथा वहेन तांड्रे शृथिवी यूफ्ता। সবে চমৎকার হৈল প্রবণ করিয়া।। বস্থদেব আদি করি হইলেন স্থা। কেবল দেবকী দেবী কিছু অঞ্মুখী।। সে কথা তথায় কিছু নহিল প্রকাশ। সভাভাঙ্গি সবে গেল নিজনিজ বাস।। সভা ভক্ষে উঠি তবে ভাই ছুইজন। অবিলয়ে অন্তঃপ্ররে করেন গমন।। দেবকীর কাছে গিয়া করিয়া ভোজন। বৈকালিক নিদ্রা যান করিয়া भग्नन। এ দিকে দেবকী অন্ন বস্তুদেবে দিয়া। ক্রমে অন্ন দেন যত্নগণেরে ডাকিয়া। সপত্নী অবধি আর যত পরিবার। দাস দাসী আদি করি দিলেন আহার।। আপনি আহার কিছু না করেন সতী। ক্লফের নিকটে যান অতি ছঃখমতি।। যথায় শরনে ক্লফ আছেন নিদ্রিত। তথা গিয়া বসিলেন হইয়া ছুঃখিত। ব্যক্তন करतन (मनी क्रम्थ करणवरत। विन्छ विन्छ् वाति धाता नत्ररमरू বরে । দৈবাধীন এক বিল্ফু পড়ে ক্লফ্ষ কায়। সে বিল্ফু স্পর্ফেতে ক্লফ জাগিলেন ভার। জাগিয়া স্থানে হরি চারিদিকে চান। জন-নীর চক্ষে জল দেখিবারে পান।। চমকিয়া কুষ্ণচক্স মায়েরে স্থ্ধান। क्न भा जनमी पिथि इः सिमी ममान ।। कि रहकू नग्रत्न कन हम् বরিষণ। প্রকাশ করিয়া মাতা বলহ বচন।। শুনিয়া দেবকী দেবী জ্রীকুষ্ণের ভাষ। আপনার দৃঃখ কথা করেন প্রকাশ। শুন শুন वाश्यन हरत এकमन। जामात छुःरथेत कथा ना हर वर्गन।। ভোমার জন্মের পূর্মের যত হুঃখ পাই। কিঞ্চিৎ ভাহার কথা ভোমারে শুনাই।। সকল ছুঃখের কথা কহিতে হইলে। পাষাণ গদিয়া যায় প্রবণ করিলে। আবদ্ধ ছিলাম যবে কংস স্কারা-গার। একে একে হয়েছিল ছয়টি কুমার।। সপ্তমেতে গর্ক্ত মম হয়েছিল পাত। অপ্তমে তোমার জন্ম হইয়াছে ভাত।। ছয়টি পুত্তের কথা করহ তাবণ। হয়েছিল ৰূপবান কুমার ধেমন।। জন্মশাতে রুদ্যমান হইল যখন। কোলে নিয়া মুখে স্তন দিলাম তথন।। স্তন্যধার পেয়ে মুখে করিলেক চুপ। সেই কালে নির-কিয়া দেখিলাম ৰূপ ॥ অপৰূপ ৰূপ দেখে বাড়িল আহলাদ। দিয়া নিধি বিধি পুনঃ সাধিলেন বাদ।। অকন্মাৎ আসি ছুষ্ট কংস ত্বরাচার। কোলে হতে কাড়ি নিল সন্তান আমার।। স্তন্যপানে ভৃপ্তি নাহি হ'ইল বাছার। রোদন করিল কত করিয়া চিৎকার॥ দারুণ নির্দায় কংস কিছু না মানিল। পাষাণেতে আছাড়িয়া

बाहारत मात्रिक ।। अहेकरण हत्रवात मारत हत्र करन। विनातण रय क्षि त्य कथा खद्रात्।। मत्म छावि भे छु:थ कग्नियः मा भटन। কেমনি পুজের শোক নতে নিবারণে । অহর্মিশি শোকসিন্ধু সবে-গেতে ধায়। ধরত্যোতে কণে কণে আমারে ভাষায়।। করিতে না পারি ছঃখ কিছুতে বারণ। নিবারণ হয় যদি তুমি কর মন।। শুনি-য়াছি তব গুণ গুন বাপধন। বহুদিন মরেছিল গুরুর নন্দন।। ভাহারে আনিয়া তুমি করেছ প্রদান। লোক সবে করিতেছে তব গুণ গান।। অতএব কিছু বাছা ক্লপা বিতরিয়া। বারেক দেখাও সেই সম্ভানে আনিয়া।। একেবারে ছয় পুক্তে আনি দেহ বাপ। স্তনপান করাইয়া যুচাই সন্তাপ॥ এত যদি কহিলেন দেবকীজননী। श्वनिया नेयम द्यानि कन यष्ट्रमिन ॥ मतिया मञ्जान তব देखनातक গিয়া। অমর সহিতে আছে অমর হইয়া।। হ্রগ ভোগ বহুকাল বক্রী আছে আর। একণেতে পৃথিবীতে রাখা হবে ভার॥ কোন মতে না থাকিবে অবনী ভিতর। কহিলাম বিস্তারিয়া তোমার গোচর।। তবে যদি দেখিবারে বড় ইচ্ছা হয়। রাখিতে পারিবে মাতা দণ্ড চারি ছয়। দেবকী বলেন বাছা যদি নাহি রয়। বারেক দেখিলে তবু যুড়াবে হৃদয়। সন্তানের খেদ নাই তোমারে পাইয়া। श्रृर्क्तरमाक निवातिव क्राटिक प्रिया।। श्रुनि एतकोत वांगी हक-পানি কন। একান্ত দেখিতে যদি হয় তব মন।। গৃহান্তরে ক্ষণকাল ক্র মা গমন। এখনি আনিব তব স্থত ছয়জন।। আনিয়া তোমারে তবে ডাকিব জননী। শুনি গৃহান্তরে যান দেবকী অমনি।। বস্থ-দেব নিকটেতে গিয়া সেইক্ষণ। বিস্তারিয়া কহিলেন সব বিবরণ।। শুনি বস্থদেব হন সানন্দিত মন। এখানে ক্লঞ্জের কথা করহ জ্ঞাবণ।। দেবকীরে পাঠাইয়া নিয়া অন্তর্ঘরে। দেবরাজে শ্ররিলেন সহস্ত অন্তরে।। স্মৃতমাত্রে স্তরপতি আসিয়া তথায়। সা<mark>ই।চে</mark> প্রণাম করি জ্ঞীক্লফের পায়। করবোড় করি করি অনেক স্তরন। অপরে মুধান কথা কি হেতু শারণ।। ক্লফ কন মুররাজ শুনহ ব্চন। তব পুরে আছে মম সহোদরগণ।। দেবকা মায়ের সর্ত্ত্ত-

জাত ছয় ধীর। অর্গভোগ করে পেরে দেবতা শরীর।। মায়ের ব্যেছে ইচ্ছা দেখিতে নক্ষন। সেই হেতু করিয়াছি ভোমারে শরণ।। মতুব্য বালক সম দেহ দিয়া দান। ছর জনে আনি দেহ মম বিদ্যমান।। ছয় দও থাকি পুন যাবে হারপুর। এই কার্য্য কর শীজ দেবের ঠাকুর।। স্থররাজ কন এই কথা অসম্ভব। কি বলিৰ তব বাকে। সকলি সন্তব । কোন কর্মা আছে প্রভু অসাধ্য ভোমার। অম্বর্গ্রহ করি মাত্র দাদে দিলে ভার।। অবশ্য তোমার কর্ম্ম বতনে সাধিব। তৰ পূৰ্ব্ব সহোদরে এখনি আনিব।। এত বলি ইক্স দেব করিয়া গমন। তপাসিয়া নিয়া শীস্ত্র সেই ছয় জন।। কুঞ্চ আজ্ঞা মতে দিব্য বেশ হরে নিয়া। দিলেন মনুষ্য বেশ সমস্ত ভূষিয়া 🏾 মনুষ্যের মত কপ গুণ সমুদ্র। অভিন্ন বস্থুর ছয় পুর্কের তনর।। মং যোর ১ৃতি স্মৃতি অর্পণ করিয়া। অবিলয়ে কুঞ কাছে দিলেন আনিয়া।। পেয়ে হরি পূর্স্বকার ভাই ছয় জন। ইন্দ্রেরে বলেন ভুনি করহ গমন ৷ শুনিয়া ক্লফের কথা প্রণমি চরণে : চলিলেন শচীনাথ अमत कवरन ॥ शर्थ शिशं दिरवहना कति मरन मरन । स्विधिक ক্লক্ষের কার্য্য রহেন গগণে ॥ এখানেতে ক্লফ্ড ছয় সহোদরে নিয়া। করিলেন সমর্পণ মায়েরে ডাকিয়া। পুত্র পেয়ে দেবকীর গেল পরিতাপ। স্থানন্দ উদয় হৈল যুচিল নিলাপ। তবেত দেবকী দেবী আনন্দ অন্তরে। ডাকিলেন বস্থদেবে অতি শীম্রভরে।। বস্থদেব আইলেন সহ বলরাম। হেরিয়া পুত্তের মুখ পূর্ণ মনক্ষাম॥ অপরে আইল ষত পুরবাদি জন। দেখিয়া অদ্ভত কর্মা চমকিত মন।। (पनकी नहेंग्रो किल्ल शूर्स शूल्य ११। अक अक अब अब अब अब বদনে।। এক জনে স্তন দিয়া রাখিয়া যতনে। পুনরপি দেন স্তন (प्रवक्ती (प्रवी (प्रदर्भन नक्षन ॥ शूल्लभग (प्रवकीद्व मांकृ नक्षां घटन । जुनिरमक वह विध समिष्ठे कारम।। क्रुक मह जाज़ बार्ध करबाश-কথন। ক্রায়েতে সবার সঙ্গে মিষ্ট আলাপন।। এ সময়ে দেখা তথা रेमरब्बु बरोम। दिवास्त्रान आश्व रेस्न कार्य इत सम।। दिवरिष्ठ

দেখিতে হৈল দেব কলেবর। দেব রথে চড়ি গেল দেবের নগর।। অবাক ছইরা লোক এক দৃষ্টে রয়। দেখি দেবকীর হৃদি শোক লাদ্য হয়।। দেব ৰূপ দেখি পুত্রে ছুঃখ হৈল দূর। ক্লফের ক্লপার বাড়ে আনন্দ প্রচূর। রামকৃষ্ণ লয়ে হ্রখে ভাবেন অপার। শিশুরাম দাসে ভাষে ক্ষণভক্তি সার।।

#### শ্রীকুষ্ণের ব্রঙ্গ বিরহ।

পয়ার। ক্রফাধনে কোলে পেয়ে দেবকী স্থন্দরী। স্থাবেত কাটেন কাল छू: খ পরিহরি॥ বহুবিধ আহারীয় করি আয়োজন। আনন্দে করান দেবী ক্লফেরে ভোজন।। দৈবাধীন একদিন হইল অন্তরে। আছিলেন কুঞ্চন্দ্র নন্দ যোষ ঘরে।। গোপ ঘরে গো রসের দ্রব্য বহুতর। নবনা মাখন দধি ঘৃত ক্ষীর সর॥ যশোদা দিতেন সদা একুমেওর করে। চেয়ে চেয়ে ক্লম্ণ নাকি খেতেন সাদেরে।। অতএব ক্ষীর সর নবনী মাধন। যশোদার মত ক্লুক্ষে করাব ভোজন।। এত ভাবি আহারীয় গোরস তথন। করিলেন नानाविश क्रवा উপार्জ्जन।। त्रजनी यारगरङ प्रती तारथन यङरन। প্রভাতে দিবেন ক্লফে করিলেন মনে ॥ উঠিলেন রুক্ষচন্দ্র প্রভাতে যধুন। স্বৰ্ণপাত্রে ক্ষীর সর লইয়া তথন॥ যেমন দেবকী দেবী ক্লঞে मिट्ड योन। प्रथं टेमट्वत कर्मा এटक घटि जान।। कीत मत प्रिथ ক্লফ দেবকীর করে। যশোদার ভাব হৈল উদয় অন্তরে।। দেব-कीटत टर्वत इति इत्लम अञ्चित । यटमां पाटत मत्न ভावि हटक वटह নীর।। গুণময় ঞ্জীকুফের কত কৰ গুণ। কখন সগুণ হন কখন নিগুণ। কি ভাব ক্লক্ষের কবে নাহি জ্বানে বেদ। ব্রজভাব মনে হয়ে উপজিল খেদ।। না দেখেন দেবকীরে ফিরায়ে নয়ন। নাহি थान भीत मत नवनी माथन।। घणिन कृत्यन उक वितर विकात। প্রালাপ বিলাপ যত কহে সাধ্য কার॥ বহিল নয়নে নীর आব-ণের মধা। মনে মনে থেদ করে মনে মনে কথা।। হা হা মাতা যশোসতি রহিলে কোথায়। কি কঠিন প্রাণ মন তেজেছি তোমায়।

স্পামার বিহনে মাতা বুঝি বেঁচে নাই। ত্যক্ষিয়াছ প্রাণ বুঝি বলিয়া कानारे।। এक मध्य ना मिथित अख्ति स्टेर्ड। त्कारन आह গোমাতানা পারি বুঝিতে।। কটোরা পুরিয়ানিয়া কীর সর মনী। গোষ্ঠে গেলে পথ চেয়ে থাকিতে অমনি।। কটোরা পূর্নিত ক্ষীর যতনে রাথিয়া। রজনীতে মম মুখে দিতে জাগাইয়া॥ ওগো মাতা তব ব্যথা আমাতে যেমন। ত্রিভূবনে তপাদিয়া না দেখি তেমন। হা হা পিতা নদ্দ ঘোষ আছহ কেমনে। হইয়াছ আমার বিহনে।। কে করে একণে আর গোর্চে গোচারণ। ভোমারে বা বাধা জল দেয় কোন জন। আমারে করিয়া সঙ্গে এলে মধুরায়। দয়া হীন হয়ে আমি করেছি বিদায়।। পথে থেতে বুঝি তাত ত্যজিয়াছ প্রাণ। নহে কেন মম মন করে আন চান। কোথা রে জ্রীদাম সথা কোথা রে স্থবন। কোথা রে স্থদাম দাম জ্রীমধু-মঙ্গল।। ক্রেমে ক্রমে যত রাখালের নাম স্মরি। মনে মনে খেদ करत कार्यम और्दा । धवनी भामनी आपि कोशा गव शहि। আমার বিহনে বুঝি প্রাণে কেছ নাই।। কোথা রাধা কমলিনী কুঞ্চ আন্স আধা। কুঞ্চ ভাবে সমাকুল কুঞ্চ প্রেম সাধা।। কুঞ্ বিনা কিছু তুমি নাহি জান মনে। কুষ্ণকপ দেখ সদা শয়নে স্থপনে। কুঞ্চনাম জপমালা কুঞ্জপ ক্ৰিয়া। কৃষ্ণ হারা হয়ে প্যাব্রি আছ কি বাঁচিরা।। বলিতে বলিতে হরি মূর্চ্চাগত হন। পুনশ্চ সন্বিত পেয়ে পুনশ্চ রোদন।। কোণা রহিয়াছ রুল্দে প্রিয় সহচরি। ভোমার বৃদ্ধিতে বহু বিপদেতে ভরি।। ললিভা লবঙ্গলভা চিত্রা स्रात्नाहमा। हम्भक्विका हम्भावडी हन्द्रामना।। हेन्द्रुमूशी आपि অষ্ট প্রাধান্যে গণন। ইহা সহ যোড়শ সহস্র অষ্টজন ॥ একে একে° मकरताद यादि मरन मरन। व्यनियात यरत वादि कमन नग्ररन।। প্রকাশ করিয়া কোন কথা নাহি কন। দেবকী বিশ্বয়াপন্ন দেখিয়া রোদন।। কত মতে ডাকিলেন করিয়া যতন। কিছু নাহি কহি-লেন কমল লোচন।। ভাব দেখি বস্তুদেবে দেন সমাচার। বস্তু-দেব আদি দেখি ভাবেন অপার ॥ আইলা রোহিণী আদি যভেক

कननी। कारू मह कथा नाहि कन बहुमनि।। वनताम आंत्रि प्रिचि বুৰিলেন ভাব। ব্ৰহ্ম ভাব বিনা আর নহে অস্ত ভাব।। এত ভাবি বলদেব সকলেরে কন। এ স্থান হইতে সবে করহ গমন॥ একা আমি বুঝাইয়া কুফে সাজ্ব।ইব। ভন্ন নাহি না ভাবিহ এখনি पृश्वि ।। এত विन नकरमद्र विमाय कतिया। वनताम क्रूटक कन ঈষৎ হাসিয়া।৷ বুঝিয়াছি ওরে ভাই ভাব সমুদয়। ব্রঙ্গ ভাব মনোমধ্যে হয়েছে উদয়।। সে ভাবেতে ভাবান্তর হয়েছে ভোমার। বুঝিতে ভোমার ভাব সাধ্য আছে কার॥ কথন দয়ালু হও কখন कांग्रेन। कडू कारत कत ताका कारत कत्र मीन।। कह प्रिथि छाई তুমি বুঝায়ে আমায়। কি বুঝিয়া পিতা নন্দে করিলে বিদায়।। মাতা পিতা সখী দখা ভাই বন্ধুগণে। না রাখিলে কেন আনি মথুরা ভবনে ।। কুষ্ণ কন ব্রজবাদা ছাড়ি বৃন্দাবন । না রবেন কভু তারা এ মধুভূবন।। সস্তোষিত নন তারা রাজ্য ধন জনে। কেবল ক্ষামারে চান বসি রুক্লাবনে।। একারণে এখানেতে না পারি আনিতে। একারণ চিরদিন হইল কান্দিতে।। বলরাম কন ভাই শুনহ ৰচন। সংবাদ আনহ শীভ্র পাঠাইয়া জন।। আমাদের সমাচার দেহ পাঠাইয়া। ত্বরায় যাইব তথা এই আশা দিয়া।। আশার আত্রিত হয় মন্তব্য জীবন। আশাদানে সবাকার তৃপ্ত কর মন।। তাঁদের সংবাদে তৃপ্ত আমাদের মন। অবশ্য হইবে ভাই গুনছ বচন।। অসার ভাবনা আর নাহি কর মনে। ভাবনা যাহাতে যায় করহ একণে। শীঘ্র পাঠাইয়া দূত দেহ সেই স্থানে। শুনায়ে শুনিয়া শুভ আহ্বক এখানে॥ এত যদি বলরাম বচলন ৰচন। কারে পাঠাইৰ কৃষ্ণ ভাবেন তথ্ন।। পরম বৈষ্ণব হতে সাধু সদাশর। লাভালাভ সমভাব সম্ভোষ ক্রর।। শুদ্ধ শীল भारत पांच पुन्ति विठक्तन । वूर्याहेर्ड वृक्षिरंड मक्तम मर्स्सक्त ॥ मर्स्स শান্ত ছবিদিত অহস্কার হীন। অহিংসক হবে আর সর্ব্ব মুঞ্জীগ্র ছইলে এমন জন ছুত যোগ্য হয়। কে আছে এমন হেখা ভাবেন হনর।। আছেন অক্র খুড়া দর্ম গুণধান। আমারে আবিয়া

ব্রজে হয়েছে ছুর্নাম।। ভাঁহারে পাঠান ব্রজে না হইবে আর। এই হেতু ভাবিতেছি মনেতে অপার।। আনিয়া অবধি তিনি আছেন কোভিত। তিনি গেলে একে সার হবে উপস্থিত।। বলরাম কৰ কুষ্ণ আছে আর জন। উদ্ধব তোমার সধা মর্কা স্থলকণ।। ভাহারে ডাকিয়া তুমি পাঠাও তথায়। পাইবে পরম প্রীতি ব্রজ-বাসী ভায়।। ক্লফ কন দাদা ভাল করিয়াছ মনে। পাঠাব উদ্ধবে আমি ধাম রুশ্দাৰনে।। বৈষ্ণব বলিয়া তার আছে অভিমান। দে**থিলে ব্রজের ভাব যু**চিবেক ভান॥ প্রিয় বটে পাঠাইতে উচিত তাহায়। সকলে সংপ্রীত হবে শিকায় শিকায়॥ এত ভাবি কৃষ্ণ চক্র ত্যক্তিয়া রোদন। বলরাম সহ আসি বাহিরে তখন।। উদ্ধবে ডাকিয়া কন স্থমিষ্ট বচনে। একবার বাও দখা গোকুল ভবনে।। গোপ পোপী সখী সখা আদি সমুদায়। আমার কারণে আছে উৎকঠিত প্রায়।। সর্ব্ধশান্ত্র মতে অগ্রে বুঝাইবা নীত। না বুঝিলে আশা দিয়া আসিবা ত্বরিত।। তাঁহাদের স্থকুশল আমারে কহিয়া। স্থৃত্তির করহ স্থা সদয় হইয়া।। এত যদি ক্লফ্চন্দ্র স্কাতরে কন। শুনিয়া উদ্ধৰ মনে সস্তোষিত হন।। দেখিব গোকুল আর গোপ গোপীপণ। বুঝাব বুঝিব ক্রমে স্বাকার মন।। কাহার মনেতে কত ভক্তিভাব রম। কি ভাবেতে ক্লুফে এত করিয়াছে বশ।। ব্ৰহ্মা শিব ধ্যানে যোগে নাহি পান ঘাঁরে। গোপ গোপীগণে তাঁরে পায় কি প্রকারে।। ব্রজবাদী ভাবে কৃষ্ণ সতত অস্থির। কহিতে কহিতে কথা চক্ষে বহে নীর।। এত ভাবি মনে মনে উদ্ধব তথন। ক্লম্ভে কহিলেন জাজ্ঞা করিব পালন।। অবশ্য যাইব আমি গোকুল নগর। শান্ত করি সবাকারে আসিব সত্বর॥ এত ৰলি কুষ্ণ পদে প্রণাম করিয়া। চলিলেন কুষ্ণ স্থা সত্ত্বর হইয়া। আরোহি অপূর্ব্ব রথ করেন গমন। শিশুরাম দাসে ভাষে শুন माधुकन ॥

#### উদ্ধবের রুন্দাবনে গমন।

পরার। উদ্ধব উঠেন রথে সহুঠ অস্তর। চলে রথ শৃত্যপথে বায়ু করি ভর।। নিমেষে আইল রথ যমুনার ধার। দেখি মনে মনে ধীর করিয়া বিচার।। সার্রথি যে জন্মর্থ রাখি সেই তীরে। সান হেতু নামিলেন যমুনারনীরে।।কেশীঘাটে করি শীজ স্নানাদি তর্পন। নিত্যপূজা নিয়মিত করি সমাপন। উঠিলেন রথোপরে অতি শীত্রতর। সার্থি চালায় রথ দেখিতে ফুন্দর।। ধীরে ধীরে রথবর চালায় তথন। উদ্ধব বলেন ব্রজ করি দরশন।। ক্লুফ্ হেতু সমাকুল হইয়াছে সব। রোদন বিহনে আর নাহি কোন রব।। দেখিতে দেখিতে রথ আইল যখন। হইল তথায় এক আশ্চর্য্য ঘটন।। ক্লফা সধা ক্লফাসম সাজ সমুদয়। রখোপরে শৃত্যভরে रहेन उनग्र।। क्रम्थ नम नमूक्कृत क्रम्थ करतवत्र। क्रम्थ नम अवग्रव সকলি স্থন্দর ।। অর্জ্জুন জ্ঞাদাম আর উদ্ধব স্থধীর। এ ভিনের ক্রফ সঙ্গে অভিন্ন শরীর।। দূরে কোন গোপকন্তা উদ্ধবে দেখিয়া। কৃষ্ণ আইলেন ব্ৰজে মনেতে ভাবিয়া।। মগ্না হয়ে সেইক্ষণে আনন্দ সাপরে। সংবাদ জানায় পিয়া রাধার গোচরে॥ শুনিয়া এমতী সতী প্রত্যয় না পান। দেখিবারে শীত্রগতি রুন্দারে পাঠান।। বুন্দা গিয়া দূরে হতে হেরি অবয়ব। ক্লফ বলি হটাতে হইল অমুভব।। আনন্দে বিহ্বল হয়ে না করি বিচার। দ্রুত আসি রাধা কাছে দিলা সমাচার।। গুনিয়া রুন্দার মুখে রুষ্ণ আগমন। অবাক হইয়া রাধা রন অফুক্ষণ।। কিছুতে বিশ্বাস তাঁর না হইল মনে। দেখিতে চলেন দেবী ত্বরিত গমনে। সে সময় রাধিকার , শুনহ যে ৰূপ। করিতে ছিলেন দেবা গৃহেতে গো ৰূপ।। গো ৰূপ সেবনে হাতে গোময়ের তাল। মলিন বসন পরা মুক্ত কেশ-জাল।। গোষুত্র গোময় আর মৃত্তিকার ভাগ। **এ অকে** লেপেছে ছিটা বিন্তু বিন্তু দাগ।। তাহাতে হয়েছে অতি অপূর্ব্ধ শোভন। প্রফুল্ল কমলে যেন শোভে ভূজগণ ৷৷ তড়িৎ জড়িত যেন নীরদের ঘটা। হইয়াছে এমতীর এমঅপের ছটা।। গজেন্দ্র জিনিয়া ধনী

করেন গমন। সঙ্গেতে সঙ্গিনীগণ ধার অগণন।। উর্দ্ধে থাকি উদ্ধব করিয়া দরশন। লক্ষ করিবারে নারে রূপের লক্ষণ।। বিতর্ক করের মনে হইরা চঞ্চল। ভূমিতলে নামিল কি সৌণামিনী দল।। অথবা হইয়া বহুশতদল জড়। জল ছাড়ি স্থলে চলে অসম্ভব বড়॥ কিন্তা বহুচক্রোদর হইল অকালে। কিন্তা আচ্চাদিল দেশ স্বর্ণলভা জালে।। এইৰূপে বছবিধ বিভর্ক করিয়া। ক্রমে ক্রমে রথ সহ নিকটে নামিয়া। দেখিলেন প্রধানাকে সঙ্গে সখীচয়। অৱপা সৰূপা বিনা অন্য ৰূপ নয়।। তবেত উদ্ধব ধীর সানন্দ অন্তর। নামিলেন রথে হৈতে অবনী উপর।। উদ্ধবে দেখিয়া প্যারি হাসি-लन मरन। आहेल कूरकात्र मथा उक मञ्चायरम।। उक्रवामीरमत শোক শান্তির কারণ। পাঠালেন গ্রীনিবাস উদ্ধবে এখন।। উদ্ধ-বের মনে মনে আছে অভিমান। জগতে বৈঞ্চৰ নাহি আমার সমান। দর্পহারি দর্পনাশ করণ কারণ। বৈঞ্বতা দৃষ্ঠ হেতু করেন প্রেরণ।। দে দর্প উহার আমি বিনষ্ট করিব। নীতিদান ছলে যথা নীতি শিখাইব।। দূত হয়ে কুঞ্ সখা আইল ত্বরিত। পুরস্কার দিতে কিছু হয়ত উচিত।। বৈষ্ণবের ক্লফভক্তি হয় অতি ধন। উন আছে তুন করি দিব ভক্তিধন।। এরাধারে দেখিয়া উদ্ধব মহাশয়। রথ ছাড়ি ভূমিতলে অবতীর্ণ হয়। শ্রীমতির অপরূপ রূপ নিরক্ষিয়া। জানিল প্রধানা ইনি এক্লফের প্রিয়া।। শিশুরাম দাসে ভাষে শুন সর্বজন। উদ্ধবে রাধায় যাহা কথোপকথন।।

#### শ্রীমতীর সহিত উদ্ধাবের কথা।

পয়ার। অবিলম্বে পদব্রজে আদিয়া তথায়। উদ্ধব প্রণাম করি প্রীমতীর পায়॥ পরিচয় দেন আমি হই ক্ষণাস। উদ্ধব আমার নাম মধুরায় বাস॥ পাঠায়ে দিলেন হরি হইয়া চঞ্জ। ব্রজপুর বাসীদের জানিতে কুশল॥ মাতা পিতা সখী সখা ভাই ব্যুক্ত্রণ। আমার বিহনে সবে আছেন কেমন।। আর কহিলেন ক্লফ বিশেষ করিয়া। কুশলেতে আছি আমি মধুরা আসিয়া।। আমার কারণে কেই না হন ভাবিত। বুরাইয়া কবে সখা স্বার বিদিত।। অতএব আপনারা ভাবিত না হও। নিজ নিজ কুশ-লীয় বিশেষিয়া কগু।। ছুল্খ পরিহর কর শাস্তি আহরণ। ছদয়ে ভাবনা কর হৃদয়ের ধন।। সবাকার আত্মা হরি ষটে ঘটে বাস। আত্মাৰূপে দৰ্ম্ব ঘটে আছেন নিৰ্যাদ।। অন্তরে আছেন হরি নহেন অন্তর। অন্তরে ভাবিয়া স্থির করহ অন্তর।। এত যদি কহিলেন উদ্ধব স্থধীর। প্রাবণে গোপিকাগণে হইলা অস্থির॥ শোক শান্তি হবে কোথা ৰাড়িল দ্বিগুণ। অন্তরে প্রোক্ষ্রল হয়ে উচিল আগুণ।। বজ্রাঘাতে দগ্ধ যেন হয় তরুগণ। গোপীদের মনোদ্ধা হইল তেমন।। রুফ্ আসিবার আশা মনোমধ্যে ছিল। উদ্ধবের বাক্য শুনি সে আশা ঘুচিল।। অসুক্রণ মৌন হয়ে রহে গোপীগণ। নয়নে নির্বরে নীর না সরে বচন।। তবে বহুক্ষণ পরে রাধা ঠাকুরাণী উদ্ধবে কহেন কিছু স্থমধুর বাণী। শোক অমু-তাপ আর বিচ্ছেদের রাগে। উত্তর করেন দেবী উদ্ধবের আগে ॥

#### উদ্ধবের প্রতি শ্রীমতীর বচন।

পয়ার। শুনং কৃষ্ণস্থা কৃষ্ণের প্রেরিত।। সংবাদ শুনালে ভাল সময় উচিত।। শোক বিনাশিতে শোক বাড়িল দ্বিশুণ।
শুদ্ধ কাঠে সঞ্চারিলে জ্বলন্ত আগুণ।। কপট মানুষ কৃষ্ণ তুমি তার
চর। হিংসায় পূর্ণিত দেখি তোমার জ্বন্তর।। পরম বৈষ্ণব তুমি
পূর্বে শুনা ছিল। কপট বৈষ্ণব এবে বাকেয় জানাইল।। বৈষ্ণব
বলিয়া মিছা কর অহঙ্কার। বৈষ্ণবতা দেহে কিছু নাহিক তোমার॥
হিংসা পরিক্ষয় য়ার দেহে নাহি হয়। বৈষ্ণবতা কভু তার না হয়
উদয়॥ কোথা পাবে বৈষ্ণবতা দোষ তব নাই। নির্দায় তোমার
স্থা লক্ষ্য কানাই॥ নিজ জন হইলেও করে বিভূষন। নিজ
মর্ম্ম বুঝিতে না দেয় ক্লাচন।। দয়া প্রকাশিয়া আমি দেই উপ-

দেশ। বিংসা ধর্ম ত্যাগ আগে করহ বিশেষ। তবে তুমি ব্রজপুরে উপদেশ দিও। একবে একপ কথা হেথা না কহিও।। এইবংগ কহিলেন শ্রীমতী স্থুন্দরী। কোপ অমুগ্রহ হুই মুমিশ্রিত করি।। শুনিয়া রাধার বাগী উদ্ধাব তখন। কিঞ্জিৎ হুইল মনে কোপ সন্দীপন। বিক্সুরিত মুখাস্থুজ কাঁপে ওঠাধর। কিন্তু ভর উপজিল না সরে উত্তর।। ক্লুফের প্রেরসী রাধা প্রধানা নির্যাস। কেমনে করেন কোপ সহসা প্রকাশ।। বহুকণ বিবেচিয়া উদ্ধাব মুধীর। উত্তরে উত্তর দিতে করিলেন স্থির।।

#### এমতীর বচনে উদ্ধবের উত্তর।

পরার। করবোড় করি বীর রাধার গোচর। রোবে রদ মিলাইয়া করেন উত্তর।। ক্রফের সংবাদে কিন্দে ঘটল অহিত।না
বুঝিতে পারিলাম তোমাদের রীত।। হিতে বিপরিত ভাব এ ভাব
কেমন। অকারণে কহ কেন পরুষ বচন॥ কি ভাব অভাব দেবি
আমার দেখিলে। ধর্ম হীন অবৈষ্ণব কি হেতু বলিলে॥ কি হিংসা
করেছি আমি তোমাদের পায়। হিংসক বলিয়া কেন নিন্দহ
আমায়॥ নারীর স্বভাব বুঝা অতি বড় ভার। দেবতা না পাল
পার মন্থ্য কি ছার।। বিশেষতঃ পরভাবে রমণীর মন। কুদাচিত
বুঝিতে না পারে কোন জন॥ নিজদোষ না করেন কভু দরশন।
পার দোষ প্রকাশিতে বুদ্ধি বিচক্ষণ।। আপনি গোপের কুলে
আয়ানের রাণী। ক্লফের প্রেয়সী শ্রেছা জ্যেষ্ঠা ঠাকুরাণী॥
আমার কি সাধ্য দিতে তোমার উত্তর। কি হৈতু পরুষ বল বলগো
সত্ত্র।। হিংসক বলিলে কেন বুঝাইয়া কও। কুফের কিস্কর
আমি নির্দ্ধয়া না হও॥

### উদ্ধবের কথায় শ্রীমতীর প্রত্যুত্তর।

পরার। উদ্ধবের কথা শুনি জীমতী তখন। ঈষং হাসিরা পুন: ক্রেন বচন।। বট হে ক্রফের সখা বলিলে বিস্তর। রোষ রস মিলাইরা করিলে উত্তর।। বিনয়েতে ব্যাক্ষ কথা অনেক বলিলে। পর ভাবে ভাবাত্মিকা বলিয়া নিন্দিলে।। অগ্রেতে এবণ কর ইহার উত্তর। তোমার হিংসার কথা বুঝাইব পর ॥যে পর ভাবিনী গোপী তার পর নাই। প্রদোষ নাহি তাহে পবিত্র সদাই।। বালিশতা ত্যজিয়া স্থন্থির কর মন। বিশেষে প্রমাণ কহি করহ এবণ।

### यथा नर्भ न প्रमानः।

বিরোধিকা ভক্তিপথে যদিস্যাং। পিতা পতির্কাঞ্জরগ্রজে। বা।। তথাপি ত্যজ্যে ভগবজ্জনানাং। সতাক্ষতোহয়ংনতু বালিশানাং।।

পয়ার। ভগবত ভক্তিপথে বিরোধি যে জন। সাধুর সম্বন্ধে
হয় ভাজ্য সর্কাশন। মাতা পিতা পতি ভাতা গুরু যদি হন।
তথাপিও পরিতাজ্য শাস্ত্রের বচন। সতের সম্বন্ধে এই বিশেষ
প্রমান। মূর্খের পক্ষেতে ইছা না হয় বিধান। এত যদি কহিলেন
রাধা ঠাকুরানী।। উদ্ধাব প্রণত হয়ে পুনং কন বানী। যে কহিলে
য়াকুরানী অন্তুত বচন। দেখাও প্রমান কেবা করেছে এমন।।
কোন দতে পিতা মাতা গুরু তাজিয়াছে। পতি পরিত্যাগে কেবা
সতী হইয়াছে।। রাধাকন শুন তুমি হয়ে এক মন। একে একে
সপ্রসান করহ দর্শন।।

প্রহ্লাদেন পিতাত্যক্ত্বা মাতাচ ভরতেনহি। বলিনা ত্যক্তমাচার্য্য বিদ্বরেন স্ববান্ধবা।। ব্যুমার্থে স্ক্রজনং হিন্তা ভ্রাতরঞ্চ বিভীষণং। গোপ্যো গোপপতিং হিন্তা গোবিন্দ শ্রণং গতাঃ।

# দ্বিতীয়ভাগ।

### ं**श्रेशाम**। " १३

কশ্যপ মুনির পুজ দিতি গর্জাত। হিরণ্যকশিপু নামে বিজুবন খ্যাত।। মহারাক্ষ চক্রবর্ত্তি দৈত্যের প্রধান। প্রহ্লাদ নামেতে হৈল ভাহার সন্তান।। পিভা আর পিভূ মত করি পরি-হার। শ্রীহরির পাদপত্ম করিলেক সার।। পিভূ ভ্যাগী বলে ভারে কে করে নিন্দন। প্রশংসা করয়ে যত জগতের জন।। মহাপুণ্য ধর ধীর সভের প্রধান। বল কেবা আছে সং প্রহ্লাদ সমান।। শুক মুক্ত প্রহ্লাদো বা বলে মুনিগণে। প্রহ্লাদ সমান গাধু নাহি বিজুবনে।।

#### ভরত ৷

আর দেখ সূর্য্যবংশে বিষ্ণু অবতার। চারি অংশে পূর্ব দশ-রথের কুমার।। কৌশল্যার গর্ম্ভলাত শ্রীরাম প্রধান। দিতীয় ভরত নামে কৈকেয়ী সন্তান।। শক্রন্থ লক্ষণ ছই স্থমিত্রানন্দন। মহাক্ষা এ চারি জন বিদিত ভুবন।। পূর্ণ ব্রহ্ম রামে হয়ে কেক্য়ী বমুখ। বাঞ্ছিতা ইইয়া মনে ভরতের স্থখ।। ভরতের অজ্ঞানত করিয়া কপট। যাচিয়া লইল বর রাজার নিক্ট।। এক বরে রামচন্দ্রে বনবাস দিল। আর বরে ভরতেরে রাজ্য সমর্পিল।। ভরত জানিয়া পরে মাতৃ ব্যবহার। জননীর মুখপদ্ম না হেরিল আর।। রামের পাছকা পূজি কাল কাটাইল। ভরতেরে ধন্ত ধন্ত জগতে করিল।। মাতৃ পরিহার হেতু না ইইল পাপ। ভরতের নাম নিলে খণ্ডয়ে ত্রিভাপ।

#### বলি।

ভদত্তে দেখহ বলী বিরোচন হত। প্রহ্লাদের বংশজাত সর্ব গুণযুত।। বাছবলে ত্রিভুবন করিল শাসন। যার ভয়ে শক্কিত সর্বাদা দেবগণ।। পরম পণ্ডিত বলি ইষ্ঠ কাষে রত। যাগ যজ্ঞ ত্রতদান করে অবিরত।। কত দিনে নিজ গুরু পুরোহিত লয়ে।

যক্ত শেষে বনিলেক কল্পত্ত হয়ে।। যেই যাহা ৰাঞ্জা করে তাহা **प्तित्र मान। 'याज देशन माज नाहे वनित्र ममान।। तम ममरत्र प्रिव-**ভার করিতে স্থসার। বামন কপেতে হরি হয়ে অবভার।। বলির বজ্জেতৈ গিয়া হয়ে অধিষ্ঠান। ছলেতে ত্রিপাদ ভূমি যাচিলেন দান। বলি বলে মহাশয় যাচ কিছু আর। ত্রিপাদ ভূমিতে তব কি হবে স্থসার।। বামন বলেন আর কিছু নাহি চাই। পাইলে ত্রিপাদ ভূমি তুষ্ট হয়ে যাই।। বলি বলে কথা কহ অবোধের মত। বামন বলেন বলি প্রয়োজন যত।। বলি বলে এ ভূমিতে কিবা হবে কাষ। বামন বলেন তুমি দেহ মহারাজ।। প্রয়োজন যাহা আমি তাহাই লইব। অধিক লইয়া বল কি কার্য্য করিব॥ কল্প-তর্কী হয়ে তুমি বসেছ রাজন। বাঞ্ছামত দান দিবে এই তব পণ।। কি কারণে বারবার বাড়াও বচন। যাহা চাহি তাহা দিয়া ভুষ্ঠ কর মন।। একপে বামন যদি কন বারবার। কি করেন বলি রাজা করেন স্বীকার।। গুরুকে হলেন বলি পড়াও বচন। বামনে ত্রিপাদ ভূমি করিব অর্পণ।। গুরুদেব শুক্রাচার্য্য দেখিয়া বামনে।। ধ্যান-বোগে জানিলেন যত বিবরণে।। বলিরে বলেন গুরু গুনহ রাজন। বামনেরে না ভাবিবে সামান্য বামন।। দেবতার কার্য্যহেতু বিষ্ণু - অবতার। লইবেন ত্রিপদেতে এ তিন সংসার। সর্লনাশ হবে তৰ না থাকিবে স্থান। কদাচিৎ বাদনে না দেহ ভূমিদান।। বলি বলে শুরুদেব না করে। বারণ। বামন রূপেতে যদি দেব নারায়ণ। ভিক্ষা হেতু আইলেন আনহয়ে আনার। ইহার অধিক বল কিবা ভাগ্য আর ।। স্থান মান আর মম ধন প্রাণ মন। বামন দেবেতে 'আজি করিব অর্পণ।। যদর্থে করয়ে লোকে ব্রত যজ্ঞ দান। সে প্রভুষাচেন ভিক্ষা এ বড় সম্মান।। এত যদি বলিরাজ বলিল বচন। ক্রোধে গুরু তারে নাহি পড়ান বচন।। গুরু গুরুবাক্য বলি করিয়া বর্জন। বাননে ত্রিপাদ ভূমি করিলা অর্পণ।। বলি শিরে পুত্সরৃষ্টি করে দেবগণে। বলির সমান সাধু নাহি ত্রিভুবনে॥ শুরুত্যাগী বলে বল কে করে নিক্ষন। একমুখে শত ধক্ত দেয় সর্বাজন্য।

#### বিছুর।

বিছর অমাত্য শ্রেষ্ঠ কৌরবের বংশে। মহাপুণ্যধর ধীর ধর্ম্ম রাজ অংশে।। বাস হতে জন্ম যার বিদিত ভুবন। পরম ধার্ম্মিক যারে বলে সর্ব্ধ জন।। কৌরব পৃথিবী পতি বান্ধব যাহার।। অর্থ জনাটন কিছু নাহিক ভাহার।। মূঢ়মতি অধার্ম্মিক জানিয়া রাজনে। নাহি খায় রাজ অয় জানে জগজনে।। বান্ধবে ত্যজিয়া করি ভিক্মায় অটন। কপ্রেতে করয়ে নিজ উদর পোষণ।। ত্যজিল বান্ধব বলে কে তাহারে দোষে। ধার্ম্মিক বিছর বলি ত্রিভুবনে ঘোষে।। আর দেখ মহাসত্ব মহীতে বিদিত। যার গুণে ভগবান আপনি বাধিত।।

#### বিভীষণ।

রাক্ষসকুলেতে শ্রেষ্ঠ রাজা দশানন। যার ভয়ে দেবগণ ভীত সর্বাক্ষণ।। বাহুবলে ত্রিজগৎ করিল শাসন। তাহার ঐশ্বর্য কথা অসাধ্য বর্ণন।। চক্র যার ছত্রধারি ইন্দ্র মালাকর। অশ্বের যোগান যাস যিনি দণ্ডধর।। লঙ্কাতে বসতি করে সহিত স্বগণ। তাহার অসুজ ধর্মাশীল বিভীষণ।। বিভীষণ করিলেক যে কর্ম্ম ভীষণ। বিভারিত কৃষ্ণস্থা করহ প্রবণ।। দশানন ছপ্তশীল পাপ কর্ম্মে মতি। পরস্ত্রী লইয়া সদা স্থথে ভুঞ্জে রতি।। যে খানে স্থক্ষরী নারী দেখে দশানন। বলৈতে হরিয়া আনি করয়ে রমণ।। দেবক্রনা হরি আনে জিনি দেবতারে। নাহিক এমন জন নিবারে তাহারে।। কত দিনে স্থ্যাবংশে রাম অবতার। পরম কপনী শীতা বনিতা তাঁহার॥ বনবাসী রাম পিতৃসত্য পালিবারে। অসুজ্জ লক্ষ্মণ আর শীতা সহকারে।। করিলেন অধিবাস পঞ্চষটী বনে। স্থপিখা দিয়া ক্রছে রাজা দশাননে।। সীতার ক্রপের কথা করিয়া

প্রাবণ। অধৈষ্য হইল অতি রাবণের মন।। মারীচে সহায় করি মায়াতে আদিয়া। কন্দীৰূপা সীতাকে সে লইল হরিয়া।। অভি-শাপ ভয়ে ধর্ম নাশিতে নারিল। অশোক বনেতে লৈয়া গোপনে রাখিল।। সন্ধান পাইয়া রাম অতি ক্রোধ মনে। চলিলেন লঙ্কা-পুরে রাবণ নাশনে।। বনেতে বানরী সেনা করিয়া সঞ্চয়। সমু-**जित्र छी**रत भित्रो रत्नन উनत्र ।। नक्कात्र योहेर्छ शथ करतन सम्मत्र। প্রস্তরে বাজেন সেতু সমুদ্র উপর।। এসব সংবাদ শুনি রাজা দশানন। রাম সহ যুদ্ধ হেতু করিল মনন॥ বিভীষণ গুনি হয়ে সভীত অন্তর। বারণে বুঝায়ে কহে করি যোড় কর।। মতুষ্য নছেন রাম দেব নারায়ণ। তাঁহার বনিতা লক্ষ্মী শুনহ রাজন।। রাম সহ যুদ্ধে কারু নাহিক নিস্তার। অতএব রাখ রাজা বচন আমার।। মান রাথ প্রাণ রাথ রাথ বংশচয়। অকর্মেতে আত্ম-কুল নাহি কর ক্ষয়।। রামেতে রামের সীতা করিয়া অর্পণ। সুখেতে কাটাও কাল লয়ে নিজ জন।। এইকপে বিভীষণ ক**হি**ল যখন। শুনিয়া রাবণ হৈল ক্রোধে হতাশন।। মহাক্রোধে মারে नाथि विजीयन भिद्र । क। श्रूक्ष वनि वद्य नित्म किद्र किद्र ॥ অনীত দেখিয়া কর্ম্ম ধীর বিভীষণ। জ্যেষ্ঠ ত্যজি সেই ক্ষণে করিল গমন । রামের চরণে আসি লইয়া শরণ। ভাতৃভেদী হয়ে কৈল मदर्रम निधन ॥ त्रारमरत्र मञ्जग मिया वर्ग विनानिन । उथानि ভাহার কিছু পাপ না জন্মিল। পরম ধার্মিক বলি বলে বিভী-यत्। त्वश्र क्रूटकृत्र त्रशा विष्ठातिया मत्न।।

#### (नाभीनन।

পয়ার। জগতের পতি কৃষ্ণ পতিতপাবন। জানি গোপীগণ করি পতিত্বে বরণ।। পতিরে পতিত্ব কপে করিলে ভজনা। পর-কীয় দোষ ভাহে না হয় ঘটনা।। দেখহ উদ্ধর ভুমি বিবেচনা করি। আনা কপে পতি দেহে আছেন শ্রীহরি।। সর্ব্ব দেহে আনা মন সমর্পণ করি। পবিত্র হয়েছে গোপীগণ সর্ব্বোপরি।। পুর- ভাবা নহে গোপী পরাত্ম ভাবিনী। বিতর্ক না কর ইথে নিশ্চিত কাহিনী।। প্রীমতীর কথা শুনি উদ্ধব লক্ষিত। করবোড়ে কন কথা হইয়া সভীত।। অপরাধ করিয়াছি নাহি কর রোষ। ক্ষেত্র কিঙ্কর জানি ক্ষমা কর দোষ॥ মন জানিবার জন্য করিয়া ইঙ্গিত। জানিলাম তত্ত্বময়ি গোপিকা চরিত।। রাধা কন দোষ আমি না দেই ভোমারে। তুমি হও ক্ষফ সখা পার বলিবারে।। তত্ত্বকথা কহিলাম প্রবোধে ভোমার। এতত্ত্বে ভোমার বহু হবে উপকার।। একণে হিংসার কথা করহ প্রবণ। বড় স্ক্র হয় সখা বৈষ্ণব

#### हिश्मा श्रक्ता।

मक्कन हिंद्र यांशं कित्रित अवन । धक्करन छन्द किंह दिश्मात कथन । कर्मा क्रांस यकि दर्गन विश्वतानम् वस् । देवस्वदेवत धर्मा তাহে পায় পরিক্ষয়।। হিংসা সে হিংসক বড় ধর্ম্ম বিনাশনে। সর্বাদা ভ্রমণ করে অনিষ্ঠ করণে।। কোন ভাবে বঞ্চে কোথা কোন ভাবে গতি। বুনিতে তাহার তত্ত্ব স্থকটিন অতি।। দেহ-ধানে থাকি করে দেহীর অহিত। বড়ই বিষম সেই হিংসার চরিত।। এই হেতু ভোমা প্রতি কহি তত্ত্ব সার। সদা সাবধানে রবে নিকটে হিংসার।। ব্রহ্মপুরে এলে ভূমি করিবারে হিত। ক্রফ তত্ত্ব কথা কয়ে বঝাইলে নীত।। ইহাতেও হৈল তব হিংসা উদ্দীপন। বিশেষ বুঝায়ে বলি করহ শ্রবণ।। ক্লফ আদিবার আশে ব্রজ গোপী-গণ। করিয়া স্থত্তাশা তরু অন্তরে স্তজন।। হৃদয়ের মধ্যে তারে ষতনে স্থাপিয়া। বাহিরের আঁখি বারি হৃদি মধ্যে নিয়া।। ফে তরুর মূলে করি দে জল সিঞ্চন। বহুদিনে তরুবরে করিল বর্দ্ধন॥ নবীন পল্লবে হৈল ছায়া স্থশীতল। ক্রমে তাহে জন্মিলেক বহু ফুল कता। तम बूटक्र प्रांतन विमि विश्वमा मन। करनत अपूछ तम করিত ভক্ষা। অহর্নিশি কৃষ্ণ নাম মুখে উচ্চারিরা। রেখেছিল গোপীগণে সম্ভোষ করিয়া।। একণে আসিয়া তুমি সমাচার দিলে।

क्ष्य नाहि जानित्वन छात्व कानाहिल ॥ वाका क्रांति छङ्क कतिल एक्षन । उपाहिल शांतिकात विष्क्रम मन ॥ এतक क्ष्य-मृना एक जाना देश नाम । मनशकी खत्म मृत्य कीवत कि जान ॥ এই एक्ष वातिथाता नग्रत्न विष्ठ । त्कर त्कर मृष्ट्री स्त्र धतात्व शिक्षण ॥ मर्मात्क्रम कथा करत्र हिश्मा उशिर्कित्त । क्ष्य मथा स्त्र क्ष्यकामिनी नानित्त ॥ वफ् स्ट्रम्स स्त्र मथा देवस्वत्त धर्मा। जूमिक जविक्व नर तृत्व एम्थ मर्मा ॥ यिन वन विनत्ताहि यथार्थ वहन । जिल्ला स्टेश्न कार्य कथन ॥ मर्क्य मार्त्व मार्त्व मृनिगर्ण करत्न वर्णन । ज्विष कत्र कात्र श्रमण वहन ॥

#### यथा।

সত্য স্থুরাৎ পিয়মুয়ারক্রয়াৎ সত্যমপ্রিরং। প্রিয়ঞ্চ নান্তমুয়া দেশধর্মঃ সনাতনঃ॥

সত্য বলিবেক যদি প্রিয় সত্য হয়। অপ্রিয় বচন সত্য বলা বিধি নয়।। মিথা করে প্রিয়বাক্য না কবে কথন। ধর্মাক্ত জনের এই ধর্মা সনাতন।। এত বদি কহিলেন রাধা ঠাকুরাণী। উদ্ধবের মুখে স্লার নাহি সরে বাণী।। অমুক্ষণ মৌন হয়ে থাকি মহাধীর। কর যুড়ি কন কিছু বচন গভীর।৷ যে কথা কহিলে দেবি কথা চমৎকার। ক্রপা করি জানদান দিলে গো আমার।৷ ক্লফের প্রেয়সী তুমি প্রধানা সবার। আমি মূড় কি জানিব প্রভাব তোমার।৷ আজ্ঞা কর কোন কর্মা এক্ষণে করিব। কি ক্রপেতে 'ব্রক্তবাসীগণে সাস্থাইব।৷ রাধা কন বাহু তুমি নন্দের আলয়। ক্রমে ক্রমে কৃষ্ণ কথা কবে সমুদয়।৷ কুশলীয় বচনেতে সবে বুঝাইবে। আশা ভঙ্গ নাহি হয় এক্রপে চলিবে।৷ যশোদার সহ কথা কবে সাবধানে। দেখো যেন ব্যথা তিনি নাহি পান প্রাণে।৷ জীদাম স্থদাম আদি সখা যত জন। ক্রমেতে সবারে তুমি করিবে সাস্থন।৷ নন্দের নিকটে পাবে বহু সমাদর। উক্ত-

রেতে তত্ত্ব কথা জইবে বিশুর।। ক্রফের মঙ্গল কথা হবে সর্বাঞ্চণ। প্রবণ করাবে আর করিবে প্রবণ।। কিছু দিন থাক তুমি এ ব্রজ ভবন। শ্রামকুণ্ডে স্থান কর বন পর্যাটন।। প্রতিদিন প্রাতঃনান করি-সমাপন। জামাদেরে ক্রফ কথা করাবে প্রবণ।। ইথে তব হইবেক বহু উপকার। বৈফ্রবতা রুদ্ধি আর জ্ঞানের সঞ্চার।। পরে তুমি মধুপুরে করিয়া গমন। কুবুজা-কান্ডেরে কবে ব্রজ বিবরণ।। বিশেষিয়া জামাদের কবে দুঃখ কথা। মরমে থাকিল সখা মরমের ব্যথা।। উদ্ধবেরে এত বলি প্রীমতী স্থলরী। নিজালয় যান নিজ্ঞ সখা সক্রের এত বলি প্রীমতী স্থলরী। নিজালয় যান নিজ্ঞ সখা সক্রের এত বলি প্রীমতী স্থলরী। নিজালয় যান নিজ্ঞ সখা সক্রের করেন গমন।। পদব্রজে চলিলেন উদ্ধব ধীমান। সারথি লইয়া যায় পশ্চান্ডেতে যান।। মতান্তরে নন্দপুরে জপ্রেতে গমন। পরেতে রাধিকা সহ কথোপকথন।। প্রভাবের মন্দপুরে অত্রেতে গমন। পরেতে রাধিকা সহ কথোপকথন।। প্রভাবের মন্দের মনে গমন।। শিশুরাম দাসে ভাবে শুন সাধুগণ। নন্দের নিলয়ে উদ্ধবের আগমন।।

#### नक्तालद्य উদ্ধানের আগমন।

ত্রিপদী। নন্দালয় অভিমুখে, উদ্ধাব চলেন স্থাখে, মুখে ক্লাফ্রন্থন। নবঘন ছ্যতি কায়, হরি নামাঙ্কিত তায়, কপালেতে তিলক শোভন।। অতি অপকাপ কাপ, অভিন্ন ক্লেফ্রের রূপ, চিহ্লমাত্র বিভিন্ন কিঞ্চিত। ভ্রুপদ হীন বক্ষ, ধ্বজবজ্রাঙ্কুশ লক্ষ্ক, চরণেতে নহে সমন্ধিত।। আর যত অবয়ব, ক্লেফের সমান সব, হেরি লোক হয় চমকিত। বলে এবা কোন জন, অকমাং কি কায়শ, বৃন্দাবন মাঝে উপনীত।। এইকপে লোকে ভাবে, উদ্ধাব শীক্ষক ভাবে, নন্দপুরে করেন প্রবেশ। এথা নন্দ মহাশয়, সহ যীয় মন্ত্রীচয় ক্লফ্ ভাবে আছেন আবেশ। সে যে ভাব অতি ভাব, কায় সাধ্য বর্ণে ভাব, শোক ভাব সাগর সমান। মনেতে উঠিছে ডেউ, নিবারিতে নারে কেউ, অনিবার তরঙ্গ তুকান।। ব্যাপিয়া

भंतीत चून, जाँचि शर्थ शांत्र कन, यन जात वना नाहि बाता। एकन করি ভূমিতল, প্রবেশিছে রসাতল, হেরিলে যে বোর্ষ হয় তার ।। জলেতে প্লাবিত অতি, দৃষ্টির নাহিক গতি, স্বস্তাকার আছেন विनिया। प्रिचिया উদ্ধव धीतं, वात्कात ना शान च्हित्र विद्यान অবাক হইয়া।। অনুক্ষণ থাকি তথা, বিবেচিয়া ইষ্ট কথা, ধেয়ে গিয়া করি প্রণিপাত। করি উচ্চ উচ্চারণ, কুফের সংবাদ কন, নন্দ অগ্রে যুড়ি ছুই হাত।। উদ্ধব আমার নাম, আবাস মধুরা ধাম, তোমার কুফের দাস হই। এই মম পরিচয়, শুন শুন মহা-শয়, ক্লুফের কুশল কথা কই।। যেই মাত্র এই কথা, উদ্ধব কৰেন তথা, ভনি নন্দ চমকিয়া চান। শোক বারি নিবারিয়া, দৃষ্টি পথ প্রদারিয়া, উদ্ধবেরে দেখিবারে পান। ক্লফের সমান কায়, দর-শন করি তায়, কৃষ্ণ ভাবে করিলেন কোলে। এসো এসো বাপধন, বলি করি সম্বোধন তুষিলেন স্থমধুর বোলে।। উদ্ধবের পরিচয় বিশেষণ সমুদয়, পূর্ব্বে হতে আছেন বিদিত। সংপ্রতি শ্বসমাচার, শুনেছেন স্থবিস্তার, সখ্যভাব কুফের সহিত। তাহাতে বাড়িয়া স্নেহ, পুলকে পূরিয়া দেহ. কোলে নিয়া উদ্ধব স্থধীরে। পুনঃ পুনঃ সালিঙ্গিয়া, মুখে শত চুম্ব দিয়া, জিজ্ঞাসেন কথা ধীরে ধীরে॥ कर ताङ् वित्मिषियां, आमात्त विमाय मियां, क्रुक मम आइत्य কেমন। থাকি মথুরার কোষে ছুঃখিত এ নক্ষঘোষে, পিতা বলি করে কি শারণ। ভালত আছয়ে রাম, করে কি আমার নাম, বস্থ-দেব স্থাত স্বল। সহিত সে যতুবল, বল বাছা বল বল, আমার क्रस्थत स्कूभंग। এই कर्ल वात्रवात, डेक्टवटत ममाठात, जीनन करतन जिड्डामन। भिन्दताम नाटम ভार्य उक्कर अमित्रा छारयः কুষ্ণের কুশল কথা কন।।

অথ উদ্ধব কৃষ্ণসংবাদে নন্দকে সাস্ত্রনা করেন।

পরার। করপূটে উদ্ধব করেন নিবেদন। ক্লফের কারণে কিছু না কর চিন্তন।। কুশলে আছেন ক্লফ বলরাম সহ। ভোমা- দের হেতু তাঁর চিন্তা অহরহ।। কংস বিনাশন পরে তোমা পাঠা-ইরা। উগ্রেদেন ভূপতিরে রাজ্য সমর্পিরা।। যৌবরাজ্যে অভিষিক্ত **बहेशा जाशनि। त्राक्रकार्ट्या जना वाल निवन तक्रमी।। इरहेरत** नमत्न ताथि नमा नर्सकः। भूक नम श्रकांभरः करत्रन शासन । প্রজাগণে পূজা কুষ্ণ করে দিবানিশি। নির্ভয়েতে ইষ্ট চিস্তা করে মুনি ঋষি।। ভোমার ক্লফের যশে পূরেছে সংসার। একমুখে কড গুণ কহিব ভাঁহার।। কংস কারাগারে যত ছিল বন্দিগণ। শিষ্টজনে শীভ্র গতি করিয়া মোচন।। দরিদ্র দীনের তুঃখ করি বিনাশন। হইয়াছে নাম তার দারিদ্রভঞ্জন।। অরাতি-স্থদন নাম শক্র বিনাশনে। কংসারি বলিয়া ডাকে কংস নিপা-তনে।। পতিত জনের ক্লফ করি পরিত্রাণ। পতিতপাবন <mark>বলি</mark> হয়েছে আখ্যান।। হেরিয়া ক্লফের ৰূপ চিন্তা করি মনে। চিন্তামণি विन नाम दिना मूनिशर्ग ।। अथवा हिटलुन क्रूष्ठ मकरनद्र हिछ। একারণে চিন্তামণি নামতে বিদিত।। কুষ্ণ হেতু কোন চিন্তা নাৰি কর মনে। পরম জীবন ক্লফে দেখে প্রতিজনে।। তুঃখ লেশ নাহি তার সদা হুখে রন। তোমারে সংবাদ দিতে আমা প্রতি কন।। অতএব মহাশয় তু ধ পরিহর। কুফে স্থখময় জানি মনঃ স্থির কর।। এইৰূপ বহুবিধ বচনে উদ্ধব। ভঙ্গিতে জানান ক্লফ নূহেন মানব।। শুনিয়া ক্লফের স্থখ নন্দ মহাশয়। পুলকেতে পরিপূর্ন रहेन क्तर।। शूर्त कार्या औक्रत्यक रहेन ऋत्। उद्गत्तत स्म সকল করান্ আবণ।। এইকপে ছুইজনে কথা সেইখানে। উদ্ধৰ আইল রাণী শুনিলেন কাণে। ক্রফ্দর্যা আসিয়াছে সমাচার নিয়া। শুনিয়া যাইতে চান বাহিরে ধাইয়া।। শরীরে শকতি নাই ছিলেন শয়নে। উঠিতে আছাড় খান কি সাধ্য গমনে।। ছুই চকে শতধারা বহে অনিবার। জলেতে আচ্ছন্ন আঁখি দেখেন আঁধার॥ অধিকস্ত সে জলেতে পিচ্ছিলা অবনী। চলিতে চরণ সরে পড়েন অমনি।। ধনিষ্ঠা স্থমুখী আদি সখী চারিজন। রাণীর ছর্দ্দশা দেখি क्तरप्र (त्रामन।। উटेक्ठःश्वरत यत्न क्रुयः कि कार्या कतित्व। भांक

সলিলধি মাঝে মায়ে ভুবাইলে॥ এত বলি খেদ করি উঠিয়া তথন। রাণীরে ধরিয়া নিয়া করয়ে গমন।। বংসে যেন গাৰীগণ ডাকে হাস্বারবে। সেই মত নন্দরাণী ডাকেঁন উদ্ধবে।। কে আইলি ক্লুঞ্চ সথা বাপরে আমার। অভাগীরে মা বলিয়া ডাক একবার।। শুনিরাছি তুমি নাকি কৃষ্ণ সখা হও। কুষ্ণের সংবাদ বাছা কোলে বলে কও।। ক্রীর সর নবনীত করিয়ে ভোজন। মা বলিয়া জন-नीत यूड़ाও कीवन ।। घरत आत मा विनाट नाहि अग्र कन । ছाड़ि-शार्ष्ट्र मीनमिन कीरम कीरम शा कृमित क्रस्थत मधा क्रस्थ नतन মানি। তুমি মা বলিলে ভৃপ্ত হইবেক প্রাণী॥ রুষণ কাঙ্গালিনী আমি ওরে বাছাধন। একবার মা বলিয়া যুড়াও জীবন।। ইহা বলি নন্দরাণী কান্দে উল্লৈখনের ৷ ভাব দেখি উদ্ধবের চক্ষে জল বারে। উদ্ধাব পারম প্রাক্ত মায়া ক্ষীণ কায়। মায়াতে মায়ার বৃদ্ধি লোকে বলে তায়।। মায়াতে আঠুত হয়ে স্থাীর ধীমান। ক্রতগতি আসি যশোদার সন্নিধান।। ভূমি লুঠি প্রণিপাত করিয়া চরণে। মা বলিয়াকথাকন মধুর ৰচনে। রাণী বলে আগে বাছা খাও কীর সর। পশ্চাতে শুনিব আমি তোমার উত্তর॥ এত বলি ক্ষীর সর নব-নীত আনি। কুফবুদ্ধো উদ্ধবের মুখে দেন রাণী॥ উদ্ধব ভাবেন ধন্য রাণ্নী যশোমতি। বাৎসল্যেতে বান্ধিয়াছ বৈকুঠের পতি॥ কুঞে এত ভাব যার কি ভাবনা তার। অপার ভাবাব্বিবারি হইয়াছ পার। এইকপে মনে মনে করি প্রশংসন। ক্ষীর সর নবনীত করিয়া ভোজন।। করবোড়ে কন মাতা প্রবণ করহ। কুশলে আছেন ক্লফ বলরাম সহ।। তোমার কারণে সদা করেন শোচন। ভাবেন জননী মম আছেন কেমন॥ রাজকার্ষ্যে বদ্ধ হেতু না পারে আদিতে। আমারে পাঠায়ে দেনকতামারে দেখিতে।। রাণী বলে ভালত আছয়ে নীলমণি। সত্য করি মম কাছে বলরে বাছনি॥ কি খার তথার বল গোপাল আমার। দেবকীত দেন ননী ক্ষুধা হলে ্ তার।। উদ্ধব বলেন নাতা কর গো আবণ। শ্বঃপ্রভাতে হয়েছিল বেকপ ঘটন।। তোমার মতন করি খাওাবায় তরে। ভাবিয়া দেবকী

**(एवी जाश्रम अख्युत ।। कीत मत नवनीए किन्न जारबोक्य । यह**रम স্থবর্ণ পাত্রে করিয়া পূরণ।। প্রভাতে এলেন ক্লুফে করিতে অর্পণ। हिजकार्या विभन्नीज हहेन ज्थन।। ननी मिथि क्रुक्षान्य मिवनीत ·করে । তোমারে ছইয়া মনে চকে জল করে । কোথা মা যশোদা বলি ছাড়েন নিশ্বাস। না করেন কোন কথা মুখেতে প্রকাশ।। দেবকীর দিকে হরি ফিরে নাহি চান। নবনী মাধন ক্ষীর কিছু নাহি খান।। তাহে তথা গগুগোল হইল বিস্তর। না বুঝি কুম্থের ভাব সকলে কাতর॥ বহু কণে বলদেব করি অনুমান। নিভূতে আনিয়া ক্লুফে অনেক বুঝান।। ভার পরে ছইজনে মুস্ত্রণা করিয়া। আমারে তোমার তত্ত্ব দেন পাঠাইয়া।। তোমা প্রতি যত ভাব ক্লকের উদয়। তত ভাব দেবকীতে কদাচিৎ নয়। সর্বাদা করেন চিস্তা তোমার কারণ। তোমার ভাবেতে ক্লফ সদা আবর্দ্ধন ॥ অত-এব ছঃখ তুমি কর পরিহার। কিছুদিন পরে ক্লুঞ্চ পাইবে ভোমার॥ এইরূপে নানা কথা কহিয়া স্থুখীর। যশোদার করিলেন কিছু मनः श्वित ॥ जनस्कर्ण श्रीमामामि क्रुष्ण नथां भरत। কৌশলেতে প্রতি জনে জনে।। বচন কৌশলে ছঃখ কিছু করি ক্রাস। করিলেন নন্দ গৃহে কিছুদিন বাস।। প্রভাতে উঠিয়া করি ষমুনার স্নান। রাধিকার কুঞে গিয়া গোপীরে বুঝান।। দ্বিতীয় প্রহরে পুনঃ করি আগমন। যশোদার নিকটেতে করেন ভৌজন। देवकाटन नत्मत मटम कर्थाशकथन। नानाविध योगिक कथांब আলোচন।। উভয়ে পরম যোগী বিষ্ণুভক্তিমান। কহেন পরম ষোগ সাধ্য পরিমাণ। তত্ত্বতে বাড়িয়া তত্ত্ব ভক্তি নিরূপণ। উদ্ধবের বৈফ্বতা হইলু পূরণ।। তবেত উদ্ধব ধীর মনে বিবে-। চিরা। নন্দ নন্দরাণী কাছে বিদায় হইয়া।। এমিতীর পাদপঞ্চে করিয়া প্রণাম। যাচিয়া লইয়া ক্লফভক্তি মনস্কাম।। অবিলক্ষে রখোপরে করি আরোহণ উপনীত হইলেন ক্লফের সদন।। শিশু-রাম দাসে ভাষে গুন সাধুজন। উদ্ধব কংহন ক্লফে ব্রজ বিবরণ।।

## অথ উদ্ধব শ্রীকৃষ্ণ নিকটে ত্রকের সংবাদ কহেন।

किशनी। उक्तव स्मांख धीत, क्रूक शाम मि द्वित, क्रूक আজ্ঞা করিয়া পালন। ত্রজের সংবাদ নিয়া, মধুরায় প্রবেশিয়া, ক্লফ কাছে করেন গমন।। দূরে রাখি রথবর, নামিয়া ভূমির পর, পদব্রজে চলেন সত্ত্বরে। সভাতে বসিন্না হরি, উদ্ধবেরে দৃষ্টি করি, ভাসিলেন আনন্দ সাগরে।। সিংহাসন পরিহরি, বাছ প্রসারণ করি, ক্রত আঁরি উদ্ধবে ধরিয়া। সঘনেতে আলিঙ্গিয়া, সখা সখা সম্ভাষিয়া, চলিলেন নিভূতে লইগা।। উদ্ধৰ প্ৰণত হয়ে, চরণের ধুলি লয়ে, সর্কাঙ্গেতে করিয়া লৈপন। প্রেমেতে পুলক অঙ্গে, জীক্লফের সঙ্গে সঙ্গে, করিলেন নির্জ্জনে গমন।। তথা ক্লফ হর্ষ মনে, স্থাসনে একাসনে, বসিয়া স্থান সমাচার। বল বল বল স্থা, পিতা মাতা স্থা স্থা, কে কেমন আছেন আমার। স্বার প্রধানা রাধা, কৃষ্ণ শরীরের আধা, যাঁরে বলে জগতের জন। সেই রাধা স্থনির্মালা, পাইয়া বিচ্ছেদ ছালা, বল বল আছেন কেমন।। ধবলী শ্রামলী গাই, যার কপে সীমা নাই, আমা বিনা না ষাইত্বন। বল বল মন কাছে ভাহারা কেমন আছে, কে করায় এক্ষণে চারণ।। বুন্দাবনে পশুপক্ষী, যারা মম প্রিয়পক্ষী, তরুলতা বন উপ্রন। সকলের নাম নিয়া, একে একে বিস্তারিয়া, বল স্থা জাছে কে কেমন।। গুনিয়া কুফের বাণী, উদ্ধব যুজিয়া পাণি, मकल महादन कम कथा। अनिदल दम शतिहहा, कृषि विषात्र वहा, भाषान भनिया भर् उथा।

#### यथा वहनर।

শীর্ণা গোকুলমণ্ডলী পশুকুলং শস্পায় ন স্পন্দতে মুকাঃ কোকিল পঁক্তমঃ শিথিকুলং নব্যাকুলং নৃত্যতে। সর্কে তদ্বিরহানলেন মুষিতা গোবিষ্ণ দৈক্তংগতাঃ কিস্তেক। যমুনা কুরঙ্গনয়না নেত্রামুভির্কদ্ধতে।।

ं লঘু-ত্রিপদী। খন প্রভু বলি, গোকুল মণ্ডনী, হইয়াছে শীর্ণ কায়। পশুকুল যত, দবে ছাখে রত, তুণাদি নাহিক খায়।। কোকিলাদি শুক, হইয়াছে মূক, মুখে রব নাহি কার। যত শিখি-কুল, হইয়া ব্যাকূল, না নাচে তাহারা আর ।। ব্রজবাসী যত, সদা ছঃখে গত, তোমার বিরহানলে। কেবল বমুনা, হইয়া দ্বিগুণা, উজান বহিয়া চলে।। সেই যে সজলা, হয়েছে প্রবলা, শুন যেই अयूवत्ता। अक्तर अवना, कृतवनाता, भरगत नम्रन करना। प्रिथ-য়াছি যাহা, কহিলাম তাহা, বিবরিয়া তব কাছে। তুমি নারায়ণ, ব্রজের জীবন, অগোচর কিবা আছে।। শুনিয়া প্রীহরি, অমুতাপ कति, উদ্ধবে পুনশ্চ कर। कर आत्रवात, कतिता विखात, कि বলিলা কোন জন ॥ কহেন উদ্ধব, শুনহ মাধব, প্রথমতঃ সমাচার। যাইতে ব্রজেতে, পথের মানেতে, হৈল এক চমৎকার।। আমা দরশনে, পথস্থিত জনে, ভোমা অনুমান করি। আহ্লাদে পূরিয়া, ক্সান হারাইয়া, বলয়ে আইল হরি॥ ক্লফ আগমন, ভাবিয়া তখন. মোহিল পথিক জন। কোকিল কুহরে, কক্ষারে ভ্রমরে, নাচয়ে ময়ুরগণ।। চকোরী চকোর, ভাবে হৈল ভোর, শারি শুক সমু-দয়। গোবৎস তথায়, হাসা রবে ধায়, উর্দ্বমুখে চেয়ে রয়॥ এই काल शान, मत्व উखतान, व ममत्य (मह खता। वकह सम्मती, কক্ষে কুস্ত করি, জলহেতু চলে জলে।। এ বর গুনিয়া, উর্দ্ধেতে চাহিয়া, आभा कति निदीक्त। जत्न ना यहिन, जन नाहि निन, ফিরে গেল সেইকণ। । প্রক্রুণ তার, এক রামা আর, আইল स्मन्ती अछि। निछ। नवधना, निर्मान वनना, भटकस जिनिस গতি॥ ক্ষণেক থাকিয়া, আমারে হেরিয়া, চকিতে পেল সে চলি। তদস্তরে আর, হৈল চমৎকার, বিস্তার তোমারে বলি॥ জিনি রহি तुमा, बल निकलमा, जनश्था तमगीभग। त्रवि कत नामि, समीख

প্ৰকাশি, দিল আসি দরশন 🗵 অতি অপৰূপ, সেৰূপ স্থৰূপ, निर्वत्र ना शाहे जामि। वह गणिकताः जथवा हशता, इतनाः कि ভূবনগামী।। ভাবি আরবার, কোন দেবতার, অবতার ভূমিতলে। পুনঃ ভাবি মনে, তা হবে কেমনে, বন কি কখন চলে।। আর কভ ধান, করি অনুমান, নিশ্চয় করিতে পরে। ছাড়ি রথবর, হইয়া সত্ত্বর, নামিলাম ভূমিপরে।। নিকটেতে গিয়া, দেখি নির্ক্ষিয়া, রমণীমণ্ডল ময়। সবে স্থবদনা, গজেন্দ্র গমনা, অতুলনা ৰূপচয়।। মধ্যে এক নারী, দেখিলাম তারি, পদে নথে শোভে চাঁদ। তুলনা कि प्रहे, ভाविलाम এই, क्रुब्छ ध्रा काँ प्र।। प्रहे यमंत्रिनी, কখনত তিনি, আমারে দেখেন নাই। তথাপি তথার, চিনেন আমায়, আশ্চর্য্য হইন্ম তাই।। কহিলেন বাণী, কোথা চক্রপাণি, কি হেতু তোমার আশা। বিবরিয়া সব, কহ হে উদ্ধব, না কহিও मिथा ভाষा॥ উদ্ধব বলিয়া, আমা সম্ভাষিয়া, কহিলেন যদি বাণী। তথাকার জন, হইল বিমন,ক্লফ নহে মনে জানি।। শুন জীনিবাস, শুনি তাঁর ভাষ বুঝিলাম ইনি রাধা। সর্বা মূলাধার, প্রধানা স্বার, কুষ্ণ প্রেমতত্ত্ব সাধা।। ভাঁহারে চিনিয়া, ভূমি লোটাইয়া, প্রণি-পাত করি পায়। যোগতত্ত্ব কথা, বুঝাইয়া তথা, কহিলাম আমি ভাঁয়। সে কথা প্রবণে, ক্রুদ্ধ হয়ে মনে, কহিয়া অনেক কথা। পরেতে হাসিয়া, প্রসন্না হইয়; বৈফবতা দেন তথা।। বৈষ্ণবের ধর্মা, বুঝাইয়া মর্মা, করিয়া হুজ্ঞান দান। কহিলেন আর, নন্দের আগার, যাও আরো পাবে জ্ঞান। একথা কহিয়া, সখীপণে নিয়া, জবনে গেলেন মতী ৷ আমি তদন্তর, হইয়া সত্ত্বর, যাই মণা ব্রহ্ণ-পতি।। পুরে প্রকেশিরা, জীনন্দে হেরিয়া, হইলাম সবিশায়। मीटनत नमान, कुःरथ ভाममान, नन्म खान नन्म नम्र ।। भारक नर्सन ক্ষণ, কেবলু রোদন, নিবারণ নাহি তাঁর। উচ্চ উচ্চারিয়া, গোপাল বলিয়া, করিছেন হাহাকার।। দেখি তাঁর ভাব, হয়ে মৃত্ভাব, বোড় করি ছটি হাত। নিকটে যাইয়া, পরিচয় দিয়া. করিলাম প্রতিপাত ।। আমারে দেখিয়া, আদর করিয়া, তব বুদ্ধে নিয়া

কোলে। অভি সম্ভনে, চুম্ব আলিদনে, তুমিলেন প্রিয় যোগে।। বিবরি সকল। ভোমার মঙ্গল, স্থধান ব্রজেরপতি। এমন সময়, দেখানে উদয়, কান্দি রাণী যশোমতী।। তব সখা জানি, তব সম মানি, আমারে কোলেতে নিয়া। করিয়া যতন, করায়ে ভোজন, নবনী মাধন দিয়া।। তব তত্ত্ব কথা, জিজ্ঞাসেন তথা, করেন অতি রোদন। বলি নীলমণি, পড়িয়া অবনী, মুচ্ছিতা অমনি হন। আমি সেইক্লণে, ভোমার বচনে, করি কিছু সচেতন। শুনিয়া উঠিয়া, হা ক্লফ বলিয়া, পুনশ্চ মূচ্ছিতা হন।। ছঃখ হেরি ভাঁর, যে ছংখ আমার, হয়েছিল দয়াময়। কহিতে সে কথা,না পারি সর্ব্বথা, श्रुपि विनातन श्रा। भारत अन श्रुत, वह कष्टे कति, किक्षिर वुसारस তাঁয়। তব সহচরে, বুঝাই তৎপরে, জ্ঞীদামাদি সমুদায়।। নক্ষ মহাশর, হইয়া সদয়, আমা সহ যোগ কন। তাহাতে আমার, বৈষ্ণবী আচার, হইয়াছে উদ্দীপন।। করি প্রাতঃমান, রাধা সন্ধি-ধান, প্রতিদিন প্রাতে গিয়া। অনেক বচনে, সহ স্থীগণে, **আসি-**য়াছি প্রবোধিয়া।। দেখুন তথায়, নাহি কোন দায়, আইলাস তব কাছে। নাকর চিন্তন, ব্রজের জীবন, ব্রজগণ ভাল আছে।। এতেক বলিয়া, প্রণাম করিয়া, উদ্ধব স্ববাদে বান। শিশুরাম मारम, मरनत উल्लाहम, क्रुक्छ करत गाम।।

### कुछ। विलाम।

পয়ার। উদ্ধবের মুখে শুনি ব্রন্থ বিবরণ। কণকাল থাকি
কৃষ্ণ কিঞিৎ বিমন। অতঃপর গৃহমাঝে গিয়া আপনার। করিলেন দেবকীর নিকটে জাহার॥ আহারান্তে পুনরায় বাহিরে
আসিয়া। বারদিয়া বিশিলেন সভাসদ নিয়া।। সভা ভল অপরাক্রে
উঠি মুরহর। অমণ করেন স্থাব্ধ মথুরানসর॥ রজনীতে জননীর
কাছে নিক্রা বান। প্রভাতে উঠিয়া রাজকার্য্য সমাধান।। এই মত
প্রতিদিন করেন বিহার। এ দিকে শুন্হ কিছু কথা কুরুজার।।
হেমন্ত হইল অন্ত বসন্ত উদয়। ঋষি তপনীর মনে জনমিল ভয়।।

প্রফুল হইল তাহে বিষয়ীর মন। বিশেষত যুৰক যুৰতী যত জন।। শুষ্কতরু মুঞ্জরিল প্রস্ফুটিত ফুল। আনন্দেতে অনিবার ধায় অলি-কুল।। কোকিল কুহরে হুখে নাচে শিখিগণ। তৃগু কৈল ত্রিভুৰন মলর পবন।। বদস্তের সখা কাম ধরি ফুলধমু। ক্রীড়া ছলে বিদ্ধ করে সবাকার তত্ন। কেহ বা অস্থির তাহে কেহবা স্বস্থির। দম্প-তির স্থরোদয় জালা বিরহীর॥ কামশরে কুবুজার কাঁপে কলেবর। স্থদীর্য নিশ্বাস ছাড়ে স্মরি মুরহর॥ কাতরা হইয়া বলে সখী করে ধরি। এক্রিঞ্ বিরহ জরে বুঝি প্রাণে মরি॥ আছিলাম কুরূপদী নাছিল জঞ্চালণ ৰূপদী করিয়া কৃষ্ণ ঘটালেন কালা৷ বৃদ্ধাৰূপে জরা দেহে কাম নাহি ছিল। বিষম কামের জ্বালা যোবনে ঘটল।। रब मिन रबीवन इति मिरलन आमाय। मन आन मिलाम हत्रान ভাঁহার।। ভাহাতে হাসিয়া কুষ্ণ কমললোচন। প্রিয়াবলি আমার করিয়া সম্ভাষণ। হাষি হাসি কহিলেন মধুর বচনে।। আমার অঙ্গনা হলে না ভাবিহ মনে। এক্ষণে গৃহেতে প্রিয়ে যাহ আপ-নার। অবিলম্বে পূরাইব মানস তোমার।। এত বলি ফিরে ফিরে আমা কটাকিয়া। নয়নে নয়ন মন হরিয়া লইয়া।। সেই যে গেলেন হরি না এলেন আর। অধীনীরে ভুলেছেন পেয়ে রাজ্য-ভার। এ কাল যৌবনে কাল বসন্ত উদয়। কাল গুণে রামানুজ **बरलन निर्फा**र । कि कति भा श्रानमिश मति श्रान गार। कालमम কামানলে কি করি উপায়। কে আছে এমন হেতা স্থহন সঞ্জিনী। क्रस्थत निकटणे कटर आभात कारिनी ॥ श्वनारेता क्रःथ कथा एनव 🕮 নিবাসে। অবিলম্বে আনি দেয় আমার সকাশে।। তবেত এছঃখ মম হয় নিবারণ। নহিলে জানিবে স্থি নিতান্ত মরণ।। এই রূপে কহে কথা কুষ্ণ অনুরাগে। কোকিল কুহরে তথা বসস্তের রাগে॥ ভাহাতে হইল আরো অস্থির জীবন। অমনি পড়িয়া ভূমে হারায় চেতন।। কতক্ষণে চেতন পাইয়া পুনরায়। বলে সখি প্রাণে মরি কি করি উপার।। হার হার মরি মরি যাব কার কাছে। কে মিলারে দিবে কুষ্ণে কে এমন আছে।। বলিতে বলিতে পুনঃ পড়ে ধরা- তলে। শ্বরানলে দহে দেহ ভাসে অঞ্জলে।। দেখি কুবুজার प्रःथ करः महत्रती। व्हित श्राप्त अन धनी निर्वामन कति।। क्रास्कृत নিকট বেতে হবে না কাহার। ঘরে বসে পাবে ক্লফে শুন তত্ত্ব তার।। পূর্ণব্রহ্ম পরাৎপর প্রভু নারায়ণ। অবিদিত কিছু তাঁর নাহি ত্রিভুবন ॥ অবারিত চক্ষু কর্ণ শাস্ত্রে বলে তাঁর। একস্থানে বসি তিনি দেখেন সংসার।। শুনেন সমস্ত কথা বসি একস্থান। কহি গো দৃষ্টান্ত তার কর অবধান।। মুনি ঋষিগণ যত বসিয়া কাননে। তাঁহার চরণ ধ্যান করে এক মনে।। অলকে করয়ে স্তুতি প্রণত হইরা। জানিয়া দর্শন দেন কাননেতে গিয়া॥ যে যাহা কামনা করে করেন পূরণ। বাঞ্ছাকল্পতরু সেই গ্রীমধুস্থদন।। পূর্ব্বপুণ্যে ত্ব প্রতি দয়া প্রকাশিয়া। দিয়াছেন দিব্য দেহ প্রসন্ন হইয়া।। করেছেন অঙ্গীকার আসিয়া সকাশ। পরিপূর্ণ করিবেন তব অভিলাষ।। অতএব শুন ধনী আমার বচন। ভক্তিতে ভাবনা কর পাবে ক্রফধন। একমনে ডাক তুমি ঘরে বসে তাঁয়। এখনি আদিয়া দেখা দিবেন তোমায়।। এত যদি কহে তার প্রিয় সহচরী। শুনিরা সত্ত্বর হয়ে কুবুজা স্থন্দরী॥ এক মনে আরস্তিল ক্লুফের স্তবন। শিশুরাম দাসে ভাষে শুন সাধুজন।।

# कूर्वूषा कर्जुक बीक्रस्थत खरन।

ত্রিপদী। কুবুজা কাতরে কয়, কোথা কৃষ্ণ ক্লপানয়, কোন হেতু করিলে এমন। ক্লপা করি প্রকাশিয়া, যৌবন লাবণ্য দিয়া, এক্ষণেতে হলে অদর্শন।। প্রিয়া নাম উচ্চারিয়া, প্রিয়ভাবে সন্তা ষিয়া, আপনার মুখেতে,কহিলে। আসিয়া দাসীর বাস, পূরাইবে ' অভিলাষ, সেই ভাষ সিদ্ধ না করিলে।। তুমি সভ্য সনাতন, সভ্য বাক্য পরায়ণ, মিথা কভু না হয় বচন। তবে কেন হেন ভাব, বুঝিতে না পারি ভাব, অধীনের কপাল কেমন।। তুমি রমণীর ধন, জীবন যৌবন মন, তুমি হও নয়নের তারা। ভোমারে পাইয়া পতি, আমি কেন ভূষ্বমতী, কেন হই ভোমা ধনে হারা।। বথার্থ ৰচন কই, তোমার চরণ বই, নাছি জানি শায়নে স্থপনে। ক্লপা কর বিতরণ, তুংখ কর প্রহরণ, হের শীজ কমল নরনে।। দারুণ হরায়া কাম, নাহি নানে পরিণাম, তুংখ দের দিবস রজনী। আমি তব দাসী হয়ে, রব কত তুংখ সয়ে, বিবেচনা কর গুণমণি।। তুলি সর্ব্ব গুণমর, গুণে সৃষ্টি স্থিতি লয়, গুণে কর ব্রজেতে বিহার। কহিতে তোমার গুণ, কেহ নহে স্থনিপুণ, আমি কহি কি সাধ্য আমার।। নিজগুণে দরা কর, তুংখ তাপ পরিহর, আদি এই দাসীর জ্বন। কাম দর্প কর চুর্ণ, মনস্কাম কর পূর্ণ, বক্ষ পরে দিয়া জ্ঞীচরণ।। কুবুজা কামের শরে, এ কপে ক্লফেরে ক্ষরে, কুফ্চজ্র জানিলেন মনে। ভাবি ভাব মুরহর, চলিলেন শীঅতর, কুবুজার তুংখ বিনাশনে।।

# অথ কুন্ধার গৃহে শ্রীক্লফের আগমন।

পরার। বৈকালেতে উপবনে উদ্ধবের সঙ্গে। ভ্রমণ করেন হিরি অতি মনোরঙ্গে। বসত্তের সমাগমে মলিকা বকুল। অশোক কংশুক আদি নানা জাতি ফুল।। ফুটিয়াছে থরে থরে অতি চমৎকার। উড়ে বৈসে অলিকুল উপরে তাহার।। ক্ষণে উড়ে ক্ষণে পড়ে ক্ষণে মধু খায়। এক ফুল পরিহরি অস্ত ফুলে ধায়॥ সেভাব হেরিয়া হরি ভাবে বিচলিত। মনোভব মনোভাবে হইল উদিত।। বটুপদ স্বভাব হয় নাগরের মন। এক নারী ছাড়ি অস্ত নারীতে গমন।। পরম নাগর ক্রম্ণ গোপিকার পতি। কুবুজারে মনে হয়ে হরবিত অতি।। অধিকন্ত কুবুজার জানি মনোভাব। চলিলেন গোপীকান্ত পুরাইতে ভাব।। উদ্ধবে কহেন স্থা শুনহ বচন। অন্য তুমি নিজ গৃহে করহ গমন।। প্রতিশ্রুত আছি স্লামিকাছে কুবুজার। সময়েতে মনকান পূরাব তাহার।। অন্য উপক্ষিত হইয়াছে সে সময়। কুবুজা স্মরিছে হয়ে ঝাকুল হদয়।। ইহা বলি উদ্ধবেরে করিয়া বিদায়। কুবুজার ভবনেতে বান বন্ধুনার।। নটবয় বেশ ধরি দেবকীয় স্বড়। হইলেন উপনীত হয়ে

शस्त्रपुर ।। शुट्ट वर्णि कूर्वकिनी जह जहाती । कांगलदा परह एन्ट মনে ভাবে হরি॥ হঠাৎ হেরিয়া হরি হরষিত মনে। উঠিয়া প্রাণাম করে পড়িয়া চরণে।। কিন্তু তথা উপজিল আর এক ভাব। ধন্য রমণীর ভাব বৃদ্ধির অভাব।। লাজে মানে কুবুজার কথা নাহি সরে। অঞ্জে আপন মুখ আজ্ঞাদন করে। শশিকলা নামে ভার প্রিয়সখী ছিল। সিংহাসন আনি ক্লুফে বসিবারে দিল।। করবোড় করি স্থী বিনয়েতে কয়। নারীর স্বভাব বাহা জান দয়াসয়।। अमर्भात मदत्र यांत्र (मथा পেলে তांत्र। मटलाय खूतांग हम्र इमस्य সঞ্চার।। লজ্জা আর মান আসি করে আক্রমণ। এই হেতু শীঅ मूर्य ना मदत वहन।। आभा निया जामिए कतिरन वर्ष्टानन। ভাবিয়া ভাবিয়া দেখ হইয়াছে ক্ষীণ।। তোমার বিরহ বিষে হইয়া কাতর। কত কথা কহিলেক আমার গোচর॥ এই মাত্র তব পদ করিয়া স্মরণ। ধলায় লুপিত হয়ে করিল রোদন।। এক্ষণে ভোমারে দেখে হটন এ ভাব। রোষ নাহি কর প্রভু নারীর স্বভাব।। এত বলি শশিকলা করে বহু স্তব। সস্তোষ হলেন চিত্তে শুনিয়া মাধব।। সখী প্রাশংসিয়া ধরি কুরুজার কর। নিভৃত ম**ন্দিরে** क्रुक (शास्त्रन मञ्जूत।। तममत तरमामत्र कतित्रा उथन। क्रुकारत নানা রুসে করেন ভোষণ।। অষ্টবিগ বিহার করিয়া নরহরি। ুঅবি-লব্দে কুবুজার স্মর শান্তি করি॥ পূনরায় কর তার করেতে ধরিয়া। বারগৃহে বসিলেন আসি বার দিয়া॥ বামভাগে লয়ে সেই কুবুজা ফুক্দরী। বসিলেন বংশীধারী সিংহাসনোপরি।। হাসিতে হাসিতে কন স্থমধুর বাণী। আমি অদ্য রাজা প্রিয়ে তুমি রাজরাণী॥ ভাহা ন্তনি তথাকার যত সখীগুণ। দাণ্ডাইল চারিদিকে করিয়া বেষ্টন ॥ শশিকলা সহচরী স্থশীত্র উঠিয়া॥ ন্থগিন্ধা পুষ্পের মালা দেয় পরা-ইয়া।। কুব্জারে সাজায় কেহ দিব্য বাস দিয়া। পীতবাসে পীত-বাসে দের সাজাইয়া।। অগুরু আনিয়া কেহ কররে অর্পণ। কেহ বা অক্তেডের শীতন চন্দন। এইবংপে নানাবিশ্ব বেশ করি क्रिया। अम्बद्धत मधीशन मत्न विहातिया। कान मधी निरत इक করয়ে ধারণ। কোন স্থী করে আসি চামর ব্যক্তন।। কোন স্থী মন্ত্রী হয়ে বসিল সম্মুধে। ভাট হয়ে কায়বার পড়ে কেহ সুখে। ছুষ্টেরে করিতে দণ্ড ক্রয়ে দণ্ডবর। কোন সখী সম্মুখেতে দাণ্ডায় সত্তর।। সখীদের দিব্য ভাব দরশন করি। কুবুজারে কন কথা হাসিয়া এইরে । দেখ দেখ প্রিয়ে রাণী হইলে আমার ৷ কুব্রু বলে কি অভাব তুমি নাথ যার।। কিন্তু প্রভু করি আমি এক নিবে-मन। मिट्या यम मिथा जब ना द्य वहन॥ तकनीटज निक सूट्य কহিলে যে বাণী। দিবসেতো করিতে হইবে নিজ রাণী।। রাজকার্য্য শাসনেতে বৃহিবে যথন। রাণী করে বামে লয়ে বসাবে তথন।। উপ্রসেনে রাজ্য দিয়া মথুরার মাজ। রাজকার্য্য সাধিতেছ হয়ে যুবরাজ।। রূপা করি আমারে করিলে যদি রাণী। করিতে হইবে এই বাসে রাজধানী।। এই ভিক্ষা যাচে দাসী চরণে ভোমার। বাঞ্ছাকল্পতরু বাঞ্ছা পূরাও আমার।। এত যদি কহিলেক কুবুজা স্তব্দরী। ভাবি ভাবি অঙ্গীকার করিলেন হরি॥ যেই ভাবে করি-লেন একথা স্বীকার। বিস্তার হইবে ভাব পশ্চাতে ইহার।। অপ-রেতে নানা ভাবে বঞ্চিয়া রঙ্গনী। প্রভাতে আপন গৃহে গিয়া যতুমণি ॥ উদ্ধবের কার্ছেতে কহিয়া সমাচার। উদ্ধবদ্বারাতে 🗱 করিয়া সবার।। নিজ রাজধানী করি কুবুজার বাটা। রাজকার্য্য সাধন করেন পরিপাটি।। রাজপাটে বার দিয়া বসেন যথন। স্লাশী হয়ে বামে বৈদে কুবুজা তখন। কুব্রারে লইয়া কুঞ্চ কুরেন বিহার। শিশুরাম দাসে ভাবে কথা শুন আর।।

### অথ কুজার পূর্বজন্ম বিবরণ।

পরার। শুনি শুক এ কৌতুক ব্যাসেরে স্থান। কহ পিতা কুরুজার পূর্বের আখ্যান। পূর্বজন্ম কোন কুলে জন্ম তার ছিল। পতি কপে ক্লেফ লাভ কি পূন্যে করিল। পুন্য বিনা পরাৎপরে প্রাপ্ত নাছি হয়। এত কি করিল পুন্য কহ মহাশয়। শুনিয়া কহেন ব্যাস করহ প্রবশ। কুরুজার পূর্বকথা অনেক বচন।। ত্রেতা

বুগ সমাগমে প্রভু নারায়ব। চতুরংশে অবতার অবোধ্যা ভবন।। मनात्रथं नृष्ट्यात नम्मन চातिकन। क्ष्यार्थ यिनि त्रां प्रहत्य को गना। नम्मन ॥ ভরত কৈকেয়ী স্থত গুণী অতিশয়। শত্রুত্ম লক্ষ্মণ ছুই স্থনিত্রা তনয়।। জ্যেষ্ঠ রামে রাজ্য দিতে রাজার মনন। শুনিয়া কৈকেয়ী রাণী হরে ছাখ মন। রাজার নিকটে বরস্তান ভূত ছিল। সেই কালে ওই ধনী সে বর চাহিল॥ দশর্থ রাজা মন না বুঝি তাহার। কহিলেন যাচ বর কি ইচ্ছা তোমার।। রাণী বলে সত্য আগে কর নূপ রায়। তবে আমি বর দান যাচিব তোমায়।। অধীনির প্রতি যদি অফুকুল হও। যাহা চাব ভাহা দিবে সভ্য করি কও।। রুমণীর প্রিয়বাক্যে ভূলিয়া রাজন। কহিলেন যা চাহিবে করিব অর্পণ।। নারীর মোহিনী বাণী বুঝা বড় দায়। মোহিয়া রাজার মন ত্রিসত্য করায়।। সভ্য করাইয়া ধনি হর্ষিত মনে। বর দান যাচে সেই রাজার চরণে।। ভরতেরে রাজ্যভার করিয়া অর্পণ। রামচজ্রে চত্রদ্দশ বর্ষ দেহ বন ।। বন হতে পুনরায় আসি অযোধ্যায়। লভি-বেন রাজ্য রাম শুন নৃপরায়।। যেইমাত্র এই কথা কৈকেয়ী কহিল রাজার মন্তকে যেন অশনি পড়িল।। মূলচ্ছিন্ন তরু যেন ধরণী লোটায়। সেই মত দশর্থ পড়িল ধরায়।। অনুক্ষণ জ্ঞান হত র্থাকিয়া রাজন। পরেতে পাইয়া পুনঃ কিঞ্চিৎ চেতন। কৈক্লেয়ীর কাছে কন কাতর হইয়া। অন্য বর লহ প্রিয়ে এ বর ছাড়িয়া॥ কোন দোষে তুষী রাম নহেন আমার। কি দোষে করিব আমি রামে পরিহার ॥ কান্দিয়া কান্দিয়া বহু বুঝান বচন। কোন কথা না করিল কৈকেয়ী এবেণ। । কহিলেক সত্যব্রত তুমি মহাশয়। এক্ষণে এ কথা কহ উচিত না হয়।। রাজার সংখদ বাক্য না শুনিয়া कारन । श्रुनः श्रुनः अहे वत याटा जात जातन ।। कि करतन मनतथ সত্যের কারণ। করিলেন কৈকেয়ীকে দে বর অর্পণ।। দক্ষ রাজা শোকানলৈ হয়ে হত জ্ঞান। শবের সমান পড়েরন সেই স্থান।। রামচন্দ্র সেই কথা করিয়া অবণ। পিতৃসত্য পালিবারে চলিলেন বন। সঙ্গেতে চলেন সীতা পতি পরায়ণী। অমুজ লক্ষণ যান

সঙ্গেতে আপনি।। এইবঁপে তিনজন বনৈ যদি যান। শোকে দশ-রথ রাজা ছাড়িলেন প্রাণ। ভরত মাতুল গৃহে ছিলেন তবন। না কানেন অবোধ্যাতে এত তুর্ঘটন।। স্থমন্ত সার্থি গিরা আনিল ভাঁহার। ভরত আসিয়া গৃহে ঠেকিলেন দায়।। দেখিরা শুনিরা ভাসি শোকসিকু নীরে। তিরস্কার করিলেন নিজ জননীরে॥ ' কি করেন পিতৃকার্য্য করি স্মাপন। রামেরে আনিতে বরে করিয়া মনন।। পরিবার সহকারে বনমাঝে বান। চিত্রকৃটে রামচক্রে দেখিবারে পান।। দৃষ্টিমাত্রে পাদপদ্মে পড়িয়া ভরত। ক্রন্দন করেন যত কহিব সে কত।। পরিবার সহ তথা অনেক কান্দিয়া। রামেরে আসিতে কন গৃহেতে ফিরিয়া।। সভ্য সনাতন রাম সত্যব্রতে রত। না শুনেন শ্রীভরত কথা কন যত॥ यिन नार्टि कतिरलन. रम कथा चीकात। छत्र छत्र ध्रति कन আরবার।। নাহি যাও যদি প্রাভু না শুন বচন। তোমার সহিত প্রভু আমি যাব বন।। নিকটে যদ্যপি ভূমি নাহি দেহ স্থান। এখনি দহনে আমি ত্যজিব পরাণ।। ভরতের বাণী শুনি রাম নারায়ণ। অনেক প্রবোধ বাক্তো বুকাষে তথন।। কুশের পানুক্ এক করিয়া নির্মাণ। ভরতেরে সেই স্থানে করিলেন দান।। ক্রি লেন ও পাছকা করিয়া শেখন। রাজ্য রক্ষা কর গিয়া হইয়া রাজন।। চতুর্দ্দশ বর্ষ অক্টে আসিব অচিরে। না ভাব ভরত তুমি भुटर याह किरत !। এত यमि कहिएलन त्राम महाभग्न। कि करतन ভরত কান্দিয়া অতিশয়।। রংমের পাঞ্কা করি মন্তকে ধারণ। আইলেন গৃহে ফিরে সহিত,স্বগণ।। পাছুক্। সেবন আর রাজ্যের রক্ষণ। রাম আজা গ্রীভরত করেন পালুন।। চিত্রকুটে থাকি রাম রাজীবলোচন। মন্ত্রণা করেন বিদি সহিত লক্ষ্মণ। সলোক গছনে থাকা না হয় বিচার। বেহেতু অবোধ্যাবাদী আদিবে আবার।। এস্থান ভাজিয়া যাব নিৰ্জ্জন কানন। বেখানে না হয় শীব্ৰ মনুষ্য भगत । अंबर्श मञ्जा कति वन्तरणत मरन। अरवन करतन भिन्ना পঞ্চবটা বনে।। ভয়ানক স্থান সেই নিবিড় কানন। হি অক তুর্ত

প্রভ আহে অগণন ॥ রাক্ষ্যের সমাগ্রম সদা সেই বনে। কি সাধ্য अदिदान उथा मनुषा कीवान । त्रहे वान तामहत्त मनी हा नकात । कतित्वन अधिवान आनिक्षण मत्न।। रेप्तवाधीन अक्षिन अन সমাচার। রাবণের ভগ্নী সূর্পনখা নাম তার।। ইচ্ছাধীনে নিশা-চরী কররে জমণ। জমিতে জমিতে উপনীত সেই বন।। অতুল্য রামের রূপ হেরিয়া নয়নে। অস্থির হইল রামা কাম সন্দীপনে॥ कामक्रभा रम कामिनी जारम वाश्चि পতि। अविनस्य शिन कार्छ হয়ে ৰূপবতী।। কামের কামিনী জিনি অঙ্গ শোভা তার। কি কব ৰূপের কথা তুল্য নাহি যার।। কামভাবে হাবভাব প্রকাশ করিয়া। কহিতে লাগিল কিছু হাসিয়া হাসিয়া।। কহ হে যুবক-রাজ কি হেতু এ বেশ। সন্ন্যাসীর বেশে কেন কাননে প্রবেশ।। সন্ন্যাসীও নহ তুমি সঙ্গে দেখি নারী। তোমার ভাবের ভঙ্গী লক্ষিতে না পারি।। যে হও সে হও তুমি করি নমকার। আমারে त्रमणी कटल कत्र श्रीकात ।। निकटि थाकिया नमा रनिव हत्रण। अदम अम निवारेश निव आविमन।। नगरन नगरन मना यल्य রাখিব। অহর্নিশী নানা রদে তোমারে তুষিব।। আমা হতে হবে তব বহু প্রিয়কায। আমারে প্রেয়সী কর ইথে নাহি লাজ।। এত यनि সূর্পনথা কহিল বচন। গুনিয়া কহেন হাসি কমললোচন। এই দেখ দক্ষে মম আছে এক নারী। ভোমারে করিতে বিভা কি ৰূপেতে পারি । পরমা স্থন্দরী তুমি ভ:বের ভাবিনী। কি করি সক্ষেতে দেখ আছয়ে কামিনী।। স্থপণখা বলে ভূমি করিলে স্বীকার। এথনি উহারে আমি করিব আহার।। ইহা বলি দেই-ক্ষণে বিস্তারি বদন। সীতারে গিলিতে যায় রোষযুক্ত মন।। সীতা-দেৰী ভীতা হয়ে রাম<sup>5</sup>চ্ছে কন। রাথ প্রভু রাক্ষ্পীতে কররে ভক্ষণ। সীতা আশ্বাসিয়া রাম রাক্ষসীরে কন। শুনহ স্তুন্দরি তুমি আমার বচন।। আমার কনিষ্ঠ ভাই লক্ষণ স্থীর। কাঞ্ন জিনিয়া দেখ স্থন্দর শরীর।। একক আছেন ভাই নাহিক রম্ণী। লক্ষণে বিবাহ তুমি কর স্থবদনী।। রামের বচনে ফ্রিরে স্প্রিখা

যায়। লক্ষণের দিবামুর্জি দেখিবারে পায়।। ৰূপ হেরি নিশাচরী विठातिल भरत। शति नाहे व शुक्रस कतिरल वतरन्।। देश छावि मक्तरात निकटिए शिया। कहिन नकत कथा विस्मिव कतिया।। লক্ষণ দেখিয়া ভাব রাক্ষসী জানিয়া। রামের দিকেতে চান ঈষৎ ফিরিয়া।। রামচন্দ্র করিলেন লক্ষণে ইঞ্চিত। নাদা কর্ণ চ্ছেদ ওর করহ ত্বরিত।। ৰূপের দর্পেতে করে অতি অহন্কার। শীভারে ধরিয়া চায় করিতে আহার।। অতএব দর্প ওর করহ নির্যান। বিক্লতি করহ শীজ্ঞ কাটি নাসা কাণ।। পরম পাপিষ্ঠা এই ছুপ্তা নিশাচরী। এ পাপের দণ্ড ওরে দেহ শীন্তকরি।। স্ত্রীবধ ছন্ধর পাপ না কর লক্ষণ। দূর কর নাসা কাণ করিয়া চ্ছেদন।। ইঙ্গিতে ক্রেন রাম এতেক বচন। রামাদেশে ধমুর্স্বাণ লইয়া লক্ষণ।। অবিলম্বে কাটিলেন নাসা কাণ তার। রাক্ষমী পড়িয়া ভূমে করে হাহাকার।। বিরুতি হইল অঙ্গ জালায় অধরা। খর দূষণের কাছে জানাইল ত্রা।। রাবণের অসুচর সে খর দূষণ। ত্রিশিরা প্রভৃতি করি বীর বহু জন।। চতুর্দ্দশ সহক্রেক সৈত্য তথা ছিল। পঞ্চবট বনে আদি জ্রীরামে ঘেরিল।। তাহা দেখি রামচক্র ধরি ধমুর্স্কাণ। একবাণে যম ঘরে সবারে পাঠান।। স্থর্পণখা রাঁড়ী ভাহা করি দর্মান। সংবাদ জানায় গিয়া যথায় রাবণ।। রাবণ বলিল ভোর কে কৈল এ দশা। কি হেতু অবস্থা করে কহত সহসা।। সূর্পণখা क्राँफ़ी वत्त अन मनानन। त्यरहजू अवस् मम इहेन धमन।। अना আমি প্রাতে উঠি পুষ্প অন্বেয়ণে। করিয়াছিলাম গতি পঞ্চবটী বনে।। তথা এক দেখিলাম রমণী রতন। লক্ষ্মী সরস্বতী নংহ ভাহার তুলন।। উর্কাশী মেনকা রম্ভা তারা বা কোথায়। কামের কামিনী রভিৰূপে মোহ যায়। ইন্দ্রাণী ব্রহ্মাণী শিবরাণী কোণা তুল্য। কেমনে কহিব কপ ভুবনে অতুল্য।। তোমার হরণী যেই . आर्ष्ट् मत्नापत्री। ভावित्व ठाष्टात क्रश रुव्र मत्नापत्री।। मत्त्र তার আছে সামী রাম নাম তার। দেবর আছয়ে এক লুক্ষণ তাহার । শুনিলাম নিবসতি অযোধ্যা ভবন। পিতৃ সভ্য পালি-

বারে আসিরাছে বন।। স্ত্রীরত্ব দেখিরা আমি ভাবিলাম মনে। হরিয়া লইয়া আদি তোমার কারণে।। জানি তুমি ভালবাসে। স্থন্দরী রমণী। তাহারে করিয়া দিব তোমার ধরণী।। ইহা ভাবি নিজ ৰূপ সঙ্গোপন করি। গেলাম তথায় মানবীর ৰূপ ধরি॥ নানা মায়া প্রকাশিয়া গিয়া সেই স্থান। না থাকিল মায়া সেই রাম বিদ্যমান । হবে বুঝি স্থপণ্ডিত জ্যোতিষ বিদ্যায়। গভেমাত্রে রামচন্দ্র চিনিল আমার।। লক্ষণে ডাকিয়া রাম করিল ইকিত। রাক্সীর নাসা কান কাটহ ত্বরিত।। রাবণের ভগ্নী এই সূর্পণখা নাম। বিবর্ণা করিতে ওরে না কর বিশ্রাম।। রাবণের মনে বড় আছে অহঙ্কার। ত্রিভূবনে বীর নাই সমান তাহার॥ বিবাদ করয়ে যদি এ কথা শুনিয়া। সংগ্রামের সাধ তার দিব ঘুচাইয়া।। লক্ষ্মণ শুনিয়া সেই রামের বচন। অবিলম্বে নাসা কর্ণ করিল ছেদন।। कालाट्ड अरेथर्ग रूटस अटनक कान्मिया। थत मृष्ट नत काट्ड कहि-লাস গিয়া।। দেখিয়া আমার দশা সে থর দূষণ। আর তব মান রক্ষা করণ কারণ।। দৈত্যগণে সমার্ত হয়ে সেইক্ষণ। অবিলক্ষে আদি দিল রাম সহ রণ॥ প্রাঞ্চপণে যুদ্ধ তারা অনেক করিল। অপরে রামের হাতে বিনষ্ট হইল।। এক বাণে রাম সবে করেছে নিধন। আপনি বিচার ইথে কর দশানন।। ইইয়া ভোমার ভগ্নী গেল নাসা কাণ। গরল ভক্ষণ করি ত্যজিব এ প্রাণ।। অথবা সমুদ্র মাঝে প্রবেশ করিব। এত অপমানে প্রাণ আর না রাখিব। এত বলি কান্দে রাঁড়ী ব্যাকুলিত মনে। রাবণ বুঝায় তারে প্রবোধ বচনে।। বুঝাইয়া কিছু স্থির করিয়া ভাষায়। সীভার ৰপের কথা পুনশ্চ সুধায়।। সুর্পণিধা বলে ৰূপ কহিব কেমনে। ৰূপের তুলনা দিতে নাহি ত্রিভুবনে।। আবণে ওৰূপ কথা অধৈৰ্য্য হইয়া। পঞ্চৰটা বনে গেল মারীচেরে নিয়া।। মারাতে স্থবর্ণ মুগ্র মারীচ হইল। সীতার সম্মুখে আসি নৃত্য আরম্ভিল।। সীতা দেবী দেখি তারে বিমুগ্ধা হইয়া। রামেরে বলেন মৃগ দেহত ধরিরা। ধতুর্বাণ নিয়া রাম ধরিবারে যান। অলক্ষেতে মারামৃগ

করিল পরান।। কণমাত্রে বছদুর গেল পলাইর।। রামচন্দ্র পিছে পিছে গেলেন ধাইয়া।। সন্ধান পূরিয়া রাম মারিলেন বাণ। সেই বাণে সেই মৃগ ত্যজিলেক প্রাণ। মৃত্যুকালে ছরাশয় ডাকে হাহাকারে। কোথা রে লক্ষণ ভাই রাখহ আমারে।। রাম শব্দ অমুমানে দীতা ঠাকুৱাণী। হইলেন অতিশয় ব্যাকুলিত প্রাণী।। লক্ষণে পাঠায়ে দেন অতি শীজগতি। সে সময়ে আসি তথা রাবণ তুর্মতি।। একাকিনী পেয়ে সীতা হরিয়া লইল। লক্কাতে অশোক বনে আনিয়া রাখিল।। অভিশাপ হেতু পাপী না করিল বল। লক্ষীৰূপা দীতা রহিলেন সেই স্থল।। পঞ্চবটা বনে রাম কুটারে আদিয়া। ব্যাকুল হলেন শোকে সীতা না পাইয়া।। অপরে अत्मक स्थान कति अवस्था। अनित्तन मीटा रुत वहेन तांवा।। একথা প্রবণে রাম লক্ষণেরে নিয়া। উপনীত হইলেন কিন্ধিন্ধাতে গিয়া।। স্থগ্রীবের সঙ্গে তথা করিয়ামিতালি। এক বাণে বধিলেন তার শত্রু বালি।। হমুমান আদি করে যত কপিগণ। সেই স্থানে সবাকার সঙ্গেতে মিলন।। হতুমান ছারা রাম সীতা অদ্বেষিয়া। সাগরের জলে সেতু বান্ধিলেন গিয়া। বানর কটক যত সঙ্গেতে করিয়া। পার হয়ে লক্ষাপুরে প্রবেশেন গিয়া।। অবিলম্বে বেড়ি-লেন র্ববণের পুর। গুৰিয়া রাবণ রাজা ক্রোধেতে প্রচুর।। সৈন্য সহ জাসি দিল রাম সহ রণ। করিল অনেক যুদ্ধ করি প্রাণ পণ।। প্রভুরাম মারিলেন ক্রমে তার সব। কহনে না বায় যুদ্ধ কথা অসম্ভব।। এক লক্ষ্পুত্র তার সওয়া লক্ষ্ণ নাতি। এক জন না থাকিল বংশে দিতে বাতি।। সবংশে সে রাবণেরে করিয়া সংহার। লক্ষীৰূপা সীতা উদ্ধারিয়া আপনার।। লঙ্কাপুরে রাজ্য-माम कृति विजीवता। अवाधारा आहेतम मठा ममाशतन।॥ অবোধ্যা বাদিরা ভাদে আনন্দ দাগরে। শিশু কহে রামরাজা रलन मामद्रः।

## অথ হর্পণখার খেদ ও রাম প্রাপ্ত্যর্থে সাগরসঙ্গমে কামনা করিনা প্রাণ পরিত্যাগ।

ত্রিপদী। স্থর্পণখা কেঁদে কয়, কিকব কবার নয়, রামে পতি করি অভিলাষ। রাবণে মন্ত্রণা দিয়া, সীতারে হরিয়া নিয়া, করি-লাম সবংশ বিনাশ। ভাবিয়াছিলাম মনে, সীতা নিলে দশাননে, শোকে রাম হবেন কাতর। না পাইলে অর্দ্ধ অঙ্গ, ছাড়ি লক্ষণের সঙ্গ, ভ্রমিবেন বন বনান্তর ।। সে সময়ে আমি গিয়া, রামেরে দর্শন দিয়া, মায়াৰূপে করিব মোহন। তাহলে আমারে তিনি, করিবেন স্বকামিনী, স্থথেতে বঞ্চিব তুইজন।। পূর্ণ না হইল আশ, জীরাম পেলেন বাস, সঙ্গে নিয়া সীতা সাধ্বী সতী। আমি অতি ভাগ্য হীনা, ভাবিয়া হলাম ক্ষীণা, নাঁপ্পেলাম রাম হেন পতি।। কি করিব হার২, মরি মরি প্রাণ যার, ধিকৃ ধিকৃ এছার জীবনে। রক্ষকল অতি ছার, নারব ইহাতে আর, সন্নাসিনী হব গিয়া বনে। তপস্যা করিয়া আমি, রামেরে লভিব স্বামী, পুনঃ ভাবে পাই কিনা পাই। বহু জন্ম তপস্যায়, কলাচিৎ কেহ পায়, তপস্যা করিয়া কার্য। নাই।। আছে এক স্থউপায়, আমি আচরিব ভারু, অবশ্যই স্বকার্য্য সাধিব। সাগর সঙ্গমোপরি, কামনা করিয়া মরি, পরজন্মে অবশ্য পাইব।। এইকপে নিশাচরী, স্থমন্ত্রণা স্থির করি, গঙ্গাসাগরেতে শীঘ্র গিয়া। নামিয়া সঙ্গম জলে, প্রাণ দিল কুডু-হলে, পতি প্রাপ্তি কামনা করিয়া।। কামনা করিল এই, আমি হই যেই সেই, রাম হন যেই অবতার। ছাড়িয়া এ কলেবর, পর জন্মে শীন্ততর, ভোগ্যা ষেন হই আমি তাঁর।। এইকপে ' निर्माहित, नागत मक्टम मित्र, कुक्का बत्य जनम निर्णत । अत्या-ধ্যায় রাম যিনি, মথুরায় ক্লফ তিনি, এই হেতু ক্লফেরে পাইল।। কুবুজার পূর্ব্ব কথা, প্রকাশ পাইল তথা, কহিলেন ব্যাস মহাকায়। শুনি শুক তপোধন, অতি সম্ভোষিত মন, গলাসাগরের মহিমায়॥ भिश्वताम नारम छारम, अन्नक अभिन्ना छारम, अन्दन्य क्रांकि वाम

कन। कूवूजा बहेरल जानी, मधूजात ताजधानी, त्यहे करल बहेन धारन ।

> অথ কুবুজা রাণী হইলে মথুরাবাসিনী নারী-গণের কথোপকথন।

পরার। কুবুজা হইল যদি একুফের রাণী। আবণে মধুরা বাসী করে কাণাক। বি।। নারীতে নারীতে হয় কথোপকথন। এ वरन উহারে সই একি অঘটন।। কপালের কথা কিছু বলা নাহি বায়। বিধির লেখন একি শুনে হাসি পায়।। রুদ্ধা হুরা বরাটিকা কংসের কিন্ধরী। চলিতে না ছিল শক্তি যেতো ষষ্টি ধরি।। কুছ জিনি কলেবর কুৰপার শেষ। মাথায় না ছিল যার এক গাছি क्मा। अस पस दीन अझ अझ जिन ठीहै। इंहेट यादाक घूना করিত সবাই।। তাহারে স্থন্দরী করি স্থন্দর গোপাল। করিলেন পাটরাণী হইয়া ভূপাল।। আর রামা বলে সই পুর্ব্ব পুণ্যফলে। क्लारम या मिर्थ विधि छाई आंगि क्रां। वरम এक तमवटी করিরা কৌতুক। ক্লফের কপালে ছিল কুরুজা যৌতুক।। স্বার সই বলে সই কথা ৰড় ভাল। সহজে গোপাল কুষ্ণ কত হবে ভাল।। এইৰপে নারীতে নারীতে যথা তথা। কেবল কুবুজা আর একু-ষ্ণের কথা। কথায় কথায় দেশ বিদেশে প্রকাশ। কেছ ভাল বলে কেছ করে উপহাস ।। কত দিনে প্রচার হইল ব্রজধামে। क्रवृक्षा श्राव तानी अक्रायन वारम ॥ अनिया कामिनी भरन করে হাহাকার। এক মুখে ক্লেঞ্চ ধিক দেয় শতবার।। শুনি রাখা ঠাকুরাণী চমকিত মন। নয়নে নিঃসুরে নীর না সুরে বচন।। কপালে কল্প হানি ছাড়েন নিঃশ্বাস। রাধার বিলাপ ভাষে শিশুরাম দাস।।

অথ জ্বীরাধার জ্বীক্লক বিরহে বিলাপ। পদার। ক্লক জাদিবার জাশা দনে দনে ছিল। কুরুজার কথা

ঙনি সে আশা যুচিল।। আছিল বিরহানল দেহে সন্দীপিত। শোক তাপ তুই তাহে হইল মিগ্রিত।। দহিল আশার বাসা সেই শোকানল। সতিনী সন্তাপ বায়ু তাহাতে প্রবল।। তিন তাপে এমতীর দহে কলেবর। গুকাইল শশীমুখ ব্যাকুল অন্তর।। সন্তা-পের সধা তাহে নিঃশ্বাস পরন। ঘন বহে হৃদি দহে করে জালা-छन ॥ नाहां य कतिरा आदा हारह मानानन। किन्ह कमनिनी তারে নাহি দেন স্থল।। করিবেন মান যারে সেই নাহি কাছে। ভবে সে মানের কিসে অধিকার আছে।। নিরাশয় শোক আর সতিনী সন্তাপ। বিরহ বিষমানলে করেন বিলাপ।। সখীরে ডাকিয়া কন কান্দিতে কান্দিতে। বিষম কালার জালা না পারি সহিতে। কাল সম কামানল হইল দীপন। ওগো সৰি পুড়ে মরি কি করি এখন। আয় আয় কাছে আয় ওগো প্রাণ সই। প্রাণ সামাধান কালে ছুটা কথা কই ।। স্থী সংখাধিয়া রাধা হয়ে জ্ঞানহত। পাগলিনী সমা তথা কথা কন কত।। এক্ষণেতে দেহে आत्र ना त्रट कीवन। ও সজনी कष्टे कथा कत्रह आवन ॥ मतन ছিল যত আশা হত হলো সব। কুবুজার প্রেমে বশ হলেন মাধব॥ কুবুজা-কমলে ক্লফ মধু পানে রত। সাদরে সোহাগ তারে করি-ছেন কত।। কুফের সোহাগে হয়ে দর্পিতা সে ধনী। হাসিয়া আমারে কত কহিছে সজনী।। সে ভাব ভাবিয়া স্থি দেই হৈল ক্ষীণ। হীনের ইঙ্গিত সহ্য করা স্থকঠিন।। স্থা তাপ শিরোধামে সহ্ত করা কায়। সিকতা সম্ভাপ সহ্ত নাহি হয় পায়।। সিকতার তাপে ধান্ত ফুটে হয় লাজ। সেই মত মন ফোটে প্রাণে বাজে বাজ । আর না দেখাব লোকে লক্ষিত বদন। এখনি সপিব আমি. कीयत कीयन।। नरहरं प्रहत्न त्मह कतिव प्रहत्। अथवा शतन व्यानि कत्रिव खक्कन ।। यक्तरभ स्म करभ श्रान नामिव- ध बात । ওপো সখি এ বদন না দেখাব আর ।। বলিতে বলিতে পুনঃ ছারান চেতন। পুনশ্চ সন্ধিত পান পুনশ্চ রোদন।। হাসেন কান্দেন রাধা উন্নাদিনী মত। কভু আবিস্কার কভু ক্রঞ ভাবে

রত।। শ্বরিয়া ক্রুফের গুণ সধী সম্বোধিয়া। আপনারে ধিক দিয়া কহেন কান্দিয়া। রাধার বিলাপ অতি অদুত কথন। গুনিলে পাষাণ গলে শিগুর বাদন।

### অথ এমতী কৃষ্ণগুণ স্মরিয়া বিলাপ করেন।

ত্রিপদী। স্মরিয়া ক্লফের গুণ, ক্লফভাবে স্থনিপুণ, কান্দি কান্দি কন রাধা সতী। আমার কপাল মন্দ, নয়ন থাকিতে অন্ধ, निक मार्य हातात्वम शिंछ।। अत्भा तुरम महहति, भूकी कथा प्रथ শ্বরি, কত ভাল বাসিতেন হরি। প্রেমেতে আসিয়া রত, সোহাগ করিয়া কত, কহিতেন মমাধর ধরি।। কহিতেন শুন রাধা, তুমি মম অঙ্গ আধা, প্রেম সাধা প্রাণের অধিকা। শুন প্রিয়ে বলি সার, তব সমা নাহি আর, প্রিয়তমা প্রাণের তোষিকা।। আঁচড়ি আমার কেশ, করিয়া দিতেন বেশ, আপনার হাতে গুণমণি। বদনে ঈষৎ হাস, পরায়ে দিতেন বাস, আর নানা আভরণ মণি।। তুলি ফুল গাঁথি মালা, সাজায়ে দিতেন কালা, করিতেন কত স্য-তন। ওগো প্রিয় সহচরি, প্রাণ যায় মরি মরি, হারালেম এ হেন রতন ।৷ এক দিন কথা কই, মনে করে দেখ সই, গোর্চে গেলে সে রতন মণি। দেখিতে বাসনা করি, তোমা সহ সহচরি, জল ছলে গেলেম অমনি ।। দিনমান দ্বিপ্রহর, দিনকর খরতর, খর কর করে বরিষণ। বায়ুর নাহিক বল, তপ্ত হৈল জল স্থল, সচঞ্চল জগতের জনঃ ব্রজের কঠিন মাটি, উন্তাপেতে গেল ফাটি, হাঁটিবার পথ অবিরল। তুণাচ্ছন্ন স্থান যেই, কিঞ্চিৎ শীতল সেই, কিন্তু তাহে কেন্টক সকল।। পথে মাটি লাগে চোটে, পার্শ্বেত কন্টক ফোটে, চলিতে চরণে হৈল ক্ষত। রোদ্রেতে পীড়িল মর্ম্ম, অলেতে প্লাবিত ঘর্মা, মনে করে দেখ কণ্ঠ যত। বে কালা কদম্বভলে,বসি ছায়ারুত স্থলে, সধা সঙ্গে করেন ক্রীড়ন। দেখিয়া আমার কন্ত, তাঁর হৈল यक ऋष्टे, म्लाष्टे कारा ना रस वर्षन।। कि करतन धनभागि, नरक দাদা বলরাম, ভূষিতে আসিতে নাহি পারি। করিলেন কর্ম থাহা,

মনে করে দেখ তাহা, কহিতে নয়নে বহে বারি।। চমকিয়া শীহরিয়া, বমুনার জলে গিয়া, ধড়ার অঞ্চল ভিজাইয়া। মুছিয়া আপন
অকে, বীজন করেন রঙ্গে, আমা পানে ঈবৎ চাহিয়া।। করিয়া
একপ রঙ্গা, দে সময়ে সে ত্রিভঙ্গা,করিলেন স্ব অঙ্গালীতল। তাহাতে আমার কন্ত, সকল হইল নন্ত, আগুণে পড়িল যেন জল।।
জানালেন গুণময়, রাধাদেহ ভিন্ন নয়, করিয়া একপ ব্যবহার।
হায় হায় মরি মরি, ওগো প্রাণ সহচরি, সেই হরি কোথায়
আমার।। বলিয়া এতেক বোল, ভাবে হয়ে উভরোল, নিঃ নারিয়া
নিঃখাস বাতাস। মণি হারা কণি মত, গর্জন করিয়া কত, পুনঃ
গুণ করেন প্রকাশ।।

### অথ শ্রীমতী শ্রীক্লফের গুণ কথনে ক্লফকালী বৃতান্ত কছেন।

পয়ার। সখী করে ধরী পারী কন আরবার। স্থাতে নারিব আমি শ্রীক্লফের ধার।। তুমিত সকলি জান ত বু কিছু কই। মনে করে দেখ দেখি ওগে। প্রাণ সই।। প্রথমে বঁধুর সনে ইইলে মিলন। কুটিলা তাহাতে হয়ে বিবাদী তখন।। জনিবার ছল্ফ করে সহিত আমার। নগরে নগরে কুৎসা করয়ে প্রচার।। প্রতি দিন প্রাতে উঠি প্রতি ঘরে ঘরে।কেবল আমার নিন্দা জনিবার করে॥ আপনি আমারে কত করে তিরক্ষার। শাশুড়িকে শুনাইয়া উঠায় খাখার।। কালা কলঙ্কিনী নাম করিল রটনা। ক্রমে ঘটাইল কত ছর্ঘট ঘটনা। আয়ানের কাছে কয়ে দিল সমুদয়। আয়ান শুনিয়া কোপে জয়ি হেন হয়॥ কুটিলারে বলে কথা সত্য করে বল। মিথা হলে মম হাতে পাবি প্রতিফল।। কুটিলা বলিল দাদা দেখেছি নিশ্চিত। দেখিতে ঘদাপি চাহ দেখার ত্রিত।। আয়ান বলিল পার দেখাতে আমায়। ক্রফ সহ যমঘরে পাঠাব রাধায়।। না দেখাতে পারিলে পাইবে জপমান। মাথা মুড়াইব কাটি দিব নাসা কাণ।। কুটিলা কহিল তুমি থাকহ গোপনে। নিশি-

यारश (मधाँचेव निक्क कानरन।। **आ**ज्ञारनत नरम छात (शांशरन কথন। আমরাত নাহি জানি সে কথা তখন।। ওগো রুন্দে তোমা जापि जर्ड मधी निया। उउछिनाम श्रीकृत्यन्त निकृत्वन्त शिवा।। नामद्र वित्रश्न ज्था जाहि नर्क करन। त्न नमद्र हुर्घम्ना (ज्दर দেখ মনে।। আমাবজ্ঞা সে শর্কারী মূর্ত্তি ঘোরতর। উদর হইন মেছ গগণ উপর।। ভাহাতে হইল আরো নিশি তমোময়। কোন মতে কোন দিওক দৃষ্টি নাহি হয়।। সম্বনে গগণে মেঘ কররে গর্জ্জন। বনের ভিতরে গর্জ্জে ছ্রষ্ট পশুগণ।। ঘোর অন্ধকার আর সংঘার গর্জনে। উপজিল অতিশয় ভয় মম মনে।। ভয়েতে ব্যাকুলা হয়ে আমি সেইক্ষণ। করে করিলাম ক্লফ্ষ দেহ আকর্ষণ।। দেখিয়া আমার ভয় গুণময় হরি। ধরিলেন ছটি কর প্রসারণ করি।। আমারে ধরিয়া নিজ ক্রোডে বসাইয়া। অভয় প্রদানে কন বচন অমিয়া।। তদন্তরে দেখ বিধাতার বিভূমন। ভয়ের উপরে ভয় হইল ঘটন।। সেই ঘোর নিশাকালে কালিনী কুটিলা। আয়ানেরে দঙ্গে নিয়া কাননে আইলা।। দুরে হৈতে **मिथारे**श पिन कुक्षवन । कथांत मन्नव পেয়ে आग्रान छुर्छन ।। प्रस ভরে আসে ঘন ছাড়ে হহস্কার। শব্দ শুনি ভয়ে প্রাণ কাঁপিল আমার।। খর খড়র করতলে ক্রোধেতে ধাইল। অক্সকার হেতৃ শীত্র আর্সিতে নারিল।। দন্তভরে আসে ঘন হত্তস্কার ছাড়ে। ভাহাতে আমার ভয় অতিশয় বাড়ে।। কোন দিকে না দেখিয়া পলাবার স্থান। কুষ্ণে কহিলাম রক্ষা কর ভগবান।। রক্ষ রক্ষ নারায়ণ ধরি রাঙ্গাপায়। আয়ানের হাতে অধীনীর প্রাণ যায়।। পরি মরি নরছরি কর পরিত্রাণ। তোমা বিনা অধীনীর কেছ নাহি আন।। মরি যদি ভাহে হরি ভয় নাহি করি। তোমারে হইব হারা এই ভয়ে ডরি।। ক্রফ কন কোন ভয় না ভাবিহ প্রিয়ে। এখনি আয়ান যাবে সম্ভোষে ফিরিয়ে।। তোমা প্রতি হবে তার সম্ভোষ क्तग्र। देशर्थ इंश कंपनिनी नाहि काम छग्न। बनिट्ड वनिट्ड काना इंदरनन कानी। करत्र भाष्ड अनि मूख करकरण कतानि॥

# দ্বিতীয়ভাগ।

আর ছই কর খোভ। বরাভরবুক্ত। গলে দোলে মুওমালা কেশ-कान मुक्त । ভात्त ভात्न भारक मंनी शाम मंनी ভान । त्नान जिहि नक नक वनन कतान।। दिन्या तम होई जाता हैन ভর। ক্লফেনা হেরিয়া কাছে কল্পিড হৃদয়।। দেখিয়া আমার ভয় অভয় করিয়া। কহিলেন পূজা কর ফুল জল দিয়া।। ক্ষত ইরে তুমি সেইকণে সহচরি। পূজার সামগ্রী দিলে আয়োজন করি॥ विभिनाम शृका ८२जु मूनिया नवान। तम ममत्य तमरे ऋतन चारेन আয়ান।। কালা নহে কালী মূর্ত্তি করি দরশন। তোমারে আমারে করি কত প্রশংসন।। কুটিলার কথা মিথ্যা করি স্নমুমান। প্রণমিরা পাদপদ্মে করিল প্রস্থান।। সে ঘোর সঙ্কটে হরি উদ্ধারি আমায়। কালী ঘুচে কালাৰূপ হন পুনরায়।। তার পরে হাস পরিহাস কত করি। কতমতে ভুষিলেন প্রাণকান্ত হরি।। ভুমিত সকলি জান ওগো প্রাণ সই। হেন হরি হারা হয়ে প্রাণে বেঁচে রই।। ওরে মম হৃদি তুই পাষাণের বাড়া। বিদীর্ণ না হলি কেন হয়ে ক্লফ ছাড়া। ধিক্ পিক্ ওরে প্রাণ অধন নিলাজ। এখনো আমার एट कति विताक ।। कृष्ण लोक रवैं ठ जूमि तहिरल कमान । কিঞ্চিৎ নহিল লজ্জা ভোমার বদনে॥ এই কপে হরিপ্রিয়ে আক্ষেপ করিয়া। পুনঃ হরিগুণ কন সখী সম্বোধিয়া।।

> শ্রীমতীর কলস্কভঞ্জনের কথা স্মরণ করিয়া ক্রন্দন করেন।

পরার। ক্রন্দন করিয়া রাধা কন আরবার। ওগো বৃন্দে গোবি-লের গুন গুণ আর। , তুমি সব অবগত আছ প্রাণ সই। তথাপি বঁধুর কথা আমি কিছু কই।। কালী হয়ে কালাচাঁদ ভাণ্ডিয়া আয়ানে। আমারে অভয় দিয়া গোলেন স্বস্থানে।। আয়ান আসিয়া গৃহে ভং দি কুটিলারে। গোষ্ঠেতে করিলা গতি প্রশংদি আমারে॥ ভাহাতে কুটিলা আরো হয়ে কোপমতী। ঘরে ঘরে নিন্দা করে বলিয়া অসতী।। আমারেও দেয় সদা প্রচুর গঞ্জনা। তাহাতে হইয়া আমি অতি কুঃমনা।। কহিলাম কালাচাঁদে काम्मिष्ड काम्मिष्ड। कृष्टिनात्र कूवठन ना भाति वहिष्ड।। ভোমারে ভজিয়া নাথ জগতের জন। লভয়ে প্রথণ্ড যশ শালের বিখন।। সাকি তার দেখা যার তোমার ভবনে। হরেছে অনেক জন পৰিত্ৰ জীৰনে।। কি পুৰুষ কিবা নারী ভোমা ভজে দৰে। কার নিন্দা কালাচাঁদ হইয়াছে কবে।। ভবদেব ভজিয়া যে ভব মৃত্যুঞ্জর। ভবানী ভজিয়া পান ভবের হৃদয়।। তোমার ভক্তন শুণে লক্ষী সরস্থতী। ত্রিভুবন মধ্যে তাঁরা হয়েছেন সভী।। আবার ভূমগুলে নর নারী কত জন। তোমারে ভঞ্জিয়া ভবে स्टब्रट्ह (माठन। अरुला) ट्यो शनो कुछी मत्मानती छाता। छामादत ভজিয়া সতী মধ্যে গণ্যা তাঁরা।। কেবল তোমারে ভজে আমি অভাগিনী। ব্রজ্মাজে লইয়াছি নাম কলক্কিনী।। আমারে ভোমার দরা কিছুমাত্র নাই। এই ছঃখে দীননাথ ভাসি হে সদাই।। শুনিয়া আমার কথা সদয় হইয়া। কহিলেন কালাচাঁদ আমারে ভূষিয়া।। বিধির নির্বন্ধ প্রিয়ে না যায় খণ্ডন। না ভাবিহ ष्ट्रः च उर र हेर्दर भाउन ॥ जेमजी विनिष्ठा मन निम्न करत याता । সভী বলি অতি শীঘ্র মানিবেক তারা।। ইহা বলি করি ক্লুঞ আমারে তোষণ। নিশি শেষে নিজ গৃহে করেন গমন।। এই কথা বিনা আমি নহি অবগত। তার পরে দেখ সখি করিলেন কত।। গুহে গিয়া নরহরি হারালেন জ্ঞান। না পাইল কেহ ভাঁর রোগের সক্কান।। নন্দরানী আদি সবে ব্যাকুল কান্দিয়া। তুমি আমি শোকে ভাসি সে ভাব দেখিয়া।। চক্রীর চক্রতা বুঝে সাধ্য আছে কার। কেমনে জানিব রোগ কপট তাঁহার।। শোকে সবে সে সময় ব্যাকুলিত মন। তার পরে দেখ সখি যেকপ ঘটন॥ অকুশাৎ আদি এক বৈদ্য উপনীত। দেখিয়া ক্লফের রোগ কহিল ত্বরিত॥ ঔষধি আছয়ে কিন্তু অনুপাম নাই। এই হেতু এক জন সভী नाती চाই।। यमूना श्रदेर जन जानिया तन नाती। अविध वाणिश मिला वाँहारेट भाति॥ शास्त्रता यनिन देख किएनव छविमा। दुक्तवित्न मछी मोती जाए मर्सकर्मा। दिका वैकिटन क गडी कथाएंड मा हरत। महत्र कातात्र जन जानि पिएंड हरत।। बिक्षों खेबरेन किह श्रीकांत्र ना करता। मरन करत प्रभ निव स्व र्देश शरत ।। अप्रिमा कृषिमा वड़ जा छूट अरम । आमिया यरणामा রাণী সিরা সেইক্ষণে ॥ তাকিয়া আনিয়া দোঁহে কন সমাচার। किंगी कृष्टिमा मर्ट्स कतिया श्रीकात ॥ महिया महत्व थाता यमूनीय ষায়। সতীত্ত্ব দেখিতে সঙ্গে নারীগণ ধার।। একত্রে জসংখ্য নারী हरेशं मिलन । वाजानित्क पृष्टि निया तत्र नर्वकन ॥ श्रथंत्म कणिला मर्ल्स करनरक नामिन। मर्ल कति तमहे याति अवतन पूराहेग।। তুলিতে সহস্র ঝারা পড়ে পেল জল। দেখিয়া রমণীগণে হাসে খন খন। তাদেখি কুটিলা অতি ক্রোধেতে পূরিয়া। আপনি लहेन याति प्रारद्धत निन्निया।। भश्चापर्य त्रहे याति कत्नरु ডুবায়। তুলিতে না পারি জল লক্ষ্মা বড় পায়। অসংখ্য রমণী মিলে দের টিটকারি। কুটিলার অপমান হৈল তাহে ভারি।। মলিন হইল মুখ লুজ্জায় তাহার। তাহাদেখি আরকেহ না করে স্বীকার। निटक नक्त्रांगी कल आनिए हाहिल। रेवनाताक महेकरण निरवध করিল। মারেতে ঔষধি দিলে নাহি ধরে ক্রম। র্থা কেন স্বাপনি করিবে পরিশ্রম।। তবে নন্দরাণী আর কারে না পাইয়া। ুরোদন করেন বহু কাতর হইয়া।। তা দেখিয়া বৈদ্যরাজ বলিল বচন। গণনা করিয়া দেখি সতী কোন জন।। এত বলি বৈদ্যরাজ অনেক গণিয়া। আমারে বলিয়া সভী দিল দেখাইয়া।। গুনিয়া বৈদ্যের कथा लाटक कांगाकानि। किह यल मन्द्रं कह यत जान वानी॥ তবে বশোমতী অতি ত্বরিতে উঠিয়া। আমারে কহিল বছ বিনয় <sup>\*</sup> করিয়া। যশোদার অনুরোধে লজ্জায় ঠেকিয়া। রহিলাম অনুক্রণ व्यवाक रहेगा।। ट्रनकाटल टेनववानी शशरनट रहा। यार बाटध জল হৈতু নাহি কোন ভয়।। সেই বাক্যে ভর করি ভোষারে কহিয়া। যশোদার অমুরোধ স্বীকার করিয়া।। শীহরির পাদপঞ্ क्रिज्ञा न्यात्। ठिलिला प्रदेश अतिहा संदर्भ । जार

দেখ সৰি ভোমরা সকলে। আমার কহিতে সেলে বমুনার জলে।। আমি গিরা মাননেতে পুজিয়া মাধব। বাগ্র হরে করিলাম বছবিধ ন্তৰ।। ন্তৰে হর্ষিত হয়ে কমললোচন। ছান্নাৰ্থে জলেতে দিলেন मत्रामन । व्याचि ठांत्रि कहिटलन स्टेग्न मनग्र । वात्रा छटत नर जन না ঘটিৰে ভর<sub>ী</sub> তবে জানি সেইকণে নানি ধমুনার**া সহ**ক্র ঝারার बात्रि जुरादत्र उथात्र।। जुलिनाम जंग डाट्ट विन्द्र ना পड़िन। ट्टितियां नकन त्नांक व्यवांक रहेन।। धक मूर्य भेंछ यंग्र मिन नक्कंजन। जानत्मरू जाहेनाम नत्मत्र छवन।। देवमा मिना मरही-ৰধি ৰাহির করিয়া। ভক্তি করি আমি তাহা বতনে লইয়া।। স্বৰ্ণ श्रात रमेरे करन वांकि रमरेकरण। सरस्य मिनाम जुनि श्रीकृष्ध বদনে।। যেই মাত্র ঔষধি পড়িল তাঁর মুখে। পার্স্থ পালটিয়া হরি উঠিলেন স্থায়। দেখিয়া হইল লোক আনন্দে মগন। আমারে প্রশংসা করে অসংখ্য তথন।। দেখহ ক্লফের কর্মা অন্তত ঘটনা। মহাসতী মম নাম হইল রটনা।। ও সজনি হার। হয়ে হেন ক্লফ-খনে। এখনো বাঁচিয়া আছি ধিক্ এ জীবনে।। এতবলি হরিপ্রিয়া कतिया क्रम्मन । शूनम्ह क्रूर्युत छन करत्न वर्नन ॥

## পুনর্কার হরিগুণ স্মরণে নৌকাপারের কথা কহেন।

পরার। আর এক কথা দেখ করিয়া স্মরণ। যে দিন হইরা
বহু দখীতে মিলন। কৃষ্ণ দরশন আশা মনেতে করিয়া। মথুরার
বিকি ছলে পসরা লইরা। যমুনার উপনীত বড়াই সহিত। সখীসণে দেখি হরি হরে হরষিত॥ রাখালের কাছে রাখি সোর্টেড
পোধন। অবিলব্ধে যমুনার আসি সেইক্ষণ।। তরণি লইরা নিজে
হরে কর্ণধার। আইলেন করিবারে আমাদেরে পার।। তার্থিতে
বতেক ক্রিকরিলেন হরি। মনে করে দেখা ওলো প্রিয় সহট্রী।।
আমা প্রতি করি দৃচ কটাক্ষ ক্ষেপণ। ব্যক্ষ করি সে ত্রিভক্ষ রক্ষ

# বিভীয় ভাগ।

#### া প্রমাণং মথা ।

तार्थ देश शतिमुक्ष नीलवर्गनर आक्रम नावर मम। वारणावातिन नमु मान्यनिवरस्यको ভरवरमोतिमर ॥

পরার। ওহে কমলিনি কথা করহ প্রবণ। পরিত্যাগ করি তব ও নীলবসন। আমার নৌকাতে আসি কর আরোহণ। নতুবা ইহাতে বড় হবে তুর্ঘটন। মেঘের উদয় উঠি তুরস্ত পবন। বড়েতে মেঘের করে খণ্ড বিখণ্ডন।। সে বড়েতে আরো ক্ষতি করে বছভর। শাখী শাখা ভাকে ভাকে বছ বাড়ি ঘর।। তরকে তরণী ডোবে প্রাণী হয় নাশ। পলকে প্রলয় করে ত্রস্ত বাতাস।। তোমার বসন জ্যোতি মেঘের সমান। দৃষ্টে যদি বায়ু করে মেঘ অসুমান।। তবেত বিষম বেগে হবে বহমান। বাড়িবে বমুনা জলে প্রবল তুফান।। তা হলে এ নৌকা মম হইবে মগন। অতএব প্যারি উঠ ছাড়িয়া বসন।। এ কথা শুনিয়া তথা আমি কহিলাম। শুন শুন মম বাণী ওহে কালোপ্রাম।।

সত্যঞ্জেদনাত্তরং পরিদধাম্যাদৌ জ্বয় সংবপুঃ। শুমাং শুমানবীননীরদসমং তক্তৈঃ সমাচ্ছান্যতাং॥

পরার। সত্য বটে যে কহিল হতন নাবিক। জানিলাম তুমি ভাবী কালের ভাবিক।। অস্ত বাস আনি আমি পরিধান করি। এখনি এ নালবাস ছাড়িব ঞীহরি।। উঠিব নৌকাতে তব ক্ষতি বড় নাই। তোমার শরীর কিসে লুকাবে কানাই।। নবীন নীরদ সম তব কলেবর। দৃষ্টে বায়ু বহমান হইবে সত্ত্বর॥ অভএব যাহাঁ বিলি কর ভাহা তুর্ন। আমাদের সঙ্গে আছে তক্র কুন্ত পূর্ণ।। এই ভক্রে কর তব অঙ্গ আছোদন। তবে আমি অস্ত বাস করিব ধারণ।। এই কপে শ্লেষযুক্ত কথায় কথায়। উভরে আনেক ছম্ম হইল তথায়।। তদন্তরে নৌকাপরে করি আরোহণ। বসিলাম সবে সধি করহ স্মরণ।। কর্ণধার হয়ে বসিলেন নন্দলাল। আমরা

সকলে বনি ধরি কেরয়াল।। বড়াই বনিয়া মাঝে করে রক্ত ভল্ন বমুনা তরকে কথা রলের তরঙ্গা লারি লারি তরিপরে বলে লারি-গাই। কের্ল্যালে তাল ধরে হথে ভেলে যাই। মহানদে মন্ত বিদি আছি সর্বজন। যমুনার মাঝে তরি করিল গমন।। মনে করে দেখ সথি বে রূপ ঘটিল। ইবল ইশার্নে মেঘ উদিত হইলা। দেখিতে দেখিতে সব ঘেরিল গগণ। তাহাতে বহিল বেণে প্রবল্পবন।। বাতাসেতে যমুনার বাড়িল তুফান। ছলিতে লাগিল তরি উড়িল পরাণ। ভর পেয়ে সখী সবে একত্র মিলিয়া। কুফে কহিলাম কত কাতর হুইয়া।

জীর্ণাতরী সরিদতীব গভীরনীরা, বালাবয়ং সকল মিত্থমনর্থ হেতু। নিস্তারবীজমিদমেব ক্লেশোদরীণা, যন্মাধবস্তুমসি সম্প্রতি কর্ণধারঃ॥

পয়ার। এই বে তরণি তব স্থজীণা অদিনী। অত্যন্ত গভীর
নীরা এই তরঙ্গিণী। আমরা অবলা বালা অতি ক্লোদরী। তরদের রন্ধ দেখে অতিশয় ডরি॥ অনর্থের হেতু ভূত হইল সকল।
ভয়েতে কাঁপিল অন্ধ অন্তর বিকল।। কোন দিকে কোন মতে
নাহি দেখি কূল। এক মাত্র নিস্তারের কিঞ্চিৎ আমুল॥ সম্প্রতি
মাধব হইয়াছ কর্ণধার। এই মাত্র সম্প্রতার দেখি বাঁচিবার॥ দয়া
করি লহ ভরি ত্বরাত্ররি তীরে। বাঁচাও অবলাগণে এ গভীর নীরে॥
এইমত সবিনয়ে কহিলাম যত। রন্ধ করি আরো ভয় দেখালেন
তত।। হাসিয়া হাসিয়া তরি নীরে ভুবাইয়া। আপনি পড়েন
শীত্র জলে বাঁপদিয়া॥ ভাসিলাম সে ত্রন্ধে আমরা সকলে।
দ্বাজ্বাত যত ছিল ভেসে গেল জলে॥ তোমরা সাঁতার দিলে
পাইয়া পাথার। আনি হাবুডুবি খাই না জানি সাঁতার।। ক্রত
আসি সে বঁরুয়া ধরি মম করে। তুলে নিয়া আপদার হৃদয় উপরে॥
হথেতে সাঁতার দেন যমুনার তীরে। অভয় বচন কন অতি ধীরে
থীরে।। তখন তাঁহার ভাব অমুভব করি। হৃদয়ে বাড়িল স্বর্থ

কিন্তু লাজে মরি ॥ মরি মরি সহচরি কত কব আর। এমন গুণের বঁধু ছেড়েছে আমার ⊪মম সম অভাগিনী নাহি ত্রিভূবনে⊲ হারায়ে গুণের নিধি আছিগো জীবনে।। তদস্তরে কথা সখি করগো व्यवन । जामाद्र श्रम्द्र नद्र जारम यथन । जामि कहिनाम क्रूकः কর একি কাজ। লোকেতে দেখিলে বড় উপজিবে লাজ।। ঠাট পরিহার কর বাঁচাও জীবন। তরক্তে আতক্তে মরে সব সখীগণ।। স্থ্রদা বড়াই আর সাঁতারিতে নারে। অই দেখ মরে মরে হয়েছে পাথারে।। রুদ্দা মম প্রাণোপমা রহিল কোথায়। তারে না দেখিয়া হরি মরি প্রাণ যায়॥ ক্ষমা কর পায়ে ধরি করি পরিহার। সঞ্চিনী গণেরে ছ: ध দিও না হে আর ॥ এই কপে বারে বারে করিলে विनय । क्रेयन शामिया তবে मिट्टे तमभय ।। यभूनादत हत मिट्ट कदतन ইঙ্গিত। শুনিয়া যমুনা চর দিলেন ত্বরিত।। হৈল অতি অল্লজন পায়ে ঠেকে মাটা। সাহস পাইয়া তবে সবে চলে হাটি। বিষম ভরঙ্গে ভেদে গিয়াছে বদন। দোজা হয়ে হাটিতে না পারি কোন জন।। জলেতে জুর্বাড় দিয়া মাটি ধরি ধরি। চরের উপরে চলি দেখ মনে করি।। উঠিতে না পারে কেহ কি হবে উপায়। পুনঃ কহিলাম ধরি এরিকুফের পায়।। লজ্জারক্ষা কর হরি বস্ত্র দেহ দান। অধীনীগণের ফুঃখ নাহি সহে আন।। লক্ষ্যা হতে মরা ভাল্ ওহে লক্ষাবাস। হয় মারো নহে শীঘ্র দেহ অঙ্গ বাস।। গুনিয়া আমার কথা যমুনারে কন। গোপিকাগণের দেহ বস্ত্র আভরণ।। मिध क्रम घृठ ছाना नवनी माथन। यादा यादा करल उव दरग्रह মগন।। পশরা সহিতে আনি দেহ শীভ্র করি। শুনিয়া বমুনা নদী ভয়েতে শিহরি।। ক্রন্তগতি ক্রব্য সব আনি দিল চরে। বস্ত্র নিয়া পরি তবে সকলে সত্বরে।। অঙ্গ আভরণ আর পশরা যে যার। পাইয়া তখন হৈল আনন্দ অপার॥ তদন্তেতে নৌকা হরি করি উ ভোলন। স্বহস্তে নৌকার জল করিয়া সিঞ্চন।। সামাদেরে তুলে নিয়া অতি শীম্র করি। গোকুলের ঘাটে আনি লাগালেন তরি। মথুরার দিকে বেতে না হইল আর। পশরার ক্রব্য খুচে হৈল ধন-

ভার। ক্রফের ক্রপায় তার সে ঘোর তরঙ্গে। আইলাম গৃহে সবে আনন্দ প্রসঙ্গে। ওগো সধি সেই হরি কোধার আমার। আমারে ছাড়িয়া কান্ত হয়েছেন কার।। এতবলি কর্মনিনী করেন ক্রন্দেন। কান্দিতে কান্দিতে পুনঃ হন অচেতন।। বছকাণ পরে প্যারী পাইরা চেতন। সধী করে ধরি পুনঃ ক্রফ কথা কন।।

## জীমতী জীক্ষণ গুণ স্মরণে মান কালের কথা কহেন।

পরার। মনে করে দেখ মম মানে সহচরী। কত কণ্ঠ পেয়ে-ছেন প্রাণকান্ত হরি।। ও সজনি গুণ তাঁর হইলে স্মরণ। হদি বিদারণ হর ঝোরে ছুনয়ন।। আমার নাথের দোষ কিছুত ছিলন।। বিধির বিপাকে হৈল বিঘট ঘটনা।। মম কুঞ্জে আসিবার আশা क्रित्र मत्न। आमिटल ছिल्लन नाथ পथ विव्तर्त ।। পথে দেখা পেয়ে চক্রা নাথেরে ধরিল। নিজ নিকুঞ্জেতে নিয়া কপটে রাখিল॥ যদি বল রাখিতে কে পারে এলে পরে। কমলের সহ দ্বন্দ্র ভ্রমরে ন করে।। সাক্ষি ভার দেখ সই দিনমণি স্থিতে। প্রফুল্ল কমলে অলি বৈদে মধুপীতে।। দিননাথ অস্ত হৈলে কমল মুদিত। বিপাকে ঠেকিয়া অলি থাকয়ে নিশ্চিত। শুদ্ধ কাঠ স্থভেদক তীক্ষদন্ত যার। ভেদিতে কমলদল কষ্ট কি তাহার।। প্রেমধর্ম পরায়ণ ख्यमदत्रत्र मन। कथन कमलमल ना कदत त्र्कृमनः। त्रक्रनीत व्यव-সরে উঠিল তপন। পুনশ্চ প্রফুল হয় নলিনী যখন।। তখন উটিয়া অবল অতি ধীরে ধীরে। নিজ স্থানে যায় ভুষ্ট রাখি নলিনীরে ।। চক্রাবলী কমলের মোহেতে মোহিয়া। আবদ্ধ ছিলেন নাথ বিপাকে পড়িয়া।। না বুঝিয়া মর্ম্ম তার আমি অভাগিনী। হইলাম সে সময়ে ছুর্জির মানিনী। প্রভাতে আইলে আমি না হেরিলে মুখ। প্রাণকান্ত পাইলেন কতই অন্তখ।। মম ভয়ে শশি-মুখ শুকাইল তাঁর। দাঁড়ালেন করবোড়ে অগ্রেতে আমার।। कि बलान कि करतन जाविशा ना शान। इरेलन इति यन

চোরের সমান।। আপনারে কত শত অপরাধি মত। করিলেন আমাপ্রতি অমুনর কত।। কিছুতে আমার মান না হইল ভঙ্গ। ভয়েতে সজলজাঁথি হলেন ত্রিভঙ্গ।। ক্রমে নয়নের জল বোগেতে বহিল। কক্ষলগলিত হয়ে জীঅলে পড়িল।। কান্দিতে কান্দিতে ধরি আমার চয়ণ। অপরাধ কম রাধে বলিয়া রোদন।। হায় হায় সহচরি মম প্রাণে ধিক। দয়া না হইয়া মান বাড়িল অধিক। ক্রোধন্তরে চরণে ঠেলিয়া প্রাণনাথে। বিমুখী হইয়া আমি বসি-লাম তাথে।। তোমরা আসিয়া কত বুঝালে আমায়। কার কোন কথা আমি না শুনি তথায়।। ক্রোধে নাহি চাহিলাম তুলিয়া वंशान। रकानमण्ड क्रस्थ कूरक्ष ना निनाम स्थान।। कि करतन कास्र মম কান্দিতে কান্দিতে। নিকসিত হইলেন নিকুঞ্জ হইতে।। কুষ্ণগতে অভিমান হইল অন্তর। না হেরিয়া হইলাম ব্যাকুল ञास्त ॥ विनासिक किंदिनाम क्यामा मवाकारत । मिनारिसा पिसा ক্লফ বাঁচাও আমারে।। তোমরা ক্রোধিতা হয়ে উপরে আমার। মিলনের কোন চেষ্ঠা না করিলে আর । এ দিগেতে কান্দি আমি ও নিগেতে হরি। মধ্যেতে তোমরা রঙ্গ দেখ সহচরি॥ স্থামি যে কাতরা তাহা না জানেন হরি। স্থামা হেতু কণ্ঠ কত আহা মরি মরি।। ওগো স্থি সে কথা কি মুখে বলা যায়। মনে হলে হাদি ফাটে জাঁখি করে তায়।। তদন্তরে কত কার্ড করিলেন ছরি। মনে করে দেখ দেখি ওগো সহচরি।। শিশুরাম দাসে ভাষে গুন সাধুজন। নাপিতিনী কথা রাধা করেন বর্ণন।।

### জীমতী জীক্কফের নাপিতীনী বেশ স্মরণ করিয়া খেদ করেন।

ত্রিপদী। আমার মানেতে হরি, কত ব্যস্ত মরি মরি, সে কথা কহিতে প্রাণ কাঁদে। অন্তরে না পান স্থ্প, সতত মলিন মুখ, রাহুতে বেড়িল যেন চাঁদে।। কাঁপে অঙ্গ থর থর, মরমেতে জর জর, সর্মে না কন কোন কথা। নাহি অন্ত আলাপন, কেবল

আমাতে মন, ভ্রমণ করেন যথা তথা।। মিলিয়া স্থার সনে, গোটে যান গোচারণে, কিন্তু মনে স্থখ নাহি পান। রাখালে রাখালে মেলা, হইয়া আরন্তে খেলা, কুষ্ণ একা অন্য দিগে বান।। গিয়া कालिक्नीत कृत्न, अक्नत्र बर्टित भूत्न, এकिटि ভाবেন बनिज्ञ। যদি সখী পান তথা, স্থান আমার কথা, করপুটে কাতর হইয়া।। 'ওগে। রুন্দে সহচরি, হারা হয়ে হেন হরি, এখনো;বাচিয়া আছি প্রাণে। কি কব অধিক ধিক, এছার জীবনে ধিক, ধিক ধিক শতধিক মানে।। ওগো স্থি শুন আর, তুমি জান স্ব তার, তথাচ কিঞ্চিৎ আমি কই। নাপিতানী বেশধরি, যে দিন এলেন হরি, মনে করি দেখ দেখি সই।। কিবা সে ৰূপের ছটা, নিভা নবঘট ঘটা, কেশপাশ জিনি কালফণি। অতি স্থকোমল উন্থ, জ্রযুগল কামধত্য, নয়ন নীরজে খেলে মণি।। মুখ পদ্ম চমৎকার, কত শোভা কব তার, প্রকবিম্ব সদৃশ অধর। খগচঞ্ছ জিনি নাসা, অমিয়া অধিক ভাষা, বক্ষস্থলে যুগা পয়োধর।। কর কম-লের স্থায়, বাহু ঘৃণালের প্রায়, রস্তাতরু জিনি উরুদেশ। কটি ক্ষীণ অতিশয়, স্বগুরু নিতম্ব দ্বয়, গমনেতে গজেব্রুবিশেষ।। অঙ্গে নাহি আভরণ, বিধবার আচরণ, পরিধান মাত্র সাদা সাড়ি। কক্ষেতে কামানো ঝুড়ি, হস্তে অলক্তের লুডি, ভ্রমণ করেন বাড়ি বাড়ি।। মুখেতে বলেন বাণী, কামাইতে ভাল জানি, একগুণ আছরে আমার। অলক্ত যে পদে দেই, শ্রামা সমাহর সেই, শিবসম यामी दस তात ।। कामिनीत श्रेम नरस मना धरत अक्तरस्र অন্তগত কভু নাহি হয়। অলজ্জের চিহ্ন পায়, ধুইলে না ধোয়া যার, চিরদিন সমভাবে রয়।। এই সম গুণ আছে, বাই সবাকার কাছে, কিন্তু আমি সবে না কামাই। না মানি আপন পর, তবে পদে দেই কর, স্থলকণা নারী যদি পাই।। আর এক কথা কই, कांमारनत मृला लहे, वाक्षामे विमि शाहे पान । नहिरल ना लहे धन, এই এক আছে পণ, ইথে কোন কথা নাহি আন।। এইৰূপে কথা विका तमगीभागत हिल, नगात्रक जामग यथन। विकास

मिथिया छाँदि, नवस्टिन समागादि, छाकिया खानिन त्नृहेक्क्ता। जानि हवा नाशिकिनी, बदल बदना जादन हिनि, क कामादि আমার নিকট। লক্ষণ দেখিলে পর, চরণেতে দিব কর, কথা আমি না কহি কথট।। শুনিয়া পুরুষ বোল, ভোমরা করিয়া গোল, যেরিয়া ৰদিলে চারিধারে। নাপিতিনী বোধ করি, উপহাদে সহ-চরি, কতমতে ভৎ দিলে তাঁহারে।। তাহাতে না করি রোষ, রসাভাষে দিয়া দোষ, একে একে করিয়া বঞ্চনা। আমার নিকটে वानि, कहिरलन हानि हानि, এই त्रामा वर्षे खनकना ।। जानि কহিলাম ভাঁয়, একথা কেন আমায়, কিবা তুমি দেখিলে লক্ষণ। লক্ষণ থাকিলে পর, কান্ত কার হয়ে পর, পর সঙ্গে করে আলা-পন।। কুলক্ষণা অভিশয়, নহে কেন ছঃখোদয়, আমার কপালে বারমাস। মরি আমি মনাগুণে, ভাল বল কোন গুণে, বোধ হয় কর উপহ, স।। ছল্ম নাপিতিরা কর, মম বাণী মিথ্যা নয়, পরীকা পাইবে পরে তার। কামাইলে মম হাতে, তুঃধ দূর হয় তাতে, হারানিধি মিলে অপনার।। চিরবশ রহে সামী, নাহি হয় অন্ত-গামী, কহি আমি কথা সারোদ্ধার। মনের যে তু খোদয়, সকলি বিনাশ হয়, এই গুণ কামানে আমার। গুন ওগো স্থবদনে, সন্দেহ ত্যজিয়া মনে, দেহ ছটি চরণ আমায়। এইকপে কথা কন, করি অতি স্বতন, কেমনে চিনিব আমি তাঁয়।। কহিতে কঁহিতে বাণী, যোগারে যুগলপাণি, ক্রত ধরি চরণ আমার। টানিয়া নিকটে নিয়া, স্থশীতল জল দিয়া, ধোয়াইয়া করি পরিষ্কার॥ রাখিয়া সম্মুখ ভাগে, নখছেদ করি আগে, ঝামা মাসভোলা নিয়া হাতে। হেরিয়া চরণতল কহিলেন এ কোমল, ইহা দিতে। হবেনা ইহাতে।। ইহা বলি তা রাখিয়া, স্থরক্ত অলক্ত নিয়া, দক্ষিণ চরণ চিত্র করি। শীজ রাখি সেই পদ, হয়ে ভাবে গদ গদ, বাম-পদ পুনঃ শীঘ্র ধরি।। করি চিত্র চমৎকার, রুফ্ট নাম আপনার, লিখে রাখে চরণের ভলে। কামান করিয়া শেষ, মান দান চান भिष, कामारमञ्जू भूना मान इरल । अनिया मारमञ्जू कथा, हमिक्या

আমি তথা, জানিলাম নাপিতিনী নয়। মান ভঙ্গ হেতু হরি। আসি ह्याद्यम् श्रुति, कृतित्वन क्रकाश निक्ता ॥ क्रकास औकास जानि, मात्न अर्थमान मानि, विश्वन वाफिन छाटर मात्र। स्मित्रा आमात छात, श्रीतृशति निक छात्र, छत्र शति श्रेनाहेश यान ॥ आमात উপজি ক্রোধ, না মানিয়া উপরোধ, অলক্র ধুইতে চাহি জলে। ধুইতে না ধোয়া গেল, অবশেষে দেখা গেল, কুফ্নাম লেখা পদতলে।। সেই চিহ্ন সমুদায়, অদ্যাপি আছয়ে পায়, কোখায় ছাড়িয়া গেল হরি। হায় হায় মরি মরি, ওগো বুল্লে সহচরি এখনো এ দেছে প্রাণ ধরি ॥ কহিলাম সারোদ্ধার, না রাখিব প্রাণ आत, कांश निव यंत्रनात करन। वनिर्छ वनिर्छ ताहै, मूर्य आत वाका नारे, मूळी रदा शरफ जिमला । नशीता स्मिशा नर, করি হাহাক।র রব, উচ্চৈঃস্বরে করয়ে রোদন। শুনিয়া ক্রন্দন भागि, अयुक्तार खुरानी, कान त्यार पुनः छन कन्।। यति विसन मिनी दिना, कर कथा निद्नाय, हकू कदन दक ट्लिंग यात्र। শিশুরাম দানে ভাষে, রাধাকুঞ্ ভক্তি আশে, মজ মন রাধাকুঞ পায় ॥

### শ্রীমতী শ্রীক্লক্ষের বিদেশিনী বেশ স্মরণ করিয়া খেদ করেন।

পরার। কান্দিতে কান্দিতে রাধা কহেন বচন। ওগো সখি দেখি দেখি করিয়া স্মরণ॥ নাপিতিনী বেশে মান না হইলে ভঙ্গ। বিদেশিনী বেশে যবে এলেন ত্রিভঙ্গ।। কি কাল উচ্ছল কমনীয় কলেবর। কালোতে করিল আলো গোকুল নগর।। নয়ন নীরজ নীল মুখ নালাস্ত্র। স্কমল কর পদ মুগালিত ভূজ।। ওঠাধর বিষ্বর তিলফুল নাগা। কাদম্বিনী জিনি কেশ স্থা জিনি ভাষা॥ উরজ সরোজ শিশু উক্ল করি কর। কেশরি জিনিয়া কটি নিভ্য ভূধর॥ পুরিধান পউবালে বেশ সনোহরা। সরাল বারণ গতি করে ব্রীশা ধরা।। চঞ্চল নয়নে মূন ইতঃস্তত চায়। বিরহ মিঞিত

## দিতীয়ভাগ ৷

शीर दीना जारन भाव ।। करन करन त्वरंग हरन करन धीरत गाँउ। मछी त्वन राज गरन जरविष्ट शिक्त ।। जामना त्वमन शृद्ध तारमन সমরে। হইরাছিলাস বাস্তা ক্লঞ্ হারা হরে॥ সেইমত বাস্ত হরে कत्रत्म खन्नन । बाहे बाहे माठे वाहे वन छे प्रवन ॥ अकाकिनी खाम পৰে সলে নাহি কেহ। মুক্তকেশ স্নানমুখী ব্যাকুলিত দেহ।। কৰন সভর চিত্ত কখন অভয়। কখন বা উৰ্দ্বয়খী কভু নত্ৰ হয়। সঙ্গে নাহি কৈহ কথা কবে কার সঙ্গে। আপনি আপন মনে কছে কত রকে।। কত সত কথা কহে হইয়া ব্যাকুল। কৰন বা ভাল বাণী কভু কহে ভুল।। অপৰূপ ৰূপ ভাব দেখি গোপীগণ। অনিমেষ নয়নেতে করে দরশন।। কিন্তু কেছ করিতে না পারে मिक्रभा। कोषा टेस्ट कि कांत्रता टेकनं आगमन।। क्रस् तरन মানবিনী কেই বলে পরী। স্বপ্সরী বলয়েকেই কেইবা কিন্নরী।। এই কপে নানা জনে নানা কথা কয়। অপরে করিল স্থির মানবী निम्हम् ।। अरम्भी तम्भी नत्य विरम्भिनी वर्षे । अञ्चामा कतिरङ देश हैशत निकटि ॥ किन्छ किश छत्य्य निकटि नाहि यांत्र। বচন না সরে ভয়ে কেমনে স্থায়।। অমুক্ষণ পরে সখী স্থচিত্র। আমার। সাহস করিয়া গিয়া নিকটে ভাহার।। জিজ্ঞাসা করিল কথা তুমি কোন জন। কি কারণ একাকিনী করিছ ভ্রমণ। ুকোন দেশে ঘর তব কামিনী কাহার। কোন জাতি কিবা নাম কিবা ব্যরহার।। কুল কামিনীর ভাার ভাবে জ্ঞান হয়। কিন্তু কেন্ দেখি এত শরীর নির্ভয়।। বোড়শী বয়সী তুমি স্থকপার শেষ। একা নারী কেমনে অমিছ দেশ দেশ। বহু মূল্য আভরণ আক্ষে আছে তব। চোরেতে না কর শঙ্কা একি অসম্ভব।। লক্ষটে না কর ভয় যোড়শী হইয়া। তোমার চরিত্র চারু না পাই ভাবিয়া। আমার নিকটে দেহ আজা পরিচয়। বাতে তব হিও হয় করিব নিশ্চর॥ আমি জীরাধার সখী জানে জগজনে। अनाधा जामात्र किছू नांशि जिंडूवरमं।। এত यनि कशितक श्रुटिको नक्ता स्थित इस विद्निनी नित्नन उत्तत । कार्नि-

লাম তুমি বট সখী রাধিকার। করিলে করিতে পার ছহিত আমার। কিন্তু এক কথা ইথে আছে গুণরতি। ত্রিভূবন মাঝে जानि ब्रुष्टःथिতा जि ।। ज्ञांथिनी वित्रा किर प्रता नार्टि करते। मिथित कत्रता मूत्र यारे वात यदत।। जुमि यनि निज्ञकार सर्रेत সদয়। নিয়া চল রাখা কাছে দিব পরিচয়। রাখা বদি রুপাদৃষ্টি করেন আমার। রব ভোমাদের সহ সেবিয়া রাধার । শুনিয়া একপ সধী বিনীত বচন। সঙ্গে করি মম কাছে আনিলা তখন।। দেখি ত্মপর্মপ রূপ আমি চমকিয়া। রহিলাম একদৃষ্টে অবাক হইয়া। ওগো সখি সে যে ৰূপ হায় হায় হায়। কোনমতে চিনিতে না পারিলাম তায়। স্থৃচিত্রারে স্থালেম শুন সহচরী। কোথায় পাইলে जूमि এমন ऋम्मती।। कांशांत कांमिनी देनि कांन प्रतमे चत्र। कांन হেতু আইলেন আমার গোচর।। স্থচিত্রা কহিল শুন রাধা ঠাকু-রাণি। আনিয়াছি কিন্তু পরিচয় নাহিজানি।। নিকুঞ্জের দ্বারে আমি পাইয়ে ইহারে। স্থধালেম পরিচয় অনেক প্রকারে॥ কোন মতে কোন কথা না কহি আমায়। কহিলেন লয়ে চল কব রাধিকায়॥ এই হেতু স্বানিলাম নিকটে তোমার। জিজ্ঞাস আপন মুখে পাবে সমাচার।। শুনিয়া সখীর কথা স্থধালেম তাঁয়। পরিচয়ে প্রবঞ্চনা না কর আমায়।। শুনিয়া আমার কথা মৌনু হয়ে রন। শিশু কহে অফুক্তে পরিচয় কন।।

## প্রিক্ত বিদেশিনী বেশে শ্রীমতীকে কপর্ট পরিচয় দেন।

পরার। পরিচয় প্রচারিতে অতি ছু:খ মনে। বর বর বারে
নীর যুগল নয়নে।। কন কন না পারেন কহিতে বচন। আধ
আধ ক্ষুরে বাণী আধ অক্ষুরণ।। সরে সরে নাহি সরে অধ-রেতে কথা। অর্জেক বাহির হয় অর্জ রহে তথা।। সতী বেন
বাধা পেরে পতির প্রহারে। মনে মনে কান্দে কথা প্রচারিতে
নারে।। তবে যদি সখী পায় নিজ মনোমত। কিছু কিছু কহে किছू तार्थ मदनांभछ।। त्मरे छात्व तम ममदा हवा विदंत्रिमी। अयुक्त बार्ड बार्ड करहन काहिनी।। अन अन स्रवहनि मम পরিচয়। পতির সহিতে বাস করি বনালয়।। ভালবাসে পতি অতি আমি পতি রত। পতিও আমার প্রেমে দদা অনুগত।। উভয়েতে এক আত্মা অন্য ভাব নাই। অন্ত দিকে কদাচিৎ ফিরিয়া না চাই ॥ পভিরো আমাতে ভাব একান্ত নিশ্চিত। কোন দিকে নাহি চাহে কভু কদাচিত।। অতিশয় হৈল দোঁহে প্রেম ৰাড়াৰাড়ি। প্ৰাণে মরি একদণ্ড হৈলে ছাড়াছাড়ি।। মাত। পিড। ত্যজি ত্যজি সোদরী সোদর। নিকুঞ্জে নিবাস করি লইয়া নাগর।। लात्क बदन অভিশয় किছু किছু नग्न। অভিশয় হৈলে হয় অভি বিপর্যায়।। অতি কামে হত লঙ্কা সকলেতে কয়। অতিমানে কৌরবের সর্ব্যনাশ হয় ।। অতি দানে বলি গেল পাতাল ভুবন। অতিৰূপ হেতু হৈল সীতার হরণ।। এইৰূপে সকলেতে করে কাণাকাণি। আমি পতি প্রেমে মজে কিছুই না মানি।। অতি প্রেমে অতীত হইল কিছু কাল। দৈব হৈল প্রতিকূল ভাঙ্গিল কপাল।। চন্দ্রা নামে সখী এক আছিল আমার। চন্দ্রের সমান ভেজ শরীরে ভাহার।। ৰূপের তুলনা দিতে নাহি ৰূপবতী। গুণের কি কব কথা গুণে সরস্বতী।। সেই রাধে ৰূপ গুণ যৌবনের ভরে। নাথের সহিতে প্রেম গোপনেতে করে। পুরুষ জ্রমর জাতি নৰ ফুল লয়ে। এক রাত্রি বঞ্চিলেক তাহার আলয়ে। অস্ত স্থা মুখে শুনে সেই সমাচার। হইল ছুর্জন্ন মান শ্রীরে আমার।। কহিলাম ডাকি আমি স্বাত্ম স্থীগণে। আসিতে না দিবা নাথে আমার সদনে।। হেনকালে আসি নাথ উপনীত হন। দেখিয়া দ্বিগুণ ক্রোধ বাড়িল তথন।। ক্রোধে মানে মজে নাথে না দিলাম স্থান। সখীঘারা করিলাম বহু অপমান।। আপনি নাথের সঙ্গে না কহিয়া কথা। অভিমানে মৌন হয়ে রহিলাম তথা।। দেখিয়া আমার মান আমার নাগর। কতমতে দাধিলেন হইর। কাতর।। শপথ করিয়া কত কহি বার বার। অবশেষে ধরিলেন

পরার। চন্দ্রভায় ছভা চন্দ্র। হচার অলিনী। পূর্বেতে ছিলেন বিনি রাধার সন্দিনী।। গোপনেতে ক্রফ সলে করিয়া বিহার। হট্যাছে রাধা সলে সাপত্রতা বার।। কি দিব তুলনা ভিনি অতুলন व्यक्ति। जूना कांत्र बद्ध श्रद्धाः एको मृद्द्यकी ॥ श्रद्धाः महा ক্ষৃতি শুল্ক বাস পরা। শুল্ক সরোক্তবাসনা শুল্ক বীণা ধরা। শুল্ক কর करवाबद्वकुक्ष मरनावमा। मनीक निश्ना माश्री मवाब উख्मा।। সহস্র সখীতে সদা স্থা সেবামানা । অষ্ট্র সখী তার মধ্যে বিশেষ व्यथाना ॥ दूमना चानि चर्ड जन ताथात (यमन। श्रवा चानि चर्ड হয় তাঁহার তেমন।। পদ্মা, পদ্মাৰতী পদ্মালিনী, পদ্মিনী। পত্মপ্রিয়া, পত্মমুখী পত্মবিলাসিনী।। পত্ম নেত্রা, নিয়া আই প্রাধান্যে গণন। জন্য সখী নাম কত করিব বর্ণন।। সহস্র সখীতে সদা সেবা করে তাঁর। একণেতে গুন কিছু কথা সবিস্তার।। कान এक थित्र मधी शुष्त्र अरम्वरा। नित्राहिन এकाकिनी অদূর কাননে।। আসিতে আসিতে রাধাকুঞ্জ সন্নিধানে। ক্রন্স-নের শব্দ সখী শুনিলেক কাণে ॥ খীরে ধীরে গিয়া বুক্ক আড়েতে থাকিয়া। রাধার কুঞ্জের দ্বারে দেখে নিরক্ষিয়া।। কান্দিক্তেছে বৃদ্দা আদি হইয়া অস্থির। আচস্বিতে তিরোভাব বলিয়া প্যা-ব্লীর।। অধরা হইয়া কান্দে পড়ি ধরাতলে। হাহা রাধা কি করিলে মুখে এই বলে ।এই শব্দ শুনি তার হর্ষ হৈল মন। তাহার কারণ কহিত করহ প্রবণ।। ভাবিল রাধার সঙ্গে অভাব চক্রার। রাধার অভাবে হবে হর্ষ মন তার।। আমি গিয়া দিলে তার এই সমাচার। আহ্লাদে আমারে দিবে বহু ব্যবহার।। জশন বসন দিবে অনেক ভূষণ। অধিকন্ত কহিবেক প্রণয় বচন। প্রাধান্যেতে গণ্যা অদ্য করিবে আমায়। এত ভাবি তথা হৈতে হর্ষ মনে ধায়॥ চক্রার নিকটে শীঅ দিতে সমাচার। অবিলম্বে উত্তরিল জাসিয়া জাগার।। সে সময়ে চন্দ্রাবলী স্থনির্জ্জন স্থানে। করিছেন ক্রফণ্ডঞ গান বীণা তানে।। ক্লঞ্চ বিরহেতে মনে আছেন অস্থির। বিন্তু ৰিন্দু ঝরিতেছে নয়নেতে নীর॥ এমন সময়ে সখী সম্মুখেতে যায়। কিজানেন চন্দ্ৰাবলী দেখিয়া তাহায়।। কহসখি কোন খানে করেছিলে গতি। কি কারণে দেখিতেছি এত হর্ষমতি।। কি ভাবে এ ভাৰ অদ্য দেখি গো ভোমার। পেয়েছ কি প্রীকুয়ের কোন

সমাচার ।। কহ কহ শীজ কহ কুশল বচন। কহিয়া ক্লুফের কথা क्रूफ़ां की बन।। এত यनि हजारनी नथी अिं कब। नथी व न विक्रुतांगी क्रुक्ष कथा नग्न।। তবে বে कूनन कथा कहि তব স্থান। রাধা নাম হৈল অন্য ব্রজে ভিরোধান।। ভোমারে শক্রতা ভাব कतिराज्य विनि। क्रकारभारक करनवत्र छाजिरनम छिनि॥ विष्ट्रे মাত্র সেই স্থী একথা কহিল। প্রবণেতে চন্দ্রাবলী মুক্তিতা হইল।। খসিল হাতের বীণা ভাসে চক্ষু জলে। আছাড় খাইয়া ধনী পড়ে ধরাতলে।। মুর্জ্বা হয়ে ধরাসনে থাকি অনুক্ষণ। অপরে উঠিয়া করে অনেক রোদন।। কণে উঠে কণে পড়ে করে হাহা-কার। কপার্লে কল্পণ ঘন হানে আপনার।। যে সখী আসিরা অত্যে শুনাইয়াছিল। দেখিয়া চক্রার ভাব অবাক হইল।। অমু-ক্রণ মৌন হয়ে থাকি সহচরী। পুনশ্চ বলয়ে কথা কর বোড় করি। কেন কেন ঠাকুরাণী হইলে এমন। স্থথে হৈল শোকোদয় না বুঝি কারণ।। রাধা বদি অপ্রকট হলেন এখন। প্রস্ফুটিত হৈলাতব क्ष भूष्भवन ।। এकरन आहेरल हति अनिरतार्ध तरा । यक्रम ভুঞ্জিবৈ হুখ একাকিনী লয়ে।। রাধা হেতু রুফে তুমি না পেতে তখন। ভেবে দেখ কত স্থুখ পাইবে এখন।। চন্দ্ৰা বলে অভা-গিনী কোন বুদ্ধি নাই। নির্বিরোধে ক্লফে পাব ভাবিয়াছ তাই।। রাধা যদি ছাড়িলেন এই রুন্দাবন। তবে আর কিনে রুষ্ণে পাব দরশন।। রাধা হেতু আশা ছিল আসিবেন ইরি। ভাঙ্গিল আশার ৰাসা ওগো সহচরি॥ রাধা প্রেমে বাঁধা ক্লফ জানিবে নিশ্চয়। व्राधात कातरण इन रभाकूरल उपग्र।। तुम्मावरमध्यती तांधा आधात পৰাব। জগতে যতেক বস্তু আধেয় তাঁহার।। রাধা হীন ব্রজে নাহি আসিবেন হরি। কহিলাম সার কথা স্থানিশ্য করি॥ কোণা মম পদ্ম আদি প্রিয়সখীগণ। শীত্তগতি ভাকি সবে আনহ এখন॥ অগ্নিকুণ্ড সাজাইয়া দেহত সত্ত্বর। প্রবেশ করিব আমি তাহার ভিতর H স্থার না রাখিব দেহ কহিলাম সায়। এখনি মরিয়া বাব निकटि साधात ।। এতবলি চন্দ্রাবলী কান্দে উচ্চৈঃখরে। শব্দ अनि

मधीनन बाहेन मञ्जात ॥ बाहेन व मधीनन व विधादन हिन। प्रियम स्थिम कथा अवाक हहेन ॥ श्रेषा आपि अर्थ नशी निकटण আসিয়া। বসাইল কোলে তুলে চন্দ্রারে ধরিয়া।। স্থশীতল জল মুখে কররে দিঞ্চন। স্থখেত চামরে কেছ করয়ে ব্যজন॥ বুকা-हैशे वरन शक्या धरियो हरून। द्वीमन मधरि स्मिव अनरभा वहन।। অবোধিনী সধী বাক্য করি অবধান। অবোধিনী হয়ে কান্দ অতি **অবি**ধান।। সকল বিদ্যার হও তুমি অধিষ্ঠাত্রী। সকল জ্ঞানের তুমি আছ এক পাত্রী।। তুমি বারে দেহ দেবি বিদ্যা জ্ঞান দান। সেই জন ত্রিভুবনে জ্ঞানী স্থবিদ্বান ॥ সর্ব্ব জ্ঞান ভোমাতে আছরে अकूकन । कान शेना नमा किन कतिक तामन ।। अर्वाहीना वृक्ति হীনা স্থীর বচনে। রাধার মরণ তুমি ভাবিলে কেমনে।। শুনিয়া लारकत मूर्य कारक निन कान। कारन शक ना नित्रा পশ्চारक ধাবমান। আপনি এমন হলে কে বুঝাবে আর ।। আমিগো ভো-मात्र मात्री नांधा कि जामात्र।। এक निरंत्रमन जामि कतिरंगा हत्रत। त्रकटल मिलिया हल याहे कुक्षवरम।। प्रिथ हल कि छाटब আছেন ব্রজেশ্বরী। পরেতে করিব কর্ম্ম বিবেচনা করি।। রাধা আর তুমি যদি যাও পরিহরি। আমরা থাকিব ব্রজে কি আঞ্রয় করি।। তোমাদের মৃত্যু হলে মরিবে অনেক। না রাখিব আমরাত व एक करनका। अभन घर्षना एकि घरित यथना यमूना জীবনে গিয়া ত্যাজিব জীবন।। সকলে তাজিব প্রাণ কি ভাবনা তার। চল আগে বাই দেখি কুঞ্চেতে রাধায়।। পদ্মা অতি ধীরা मधी भीरत भीरत बरन। उथानिও চক্রাবলী ভাসে চকু জলে।। বছবিধ রোদন করিয়া বছবার। পদ্মার মন্ত্রণা পরে করিলী সীকার। চক্রা বলে চল তবে ষত সহচরী। আগে গিয়া ঞীম-তীকে দরশন করি।। তাঁর অমঙ্গল কথা সত্য যদি হয়। ফিরে ষরে না আসিব কহিগো নিশ্চয় ॥ এত বলি চক্রাবলী কান্দিতে কান্দিতে। সৰী সঙ্গে চলিলেন রাধারে দেখিতে।। শিশুরাম দালে ভাবে শুন সাধুজন। যে ৰূপে পথেতে গতি চক্রার তথন।।

## পথ চন্দ্রাবলী সধী সমভিব্যাহারে জ্বীমতীর কুঞ্জাভিমুখে গমন করেন।

ेविलानी। त्नाकार्डा मनिन खना, ज्ञान मूथी मूक्टरकर्मा, हक् करण क्क टक्टरम योह । मताल भगतन हत्ल, मूटच त्रोधा तोधा वर्ल, कुक्षमन अधिपूर्य थात्र ॥ मरमार्क महत्र महे, बाल कुक्ष करे करे, কই সেই রাধা বিনোদিনী। কতকণে কুঞ্চে যাব, রাধার কি দেখা পাৰ, বল ৰল ও সৰ সঙ্গিনী।। বল পদ্মা সহচরি, পূর্ব্ব রাগ পরি-ब्रित, मम मटक कटवन कि कथा। ठन ठन भीख ठन, आमादत नहेत्रा हन, आर्ट्स दम कमनिनी यथा ।। यमाशि प्रिचिट शाहे, यमि कथी কন রাই, দবি বলি করি সম্ভাষণ। তবেত রাখিব দেহ, ফিরিয়া আসিব গেহ, নহিলে মরিব সেইক্ষণ।। কত কথা মুখে কয়, অন্তর স্থৃত্বির নয়, চলে ধনী পাগলিনী প্রায়। কভু আগে বেগে ধায়, কথন পশ্চাতে চায়, সর্বাদা করয়ে হায় হায় । স্থিরা সঙ্গেতে চলে, বুঝাইয়া কত বলে, কোন মতে নাহি মানে স্থির। স্থাতি পথে রাধা আনি, সন্তাধিয়া বলে বাণী, চক্ষুকোণে শ্রোতে হবে নীর ।৷ বলে রাধে কি করিলে, কি কারণে ভাসাইলে, সাধের এমুখ বুন্দাবন। না করিয়া কেন ম্বেহ, ত্যজিলে আপন দেহ, বিলাইলে কারে ক্লফধন।। ভোমার কারণে হরি, গোকুলেতে অবতরি, বসালেন প্রেমের বাজার। এ তব কেমন নাট, ভাঙ্গিলে প্রেমের হাট, মুখ না চাহিলে তুমি তাঁর।। তুমি ছিলে ছিল আশ, আসিবেন শ্রীনিবাস, ওগো রাধে এ ব্রজ নগরী। বিনাশিরা সেই জালা, ভাঙ্গিলে ব্রজের বাসা, একণে আমরা কিবা করি।। তব প্রেমে বাঁধা খ্রাম, তব নামে সাঁখা নাম, তব সমা কেহ তাঁর নাই। তব হেতু বংশীধারী, তব হেতু গিরিধারী, তব হেতু চরা-লেন গাই।। বাঁশীতে পুরিয়া তান, তব প্রেম গুণ গান, সর্বাদা করেন নিজ মুখে। তব নামে বাঁশী সাধা, সদা কন রাধা রাধা, ভোস মান তব প্রেম হুখে।। বলেছেন সে ত্রিভঙ্গ, রাধা তাঁর অর্জ

অন্ন, ব্রঞ্জে ইহা জানরে সবাই। প্রীমুখের এই বাণী, ভালমতে জামি জানি, তোমাতে তাহাতে ভেদ নাই।। এইবপে চক্রাবলী, নানা কথা মুখে বলি, রাধাশোকে হইরা বিমান। রাধার নিকুঞ্জনন কথা মুখে বলি, রাধাশোকে হইরা বিমান। রাধার নিকুঞ্জনতারে, নিরথিয়া সেইকালে, রাধার সঙ্গিনী কোন জন। না জানিয়া বিবরণ, হইরা বিষন্ন মন ললিতারে করে নিবেদন।। ওগো সখী শুন বলি, আসিতেছে চক্রাবলী, সহস্র সঙ্গিনী সহকারে। সঙ্গিনীর কলগনি, শুন শুন শুন ধনী, বোধ হয় রঙ্গ বঞ্জি বারে ॥ অকুশল শুনিরাছে, তাহে তুই হইরাছে, দ্বেতি আসিছে, রুঝি তাই। ও সজনি অসময়, শক্র আসা ভাল নয়, অচেতনে আছেন যে রাই॥ শুনিরা সথির কথা, ললিতা কোপিতা তথা, বিবেচনা না করিয়া মনে। শিশুরাম দাসে কয়, ললিতা সামান্তা নয়, দুর্গা রূপা কৈলাস ভবনে।।

যথা রাধা তত্তে। যা ছুর্গা সৈব ললিতা ললিতা সৈব রাধিকা।

কৈলাসেতে দূর্গ। যিনি, ব্রক্তে ললিভা ভিনি, ললিভা রাধাতে ভেদ নাই। এক আত্মা এক মন, কপ ভেদে দর্মান, বে ললিভা সেই জান রাই।।

অথ চদ্রাবলীর আগমন এরেণে ললিতার কোপ ও এমতীর মৃচ্ছাভঙ্গ।

পরার। চন্দ্রাবলী আসিতেছে করিয়া প্রবণ। ললিতার হৈল মনে কোপ সন্দীপন।। রাধার প্রবল মোহে আছিল অস্থির। একারণে বিবেচনা না হইলে স্থির।। শ্রীসভীর সঙ্গে বার শাত্রবভ আছে। স্বাসময়ে কি কারণে আসিতেছে কাছে।। মুখে তার মধু মাধা মন কুরধার। চিরকাল করিয়াছে অহিত আচার।। অতএব कुरक जारत ना पिय जानिएछ। धरैकश मरनामरथा छाविएड জাবিতে। উদ্বেশে উদ্বেশে বাড়ে রাগে বাড়ে রাগ। বহু শাস্ত্রে ৰলিয়াছে বহু মহাভাগ।। শাস্ত্ৰ বাক্য কদাচিৎ না হয় খণ্ডন। ষীরা ললিতার হৈল রাগের বর্দ্ধন।। আঁখি হৈল রক্তবর্ণ কাঁপে ওঠছর। স্থগন্তীর স্বরে অন্য স্থীগণে কর।। শুন শুন স্থীগণ আমার বচন। চন্দ্রারে আসিতে কুঞে না দিবা কখন। না শুনিরা বাক্য যদি আসিবারে চায়। অপমান করি তারে করিবে বিদার। রাধা আগুলিয়া ,আমি আছি বে বনিয়া। একারণে নিজে বেতে না পারি উঠিয়া ৷ তোমরা সকলে মিলে হয়ে অগ্র-মর। নিবারণ কর তারে অতি শীখ্রতর ॥ ললিতার ক্রোধ বাক্য করিরা প্রবণ। উঠিরা দাঁড়ার তথা বত সখীগণ।। অসংখ্য রাধার সধী ক্রোধে করে গোল। শব্দ হৈল ভাহে যেন সমুদ্র কলোল।। সে শব্দে রাধার দেহে হইল চেতন। জানিলেন তত্ত্ব-ময়ী যতেক কারণ।। পরমা প্রকৃতি রাধা পারাত্মা কপিণী। অন্তরে দকল ওত্ত্ব জানিলেন তিনি।। চন্দ্রাবলী আসিতেছে শোকার্ত্তা হইয়া। ললিতা ক্রোধিনী হৈল তাহা না বুঝিয়া।। এসকল জানি দেবী চমকিয়া চান। ললিতা বসিয়া কাছে দেখি-बाद्ध श्रीत।। प्रवृत्रदेश करामवी मधी मध्याधिया। मकत्व উতলা এত কিসের লাগিয়া।। ক্রোধিনীর ন্যায় দেখি তব ছন-রুন। প্রকাশ করিয়া কহ বিশেষ কারণ।। ক্লফ ভাবে আছিলাম আমি অচেতন। বল বল প্রাণ সখি বিস্তার বচন ।। রাধার চেতনে न्त्रंथी शाहेश आञ्चाम। यूकिन शृटक्तंत्र. त्यांक मत्नत्र विवाम।। চন্দ্র। আগমন আর ক্রোধের কারণ। বিস্তারিত কথা সব कृष्टिम छथन।। अनि कमिननी मरस्र किन्त्रा काणि कन। अनक्रिन ক্রোধ ভূমি কর সম্বরণ।। কি ভাবে আসিছে চন্দ্রা দেখে नथी जारा। भरत्र कि कति कर्म गांश मरन नारा।। भंक হয় সিত্র হয় এলে সমিহিত। অপমান করা তারে না হয় উচিত। পূর্ব্ব ভাব নাহি তার অনুভব করি। জানিলে পাইবে ভত্ব নৰ সহচরী॥ জাপনি উঠিয়া তুমি দেখ শীত্র করি। ভাব ৰুবে আন তারে সমাদর করি।। সকপট অকপট বুঝিতে পা-রিবে। তোমা বিনা অন্তের সে সাধ্য না হইবে।। এত বলি ল্যলিভারে বছ বুঝাইয়া। চন্দ্রারে আনিতে শীঅ দেন পাঠাইয়া ললিতা বাহির হয়ে রাধার কথায়। দ্বরে হতে দেখিলেন ভাব সমুদায়।। স্বাসিতেছে চক্রাবলী অতি শোক মনে। ঝর ঝর বারি ধারা ঝরিছে নয়নে। ক্লণে বৈদে ক্লণে উঠে ক্লণে ক্লণে हता। शहा तारथ कि कतितल मूर्य **এই व्या**। हाति किरा मधी भाग आमिष्ड धातिया। मकलाई भाक हित्त कान्मिया काम्मिया। ननिजा सम्मती क्रांस गरिया निकार। कानितनम ভাব তার অকপট বটে। তবে স্থী অগ্রস্রি হইয়া তখন। ধরিয়া চন্দ্রার কর কছেন বচন। এসো এসো চন্দ্রাবলী ভয় नाहि मत्त। आभारतत कमिनी आरहन जीवरन।। निन्छात স্থামাখা বচন শুনিয়া। চক্রাবলী মনোমধ্যে আশাস পাইয়া। ধরি ললিতার কর জিজ্ঞাদেন তথা। কহ সথি কিশোরী কি কহিবেন কথা।। পূর্ব্বেতে তাঁহার কাছে করিয়াছি দোষ। এখনো কি ভাঁর মনে আছে সেই রোষ।। অদ্য যদি আমা সহ না কন বচন। ঘরে ফিরে আর আমি না যাব এখন।। এই দত্তে ষমুনায় করিয়া গমন। প্রবেশ করিয়া জলে ত্যক্তিব জীবন।। কহিলাম সত্য কথা সাক্ষাতে তোমার। এ কথার অস্তর্থাত না হবে আমার।। এত বলি চক্রাবলী করেন রোদন। ললিতা কহেন চন্দ্রা স্থির কর মন। রোদন সম্বরি তুমি সহ मशीभारत। निकुक्ष कांनन मर्था धरमा जामा मरन।। वाधा हरत-ছেন প্যারী দেখিতে তোমায়। সমাদরে নিয়া খেতে পাঠান আমার।। একথা শুনিরা চল্রা হর্ষিত মনে। সখী সহ চলি-লেন রাধার সদনে।। বছ দিন চক্রারে হেরিয়া চক্রমুখী। সঝি সংখ্যাপ করি করিলেন অখী।। করে কর ধরি কাছে বসালেন

ভার। চক্রাবলী প্রণমিক জীমন্তীর পার। অপরেতে চক্রার यरङ्क मधी हिल। क्रार्सः क्राप्तः त्राधांभरम मरव धार्ममन।। স্বারে তুষিয়া রাধা হুমধুর বোলে। চন্দ্রারে ভগিনী ভাবে করিলেন কোলে। বৃষভামু চক্রভামু সোদর ছয়ের। জ্যেছের निम्मनी त्राक्षा कमिट छंत्र॥ वङ्गितन प्रदे करन देवन निम-লন। ঘুচিল বৈরতা পুনঃ পুনঃ আলাপন।। যাঁর জভ্য বৈর ভাব তিনি নাই কাছে। তবে আর বৈরতার কি সম্পর্ক আছে।। রাধা চন্দ্রাবলী দোঁহে হইলে মিলন। সম্ভপ্ত হইল উভয়ের সখীগণ।। বছবিধ আলাপনে তুষিয়া চক্রায়। অপরেতে তাঁর গৃহে পাঠায়ে ভাঁহায়। তার পরে আপনার সখী সবে লয়ে। কুঞ্জ হতে আইলেন আপন আলয়ে।। নিভ্ত মন্দির মধ্যে कतिया भवन। श्रीकृत्यः वातिया श्रूनः कत्तन त्तानन । क्रयः कृषः বিনা মুখে নাহি কথা আর। নয়নেতে নিজা নাই নাহিক আহার।। এমনি অস্থ্রে চিত্ত কহনে না যায়। কখন শ্যায় **म्ट्या कथन ध्रांग्र॥ अखिटमत्र द्रांगी मम मना आन हान।** কখন বা মৃচ্ছ্রাপন্না কভু পান জ্ঞান।। একপে করেন রাধা কালের হরণ। মতান্তর কথা কিছু করহ শ্রবণ।। প্রভাসের মতে ইহা নাহিক প্রচার। মতান্তর কথা এই অভি চমৎ কার॥

### यथा পদাকে।

গোপীভর্জ রিরহবিধুরা কাচিদিন্দীবরাক্ষী, উন্মত্তেব স্থালিত কবরীনিঃশ্বসন্তী বিশালং। তত্তৈবাস্তে মুর্ররপুরিতি ভ্রান্তিদৃতী সহারা, ত্যক্তানেহং ঝটিতি যমুনা মঞ্জুকুঞ্জেগাম॥ ১॥

# দ্বিতীয়ভাগ।

### অথ শ্লোকার্থ সংগ্রহ সময়ে পাঠকবর্গ সমীপে গ্রন্থকারের অভুনর।

কবিতা বনিতা সম সভাব শরীর। সর্বাদা শোভনা হয় সম্মুখে কবীর।। ভাব বিনা কবিতার না হয় শোভন। স্থম্পরী না শোভে যেন বিনা আভরণ।। ভাবার্থ মিঞ্জিত অর্থ হইল বিস্তার। ভাবকেতে করিলেন ভাবের বিচার।। যদি কোন মত দোষ ঘটরে ইহায়। সুধীগণে শুধিবেন স্বীয় মহিমায়।।

সদোষ সংগ্রহ যেই, শুধে যেবা স্থাী সেই, দ্বোষ নাশে স্থাী স্নিধানে। সর্বাদা শক্ষিত মন, পাছে ছলগ্রাহী জন, ছলে ক্ষীরে নীর করে মানে।। করপুটে নিবেদন, সদাশর স্থাীগণ, স্থাদৃষ্টি করিয়া নিঃক্ষেপ। করি হংস সমাচার, গ্রহণ করিয়া সার, ঘুচাবেন মনের আক্ষেপ।।

### অথ ভাবার্থ সহিত শ্লোকণর্থ।

পরার। ভাবে পরিপূর্ণ এই শ্লোক সমুদয়। ভাবিলে এক্সকল পদান্ধ পদে ভাবোদয় হয়॥ অভএব সাধুগণ হয়ে একমন পদান্ধ দতের কথা করহ ভাবণ॥ এক্সক্ষ বিরহে হয়ে ব্যাকুলিত কায়। ক্রফ বিনা ক্রফপ্রেয় পাগলিনী প্রায়॥ মন্তকে কবির ভার স্থালিত হইল। বিশাল নি শ্বাস বেগে বহিতে লাগিল॥ অধিকন্ত ভ্রম এক উপজিল মনে। আছেন এক্সফ বেন নিকৃপ্পন্ম কামনে॥ পূর্কেকার কথা যত ভুলিলেন ভ্রমে। হভাবের ভাব হত হৈল ক্রমে ক্রমে। দৈববোগে সেই দিন দেখ চমৎকার। স্থিরা না ছিল কেই নিকটে রাধার॥ সর্বাদা বেড়িয়া যারে থাকে স্থীগণ। এক জন তার কাছে না ছিল তখন॥ একাকিনী কামিনী ক্রমনে বান বন। অতএব ভাব তার করহ ভাবণ॥ রাজার

নন্দিনী রাই জমে হতজান। জান্তিই তাঁহার দূতী হৈল দেই
স্থান। ক্ষণভাবে ক্ষণপ্রিয়া ভাবিনী হইয়া। জান্তিকপা ছতী
ভারে সন্দিনী করিয়া। কোন দিকে কোনক্রমে ফিরে নাহি
চান। গৃহ তাজি শীস্তগতি কাননেতে বান। বসুনা নিক্ট
ক্রে করিলা গমন। নিশ্চয় তথায় পাব ক্রম্ণ দরশন।

#### यथा।

অপ্রাপ্যের ব্রন্ধপতি স্কৃতং তত্রকালং কিরন্তং, মূর্চ্ছাপ্রাণ প্রিয়তম সধী সঙ্গতা সঙ্গময্য। তন্তোপান্তে কুলিশকমল স্তন্দনাঙ্গাদিযুক্তং, পদ্মাকারং মুরহর পদশ্চারুচিহ্নংদদর্শ॥ ২॥

পয়ার। গোপেক্রনন্দন ক্রফে কুঞ্জে না পাইয়া। প্রাণ প্রিয়তয়া মুচ্ছা সধী সঙ্গে নিয়া॥ করিলেন কণকাল তথায় কেপণ।
এতাবতা মূচ্ছগতা হইলা তখন।। ইহাতে আশ্চর্যা এই কথা
চমৎকার। মূচ্ছা প্রিয়তমা কিসে হইল রাধার।। বে মূচ্ছায়
জ্ঞান হত করে সর্বানরে। নানাবিধ কপ্র দেয় মৃতপ্রায় করে।।
সে মূচ্ছা রাধার হইল প্রিয়তমা সই। তাহার কারণ কথা
ক্রেরিয়া কই।। প্রীক্রফ বিরহ ব্যাধি হয়ে উদ্দীপন। প্রীমতীর
দেহে কপ্র দেয় সর্বাক্ষণ।। তাহাতে জন্মিরা সতী আছেন
সদাই। সে কপ্র বিনপ্ত করে হেন কেহ নাই।। মূচ্ছা আবিভাব অঙ্কে হইল বখন।।কপ্রাক্তি কোন বোধ না ছিল তখন॥
বত ক্ষণ মূচ্ছা সঙ্গে আছিল রাধার। ততক্কণ কোন ছঃখ না
ছিল তাহার।। প্রীক্রফ বিরহ দূর ক্ষণকাল করি। মূচ্ছা হৈল

শ্রীমতীর প্রিরসহচয়ী॥ এই হেতু কমলিনী কহিলেন পরে।

মৃদ্ধা সমা প্রিরতমা নাহি চরাচরে।। অনুক্ষণ মৃদ্ধা সক্ষে
সক্ষতা থাকিয়া। মৃদ্ধার বিরহে পুনঃ উঠি চমকিয়া। কোথা
কৃষ্ণ বলি রাধা চারিদিকে চান। চঞ্চলা হরিণীসমা কাননে
বেড়ান।। অমে কৃষ্ণ অন্বেষিয়া করেন অমণ। হেনকালে হৈল
তথা আশ্চর্যা ঘটন।। অমিতে অমিতে প্যারী কুঞ্জে এক স্থান।
শ্রীকৃষ্ণ চরণ চিত্র দেখিবারে পান।। কুলিশ কমল চক্র চিত্র সমু
পদ্মাকার পদ্চিত্র অতি শোভান্বিত। দেখিয়া স্থচার চিহ্ন
দিত। একদৃষ্টে রন। চিত্রের পুতুলী যেন নাহিক স্পাক্ষন।।

#### यथा।

তিশিন্ধ দ্যানবজ্ঞলধর ধ্বানমাকর্ণ্য ভূরঃ
কন্দর্পেণ ব্যথিত হৃদরোন্মন্ত ভূল্যা ষ্থাচে।
প্রজ্ঞানীনং বচন রহিতং নিশ্চলং শ্রোত্রহীনং
দৌতং কর্ত্তুং মুরহরপদশ্চাব্রচিহ্রং দদর্শ।। ৩।।

পয়ার। পদচিক্ত প্রতি দৃষ্টি করিয়া ক্ষেপ্রন। একচিত্তে
কমলিনী আছেন যখন।। এ সময়ে নবমেঘ উচিল গগণে।
শুনিয়া ভাহার ধানি ব্যথিতা মদনে।। পুনঃ রাধা হইলেন
পাগলিনী প্রায়। কারে কি বলেন কিছু স্থির নাহি ভায়।।
জ্ঞান হীন কর্গ হীন বাক্য বিরহিত। চলিতে যাহার শক্তিং
নাহি কদাচিত।। এমন বে পদচিক্ত সম্মুখে দেখিয়া। ব্যক্তামনে
বিবেচনা বিহীন হইয়া॥ দৌত্য কর্ম্মে যুক্ত ভারে করিবার
ভরে। প্রার্থনা করেন প্যারী ভাহার গোচরে।। পদচিক্তে পদানতা
হইয়া ভখন। কান্দিয়া কান্দিয়া কত ক্ছেন বচন। যে প্রকারে
কথা কন পদচিক্ত সনে। ক্রমেতে বিস্তাস ভাহান্তন সাধুজনে।।

### यथा।

রম্যং ধাবন্ম রহরপদে শোভতে তাবদেব বর্ষ্যপ্যান্তে কুলিব কমল জন্দনাঙ্গান্ধ শাদি। গোপী দৌত্যপ্রকটনভিয়া সন্নিধৌ চক্রপাণে ধানে ধীর প্রমুখ মুখরো নো মূপুর গৃহীত।। ৪।।

পরার। পদাঙ্কেরে কন প্যারী করি সন্থোধন। শুনহ পদাঙ্ক ভূমি পরম ভাজন। ছ্রহর পাদপত্মে শোভা বাহা বাহা। ভোমাতে ও স্থাশেভিত আছে তাহা তাহা।। তাবত ধরেছ ভূমি বক্রী কিছু নাই। কেবল মুপুর চিক্ল দেখিতে না পাই।। ইহাতে হতেছে মম এক অমুমান। পূর্বের ভূমি জানিরাছ বিশেষ সন্ধান।। গোপী দৌত্য কার্য্যে হবে; করিতে গমন। শ্রীক্লক্ষের নিকটেতে সে মধুভূবন।। পরম স্থার ভূমি নহত অধীর। গোপনে যাইবে মনে করিয়াছ স্থির। ন্ত্রী লোকের দৃত হরে করিবে গমন। লোকেতে জানিলে হবে লক্ষার.ভাজন।। মুপুর পরিলে পদে প্রকাণ পাইবে। মুখর মুপুর পথে চলিতে বাজিবে।। সেই ভয়ে মঞ্জীরে করেছ পরীহার। বুঝিরাছি পদাঙ্ক হে চার্তুর্যা ভোমার।। জানিলাম ধল্য ভূমি মহাপুণ্যময়। ভোমা হতে কার্য্য সিদ্ধি হইবে নিশ্চয়। এইকপে কমলিনী বলিয়া বচন। পুরশ্চ বলেন যাহা করহ প্রবেণ।।

#### यथा।

যুক্তকৈতৎ হরি মধুপুরী, প্রস্থিতে পুণ্যশীলাঃ কীলালোশ্যৈঃ মুরভি কুমুমৈ রর্চরস্তোপিতক। পশাস্তাক্ত্বাং নয়নমূভগং সাক্রধারাকি যুদ্মং। ধাসান্তাকৈঃ পুসকিত তমুপ্রেমধারা মুদারাং। ৫।

# বিতীয়তাগ।

প্রার। প্রশান বলেন পারী পদাজলাঞ্চনে। এবণ করহ
তুনি আমার বচনে।। বলি ভাব দ্রীলোকের দুত হয়ে যাব। একর্ম
করিতে গেলে জনাদর পাব।। একপ সন্দেহ বদি থাকে তব মনে।
বলি হে নিগুঢ় তত্ব তোমার সদনে।। মধুপুরে যাওরা তর যুক্তি
সমুচিত। গেলে তথা পাবে তুনি বড় মনঃপ্রীত ॥ মধুপুরবাদী
যত পুণ্যশীল জন। ভজিতে তোমারে তারা করিবে গ্রহণ॥
স্থরভি জলজ পুল্পে পুজিবে তোমায়। আর কত সমাদর পাইবে
তথার।। প্রেমভক্তি ভাবে তারা তোমার পুজিবে। কহিলাম
পদার হে প্রত্যক্ষে দেখিবে॥ কোন মতে জনাদর কেই না করিবে
নয়ন সফল হেতু তোমারে হেরিবে।। পুলকে পূর্ণিত হবে তাদের
শারীর। প্রেমানন্দে অক্নিযুগে বহিবেক নীর।। মম দূত হয়ে যাবে
ইহা বলি নয়। সহজেই সমাদর পাইবে নিশ্চয়।। একারণে বলি
তব গমন উচিত। তুমি পাবে বহুমান হবে মম হিত।। জতএব
মম বাক্যে কর জনীকার। অনন্তর শুন কিছু কথা বলি আর।।

#### यथा ।

চেতঃপ্রস্থাপিত মন্ত্রা দৌত্য কর্ম্মোপযুক্তং, তত্তৈবান্তে মুরহর পদস্পর্শ মাসাদ্য মুশ্ধং। আকাজ্যেরং তন্তুগুরুতরা নৈবগন্তং সমর্থা, কোন্যোগচ্ছেদ্বদ মধুপুরীং গোপিকানাং হিতার।৬।

পরার। ওহে চরুণাঙ্ক শুন মম নিবেদন। ভোমা বিনা অধী।
নীর নাহি অন্য জন।। উপকার করে হেন কে আমার আছে।
পূর্দ্ধেকার ছঃৰ কথা কহি তব কাছে।। আছিল আমার মন অতি
শীজগামী। উপযুক্ত জেনে ভারে পাঠালেশ আমি।। সে গিরা সে
মধুপুরে করেছে যে কাষা শুন ভাহা বলি আমি পদটিই রাজ।

ক্ষণদ স্পর্ম করে মোহিত হইল। আমারে ভুলিয়া সেই তথার রহিল।। প্রস্কুণতে মম মন মম কাছে নাই। তথার রয়েছে মন বথার কানাই।। ছবে বে আকাজ্ঞা আছে শরীরে আমার। চলিতে না পারে তার তত্ব শুরুভার ॥ আপনার ভরে সেই আপমি অচল। দেখিতে প্রবল কিন্তু নাহি কোন বল ॥ আকাজ্ঞা আমারে হেতে কোথাও না বায়। কুষ্ণ আসা আশা দিরা সতত বুঝার।। কহিতেছি ক্রমাঙ্ক হে যথার্থ বচন। তোমা বিনা হিতকারী নাহি অন্য জন।। কুপা করি তুমি তথা গমন করিয়া। কর গোপিকার হিত প্রসন্ন হইরা।। কহিলাম তব কাছে যথার্থ বচন। আর কিছু কথা বলি করহ শুবন।।

#### यथा।

আগন্তব্যং ঝটিতি মথুরামগুলান্দোপকান্তে, শান্তেতিত্বং ভবমধুরিপুঃ প্রস্থিতঃ প্রোচ্যচেদং। বাক্যং তচ্চ শ্রবণমভব তেনমেনে ক্রমান্ত, প্রায়ঃ সত্যং মতমিদমহো কারণং কার্যমেব।। ৭।।

পরার। পুনশ্চ সম্ভাবি কন পদাজ্যলাঞ্ছনে। যদি তব কিন্তু ভাব হরে থাকে মনে॥ যদি বল যাব আমি যমুনার পার। না আইলে নন্দস্ত কি করিব তাঁর।। নারীর কথার হবে মিথা পরিশ্রম। এইসব মনে যদি হয়ে থাকে ভ্রম।। একারণ বিশেষিয়া ন্দলি তব কাছে। আনিবেন ব্রজে হেন আশা তাঁর আছে।। গমন সময়ে সেই গোপিকার পতি। ঝটিতি আদিব বলি করেছেন গতি॥ শাস্ত হও গোপকান্তে স্থির কর মন। উল্লেখ্যের বলেছেন একপ বচন ॥ সেই কথা তাঁর অতি আশ্রুত্য হইল। শ্রবণ হইল মাত্র কার্যে না মিলিল । অত্তব অত্তব হইল আমার। অভেদ কারণে কার্যে মত এই সার।। কবিতার অর্থ এই হইল পুরণ। ভাবার্থ

## দ্বিতীয়ভাগ।

কিঞিৎ আর করছ আবন ॥ অবন ধাহার নাম করি নিঝেন। কর্ণের আকাশ ভাগ তিনিই অবন।। বাক্যের কারণ তিনি দর্মমতে কর।
নীমাংসক মতে কিন্তু এই বিপর্যায়।। যাহাতে উৎপত্তি বার দে
কারণ তার। দীমাংসক নাহি মানে অভেদ প্রকার।। ব্রজনাথ
ব্রজপুরে ব্রজ গোপিকায়। প্রতারণা করিলেন প্রাক্তরে প্রায়॥
প্রবোধ দিলেন প্রভু আশায় ভাষায়। বচন আকাশ হৈল এই
অভিপ্রায়॥ এত বলি হরিপ্রিয়া বলেন আবার। একণে বচন কিছু
শুন বলি আর।। পুনঃ পুনঃ পদাঙ্কেরে বলেন বচন। এক মনে
সাধুগণ করহ প্রবণ।।

#### यथां।

ভূর্ণং তদ্যাং গমন মুচিতং তেনমেতদ্বিরোগঃ, ব্যাধেঃ শাস্তিস্তবচন্ডবিতা তৎপুরীস্পর্শপুণ্যং। বৃন্দারণ্যান্তবভূ সুক্তেং ভূরিতেনৈবকিং দ্যাৎ, নাকাজ্জা কিং ভবতি বিপুল এমতোর্থান্তরেষু।।৮।।

পরার। পদাক্ষের প্রতি প্যারী পুনরপি কন। তুর্নি হে পদাক্ষ যদি বলহ এখন। প্রীক্ষকের বাক্য যদি হইল আকাশ। আমার গমনে কেন তোমার প্রয়াস। বলিলে এমন কথা পার বলিবারে। তাহার উত্তর বাক্য বলি হে ভোমারে।। তুর্মি বলি মধু-পুরে করহ গমন। আসিবেন ব্রজপুরে ব্রজক্রনন্দন।। সে মত বিমত তাঁর অবশ্য হইবে। তোমার বচন তথা নিশ্চর রহিবে ক্রজক্রে তুর্ব তব উচিত গমন। বিস্তার করিয়া বলিশুন সে কারণ।। প্রীক্ষক বিরহ রোগে দেহ দথা হয়। ভোমা হতে শান্তি হবে শুনহ নিশ্চর।। তোমারো তথার হবে পুণ্য উপার্জন। মধুপুরী মাধ্বর করিলে লগমন।। যদি বলস্ক্রাবনে নিতা পুণ্য করি। পুণ্য-লোভে বাব কেন মধুরানগরী।। একথা বলিতে তুরি না পার

## প্ৰভাগৰত।

কখন। তাহার কারণ বলি পদান্তলাঞ্চন। জীসন্ত যে জন হয় থাকে বছমন। সৈ কি নাহি করে আর ধনে আকিঞ্চন।। ধনাশা ধনীর কর্তু সাহি যার ধনে। পুণ্যাশাও দেইমত পুণ্যবান জনে।। পুঞ্চ পুণ্য তুমি তথার পাইবে। অধিক নারীর কার্যা অনিজ্ঞ হইবে।। অতএব যাহ শীজ চরণলাঞ্চন। অনন্তর কথা কিছু করহ আবণ।।

#### यथा।

অক্রুস্য ব্রজকুলবধূ প্রাণপানোদ্যতস্য, প্রীতিভূ মোভবতুভবতো দর্শনান্তেনকিয়া। কার্যাসিদ্ধিভবতিযদহো মাদৃশাং ছঃখহেতু, নৈ বোমতাং সকলভুবনপ্রার্থনীয়ং রিপুণাং।।ন।।

পরার। বলি হে পদাস্ক আমি মিনতি বচন। এক মন হয়ে কথা করহ প্রবন।। তুমি সেই মধুপুরে গমন করিলে। অক্রুর হইবে স্থথী তোমারে দেখিলে॥ ব্রজবধূ প্রাণপানে উদ্যুত যে জন। এমন অক্রুর হবে আনন্দে মগন।। রিপুর আনন্দ হবে জোমা দরশনে। তাহাতে আমার তঃখ না ঘটিবে মনে।। যদি বল ক্রেমান্ত এ কথা বিপরীত। শক্রুর সন্তোষে কেবা না হয় ছঃখিত।। অক্রুর পরম ক্রুর শক্রু সে আমার। বিখ্যাত আছয়ে ইহা জগত ক্রংসার।। তবে বে তাহার স্ববে ছঃখি নহে মন। তাহার কারণ বলি করহ প্রবন। তোমা হতে ক্রফ লাজ হইবে আমার। ইহার অধিক স্থথ কিবা আছে আর।। কার্য্যের অসিদ্ধি হলে বত ছঃখ হয়। শক্রুর সন্তোষে কভু তত ছঃখ নয়।। এই হেতু তব কাছে কহি আমি মার। হয় হবে ভার স্থথ তাহে কি আমার।। আতএব ভুমি তথা করহ গমন। অনন্তর কথা কিছু গুল দিয়ে মন।।

### দিতীয়ভাগ।

#### यथा।

নত্ত্যেবাক্সং কলুম করিণঃ কোটিশো বারণীরা, ভেপ্যক্ষাভিঃ ক্মৃতিকর বরেণাক্ষুশংতে গৃহীদ্বা। ক্ষচন্দেন ব্রজমধুপুরীং কোভবেদ্ধা বিরোধী, গোপীভর্জুর্কিরহজলধিং গোপকন্যা শুরন্ত।। ১০।।

পয়ার। শুনহ ক্রমাস্ক আমি বলিহে তোমায়। স্বচ্ছুন্দে গমন
তুমি কর মথুরায়।। যদি বল গোপিকার পুঞ্জ পুঞ্জ পাপ। কোটি
কোটি হস্তী তুলা প্রবল প্রতাপ।। দে সব বারণে আমি করিয়া
বারণ। কি কপে যাইব বল দে মধুভুবন।। এ কথা বলিলে তুমি
পার বলিবারে। তাহার উত্তর শুন বলিহে তোমারে॥ আমরা
গোপের বালা অবলা অজ্ঞান। সর্ব্রদাই পাপকরী হয় সমুখান।।
এ করীতে কি করিতে পারিবে তোমার। আমি যে মন্ত্রণা বলি শুন
সারোদ্ধার।। তোমার স্মরণ কপ আমাদের কাছে। পাপকরী
নিবারণ অক্কুশ যে আছে।। সে অক্কুশ করবার করিয়া ধারণ।
কোটি কোটি পাপকরী করি নিবারণ॥ স্বচ্ছুন্দে গমন কর কহিলাম
সার। কার সাধ্য কে বিরোধী হইবে তোমার।। কোন ভ্রয় নাহি
তব চরণ লাঞ্ছন। নিঃশক্তেে তুমি তথা করহ গমন।। জীক্রক্ষ
বিরহ কপ জলধি হইতে। পার কর গোপিকার স্বক্স তরিছে।।
ত্বরিতে ত্বরায় কৃষ্ণ পদাক্রলাঞ্ছন। আর কিছু কথা বলি করহ
শ্রবণ।

#### यथा।

আত্তেন্নং যত্রু মথুরামগুলে চক্রপাণেঃ, কুজভূ হৈ রমলকমলৈ রাকুলে গোকুলে বা।

### প্রভাস্থ ও ৷

### তত্মাদাদ্রতি লমুপুরীং মঞ্চ জনাববনী মালকীড়াং রচমতি মুহুর্যত্ততানুরাগঃ ॥ ১১ ॥

পরার। ত্রনহ চরণ চত্ন আমার বচন। যদ্যপি সন্দেহ তুনি क्रबर धमन ॥ वन छेशवन लाकालाक कनश्व। धकविश्मीक যোজন মথুরামণ্ডল।। রাজদারে রাজদ্বারি আছে শত শত। কত স্থানে কত কাণ্ড কব তার কত।। মনোহর রাজধানী নগর চত্তর। মনোহর। নারী কভ তাহার ভিতর। নট নটা নাচে কভ করিয়া আনন্দ। কোথা বা আনন্দময় কোথা হয় ছন্দ।। স্থললিত গীত ৰাদ্য হয় "ৰ্থক্ষণ। কোথা বা ভজন গায় কোথা বা কীৰ্ত্তন।। বিদ্যার বিচার হয় কোন কোন স্থান। কোথা হয় বেদ পাঠ কোখা বা পুরাণ।। কোথায় আছেন ক্লফ কেমনে জানিব। কি কপে তাঁহার আমি উদ্দেশ পাইব।। ইহার উত্তর কথা করহ প্রবণ। তুমিত অবিজ্ঞ নহ পদাক্জ লাঞ্ছন । যেথানে পাইবে তত্ত্ব বলি তত্ত্ব তার। মন দিয়া শুন তুমি বচন আমার । অর্দ্ধেক নগরে তব করিতে ভ্রমণ। যতুকুলে যতুচন্দ্রে পাবে দরশন।। তথা বিরাজিত তিনি আছেন নিশ্চয়।। আর এক স্থান বলি শুন মহাশয়। মথুরামগুল মধ্যে যে খানে গোকুল। অমল কমলে অলি হইয়া আকুল।। কল শ্বরে গানু করে অতি হর্ষ মন। পাইবে তথায় তুমি তাঁহার দর্শন। এই ছুই স্থান মধ্যে পাইবে নিশ্চিত। তাহার কারণ বলি তোমার বিদিত।। জীবের যাদৃশ প্রেম জন্ম স্থানে হয়। তাদৃশ ক্রীড়ার व्हारन ब्झारमत छेनत्र ।। अञ्चव याहेर् ना कत विनयन । अनस्त क्था कि छू क्रइं खर्ग।

#### यथा।

আন্তাং মধ্যে তুরণিতনয়া ভীষণাভুরি নকৈ, রাবর্ত্বালোনমূল ভয়দৈ স্ক্রাং ত্রিয়াসারশাং I

# षिতীয়ভাগ।

সংসারানিং তরতিসহস। যৎক্ষণং চিন্তরিত্ব। তস্যা সাধ্যং ভবতি কিমহো পার্যানং তটিন্যাঃ ॥১২॥

পয়ার। যদি বল বল পাারি আপন গৌরবে। অসম্ভব কার্য্য ইহা কি কপে সম্ভবে॥ কি কপেতে মথুরায় গমন করিব। অসাধ্য সাধন কার্য্য কি কপে সাধিব।। পথিমধ্যে মমুনার বিষম তরঙ্গ। আতক্ষেতে প্রাণ কাঁপে দেখিলৈ সে রঙ্গ।। অধিকন্ত ভয়ানক জলজন্ত কত। হাঙ্গর কুন্তীর আদি জলে অবিরত।। কি কপেতে পার হয়ে বাইব তথায়। কহ দেখি কমলিনী ইহার উপায়।। একথার প্রতি বাক্য শুন মহাশয়। এ ভয় অন্যের প্রতি তব পক্ষেনয়।। আছে বটে ভয়ানক জলজন্ত তায়। জলের তরঙ্গ দেখে বটে ভয় পায়।। তোমার তাহাতে ভয় নাহিক কখন। শুনহে পদাঙ্গ বলি ইহার কারণ।। তোমারে যে শ্বৃতিপথে আনে একবায়। অপার সংসার সিক্রু হয়ে য়ায় পার।। তোমার এ ক্ষুদ্রা নদী পারে যেতে ভয়। এ বচন অতিশয় অসম্ভব হয়।। এমন আশ্চর্য্য ভাব না ভাবিহ মনে। অতি তুচ্ছা তরঙ্গিণী তোমার তরণে।। একথা তোমার কেহ না যাবে প্রতায়। আর কিছু কথা বলি শুন মহাশয়।।

#### यथा।

দৃষ্টেবছাং বিদিত মধুনা পূর্কবং পদ্মনাভং, প্রাপ্যাবশুং বিরহজলধেঃ পারমাসাদয়িষ্যে। মোদিষ্যেচ ক্ষণমপি হরেরাশুচন্দ্রামৃতেন প্রাপ্তপ্রাণাস্থরভি কুমুমামোদিতে মঞ্জু কুঞ্লে॥ ১০।

প্রার। শুনুহে পদান্ত বলি ভোমার গোচর। এইক্ষ বিরহে বড় হরেছি কাতর । ক্লফ বিনা শুধীনীর বন্ধ ক্লিছু নাই। ক্লফ কৃষ্ণ করি প্রাণ কান্দিছে বদাই।। কৃষ্ণ রপ চিন্তা মনে হয় সর্বান্ধ। অন্তরে বাহিরে কৃষ্ণে করি দরশন।। কিন্তু সে কৃষ্ণেরে আমি নাহি পাই কাছে। ইহার অধিক বল কিবা ছঃখ আছে।। ছঃখানলে সর্বান্ধণ দহে কলেবর। কান্দিরা অনণ করি বরেন ভিতর। উন্মাদিনী হইয়াছি কৃষ্ণের কারণে। এক দণ্ড স্থির আমি নাহি পাই মনে।। কখন কি কর্মা করি নাহি কিছু স্থির। কহিতেছি তব কাছে শুনহ স্থার। অদ্য বুঝি ভাগ্য মম প্রসম হইল। এ কারণে তব সঙ্গে মিলন ঘটল।। ডোমারে দেখিবা মাত্র জানিলাম সার। পূর্ব্ববত পত্মনান্তে পাইব আবার॥ পূর্ব্ববত প্রাণকান্ত নিকৃপ্তেতে আসি। রাধা রাধা বলি পুনঃ বাজাবেন বাঁদী।। পূর্ব্ববত প্রাণনাথে পেয়ে পুনর্বার। কে চক্র বদন স্থাপিব অনিবার।। তরিব বিরহ রূপ প্রলয় সাগর। ডোমা হতে পাব কৃষ্ণ গুণের সাগর।। অভএব তুমি তথা করহ গমন। আর কিছু কথা বলি করহ প্রবণ।।

#### यथा।

সম্পর্কান্তে তরণিতনয়াতীর সোপান রক্ষং, রাজ্ঞপন্থা স্থলমপি তরো রাচিতং পদ্মরাগৈঃ। শোভাং যাশুত্যচির মতুলাং স্বীয়কার্যান্তরোধা-ছুকৈরেতৈ মু হুরপি সথে তত্রনস্থেরমেব।। ১৪।।

পরার। শুনহে ক্রমাস্ক আমি করি নিবেদন। সধুরার অভিমুখে করিবে গমন।। তরণি তনয়া তীরে সোপান সকল। তোমার
স্পর্শনৈ দেহ করিবে সফল। হুখেতে বাইবে তুমি রাজপথ দিয়া।
ধন্য হবে সেই পথ তোমারে স্পর্শিরা।। রাজপথে আবৃদ্ধিত তর্ক্কমুল ক্রী। প্রারাণে বিমন্তিত আছে শত শত।। গমনের পরি-

## দিতীয়ভাগ।

প্রমে বসিবে তথার। ইহাতে হইবে ধন্য তাহাদের কার ।। তোল মারে পাইলে বহু আদর করিবে। স্থাতিল ছারা দানে শরীর তুমিবে।। হেরিয়া সে শোভাচর ওহে মহাশর। দেখ যেন তথা বসি বিলয় না হয়।। স্বকার্য্যের তরে আমি বলি বার বার। রুপা, করি রেখ এই বচন আমার।। কাতর হইরা বলি তব বিদ্যমানে। ভুলিয়া না থেকো তুমি যেন সেই স্থানে।। সদর হইরা স্থাথ কর এই কাষ। আর কিছু কথা বলি পদচিছ রাজ।। স্বার বাঞ্ছিত তুমি আমা বলে নয়। এ কারণে ভর আরো হয় অতিশয়।। দেখো দেখো কথা রেখো না থেকো কখন। যেমন ভুলিয়ে তথা রহিয়াছে মন।।

#### यथा।

যে বীক্ষন্তে সতত মধুনা গ্রীপতের জ্রিপ্রাছ, মঞ্জিরাদ্যৈঃ কনক কলিতৈ ভূষিণে ভূষিতঞ্চ। তেষাঞ্চেত্বং কিমনুভবিতালোচন প্রীতিহেতু ব্যক্তিরেতৈঃ কুলিশ কমলস্তন্দনাঙ্গাদিচিহৈঃ। ১৫।

পয়ার। যদি বলপদাস্ক হে এমন বচন। মথুরানগর বাসী
আছে যত জন।। কি পুরুষ কিবা নারী তারা পরস্পর। কেছ না
করিবে তথা আমার আদর।। দিবা নিশি কৃষ্ণপদ হেরিতেছে
তথা। আমারে করিবে যত্ন একি হয় কথা।। ইহার উত্তর তুয়ি
শুন মহাশয়। তাহারা তোমারে যত্ন করিবে নিশ্চয়।। চিরকাল
কীবসণে আছয়ে নির্ণয়। জল্ডে যত সমাদর জনকে তা নয়।।
তাহার দৃষ্টান্ত দেখা কর্মকার গণ। বহু মূল্য অলক্ষার করয়ে
স্থান।। শতক্ষণ অলক্ষার প্রস্তুত না হয়। ততক্ষণ সমাদর কামারের রয়।। অলক্ষার পেলে আর কি কার্য্য কামারে। অভঞ্জর বত্ন

ভারা করিবে ভৌমারে।। কলক মুপুরমুক্ত জ্রীরুক্ষ চরণ। নিরন্তর মাহার। করিছে নিরীক্ষণ।। ভৌমারে দেখিলে ভারা কুডার্থ হইবে। ভক্তিতে ভালিরা বস্ত্র অনেক করিবে।। মাক বজ্রাজুল চিক্ল চরণের ধন। ভোমাতে অব্যক্ত আছে পদাজ্যলাজুন। একারণ বলিতেছি ভোমারে দেখিলে। ভাষমান হবে ভারা আনক্ষ সলিকে।। মধুরা বাসীর নেত্র পবিত্র কারণ। অবশ্য হইবে তুমি নিশ্চর বচন।। ইহাতে সন্দেহ কিছু না করিহ আর। এক্ষণেতে শুন বলি বচন আবার।।

#### यथा।

যক্ষাসাঙ্গদলভততমুং মানুষীং গৌতম স্ত্রী ধ্যানেনৈব প্রথিত মহিমা শ্রীপতিং নারদাদিঃ। তম্মাজ্জাতেত্বয়ি মধুরিপোরজ্যি, পত্মাদ্বিচিত্রং কিং দীনানামুপরি করুণালিঙ্গিতো দৃষ্টিপাতঃ। ১৬।

পরার। শুনহে চরণ চিহ্ন বলি তব স্থান। আমি অতি দীনা ক্রীণা অবলা অন্তান। তোমার মহিমা আমি কি বলিতে পারি। একে আমি গোপজাতি তাহে হই নারী॥ মহতের কাছে তব মহিমা প্রকাশ। আমি কি জানিব বল তোমার আন্তান।। তোমারে যে জানে তার ভয় নাহি রয়। শমনের শান্তি হয় সামান্যে কি ভয়।। তোমার মহিমা সীমা বেদে নাহি পায়। পঞ্চমুখে শ্রেমান সর্বাক্ষণ গায়।। অনন্ত সহত্রমুখে করেন বর্ণন। ত্রিভূবনে ধন্ট তুমি পদাক্তলাঞ্ছন।। তোমার মাহাত্মা এক শুনেছি প্রবণে। অপূর্বে আখ্যান সেই গীত রামায়ণে।। রামায়ণ শান্ত সর্বাশান্ত মধ্যে সার। করেছেন মহামুনি বাল্মিকী প্রচার।। স্থামী শাপে বছকাল গৌতম কামিনী। অহল্যা আছিল হয়ে কাননে পাষানী।। তোমার জনক বিনি ব্রক্তেন্ত কুমার। আছিলেন সে সময়ে রাম

অবতার ।। তাঁহার চরণ রজ ক্পর্শন করিয়া। অহল্যা সামূহী হৈল পাধাণ খুচিরা।। স্বানীখাপে পরিমৃক্ত হইয়া তগন। প্র-রায় বামী রুক্ত হইল মিলল।। মারদাদি ঋষিগণ বে পদ ধেরায়। মুক্তিপদ প্রাপ্তি হয় বে পদ ক্লপায়।। সেই মুরহর পদ তব জভ্ত স্থান। একারণ বলিতেছি তব বিদ্যমান।। পরিত্র বংশেতে জন্ম তুমি হে পবিত্র। আমারে করিবে কুপা এ নহে বিচিত্র।। একবার যাও তুমি যমুনার পার। অনন্তর কথা কিছু শুন বলি আর।।

### यथा।

একং চিহ্নং হরিপদভবং পন্নগজোত্তমাঙ্গে, তাদৃক্ শোভামপি খনপতের্নির্ভক্ষকার। পিণ্ডেনাক্সন্তরনিরভবদেবার সংসার সিন্ধো, ধ্যাতুং তাদৃক্ ত্বমপি মহতাং জন্মবিশ্বোপক্কত্যৈ।১৭।

পরার। শুনহে প্রসন্ন হয়ে পদান্তলাঞ্ছন। অধীনীর প্রতি
না করিছ প্রতারণ।। চিরকাল উপকারী স্বভাব তোমার। ক্ষতএব রক্ষা কর মিনতি আমার।। যদি বল অনেক জনের উপকারে।
করেছেন কীর্দ্তি তিনি রাম অবতারে।। তাহে কি একণে বল
হইবে আমার। র্থা কেন কথা বৃদ্ধি কর বারস্বার।। ইহা বলি
আমারে না কর বিড়ম্বন। কীর্দ্তি রাখ কুলধর্ম্ম করহ পালন।।
মহাবংশ প্রভবের মহতচরিত। তোমার বংশেতে ইহা আছয়ে,
বিদিত।। বিশেষ করিয়া কহি করহ প্রবণ। তোমার বংশের কথা
অপুর্ম্ম কথন।। কালিয় মন্তকে এক তব সহোদর। প্রহার চরণ
চিল্ল ক্ষতি শোভাকর।। অসন্তব কীর্দ্তি তার জগতে বিস্তার।
বগপতি ভয়ে সর্পে করেছে নিস্তার।। আর এক চিত্র দেখ গয়াম্বর শিরে। তাহার অদ্ভুত কীর্ত্তি আছে চির্দ্ধিরে।। এম্বোর

সংসার সিদ্ধু পারের তর্নী। বিশেষতঃ পিশুদানে হয়েছে জা-পিন।। অতএব মহাশন জানিলাম নর্ম। পর উপকার করা তব কুল ধর্ম।। আপনিও সেই কুলে লয়েছ জনন। একারণে তব কাছে কহি হে পর্ম।। মম উপকার কর হইরা সদর। এক্ত্রুক্ত বিরহে দেহে প্রাণ নাহি রয়।। কুপা কর কুপাময় চরণলাঞ্ছন। আর কিছু কথা বলি করহ প্রবণ।।

### यथा।

উৎকুল্পানামতি সুরভয়ঃ সৌরভৈরমুজানা,
মডোলেশৈশুরণি ছহিতুঃ শীতলৈঃ শীতলাশ্চ।
অন্তাবশ্যং সততগতয়ঃ সৈরমাধুতবর্হা,
বর্ত্তিব্যন্তে ভবদভিমতঃ ীতয়েলাঞ্ছনাগ্র ।। ১৮ ॥

পরার। রাখ হে পদাঙ্ক তুমি আমার বচন। বারেক সে মধুভূমে করহ গমন।। পথেতে যাইতে তব ক্লেশ না হইবে। অনায়ালে অতি স্থথে তথায় যাইবে। তাহার কারণ বলি করহ প্রবণ।
অনিল পাইয়া পথে তব দরশন।তব পরিপ্রম দূর করিবার তরে।
হইবেন ব্যস্ত তিনি আপন অন্তরে।। বহমান হইবেন অতি ধীরে
ধীরে। করিবেন স্থা তিনি তোমারে অচিরে। কিরূপ পরন তাহা
বলি হে তোমারে। প্রফুল জলজ পুষ্প গন্ধা সহকারে।। শীতল
বমুনা জল কণিকা সহিত। বহমান হন যিনি হয়ে আমোদিত।।
বিচিত্র ময়ূরপিছে মন্দং বায়। ঈষৎ না চান যিনি হয়্মুক্ত কায়।।
গমনেতে কপ্ত তব না হইবে কায়। কহিলাম বিবরিয়া আমি হে
তোমার।। অতএব ত্বরা তুমি করহ গমন। না হইও প্রাম ভরে
চিন্তা মুক্ত মন।। রাখহ মিনতি কর মম উপকার। অনন্তর তন
কিছু কথা বলি আর।।

# দিতীয়ভাগ।

#### "यथा ।

ত্যক্তব্যেরং চিরপরিচিতা জন্মভূমীতি বৃদ্ধা মাথিপ্তস্ব ক্রিভূবনজন ত্রাণহেতোঃক্রমাক্ষ। কিন্নতাজ্যং ভবতি মহতাঞ্চেৎ পরক্তোপকারে। বারাণস্যাং মুনিরপি গতো দক্ষিণাশামগস্তাঃ। ১৯।

পয়ার। যদি বল ক্রনাঙ্ক হে এমন বচন। জন্মভূমি ছেড়ে জামি যাব কি কারণ।। তাহার উত্তর কথা করছ প্রবণ। কদাচিৎ মনোমধ্যে না কর চিন্তন।। ক্রণকাল জন্মে তুমি তথায় যাইবে। পালটিয়া শীজগতি পুনশ্চ আদিবে॥ ইহাতে না কর খেদ পদাজ্জলাঞ্ছন। তুমি ত্রিভুবন জন ত্রাণের কারণ।। যদি হয় কদাচিৎ পর উপকার। কিবা নাহি ত্যজ্য হয় মহত জনার।। অগল্তা নামেতে মুনি জিনি মহামতি। কাশী ত্যজি দক্ষিণেতে করিলেন গতি॥ আর না এলেন তিনি রহিলেন তথা। পর উপকার হেতু শুনা আছে কথা।। এ কারণ মহাশয় করি নিবেদন। পর উপকারে তুমি পরম ভাজন।। এই উপকার কর এক্ষণে আমার। একবার যাহ সেই যমুনার পার।। পুনশ্চ আদিবে ব্রজ্ঞে কি ভাবনা তার। মিলিত হইয়া সেই জনকে তোমার।। পিতৃ সঙ্গে পুনরায় আদিবে হে কিরে। অধীনার ছঃখ দশা ঘুচিবে অচিরে। এই হেতু তব আছে ব্যগ্রতা আমার। আর কিছু কথা বৃলি শুন আরবার।।

#### যথা।

কপূরিদেঃ সলিল মভবদৈতরণ্যমুতুল্যং, বাক্যাগম্যং নদতিকঠিনং কোকিলঃ ষট্পদোপি। রুষ্ণারণ্যে কিরতি গরলং তুঃসহং শীতর্মা নৈতিছাচ্যং সক্কদপিসখে সন্নিধৌ কেশবস্য। ২০। শয়র। শুনহ তোমারে বলি পদান্ত উত্তব। ইইয়াছে ব্রজে
বত ছংখ সমৃত্তব।। কপুর বাসিত জল স্থাতিল ছিল। ক্রফ বিনা
বৈতরণী তুলা সে ইইল। জমরের গুঞ্চ রবু কোকিলের সর।
হয়েছে কটিন বেন বজের সোসর।। স্থাকর কথা কত করিব
বর্ণন। জগতে করেন বিনি হুবা বরিধণ।। ক্রফচন্দ্র বিনা সেই
চল্ল ইথায়ন্। রুক্ষাবনে বিবর্তি করেন এখন।। এইকপ ছথোদয় এড ইইয়াছে। না বলিছ এসকল শ্রীক্রফের কাছে।। তাহার
কারণ বলি শুন মহাশয়। সর্বাশাস্ত্রে মাধবেরে নিত্যানন্দ কয়।।
স্থােমর সাগর তিনি স্থেস্থানে বাস। স্থাজনে ছংখস্থান না করে
প্রেয়াস।। ব্রজনথি বিরহেতে ব্রজ গোপী যত। ছংখিনী ইইয়া
বনে জনে অবিরত।। রিসিক নাগর স্থাম রিসকা সহিত। মনের
আবেশে তথা আছে আনমানিত।। এতেক ছংখের কথা করিলে
শ্রেবণ। এ স্থানেতে নাহি আসিবেন কদাচন॥ এই ছেডু কহি
ছংখ না করো প্রচার। অনন্তর শুন কিছু কথা বলি আর।।

#### यथा।

প্রস্থানং তে কুলিশ কলনান্নিন্চিতং পণ্ডিতাত্তি নিচ্ত্তেংস্মাকং তদপিরমতেষাহি যাহীতিবাণী। অপ্রামাণ্যং কথরতি সদানন্দস্থনোর্কিরোগো ব্যাপ্যজ্ঞানাদ্র জকুলভূবাং ব্যাপকভাপিসিদ্ধৌ। ২১।

পরার। শুন শুন ক্রমান্ধ হে বচন আমার। যাইবে তথার তুমি বুঝিয়ছি সার॥ যে কারণে মনোমধ্যে হয়েছে প্রত্যার। বিস্তার করিয়া বলি শুন মহাশয়॥ যখন কুলিশ চিহ্ন করেছ ধারণ। তথনি জেনেছি তুমি করিবে গমন॥ তথাপি যে যাও যাও বলি বার বার। বিশেষিয়া কহি শুন কারণ ভাহার॥ অসহা সে নক্ষয়ত বিরহ ব্যাপিয়া। জন্মাইল অপ্রামাণ্য শুনরে আসিয়া॥ গমনে সন্দেহ পুনঃ তাহে অমুমানি। পুনঃ পুনঃ বলিতেছি যাও

# দিতীয়ভাগ।

যাও বাণী। ব্যাপাজ্ঞানে স্থাপকতা নিছির প্রমাণ। মন দ্রপনে হর জাগ্ন জ্বমান। প্রকৃত স্থানেতে এই মত পরিচয়। কুলিশ্ব ধারণ দৃষ্টে গমন নিশ্চর।। অতএব জেনেছি হে পদাজ্ঞলাঞ্ছন। অবশ্রই তুনি তথা করিবে গমন। বিলম্ব না কর আর যাহ শীত্র-গতি। ক্রপা করি জ্বধীনির মুচাও ছুর্গতি।। তোমা বিনা ছংখিনীর কেহ নাহি আর। নিভান্ত নিয়াছি আমি শরণ তোমার॥ যাও যাও ওহে চরণলাঞ্ছন। জার কিছু কথা বলি করহ শ্রবণ।।

#### यथा।

উক্তংপ্রায় স্তরণিতনয়া নাগয়োস্তৎকথায়া, মাস্তেকোবা জগতিভবতাং ভীতি হেডুঃ ক্রমাঙ্ক। কিঞ্চস্বান্তে ক্ষণমপিভবং সঙ্গমে যাতি দূরং, ভীতি মৃ ত্যোরপি কিমশনিং লোকরীত্যাদধাসি।২২

প্রার। যদি রল স্থীয় কার্য্য সাধনের তরে। বলিতেছ এত
কথা আমার গোচরে॥ পথিমধ্যে একাকী চলয়ে যেই জন। অবশ্য
হইতে পারে ভয় সংঘটন।। তাহার উত্তর কথা শুন মহাশয়।
বিশেষিয়া কহি যে বিশেষ পরিচয়।। জগতের ভয়হারী তুমি
মতিমান। তোয়ার বৈ ভয় আছে নাহি হেন স্থান।। তবে যে
আছয়ে পথে য়মুনা তরজ। অতিশয় ভয়ানক কালিয় ভৄজঙ্গ।।
তাহায় রুভান্ত পূর্ব্বে কহিয়াছি সব। বিস্তার করিয়া তোয়া প্রতি
পদোদ্ভব।। একণে কিঞ্ছিৎ শুন কহি আমি তার। আসঙ্গ করয়ে
যেই সঙ্গেতে তোমার।। বারেক তোমারে হদে ভাবে বেই জন।
মরণের ভয় তার হয় সংহরণ॥ য়ত্যু ভয় দূর হয় বেদেতে প্রমাণ।
জগতে তোমার কোণা নাহি ভয় স্থান।। সাক্ষী তার দেখিতেছি
তোমার লক্ষণে। লোক রীতি ব্যবহারে ভয় নিবারণে।। করেছ
আপনি ভুমি অশনি ধারণে। লোকালোকে হও ভুমি ভয় নিস্তা-

### প্ৰভাগৰভা

्त्रगा। जिल्लामा निर्माण कर्मा कि इस्तान क्रिक्त कि इस्तान क्रिक्त क्रिक्त क्रिक्त क्रिक्त क्रिक्त क्रिक्त क्रि

#### . यथा।

যেনাৰতং বিষধর শিরো ভুরি বক্তব্য মনাৎ, কিম্বা কারি স্তন গিরিবরা রোহণঞ্চ শ্রুতং তৎ। উৎপক্ষস্ত প্রিয়তম পদাতেনভীতি স্তবাস্তে, কোবা ক্রয়াদিতিহি সদৃশং কারণে নৈব কার্যাং॥ ২৩

পয়ার। ওবে পদিচিহ্ন তুমি জগত তারণ। আমি কি করিব বল তোমার বর্ণন। তবালি তরণে তুমি তরণী বিস্তার। কাণ্ডারি তাহাতে হন জনক তোমার।। তোমা হতে যমের ভরেতে তরে জন। আছরে তোমার ভর কে করে এমন।। বিবরিয়া বলি আমি শুন মহাশয়। যাহা জানি কিঞ্চিৎ তোমার পরিচয়।। বিষধর শিরে আরোহিল যে চরণ। গোর্ফন গিরি পরে যার আরোহণ॥ এক মুখে আমি কত করিব বর্ণন। তুমিত এ কথা সব করেছ শ্রেবণ।। সেই শ্রীচরণ হতে তব জন্ম হয়। তোমার গমনে ভর কে করে প্রত্যয়।। কারণ সদৃশ হয় কার্যের প্রভব। কহিলাম তব কাছে বিস্তারিত সব।। কুপাকরি পদিচিশ্রামাই বচন। এক-বার মধুপুরে করহে গমন।। আর না সহিতে পারি বিরহ হরির। আদিয়া শ্রীকান্তে তুমি করহ স্থন্থির।। তুমি গেলে স্থনিশ্চিত আদিবেন হরি। এ কারণে কহিতেছি ক্বতাঞ্চলি করি॥ অধী-নীর প্রতি ক্বপা করহ বর্ষণ। আর. কিছু কথা বলি করহ ভাবণ।।

#### यथा।

জাতং জাতং কুলিশ সদৃশং চিহ্নমেডরবজ্ঞং, নোচেদেবং জনয়তি কথং লোচনে প্রীতিধারাং। দূরস্থ গুপরতিমনো নিঃস্বনো যস্যতন্মাৎ, নেত্রপ্রীতিপ্রদমিতি বচো নশ্রুতং কাপিকেন /২৪

পয়ার। বিরহে ব্যাকুলা রাখা পাগলিনী প্রায়। কখন কি
কথা কন স্থির নাহি তায়।। পদাক্ষেরে বারয়ার প্রশংসা করিয়।
কহেন কমলাননী কথা ফিরাইয়।। ক্রমাঙ্ক তোমার কথা কি
কহিব আর। সদৃশ নাহিক কেহ জগতে তোমার।। তব কপ
গুণ কথা করিতে বর্ণন। ত্রিভুবন মধ্যে নাহি দেখি হেন জন।।
জেনেছি জেনেছি আমি বুঝেছি নিশ্চয়। বক্স চিচ্ছ মাত্র এই বক্স
কভু নয়।। তা হইলে বল কেন তব দরশনে। উথলে অপার
য়খ লোকের মননে।। প্রেমধারা চক্ষে কেন হয় বরিষণ। বক্স
হলে না হইত কখন এমন।। দুরেতে থাকিয়া যার শুনিয়া নিঃস্বন॥
মনেতে বিশাল ভয় হয় উদ্দীপন।। চমকিয়া উঠে লোক যাহার
নিঃস্বনে। তাহারে দেখিলে কেন প্রীতি হবে মনে।। কেবা
কোথা দেখে হেন শুনেছে প্রবণে। বক্স দৃষ্টে মনে প্রীত হয় কভু
জনে।। একারণে বলিতেছি বক্স ইহা নয়। বজ্জের সমান চিচ্ছ
ধরেছ নিশ্চয়।। ওহে গুণময় তব কি কহিব গুণ। আর কিছু
কথা শুন হইয়া নিপুণ॥

#### यथा।

জান্তে চৈবং নবজলধরো যং বিলোক্য প্রমোদা,

মৃত্যন্ত্য তৈর্লিষধর ভুজো নিঃস্বনোপ্যদ্য ভীমঃ।

মিথ্যৈবারং যদবধিময়া বীক্ষিত স্তাদৃশোহয়ং,

কন্দর্পোমাং তদবধিহত্যেব বাবেরসইছঃ।।২৫।।

পরার। যদি বল পদাস্ক হে এমন বচন। যে কথা কৃছিলে প্যাস্ত্রি এ হেন কথন।। নিশ্চয় করেছ তুমি আপনার চিতে। যাহার কর্মশারব ভাহারে দেখিতে।। ছঃখ বই স্থানাই এ কথ কেমন। আবণ করহ বলি ছৃষ্টান্ত বচন্।। নর জলধর মেষ উঠিলে আকাশে। ইথী হয় শিখীকুল ভাহার প্রকাশে।। যাহার জীয়ণ ধ্বনি করিলে অবশা ভারেতে ব্যাকুল চিন্ত হয় সর্বাঞ্জন।। ভাহারে দেখিলে শিখী হয়ে আনন্দিত। নৃত্য করে ভাব ভারে হইয়া মোহিত।। এ কথা বলিলে জুমি পার বলিবারে। ইহার উত্তর কিছু বলি হে ভোমারে।। এ কথা আমার মনে মিথ্যা বোধ হয়। ভাহার কারণ বলি শুন মহাশার।। বে অবধি নব মেঘ দেখেছি অম্বরে। দহিছে আমার দেহ কন্দর্পের শরে।। অসম্ভ্রমণ শর সম্ভ্রমণ রাখ্যম বিনয় বচন। এক বার মধুপুরে করহ গমন।। মাধবের কাছে কহ মম সমাচার। অনন্তর কথা কিছু বলি শুন আর।।

#### যথা ।

ক্রোশস্যাত্তে চরণযুগলং ক্ষালয়ন্নংশুজারাং, ছারান্নাঃকিঞ্চক্রণমপিতরোমূল মাসাদ্য তির্চেঃ। উৎক্রফীং যো জনরতি পদং সেবকানাং জনানাং, পদ্যাং হীনং তদিতি জগতাং প্রত্যয়ঃ কুর্দালোম।২৬

পরার। শুন শুন পদান্ধ হে বলি আরবার। স্থির হরে শুন
তুমি বচন আমার।। যদি বল পথে যেতে হবে বড় ক্লেশ। বাহাতে
না হর তাহা শুন সবিশেষ।। ক্রোশান্তেতে বমুনার চরণ ধুইবে।
মধ্যে মধ্যে তরুমূলে ছারাতে বসিবেশ। তাহে তব না হইবে
অতি পরিশ্রেম। পথ চলনের এই বিশেষ নিরম।। ইহাতে বদ্যপি
বল এ কথা কেমন। চরণ বিহীন জনে ধুইবে চরণ।। মাখা নাহি
সাথা বাখা কথা চমংকার। তাহার উত্তর তুমি শুন আরবার।।
তোমার বারেক যারা কররে শ্রেণ। তাহাদের দাও তুমি উত্তম

চরণ।। এত বড় বিষ্ণুপদ করহ প্রদান। সে চরণে কত জনে বাঞ্ছা করে স্থান।। চরণবিশিষ্ট কর বিবিধ বিধানে। তোমার চরণ নাই এ কথা কে মানে।। তবে বে চরণ দৃষ্ট না হয় তোমার। বিশেষ প্রমাণ কিছু বলিহে ইহার॥ কুর্ম্ম দেহে লোম দৃষ্ট না হয় বেমন। তেমন তোমাতে দৃষ্ট না হয় চরণ।। রূপা করে মধুপুরে বাহ একবার। সার কিছু কথা বলি শুনহ সামার।।

### यथा।

আরুছাশ্বদ্ধ মধুরা গচ্চতুক্রংতুরক্ষং।
সৌরস্তেজঃ সজলজলদশ্চায়য়া বারণীয়ঃ।
র্ফিংনৈবত্বতুপরি করিষ্যত্যয়ঞ্পগুরশ্বিঃ
ধেদাশক্ষা সরসিজসখস্ত্বদ্ধৃ তাস্তোরুহস্য।। ২৭।।

পরার। শুন শুন মন বাক্য পদাক্তলাঞ্ছন। যদি তুমি মনে
মনে ভাবহ এমন।। বিনা যানে কি কপেতে যাব মথুরার।
মান্যমান বহু লোক আছরে তথার।। অসম্মান আছে পদব্রজে
গেলে পর। অধিকন্ত গমনেতে কটু বহুতর॥ একপ বিচার
যদি করহ স্থার। তাহার উপায় আমি করিয়াছি স্থির।। আছয়ে আমার মনোকপ তুরঙ্গম। অতিশয় উচ্চ তব গ্মনে উভম।। তাহে আরোহণ করি করহ গমন। মান রবে শুন না
হইবে কদাচন।। না লাগিবে তব অঙ্গে রবির কিরণ। সজল
জলদে করিবেক আছ্লাদন।। বৃষ্টি না হইবে তার শুন সমাচার।
ভোমাতে সরোজ চিছ্ আছুরে বিস্তার।। সরোজের প্রিয় স্থা
স্র্যা মহাশয়। বর্ষণেতে সরোজের হবে ছঃখোদয়।। স্থাদেব
সচিন্তিত হয়ে এ কারণ। জলদেরে করিবেন বর্ষতে বারণ।।
সবিতার বাক্যে মেঘ কছু না বর্ষিবে। বৃষ্টি তাপ না লাগিবে
বিস্তুব্দের বাইবে।। অভ্রঞ্জব মহাশয় বাও একবার। অনন্তর কথা
রিলি শুন কিছু আরে।।

#### यथा ।

এতেনস্যান্যধুপুরগতিঃ কেনমে পদ্ধিলোভুৎ, পদ্ধানন্দপ্রজকুলভুবাং লোচনাম্ভোভিরুকৈঃ। নোবাশুদ্ধে। হরিবিরহজোত্তাপিতোপীন্দ্বক্তে, নিত্যোৎপত্তে র্মন প্রসাং বাক্যমেতদ্বিরশুং। ২৮।

পয়ার। মনো তুরঙ্গনে থেতে বলি যে কারণ। শুন শুন দেব বচন পদাজ্জলাঞ্ছন।। যদি বল গোপিকার নয়নের জলে। পদ্ধিল হয়েছে পথ গোকুল মশুলো। কি কপে যাইব আমি সে মধুভূবন। কেমনে করিব সৈই হরি দরশন। হরি বিরহজ তাপ প্রাদীপ্ত হইয়। ইন্দুমুখি বলিছ যে গেছে শুকাইয়। এ বচন মিখা প্যারি তব সমুদয়। নিত্য সমুখিত জল নয়নেতে হয়।। অতএব এই পথ কেমনে শুকায়। ইহা বলি কর যদি নিরস্ত আমায়।। এই হেতু বলিতেছি করিয়া মিনতি। মনো তুরঙ্গমে চড়ি যাও মহামতি।। তাহলে আপত্তি আর কিছু না রহিবে। আনায়াকে মধুপুরে যাইতে পারিবে।। ওহে মহাশয় রূপা করি বিতরণ। শীজগতি একবার করহ গমন।। আনিয়া সে মুরহরে হর তঃখরাশি। আমি যে তোমার হরি চরণের দাসী।। হরি বিনামরি মরি হয়েছি এখন। রক্ষা কর ওহে হরি চরণলাঞ্ছন। দেখাও সে শ্রামটাদে আনি একবার। অনন্তর কিছু কথা বলি শুন আর।।

#### यथा।

অভিন্তাভি ন্তরণিতনরা পীনতাং নৈবলনা, গোপীভর্ত্ত ব্রিরহ দহনৈঃ প্রত্যুতিঃ ক্ষীণতাঞ্চ। নোচেদেবং দলিলতরসা গোকুলেমান্ত কিঞ্ছিৎ, প্রস্থানন্তেকিল মধুপুরে নির্বিরোধং ক্রমাক্ষ।। ২৯॥

# াদতীয়ভাগ ৷

পরার। শুনহ আমার কথা পদাক্ত উদ্ভব। বিবরিয়া ক্রমে ক্রমে বলিভেছি শব।। বল যদি গোপিকার নরনের জলে। বাড়িন্
রাছে স্থাস্থতা সকলেভে বলে।। এক্লণে কেমনে আমি করিব
গমন। ইহার উত্তর কথা করহ শ্রমণ।। বাড়িয়াছিলেন বটে
প্রথমে তটিনী। এক্লণেডে অতি ক্রীণা হয়েছেন তিনি।। উদ্দীপ্ত
হইয়া হরি,বিরহ দহন। ক্রীণতা করেছে কায় শুনহ বচন।। পূর্বন্
মত দেহে আর নাহি তত বল। উত্তাপে অনেক শুক্ত হইয়াছে
জল।। এ কথা না শুন যদি সন্দেহ করিয়া। গোকুল নগরে পথ
দেখ নিরক্রিরা।। বদি বমুনার বেগ থাকিত ভেমন। জলে গোকুলের পথ থাকিত মগন।। প্রশিক্ত দৃষ্টিতে তুমি দেখে সমুদয়।
নির্বিরোধে কর গতি ওহে মহাশয়॥ নিতান্ত আশ্রয়, আমি
লয়েছি ভোমার। অগীনীরে ত্রুখে হতে করহ উদ্ধার।। ক্রপায়য়
মহাশয় শ্রীহরি চরণ। সে চরণে হইয়াছে ভোমার জনন।। পিতৃ
দৃষ্টে প্রকারেতে চাহ একবার। অনন্তর বলি কিছু কথা শুন

#### यथा।

ক্ষীণৈবান্তে তরণিতনয়। বস্তুতন্ত দিয়োগে,
কাবা পীনা ভবতি বচনং কস্যচিন্নেতিযুক্তং।
গোপস্ত্রীণাং নয়ন সলিলৈ র্বর্দ্ধতেসাবিশীর্ণা
অক্ষেনন্দত্রজপুর জনা ম্যুনমিত্যর্থকং যৎ।। ৩০।

পরার। শুন শুন ক্রমান্ত আমার নিবেদন। যদি তুমি অনুমান করহ এমন। বেড়েছে যমুনা গোপীদের চকুজলে। তবে কেন হেন কথা জন্য লোকে বলে।। তাহার উত্তর তুমি শুন মহাশর। আরোপ বচন মাত্র কথা কিছু নয়।। কোন কোন জনে বটে বলে এ বচন। জাঁথি নীরে তর্জিণী হয়েছে বর্জন।। কেহ কেহ সে কথার দোষ দিয়া কর। বিশেষ করিয়া বলি শুন পরিচর।। এজপুরে এজনাথ বিরহ দহনে। পশু পশী আদি করে পোড়ে
সর্বাহ্মবার বৃদ্ধি কথা যুক্তিসিদ্ধ নয়। বিশীর্ণা হয়েছে
এজপুরে সমুদর।। বস্তু তস্তু এই কথা প্রসিদ্ধ বচন। দেখহ
ভাহার সাক্ষী পদাস্কধীমন।। শাখী পরে কান্দে পাথি মৃগ কান্দে
বনে। না খার ফুলের মধু অমরের গণে।। ময়ুর চকোর আদি
সকাতর সবা মুক হইয়াছে পিক মুখে নাহি রব। বিরহে
বিশীর্ণ সব পুষ্ঠ কেহ নয়। তর্রণি তনয়া বৃদ্ধি সম্ভব কি হয়।।
শক্ষা তাজি শীজগতি বাহ একবার। অনন্তর কিছু কথা বলি
শুন সার।।

#### यथा।

সামগ্রীচেন্ন ফলবিরহে। ব্যাপ্তিরেবেতি তত্ত্বং, তত্ত্বং গোপীনয়ন সলিলে কেবলেহপ্যস্তিমৈবং। উৎকণ্ঠায়াং হৃদি ন কুরুতে কারণানাং সহস্রং লক্ষং বাপি ক্ষণমপি যতঃ পীবরত্বং জনানাং।৩১॥

পয়ারঁ। বমুনা প্রবল শস্কা করি নিবারণ। পুনশ্চ তোমাকে বলি পদান্তলাঞ্ছন।। কেবল নয়ন জলে বৃদ্ধি কালিন্দীর। একথা না হয় লয় কথন প্রথীর।। সকল কারণ কপ সামগ্রী সঞ্চয়। হলে পরে হয় বেন কলের উদয়॥ পণ্ডিতের ব্যাপ্তি এই সর্ব্বমত শিদ্ধ। সামগ্রী বিহনে কল এ কথা অসিদ্ধ।। কেবল নয়ন জলে জল উৎপাদন। কভু না হইতে পারে বলয়ে হজন।। শরীর স্থলের হেতু উত্তম সম্বোগ। করিলে না হয় স্থল বদি থাকে রোগ। হয়নয়েতে চিন্তা কপ রোগ থাকে বার। তার আর লক্ষ লক্ষ হাজার হাজার।। কারণ মিলন হৈলে মাহি হয় স্থল। চিন্তাম্বর জানিবেন ক্ষীণতার মূল।। এই হেতু কহিতেছি পদাক্ত উদ্ভব।

# দিতীরভাগ।

বমুনার জল বৃদ্ধি ছাতি অসম্ভব। চিন্তিত না হও তুমি বমুনা কারণ। সম্ভূদেতে হথে তথা করহ সমন।। সপুরার সেলে মনে পাবে বড় স্থা। আমার বচনে তুমি না হও বৈমুখ।। অতি শীজ তুমি তথা বাহ একবার। অনস্তর কথা কিছু বলি শুন আর।।

#### यथा।

তস্মান্তস্থাবিরতিরথবা হেতুরস্থাদৃশঃ স্যা,
মস্যাদেবং কচিদপি ফলং কারণা সমিধানে।
নক্টেহেতৌ প্রভবতি কুতঃ কার্য্যমিত্যপ্যযুক্তং।
যাগে পূর্কা দিব জনকতাং দ্বারত শুস্যসিদ্ধাঃ॥৩২॥

পরার। এক্সিঞ্চ বিচ্ছেদ হেতু হইয়া চিস্তিত। অতি ক্রীণা হইরাছে যমুনা নিশ্চিত। চিন্তার বিরাম বিনা পৃষ্টি শরীরের। কখন না হয় এই বচন ধীরের । চিন্তা বিনাশন হয় পুষ্টির কারণ। চিস্তা সত্ত্বে পুষ্টি নাহি হয় কদাচন ॥ ইহার কারণ কিছু আমি বলি আর। পুষ্টির বিরহ জান বিরহ তাহার॥ কারণের অনিকটে কার্য্য নাহি হয়। কারণ নিয়ত কার্য্য জানিহ নিশ্চয়।। যদি বল এ কথাটি রচনা ভোমার। ইহাতে অনেক ঠাই দেখি ব্যক্তিচার॥ অমুভব কারণ স্থারণ পক্ষে বটে। স্থারণের পূর্ব্বে নাহি অমুভব ঘটে।। নিকুঞ্চ বেহারী হরি নিকুঞ্জ ভবনে। কত দিন ব্রজগোপী দেখেছে নয়নে।। সেই অনুভব জন্ম শ্বরণ হইয়া। দিবা নিশি কান্দে গোপা নিকুঞ্জে আসিয়া।। একথা জন্তায় বড় জানিবে নিতান্ত। স্বর্গের সাধন যাগ বেদের দুপ্রান্ত।। ইহকালে করে যাগ\* यर्भ कामनाट्य । भतकारमं यर्भ रत्न अपृष्ठे बाताट्य ॥ अपृष्ठे यर्भत्र প্রতি সাক্ষাৎ কারণ। অদৃষ্ঠ দারাতে যাগ স্বর্গের সাধন।। হরি শরণের প্রতি জন্যে পদোন্তব। সংস্কার ব্যাপার কিন্তু কারণামু-ভব।। সংক্ষার সম্বন্ধ হেতু নাহি ব্যক্তিচার। কহিলাম সমুদর সাক্ষাতে ভোমার।। অতএব শুন বলি চরণলাঞ্চন। আপত্তি না कत्र वार मधुता छवन।। क्रुटक आनि छः ८४ मम कत्र ममुकात। अनुस्तत्र किछू कथा सम वीम आत्र।।

#### यथा।

ক্রেশোন্সাকং মলয়পবনৈ মূ ক্রিয়া চোপকারঃ,
তন্মাৎ সর্বাং কিলবিধিক্রতং কারণং কারণং ন।
অভ্যোজানা মমৃতকিরণ জ্যোতিষা মানি ক্রকৈ,
ক্রপ্রজ্যোতি কিরণ মিলনাজ্জায়তেচ প্রকাশঃ। ৩৩।

পয়ার। শুনতে পদাক্ষ আমি বলি যে বচন। এক মন হয়ে তুমি করহ প্রবণ।। কারণ অনবধানে কার্য্য নাহি হয়। ইহাতে আশ্চর্য্য এক শুন মহাশয়।। আমাতেই ঘটয়াছে ইহার আভাস। বিস্তারিয়া বলি তাহা করিয়া প্রকাশ।। মলয়পবনে হৈল কষ্ট য়প্রচুর । মৃষ্ক্র্য় জন্মিল মুখ ছয়খ করি দূর।। অকারণ কারণ কারণ কারণ অকারণ। এ সকলি বিধি কৃত জানিবে লাঞ্ছন।। নলিন মলিনী হয় য়ৢধাকর করে। প্রচণ্ড মার্ত্ত করে প্রকাশিত করে। ইহাতে দেখহ তুমি করিয়া বিচার। তুমিত স্থবিজ্ঞ বট জগও নিস্তার।। কুপা করে মধুপুরে যাও একবার। অনস্তর কিছু কথ বলি শুন আর।।

#### যথা।

ক্রীভিঃ প্রেম প্রিয়তমগতং নৈবশক্যং বিহাতৃং, যাচেতৃত্ত্বাং কিলমধুপুরীং চংক্রমায়ক্রমান্ধ। দক্ষেনাপি ব্যথিত হৃদয়ো পঞ্চবাণেন বাবৈঃ, ক্রুরৈক্লকৈ র্মদনর্মণী তৎকৃতে রোদিভিন্ম। ৩৪।

## দিতীয়ভাগ।

পরার। শুন শুন পদাস্ক হে করি নিবেদন। তুমি বদি আমা প্রতি বলহ এমন।। কুটিল কালিয়া হেতু কর বিলাপন। অকারণ এত কেন করহ রোদন॥ ভাহার উত্তর আমি করি হে ভোনারে। বানীর বিচ্ছেদ নারী সহিতে না পারে।। প্রাণ প্রিরতম কান্ত বিচ্ছেদের দার। সহ্য করিবারে নারে স্ত্রীগণে কোথার॥ ভাহার দৃষ্টান্ত কথা করহ প্রবণ। অভিশয় ক্রুমতি নির্দ্দর মদন॥ ক্রুমর্কর্ম ক্রমে ক্রমে করি অভিশয়। শিব কোপানলে পুড়ে হৈল ভক্ষমর।। পঞ্চশরে নিরন্তর ব্যথিতা রমণী। কাতরা হইরা কান্দে দিবস রজনী।। অকারণ কথা মম কোন মতে নর বিশেষ করিয়া বলি শুন মহাশয়॥ সেই যে শ্রামের প্রেম কারণ ইহার। কখন ব্রজের নারী না ভুলিবে আর ।। ক্রভাক্রির আমি বলি হে ভোমার। বারেক গমন কর সেই মথুরায়।। আনিয়া শ্রীক্রফে মম বাঁচাও জীবন। ক্রপা বিভরণ কর রাখহ বচন।। তব সম ক্রপাবান নাহি ত্রিসংসারে। অনন্তর কিছু কথা বলি হে ভোমারে।।

#### यथा।

আন্তে চিত্তে কিলকলয়িতুং বাসনা শশ্বরারে, রেকৈকেন ব্রজপুরবধু প্রাণমেকৈকমন্ধ। বাণেনাতঃ সতত্মতনুর্জাত কোপাহিতুল্যৈঃ, ক্রেরস্মান্ দহতি কুসুমেঃ শায়কৈঃ পঞ্চসংখ্যৈঃ ॥৩৫

পরার। প্রসঙ্গ সঙ্গতিক্রমে শুনহ আশ্রুর্য। বিরহীজনের প্রতি মদনের কার্য্য। বুঝা যার মদনের মনের বাসনা। বধিবে ব্রজের বধু করেছে কামনা।। সন্ধান করিয়া বাণ প্রত্যেকের কায়। প্রত্যেকে বধিবে প্রাণ তার অভিপ্রায়।। ইহার কারণ শুন চর্মলাছন। হর্মেন্টেপ্টেড্ড্ তার হরেছে পতন । খলের
বাতার এই জানিবে নিশ্চর। মন্নিলেও অভাবের অভাব না
হয়।। বিষম খলের ভাব দা হয় খঙন। কহিলার তব কাছে
নিশ্চর বচন।। কুকর্ম করিরা কাম মরেছে পুড়িরা। তথাপি
কুল্ল বাবে মারে পোড়াইরা।। কুক্ট বিনা কাম শর হরে বজবান। বহিতে উদ্যন্ত আছে ব্রজবধূ প্রাণ।। কি কন ভোমার
কাছে পছাজ্ঞলাঞ্চন। হইরাছে দেহ মম অভি আলাতন।। প্রীকৃষ্ণ
বিক্রের আর না পারি সহিতে। ওর্চাগত হৈল প্রাণ ভাবিতে
ভাবিতে।। বেই বাঁশী সেই হাদি নেই অব্যর। ভাগিছে
ক্রমের কিন্তু না পাই মাধব।। এই হেতু তব কাছে কান্দি বার
বার। অনন্তর কিছু কথা বলি শুন জার।।

#### यथा।

যলোকানামুপক্তিভয়াৎ কালকুটোপিপীত, ভানেবায়ং দহতিগরলৈ স্তাদুশৈরাচিতেন। বাণেনেতি ত্রিপুররিপুণা জাত কোপেনদক্ষো, নেত্রোশ্বেন প্রবলশিখিনা নির্দ্দয়ং শম্বরারি॥ ৩৬॥

পরার। শুনহে তোমারে বলি চরণলাঞ্চন। ছরস্ত ছরাত্মা সেই কামের বচন।। ত্রিলোকের নাথ শিব আশুতোষ বিনি। সদনেরে অসস্ভোষ হইলেন তিনি।। তাহার বচন বলি শুন পরি-চর। যেই হেতু শিব তারে হলেন নির্দেষ। দেব দেব মহাদেব দরালু চরিছে। অগতে বাহার দরা বিশেব বিদিত।। লোক অপকার ভর করি অনুমান। কালকুট বিষ যিনি করেছেন পান।। অপকার ভর করি অনুমান। কালকুট বিষ যিনি করেছেন পান।। অপক্রের হিত হেতু সনা চেষ্টা বার। অহিত দেখিলে সম্ভ নাহি হয় জাঁর।। মদন সর্বাল পীড়া দের জগজনে। কামশরে জরজর

## দিতীয়ভাগ।

করে সর্বা কণে ।। তাহা দেখি মহাদেব মহাজোধ বৰে। নেত্রা-নলে দহিলেন নির্দির মদনে।। উচিত হয়েছে কর্ম অমুবারী কল। নারীর কপাল হেতু না টুটিল বল।। মরিরাও ছরাচার হানে পঞ্চ-বাণ। অস্থির কররে সদা বিরহীর প্রাণ। শ্রীক্রম্প বিরহে আমি হরেছি অস্থির। বিবরিয়া কহিলাম তোমারে সুধীর।। একবার যাহ তুমি বমুনার পার। অনস্তর কিছু কথা বলি শুন আর।।

#### यथा।

रेनवः स्रानः नशतकत्तरः नम्तातः नतस्यः, बक्तामीमामत्रमिष्याद्यां रेथर्गाविश्वः मदस्यः । अञ्चाकाः शितिमामत्रभः चिक्तिः अखिञादेशः राष्ट्रामस्याद्याविकस्रोते निर्मातः मक्षकारेमः ॥ ७५ ॥

পরার। শুন শুন ওছে পদচিত্র মতিমান। পুনশ্চ কিঞিৎ কহি তব বিদ্যমান। সগরজ সমাখ্যাত বিশুদ্ধ সাগর। তাহাতে উথিত হয় গরল তুপ্তর।। গরলের এক নাম কালকুট বলে। যাহার স্পর্শনে জীব বম ঘরে চলে।। কালকুট বিষের অধিক কামবাণ। বিবেচিয়ে দেখ তুমি তাহার প্রমাণ।। কালকুট ভয়ে ব্রশ্বা আদি দেবগণ। ক্স্তান ছাড়িয়া সবে পলায়িত হন।। সাগর সম্ভব বিষ কভু স্থান নয়। মদন শরের তুল্য কেহ কেহ কয়।। এ কথা অভ্যথা তার শক্তর প্রমাণ। অনায়াসে কালকুট কয়ে-, ছেন পান।। দেবের দেবতা শিব জগতের সার। যমেরে করিয়া জয় য়তুয় নাহি যাঁর॥ বিষে বিষাদিত যিনি ক্ষণমাত্রে নয়। কামবাণে হয়েছেন ব্যথিত হ্বদয়।। গরল অধিক অতি থর রতিপতি। জানি তারে নিদ্ধের দহেন পশুপতি। পোড়া কাম পুড়িয়াও পোড়ার শরীর। ইথে বিবেচনা কর তুমি মহা-

थीत।। इत्य जानि किता तकः, कत्र कीवन। जनस्त किहू कथा कत्रर जाना

#### यथां।

উত্তাপোহরং হরিবিরহজো বর্দ্ধতে নিত্যমূলৈ, র ন্দারণ্যে বসতি রধুনা কেবল ছঃখ হেতুঃ। কিঞ্চান্মাকং নরনসলিলৈ বর্দ্ধতে চেম্নদীরং কেনস্থেরং জ্বতগতি জলৈরাচিতে কুঞ্জমধ্যে।। ৩৮।

পয়ায়। কাতরে তোমার কাছে করি নিবেদন। অধীনির বাক্য গুলি করহ গ্রাবণ । তোমা হতে জুড়াইবে জামার হৃদয়। একারণে তোমারে কহিয়ে সমুদয়।। হইতেছে অতি ভয় হৃদয়ে আমায়। প্রকাশ করিয়া বলি সাক্ষাতে তোমার॥ প্রাহরি বিরহজাত সন্তাপ প্রবল। দিনেং রুদ্ধি হয়ে করিতেছে বল।। এক্ষণে ব্রজেতে বাস হঃখ হেতু সব। আশা নাহি আর হবে স্থখ সমুস্তব। জাগাপি না আইলেন কমললোচন। উচিল ব্রজের বাস গুন সে কারণ।। আমাদের চক্ষুজল প্রত্যহ পড়িয়া। অচিরেতে এই নদী প্রবলা হইয়া।। কুঞ্লবন মধ্যে আসি করিব প্রবেশ। প্রাবিত হইয়া জলে ভাসিবেক দেশ।। তবে আর ব্রজবাসী কোথা দাঁড়াইবে। উচিল ব্রজের বাস এ হেতু জানিবে।। হায় হায় রুঞ্চ বিনা ভাসে সমুদয়। তুমি রুপা করে রক্ষা কর মহাশয়।। একবার বাহ শীভ্র সে মধুজুবন। আনিয়া শ্রীকৃষ্ণনিধি করহ রক্ষণ।। চরণ- লাঞ্ছন ধরি চরণ তোমার। অনস্তর কিছু রুণা বলি শুন আর।।

#### यथा।

যক্তধ্যানং জনরতিমুখং যাদৃশং তাদৃশং ন স্বলোকাদাবপি কিমপরং ব্রহ্মসাক্ষাৎক্তৌচ।

## দিতীয়ভাগ।

# क्षित्र क्षेत्र निवत प्रशास्त्र कार्यो एक विकास क्षेत्र कार्य कार

পায়ন। পানাক্ষেরে পুনঃ পুনঃ যাও যাও কন। না চলে পালাক্ষ আর না কহে বচন। চিত্রের শরীরে কি এ জ্ঞানবল আছে। না বুকিয়া বিধুর্থী কন তার কাছে।। শুন হে পালাক্ষ তুমি বড়ই নিছুর। বারম্বার বলিভেছি যাও মধুপুর।। না দেহ উত্তর আর না কর গমন। বুঝিতে না পারি কিছু ইহার কারণ।। বিলম্ব না কর আর চরণলাঞ্ছন। শীত্রগতি ক্লফে গিয়া কর দুরশন। মুনিবর মুখে তুমি শুনেছত সব। ক্লফে দরশনে হয় যে হার উদ্রব।। না হয় তেমন হার প্রোপ্তি কারো কাছে। ব্রহ্মপদ তুচ্ছ হয় স্বর্গ কোখা আছে।। জানিয়া শুনিয়া তত্ত্বর্ম নাহি ধর। মুর্খের সমান কার্য্য কি কারণে কর।। ইহাতেই বোধ হয় বুজি তব নাই। এ কথায় মৌন হয়ে রহিয়াছ তাই।। অধিকন্ত আর এক দেখি চমৎকার। কিছুমাত্র মায়া নাহি শরীরে তোমার।। বুঝারে কহিব কত বিশেষ বচন। জনকে দেখিতে তব না হয় যত্তন। অতএব মহাশয় যাহ একবার। অনতর কিছু কথা বলি শুন আর।।

#### यथा।

বক্তব্যং যন্মদনজনিতং ছ্থমস্মাক মেত-ছুরোভুরঃ প্রিয়তমপদে গোপয়িত্বা তদেহং। দুক্টে তেন ত্রিনরনয়ে। নিস্তলপ্রীতিহেতো যাস্তস্ত্যের কণপিমনস্তং কথায়াং ন তন্যা।। ৪০।।

পদার। নিৰেদন করি আদি চরণলাঞ্চন। সনোবোগ করি ভূসি শুনহ এখন। বখন ক্লফের কাছে উপানীত হবে। পুনঃ পুনঃ ছংখ কথা বিবরিয়া কবে। সদনজনিত ছংখ হইয়াছে বত। বিশেষ করিয়া তাঁরে কবে বিশেষত।। কিন্তু তুমি তাঁর কাছে কহিবে বর্ধন। আপন শরীর তথা করিবে পোপন।। অলক্ষ্য থাকিয়া কবে সম সমাচার। দেখিতে না পান যেন শরীর তোলার।। ইহার কারণ বলি শুন মহাশয়। সে সময়ে তব দেহে দৃষ্টি যদি হয়।। আনন্দ বাড়িবে মনে ভোমারে দেখিয়া। ভোমা প্রতি একদৃষ্টে রবেন চাহিয়া।। আনন্দেতে ভাসিবেন কমললোচন। ছঃখ বাক্যে মনোযোগ না হবে তখন।। এই হেতু বার বার বলি হে তোমারে। কথার সময়ে দেখা না দিও তাঁহারে।। ছঃখ শুনাইয়া আগে দয়া জন্মাইবে। পরেতে সাক্ষাৎ করি সলেতে আসিবে।। বুঝাইয়া বলিলাম সকল বচন। দেখো যেন না ভূলিও পদাক্তলাঞ্ছন।। সাবধানে যাহ তুমি যমুনার পার। অনন্তর কিছু কথা বলি শুন আর।।

#### यथा।

অগ্নি হরে উদ্দীপন।। প্রায় শুষ্ক করিয়াছে স্থখবন বত। ফল ফুল॰
গাছে আর নাহি ফলে তত ॥ পল্লব নাহিক প্রায় খযিয়া গিয়াছে।
পক্ষীকুল সমাকুল হয়ে তথা আছে॥ শুষ্ক শাখীপরে পাখী
বিসি নিরন্তর। স্থা তাপ সহ্ছ করে অন্তির অন্তর।। উড়িতে
নাহিক শক্তি পাখা দগ্ধ প্রায়। কেবল তোমার গুণ সদাক্ষণ
গার।। পক্ষীর চক্ষুর জলে বত তরুতল। কর্দ্দম হয়েছে নাহি

বসিবার হল।। আহার করিতে পক্ষী নাহি নামে কেহ। শুক্ষ কার্চ্ছে সন্মিলিত করিয়াছে দেই ॥ সারী শুক আদি পক্ষী তব প্রিয় বত। জীবনে আছয়ে মাত্র দেহ জান হত।। উত্তপ্ত হয়েছে যত সরোবর জল। তথা আর প্রস্ফুটিত না হয় কমল।। মধুকর বঁধু বিনা আতুর, জন্তরে। নাহি যায় সরোবরে নাহি বুকোপরে।। গৃহস্তের ঘরে ষরে চালের ভিতরে। শুষ্ক বংশ ভেদ করে তথা বাস করে।। তোমার বাঁশীতে ছিক্ত আছমে যেমন। গৃহক্তের চালে বংশ সচ্ছিদ্র তেমন।। তাহার মধ্যেতে বদি শোকার্ত ভ্রমর। গুঞ্জ রবে তব গুণ গায় নিরস্তর ।। দে রবে আকুল করে বিরহীর প্রাণ। ভোমা বিনা নেত্রে বহে সাগ<del>ং</del>রর বাণ।। কুঞ্জ সব হইয়াছে ভয়ানক বন। ভয়া-নক জন্ত বাস করে অগণন ।। হিংস্ৰ জন্ত সিংহ ব্যাত্ৰ ভালুকাদি করি। গণ্ডার মহিষ মেষ মদমত্ত করী।। গোবর্দ্ধনে গোবর্দ্ধন নাহি আর হয়। তাহার কারণ বলি শুন মহাশয়।। পূর্ব্ব ভয়ে ইন্দ্র রৃষ্টি না করেন তথা। স্থা ছাড়ি বিধু বিষ বর্ষেণ সর্ব্বথা।। তৃণ শস্ত তথা আর না কিছু জন্মায়। তোমা বিনা সব হত হইয়াছে প্রায়।। শোভিত পুষ্পের বন তথা ছিল যত। তোমা বিনা প্রায় সব হই-রাছে হত । ক্লফকেলি কিছু মাত্র নাহিক কাননে। মাধবা গুকায়ে গেছে মাধব বিহনে।। রামকেলি রাম শোকে নাহিক তথায়। পুষ্প শোকে পুষ্প সব ত্যজিয়াছে কায়। নাহি ফুটে তথা আর ख्शक्ति वकून। कमन्न दृष्किटा आंत्र ना अरत मुकून।। द्रम्मा दृक्क বুন্দাবনে প্রায় আর নাই। তোমা বিনা সব হত হয়েছে কানাই॥ রাধাকুও অগ্নিকুও হয়েছে মুরারি। স্থামকুতে স্থাম বিনা সন্তা-পিত বারি॥ জলেতে বাড়বানল বনে দাবানল। মহুষ্যের মনে জ্বলে বিচ্ছেদ অনল।। তোমা বিনা অগ্নিময় হইয়াছে সব। কেবল শারিছে সবে কেশব কেশব।। এক মুখে কত আমি করিব ব্যা-খ্যান। সহস্ৰ মুখেতে শেষ শেষ নাহি পান।। বুন্দাবন ছঃখ কথা কহে সাধ্য কার। অণুমাত্র কিছু আমি কহিলাম ভার।। একণে শুন্ছ ক্লুঞ্জননীর কথা। শিশুরাম দানে ভাবে শান্তমত বথা।।

# দিতীয়ভাগ।

## অথ রন্দা কর্তৃক ক্লঞ বিহনে যশোদার ছঃখ বর্ণন।

পয়ার। তব কাছে নিবেদন করিছে সহসা। তোমা বিনা তব মাতা যশোদার দশা॥ দেখিয়াছি বাহা কব কিঞ্চিৎ তাহার। नकत करिएक माधा नाहि इस काता। नसरन मिथा यात मरथा নাহি হয়। রসনার কি সাধ্য সে বর্ণাইয়া কয়।। প্রবণে রাণীর তুঃখ विनत्त भाषां। अञ्जव छन कृष्ण इत्य मावधान।। त्य निम আইলে তুমি এই মথুরাক্ন। তব মাতা রাজপথে দাঁড়ায়ে তথার।। রথের পতাকা দৃষ্টি হৈল ষতক্ষণ। রহিল চাহিয়া•রাণী তথা তত-কণ।। যেই মাত্র রথকক হৈল অদর্শন। গোপাল বলিয়া ভূমে পড়িল তখন।। হইল চেতনাশূক্তা পড়িয়া ধরায়। দেখি বত ব্রজ-বাসী করে হায়২।। অনেক বতনে করে সচেতনা পরে। তব আসা আশা দিয়া নিয়া গেল হরে॥ হরে গিয়া ক্ষণে ক্ষণে হয় অচেতন। ক্ষণেকে চেতন পেয়ে করয়ে রোদন।। আহার না করে কিছু নির্দ্রা নাহি যায়। কেবল গোপাল বলে করে হায় হায়।। ধনিষ্ঠা প্রভৃতি তাঁর স্থা চারি জন। নিকটে রহিল তারা ঘেরিয়া তথন।। বে দিন তোমার আশা আসিবার ছিল। রাজপথে গিয়া রাণী দাঁড়ায়ে রহিল।। উদয়ান্ত রহে রাণী সে পথের মাজ। সদ্ধ্যাকালে ফিরিয়া এলেন গোপরাজ।। উপনন্দ আদি করি ব্রজবাসী যত। সকলেতে **ক্রমে ক্রমে হৈল সমাগত।। তার পরে জ্রীদাম প্রভৃতি যত জন।** জোমার প্রাণের প্রিয় সখাতে গণন।। সকলে আইল ফিরে না দেখি তোমার। অমনি কান্দিয়া রাণী পড়িল ধরার॥ মূর্চ্ছ্রাভঙ্গ হেন্তু वर कतिरत्न-यकन। रकान मर्क मृक्ष् । छन ना देशन कथन।। कि করে সকলে মিলে করি ধরাধরি। গৃহেতে শোয়ায়ে নিয়া রাখে শব্যোপরি।। পরদিন প্রত্যুবেতে মৃদ্ধ্র ভঙ্গ হয়। উপনন্দ আদি বহ বুঝাইয়ে কর॥ ভোমার আসার আসা প্রদান করিরা। বহ-জনে বহু কথা কৰে বুঝাইরা।। কোন মতে কোন কথা না শুনিয়া

রাণী। কেবল ক্রন্সন করে ভালে কর হানি।। না পরে দ্বিতীয় वान ना करत जारात । कान्मिश्रीर उटक खरम कनियात ॥ रंग मिन হইতে হরি জননী তোমার। পাগলিনী হইয়াছে কি কহিব আর ॥ यिहै मोज बून्ना करह अक्षा उशाय। हा माजः विवास क्रूब शाएन ধুলার।। দিংহাসন হৈতে হরি ধরায় পড়িয়া। মাতা বলে উচ্চৈ-यदत आंकुन कान्मिया।। ভाषा सिथि मछाभग देशन हमरकात। বুন্দা কছে ব্ৰজনাথ শুন আর বার ॥ কান্দিয়া আকুল হলে শুনিবে क्यात । रेथ्या राष्ट्र अन कथा विम मिश्रामत्न ।। क्रुक्ष कन वल वल প্রিয় সহচরী। আছে কি মরেছে মাডা সবিস্তার করি।। ব্রন্দা কৰে মন্ত্র নাই প্রাণে বেঁচে আছে। কিন্তু ক্লফ তার প্রাণ আছে ত্ৰ কাছে।। 'কান্দিয়া কান্দিয়া ক্ৰমে হইয়াছে অন্ধ। হাতে ননী পথে ধায় করিয়া প্রবন্ধ।। পাড়া পাড়া বাড়ি বাড়ি ভ্রমে ঠাঁই ঠাইৰ তব নাম বিনা আর মুখে বাক্য নাই 🖟 কভু নীলমণি বলে কখন গোপাল। কভু ডাকে আর বাছা নবীন রাখাল।। একবার ননী এসে খারে বাপধন। মা বলিয়া জননীর জুড়ারে জীবন। কটোরা পুরিয়া হাতে নিয়া ক্ষীর ননী। উচ্চৈঃস্বরে বলে কোলে আয় নীলমণি।। কোথায় খেলিছ বসেও নীলরতন। হয়েছে খাবার বেলা চেয়ে দেখ ধন।। ইহা বলি ভোমার খেলার স্থান যত। পাপলিনী প্রায় রাণী ভ্রমে অবিরত। অন্ধ রাণী ষষ্টি ভ:র জ্ঞমে পায় পায়। চরণে ঠেকিলে কিছু পড়য়ে ধরার॥ ভাহাতেও কোন তুঃখ মনে নাহি করে। পড়িরাও ক্লফ বলে ডাকে উচ্চৈঃ-স্বরে।। জাপন শক্তিতে আর উঠিতে না পারে। দৈবে যদি দেখে কেছ্ ভুলে ধরে তারে।। পুনক্ষ উঠিয়া পুনা করয়ে জনণ। গোপালং বলে কেবল রোদন।। দেখিতে না পার নেত্রে পথেতে বেড়ার। যদি কোন রাখালের পদ শব্দ পায়।। উচ্চৈঃস্বরে বলে বাছা কে বানি কোথার। একবার আমার কাছেতে ভুই আর।। যরেতে নবনী ভোলা আছেরে শিকার। যত খেতে পার তাহাঁ দিব রে ভোমায়।। না বলিতে ঘরে মোর নাহিরে কানাই। ব্যগ্র হয়ে বার

বার ডাকি তোরে তাই।। গোপালের মত করে মা বলে ডাকিয়া।

যারে বাছা প্রাণ ভরে নবনী থাইয়।। এই কপে ব্রজে রাণী সমস্ত

দিবার। সন্ধ্যাকালে ধনিষ্ঠা ধরিয়া লয়ে যায়।। বে অবধি মধুপুরে

এসেছ কানাই। সে অবধি নন্দরাণী কিছু খায় নাই।। শুনিয়া
কান্দেন কৃষ্ণ করুণা করিয়া। নিশ্বাস ছাড়েন মন মাভারে স্বরিয়া॥
আমার কারণে মাভা হয়েছে এমন। ধিক্ ধিক্ আমারে কি কঠিন
জীবন।। ভুলিয়া রয়েছি ভোমা পেয়ে রাজ্যভার। পাষাণ হইতে
হাদি কঠিন আমার।। ইহা বলি চক্ষু জলে ভাসেন শ্রীহরে। সভা
শুদ্ধ হয় ভাহা দৃষ্টি করি।। কেমনে কহিব সেই শ্রীকৃষ্ণের
ধেদ। কখন কি ভাব ভার নাহি জানে বেদ।। ব্রন্দা কহে কহিলাম কমললোচন। ভোমার মাভার দশা দেখেছি যেমন।। এক্ষণে
শ্রীকৃষ্ণ কি শুনিতে বাঞ্ছা আর। কৃষ্ণ কন কহ বৃন্দা বচন পিভার॥
আমা বিনা পিভা নন্দ আছেন কেমন। বিস্তার করিয়া বল বিশেষ
বচন।। বৃন্দা কহে শুন ভবে হয়ে একমন। শিশুরাম দানে ভাষে
নন্দের রোদন।।

#### অথ রক্ষাকর্ত্ত্বক রুফাবিরহে জ্ঞীনক্ষেব্র রোদন বর্ণন।

লমু-ক্রিপদী। শুন শুন হরি, নিবেদন করি, তোমার পিতার কথা। শোকেতে মোহিয়া, ব্যাকুল হইয়া, যে কপে বঞ্চেন তথা।।
মধুরা আসিয়া, তোমারে রাখিয়া, যে দিনে গেলেন ঘরে। কাদ্দি-লেন যত, কহিব সে কত, নারী সম উচ্চৈঃস্বরে।। উপনদ্দ আসি, ত্রতত্ব প্রকাশি, বুঝাইয়া কত করি। কিছুতে রোদ্ধন-নহে নিবারণ, রহে ধরাসন ধরি।। না যায় শ্যায়, নাহি নিদ্রা যায়, নাহি খায় অয় জল। জাঁথি হৈল বায়া, বহে শত খায়া, জলসিক্ত ভূমিতল।। এ কপে ছদিন, কাটাইয়া দিন, পরে উঠি প্রথ খায়। হা কৃষ্ণ বিলয়া, কাদ্দিয়া কাদ্দিয়া, দৃষ্টি হীন হৈল তায়।। বিটি ধরে

করে, অমে খরে মরে, তোমারে করিয়া তত্ত্ব। শুন হে মাধব, শুনে তত্ত্ব সব, ঞীনন্দ হলেন মন্ত।। যেন⊹ তুমি তথা, আছুই সর্বাণা, এই ভার মনে করে। তব নাম নিয়া, আকেপ করিয়া, **फाकरत्र कालत्र खरह ।। रकाशा वाश धन, ও नोलल्द्रन, वारद्रक** अमरत कांत्व। जानि कृपि शरत, भना धति करत, कथा करत স্থধাবোলে।। ভোরে কোনে করি, তুঃখান্ধিতে ভরি, ভাগি হুখ সরোবরে। তোমা বিনা আর, বলরে আমার, কে আছে এছোর ঘরে।। একপেতে নন্দ, করিয়া প্রবন্ধ, সদা ডাকে উচ্চৈংখরে। পাগল সমান, হয়ে হীন জ্ঞান, যথা তথা গতি করে।। ক্লণে যায় বার, পভিরা ধরায়, ক্ষণে উঠি বেগে ধার। ক্ষণে কান্দে হাসে, ক্ষণে কত ভাষে; ক্ষণে করে হার হার।। এরূপ করিয়া, ভ্রমিয়া ভ্রমিয়া, প্রান্ত যুক্ত হয়ে অতি। গোঠ হৈতে যেন, ঘরে আসে হেন, এভাবেতে ব্রক্তপতি।। আসিয়া আবাসে, ভোমার আভাষে, ডাকে বলি পিরিধারি। পাইয়া সন্তাপ, আসিয়াছি বাপ, দেরে বাধাজল ঝারি।। ওরে বাপধন, জুড়ারে জীবন, বারেক আসিয়া কাছে। এই বুদ্ধ কাল, ওরে নন্দলাল, ভোমা বিনা কেবা আছে।। এতেক বলিয়া, বিলাপ করিয়া, পুন তথা মোহ যায়। উপনন্দ আসি, চক্ষু জলে ভাসি, ধরিয়া উঠায় তায়।। তব পিড় দশা, কহিতে মহসা, কার সাধ্য কেবা পারে। দেখিয়াছি যাহা, কহি-লাম তাহা, বুঝ ভাব অমুসারে॥ নন্দের ছুর্গতি, শ্রবনে ঞ্রীপতি, ভাবেন নয়ন জলে। শিশুরাম দাবে, ছঃখাব্বিতে ভাবে, রন্দা प्तिवी क्रांस वर्त ।।

# व्यथ इन्हाकर्ज्क बीनामानि मथागटनत इन्हिना वर्गन।

পরার। বৃদ্ধাকতে মথুরেশ করত আবণ। তোমার বিরতে ব্রফ্তেত্তব স্থাগণ।। জ্ঞীদাম স্থবল আদি জ্ঞীমধুমঙ্গল। তোমার কারণে সবে কান্দিরা বিকল।। গোঠে মাঠে কেছ তারা নাহি

যায় আর । বিহীন হয়েছে সব আহার বিহার ॥ অটন রটন আর निम ना करता करता कानाई वरत कात्म फेरिक चरता। धक-ত্রেতে কেহ আর না হয় মিলন। স্থানে স্থানে পড়ি করে অজপ্র রোদন।। কেছ বলে গিরিধারি কেছ বলে ছরি। কেছ বলে আর ভাই প্রাণে আমি মরি।। কেহ বলে দেখা দেরে রাখালের রাজ। কেছ বলে গোঠে চরে সাজিয়া স্থসাজ।। কেছ বলে আয় ঘরে বেলা হলো অভি। কেহ বলে ডাকে তোরে মাতা যশোমতী।। কেহ বলে ক্ষুধা হলো কাননেতে চল। গাছে উঠি গোটা কত পাড়ি দেরে ফল।। কেহ বলে পিপানার মোর প্রাণ ফাটে। স্বায় ভাই যাই শীজ্ঞ ষমুনার ঘাটে।। কেহ বলে কেঞা গিয়া লুকালি কানাই। তোরে না হেরিয়া আমি প্রাণে মরি ভাই।। কেহ বলে অঘাত্তর আইল আবার। তো বিনা কে বিনাশিবে ইহারে এবার।। কেহ বলে গগণেতে ডাকে মেঘগণ। ইন্দ্র বুঝি পুনঃ আসি করিবে বর্ষণ।। কে ধরিবে গিরি আর তুমি হেথা নাই। এইবার প্রাণে বুঝি মরিলাম ভাই।। আয় ভাই গিরিধারি শীষ্ত ব্ৰজে আয়। তোমা বিনা তব ব্ৰহ্ম হত হয়ে যায়।। এই ৰূপে রাখালেরা পড়ি স্থানে স্থানে। উন্মন্ত হইয়া কান্দে ব্যাকুলিত প্রোণে।। শুনিলে সে স্থাদের রোদন বিধান। পাষ্টের মন গলে বিদরে পাষাণ।। বিশেষত হইয়াছে জ্রীদাম যে ৰূপ। কৃছিতে না পারি হরি তাহার স্কুপ।। শীর্ণ দেহে জীর্ণ ধড়া আছে পরি-थान । धूलाय धूषत जाक मिलन वयान ।। करतरा ना थरत निका हुड़ा नाइ भिरत । अनाहारत त्रक्रमाश्म विश्वन भंतीरत ।। हर्त्म ए का আছে মাত্র কঙ্কাল কথানি। জীবিতের চিহ্ন মাত্র মূখে সরে वागी।। मर्राम वहत्न वर्रंत कर्नार कानारे। प्रिश्नाहि यरे कंश कंटिलाम छाटे।। तुन्नामूर्य मशाप्तत छर्ममा श्वनिहा। कारमन ক্রুণাময় ক্রুণা করিয়া।। হাহা প্রিয় স্থাগণ কি শুনি এখন। হয়েছ আমার লাগি কান্দিয়া এমন।। রাজভোগে আছি আমি তোমা সবে ছাড়ি। ইহা বলি কান্দিলেন দীর্ঘশাস ছাড়ি।। শিশু-

त्राम मार्टन चारव खन नावू कन। त्रावश्टनत छः व कर्ण तृम्मी एमवी कना।

### অথ রন্দাদেবী কৃষ্ণসমীপে গোবৎসাদির জুঃখ বর্ণন করেন।

পয়ার। বুন্দা কহে শুন ওহে রাজীবলোচন। তোমার রক্ষিত যত গোবৎসাদিগণ।। তোমা বিনা তাহাদের হয়েছে বে দশা। कहिएक ना इब्र कुक्ष माहम महमा।। धवनी श्रामनी जानि खार्छ যে যে গাই। উক্লিবার শক্তি আর কার দেহে নাই॥ যে দিন আইলে তুমি মথুরা ভবনে। সে দিন হইতে আর নাহি চরে বনে। যদি কোন ধর্মশীল গোহত্যার ডরে। আহারের দ্রব্য আনি সম্মৃ-খেতে ধরে।। গোকল দেখিলে মুখ কল নাহি ধরে। ফিরায় বদন স্থার চক্ষে বারি ঝরে।। সতত চক্ষুর কোণে স্রোতে বহে ধার। গোগণের ছঃখ কথা কছে সাধ্য কার।। বৎস যদি নিকটেতে দেখে ক্ষণ মাত্র। না দেয় খাইতে ছগ্ধ নাহি চাটে গাত্র॥ বংসে-রাও গাভী চুগ্ধ নাহি করে পান। সর্ব্বকণ চক্ষু জলে আছ ভাস-মান।। হাস্বারবে ডাকে গাভী বৎসেরে সে নয়। কেবল ভোমারে ডাকে অভুভব হয়।। তাহার কারণ বলি শুন সে বচন। এক দিন প্রভাত সময়ে গাভীগণ।। কতগুলি একুত্রেতে করে হামারব। সে রবেতে চমকিত ব্রজবাসী সব।। গোগণের উচ্চনাদে অসহ ছইরা।দেখরে আশ্চর্যা অতি নিকটে আসিরা।। বংসগণ আছে ,কাছে তাহে না তাকায়। ভ্রমক্রমে কোন দিগে ফিরিয়া না চায়।। মধুরার অভিমুধে দৃঢ় দৃষ্টিভরে।। উর্দ্ধমুখে সঘনেতে হামারব করে। অনুভব করিলাম দেখিয়া দে ভাব।। তব ভাব বিনা হরি নহে অস্ত ভাব। কেমন তোমার প্রেম সৃষ্টি ছাড়া সৃষ্টি॥ বে জেনেছেনে মজেছে গেছে অন্তদৃষ্টি। পশু পক্ষী আদি করে প্রেমে কান্দে দব। কে কোথা এমন সৃষ্টি দেখেছে কেশব।। কেবল

গোগণ নহে ব্রজে পশু যত। তোমার বিরহে হরি কান্দে অবি-রত।। সমুষ্টোর কথা ইথে কি কহিব আমি। বিবেচনা করে দেখ বিশ্বচিত্তগামি।। গোগণের দশা শুনি কুঞ্জের ক্রন্দন। ধবলী খ্যামনী নাম করি উচ্চারণ।। স্থ্রুচী স্থ্রুপী রূপী পিউলী কমনী। ख्भानी ख्कानी कानी अमनी विमनी। धांशानी कांशानी आत **জ্ঞীকালী বলিয়া। ব্যাকুলিত ক্লফ্চন্দ্র হলেন কান্দি**য়া। দেখিয়া কুষ্ণের ভাব যত সভাগণ। অবাকৃ হইল মুখে না সরে বচন।। অক্রুর উদ্ধব আদি সাধুগণ যত। ক্লফের দরার ধন্য দের অবি-রত।। কুবুজা অবাকৃ হৈল ভয়েতে মোহিয়া। পাছে কুফ যান ব্রজে মথুরা ছাড়িয়া।। এই রূপে ভাবে সবে যারু বেই মন। রুন্দা কহে কুঞ্নিধি শুনহ বচন।। যে কথা স্থধালে তুমি কহিলাম সব। এক্ষণেতে বল আর কি কব মাধব।। কুষ্ণ কন জীরাধিকা সহ সখীগণ। বিস্তার করিয়া বল আছেন কেমন।। রুদ্দা কহে সেকথায় কার্য্য কিবা আছে। লজ্জা পাবে নরহরি কুবুজার কাছে॥ কুষ্ণ কন প্রিয়দখি ছাড় বাক্য ছল॥ বারম্বার লক্ষা দিয়া কি হইল ফল।। শ্রীরাধার সমাচারে স্থস্থ কর মন। হইয়াছি অতিশয় ব্যাকুল এখন । 🗐 কুষ্ণের কাতরোক্তি গুনিয়া তখন। 🗐 বুন্দা রাধার দশা করেন বর্ণন। শিশু আশু ভক্তি দান রাধাকুফে চায়। মজরে মথুরা মন রাধারুফ পায়।।

## অথ রক্ষাদেবী এক্লিফ সমীপে এমিতী রাধার ছঃখ র্ক্তান্ত কহেন।

পয়ার। শুন হে ভূঁপাল ক্লফ করি নিবেদন। তোমা বিনা কমলিনী আছেন যেমন।। কহিতে কি শক্তি আছে সে কথা আমার। ব্যাসের লেখনী ক্লান্তা বর্ণনে ষাহার।। সহস্র মুখেতে তাহা শেষ যদি কয়। সহস্র বৎসরে শেষ হয় কি না হয়।। সে কথা কেমনে আমি করিব বর্ণন। বাণী জিনি নিজে তিনি শোকে

मुक्ष रन ॥ आर्गाव्य मन कांत्र कि आह्य लामात्र। এकास समिटव यि विषय आयोत । यत्नीरवाश कति छत्य कत्र ध्यद्य । त्य शां ति কিঞিৎ আমি বলি সে বচন ॥ যে দিন আইলে তুমি মথুরাভবনে। আপনি দেখিয়া দশা এসেছ নয়নে।। যখন র্থেতে পথে আরো-হিলে হরি। পড়িল মূর্চ্চিতা হয়ে ভূমের উপরি ।। হা নাথ বচন মাত্র শুনিলাম কাণে। ভার পরে নিরক্ষিয়া দেখি সেই স্থানে।। আর কোন বাক্য মুখে না সরে রাধার। অনিবার ছনয়নে বহে অঞ্ধার। শবাক্বতি স্পন্দহীন হইল শরীর। জীবিতের চিহ্ন শ্বাস আর নেত্র নীর।। নিঃশ্বাস কিঞ্চিৎ বহে চক্ষু ভাসে জলে। **এই क्रथ मना छात्र देश (मेरे खुटन)। कि क**त्रिव ध्राधित क्रि সেইক্ষণে। লোকভয়ে রাখিলাম নিভত ভবনে।। চেতন কারণে বহু করি শুশ্রাষণ। কিছুতে না পারিলাম করিতে চেতন।। তার পরে সখীগণে মিলিতা হইয়া। চেতনের সতুপায় স্থস্থির করিয়া।। তবে ভাব সমাশ্রয় করি সেইকণ। করিলাম আরম্ভন তোমার কীর্ত্তন। তুমি যেন মধুরা হইতে আসি ফিরে। বসিয়াছ আমা-দের সহিত মন্দিরে। হেন ভাব করিলাম সখীগণে তথা। তোমার সহিত যেন কহিতেছি কথা।। এসো এসো কালাচাঁদ কর দশরন। তব नागि कमनिनी रखिए धमन।। এই ভাবে কত कथा करिए किटिए। "हमिकि हा हक्कमूथी हारिन हिकटिए।। करे करे क्रक करे বুলিয়া তথন। উঠিয়া বসিল প্যারী পাইয়া চেতন।। পাগলিনী সমা হয়ে চারিদিকে চায়। আমর। অনেক কথা বুঝাই তথায়।। আসিবে অচিরে তুমি এই আশা দিয়া। কিঞ্চিৎ শরীর তার দ্বস্থির করিয়া।। রাখিলাম সকলেতে করিয়া যতন। তার পরে কুঞ্চন্দ্র করহ শ্রবণ।। কেবল তোমার ঝাশাবারি করে দান। বাঁচাইয়া রাখিলাম শ্রীমতীর প্রাণ।। না করে শয়ন প্যারী না করে ভোজন। অহর্মিশি বসি করে তোমার কীর্ত্তন।। কণেক তোমার কথা ভঙ্গ যদি হয়। মুর্চ্ছা হয়ে পড়ে ভূমে জ্ঞান নাফ্লিরয়॥ মধ্যে তব সখা ধীর উদ্ধব যাইয়া। আইলেন বহুবিধ কথা বুঝা-

ইয়া। উদ্ধবের মুখে সব করেছ জাবন। কি কহিব আমি তাহা
কমললোচন। তুমি এলে পরে আর না করে আহার। ক্রমে ক্রমে
তমু ক্ষান হইল রাধার।। অদ্য তিন দিনাবধি হয়েছে এমন। বেন
আর দেহে তার নাহিক জীবন।। এমনি মুর্চ্ছিতা হয়ে পড়েছে
ধরার। শবাক্ততি হইয়ছে সমুদর কার।। নাসাগ্রেতে তুলা তার
ধরিয়া শ্রহার। কিঞ্চিৎ নিঃশাস বহে জনুভব করি।। পূর্ব্বমত
শ্রীমতীকে করাতে চেতন। করিলাম সকলেতে অনেক যতন।।
অহরহ তব নাম উচ্চারণ করি। করিতে না পারিলাম মুর্চ্ছা ভঙ্গ
হরি॥ শবাকৃতি শ্রীমতীকে রাথিয়া তথায়। তোমারে লইতে
আসিয়াছি মথুরায়॥ কিশোরীকে বাঁচাইতে যদ্দিহয় মন। বারেক
ব্রজেতে চল ব্রজের জীবন।। যেই মাত্র এই নথা শ্রীরুক্ষা কহিল।
শ্রীকুক্ষের চক্ষে বারি বহিতে লাগিল॥ শ্রীরাধার ছঃখ দশা করিয়া
শ্রবণ। শিশুরাম দাসে ভাষে ্লফের ক্রন্দন।

## · অথ এ মতীর দশা শুনিয়া জ্রীক্লক্ষের রোদন ও ্নদা কর্ত্তৃক প্রবোধ।

পয়ার। শুনিয়া কামিনী কথা কমলনয়ন। নয়নকমলে ভাসে
কমলবদন।। করুণাময়ের রুপা হৈল উদ্দীপন। করুণা করিয়া
তথা করেন ক্রন্দন।। হা হা রাধে হেন দশা হয়েছে ভোমার।
কান্ত বিনা করিয়ার্ছ ভূমি শয়াা সার। ভাবি ভাবি তমু তব হইয়াছে ক্রীণ। বাহাজ্ঞান একেবারে হয়েছ বিহীন।। রুষ্ণপ্রাণা
কমলিনী সকলেতে কয়়। জানিলাম সত্য বটে কভু মিথ্যা নয়।।
তব গুণ ত্রিভূবনে তুলা দিতে নাই। তোমার গুণের তুলা তোমাতেই রাই।। তুমি তুমি তুমি বিনা আমি আমি নয়। তব গুণে
মম দেহ হয়েছে উদয়।। কয়না করেছি রূপ গুণেতে তোমার।
তোমা বিনা সাধ্য কিছু নাহিক আমার।। পৃথিবীর ভারোদ্ধার
করিয়া স্বীকার। আসিয়াছি অবনীতে গুণেতে তোমার।। তব

**खटन खनवान जीनमनमन। এ कथात जनाशं** ज नाहिक कथन॥ তবে কেন গুণাগ্মিকে নিগু পার ন্যায়। লুটাইলে অবনীতে আপ-নার কায়।। হায় হায় মরি প্রিয়ে হইলে এমন। এবণে ভোমার मभा छुः एथं पर मन।। তुमि यपि कत पायी लीला मस्तर्ग। उदय আর কার্য্য কিনে হবে সম্পূরণ।। প্রলয়ে বিলয় হয় ভোমাতে সকল। তুমি কোথা আগে যাও হইয়া চঞ্চল।। এ কর্ম একণে তব না হয় উচিত। এখন আছয়ে কাল অনেক সঞ্চিত।। উন্মন্তের भेड हरत कमनत्नाहन। जनत्कार नका केति नान कथा कन।। ওছে রাধে মমতারে না কর নিধন। অভিরে পাইবে সতী নিজ পতিধন।। অচিরে করিনে ভূমি আনন্দে বিহার। অচিরে হইবে ত্র দুঃখ অবহার।। তোমার দশার দশা ধরিল আমার। দশার দর্শিনী হয়ে করহ বিচার ।। অবিচারে অবিহিত নাহি কর কর্ম। রাধাক্ষঞ্চ নাহি ভেদ বুরে দেখ মর্ম্ম।। যদি বল তবে তুমি কান্দ কি কারণ। বিশেষ করিয় বলি শুন বিবরণ।। স্থথ ছুঃখ সমা-ত্রিত সবার শরীর। ফুথে জুথ জুংখে ছ খ আছে চিরস্থির।। ছাংখে বাঢ়ে ছাংখ দশা স্থাখে বাঢ়ে স্থখ। বিধির স্থাজিত ইহা কে করে বৈমুখ।। সর্দ্ধ স্থখময়ী হয়ে ছঃখেতে ডুবিলে। <mark>আত্ম ছুঃখে</mark> আন্সি জনগণে ডুব:ইলে । তব ছঃখ শুনে দেবী কে হইবে স্থির। পশু পর্ক্ষ জন্ত্র দির চক্ষে বহে নীর॥ পাষাণ গলিয়া পড়ে করিয়া ভাবণ। তব ছু খে প্র্থা বল রবে কোন জন। পাষাণ হইতে দেহ কটিন আমার। এই হেতু এতক্ষণ নহিল বিদার।। ইহা বলি সেই-ক্ষণ প্রসারিয়া কর। স্বাঘাত করেন হরি নিজ বক্ষোপর।। কে 'বুনিংতে প।রিবেক ইহার প্রভেদ। কি ভাব ক্লফের কবে নাহি জানে বেদ।। কুফের রোদনে কান্দে তথাকার জন। অক্রুর উদ্ধব আদি যত মহাজন :। কুবুজা হেরিয়া তাহা অবাক্ হইল। চিত্র পুতলিকা দম চাহিয়া রহিল।। দেখিলা কুষ্ণের ভাব যত স্থীগণ। বাাকুলা হইয়া তথা করয়ে রোদন।। শক্ষের করাত সম কাটে সিখীগণে। কোনমতে স্থােদয় নাহি হয় মনে। একে রাধিকার

# দ্বিতীয়ভাগ।

ছুংখে দহে কলেবর। ক্লফের ছুংখেতে ছুনা দহিল অন্তর ।। মরি কি ব্রজের ভাব হায় হায়। উলটিয়া বুন্দা উঠি ক্লফেরে বুঝায়।। সদ্রদে ধরিয়া ধনী আপন অঞ্চল। মূছাইয়া দেয় তথা ক্লফ চক্ষু-জল।। না কান্দ না কান্দ হরি স্থির কর মন। ব্রজধামে শীঘ্র চল ব্রজের জীবন।। তুমি গেলে রাধিকার চৈতন্য হইবে। কহিলাম তব কাছে নিশ্চয় জানিবে।। ক্লফগত প্রাণ তার জানত এপিতি। ক্লফ পেলে প্রাণ প্রাপ্তা হইবে এমতী।। ওহে কালাচাদ কর ছুঃখ পরিহার। দেখিতে না পারি তব চক্ষে জলধার।। এই কপে বুন্দা বহু বাক্যে বুঝাইয়া। নিজাঞ্চলে চক্ষুজল দিলা মুছাইয়া।। বসাইলা সিঃহাসনে করি স্থিরতর। শিশু ভাবে ভক্তি আশে শুন অতঃপর।।

অথ শ্রীক্লক্ষের ব্রজ গমনার্থ শ্রীরুন্দার নিবেদন ও রুন্দার প্রতি ক্লক্ষের আশ্বাস প্রদান।

পয়ার। স্থির হয়ে বসিলেন যখন গ্রীহরি। রুন্দা পুনঃ নিবেদয় যোড়কর করি।। তবে আর ব্রজনাথ বিলম্বে কি কাষ। বহু দিন শূল্য আছে ব্রজের সমাজ।। অশ্বে গজে রথে আরোহিয়া চল ব্রজে। কিয়া আমাদের সঙ্গে চল পদব্রজে।। যে হয় বাসনা কর কমল লোচন। অধিক বিলম্বে আর নাহি প্রয়োজন। গ্রীমতীকে মূর্চ্চাগতা এসেছি রাখিয়া। অস্থির হয়েছে প্রাণ তারে না দেখিয়া।। অতএব কৃষ্ণ যদি করি কুপা দান। অধীনীগণের জদ্য রক্ষা কর মান।। আমাদের কারণেও তথাকার জন। হইয়াছে সকলেতে অস্থির জীবন।। মথুরার অভিমুখে চেয়ে আছে সঝে। ভাবিতেছে অবশাই আনিবে মাধবে।। বিশেষতঃ বিলম্ব দেখিয়া অতিশয়। বিলম্বেতে কার্যাসিদ্ধি করেছে নিশ্চয়।। বাঞ্ছাকল্পক্র হির বাঞ্ছা কর পূর্ণ। উঠ উঠ ব্রজনাথ ব্রজে চল তুর্ণ।। এত যদি বিনয়েতে বৃন্দাদেবী কয়। কৃষ্ণচন্দ্র হইলেন চিস্তিত হৃদয়।। এক্ষ-পেতে যাওয়া না হইবে বৃন্দাবনে। কি কপেতে পাঠাইয়া দিব

मधीभाव।। ना याँचेव वृति यक्ति देशान्त्र काष्ट्र। अथनि मतिएव প্রাণে সন্দেহ কি আছে।। এখানে মরিবে এরা সেখানেতে রাই। ঘটিল সম্ভট বড় কি ৰূপে পাঠাই।। এই মত অনুকণ করিয়া ভাবনা। মনোমধ্যে করিলেন স্থির স্থমন্ত্রণা।। আশা বিনা সছপায় া নাহি কিছু আর। আশা দিয়া মনস্থির করিব সবার।। আশার আৰু প্রিত হয় জগতের জন। আশাতে অবশ্য বশ্য হবে দখীগণ।। আশা পেলে স্থির হবে রাধিকার মন। নন্দ নন্দরাণী স্থবী হবেন তুজন।। জীব জন্ত আদি যত ব্রজে করে বাস। স্থির হবে পেলে সবে আমার আশ্বাস।। এই রূপে মনে মনে মন্ত্রণা করিয়া। স্থী-গণে কন ক্লফ আলা দান দিয়া।। বুন্দা প্রতি চাহি হরি বলেন বচন। অবশ্য করিব আমি ব্রজেতে গমন।। ব্রজ সম স্থান মম কোথা নাহি আর। কহিলাম সহচরী সাক্ষাতে তোমার। বৃদ্ধা-বন বাসীগণ অন্য কেহ নয়। আমার জীবন সবে জানিবে নিশ্চয়॥ ক্লফপ্রাণা কমলিনী আছেন যেমন। রাধাগত প্রাণ ক্লফ জানিবে তেমন। নন্দ যশোদার ক্লফ্ষ যেমন জীবন। নন্দ যশোদাও হন কুল্বের জীবন।। ব্রজবাদীদের কুষ্ণ বিনা নহে মতি। কুষ্ণের যে ব্ৰদ্ধ ছাড়া কোথা নাহি গতি।। এমন ভাবেতে কুফ কহিলেন কথা। জ্রীনন্দনন্দন কভু ছাড়ানন তথা।। সে ভাব বুনিতে কেহ নাহি পারে আর । চক্রীর চক্রের ভাব বুঝে সাধ্য কার।। অনেক বচনে তুষি সখীদের মন। অনন্তর কন কথা কমললোচন।। রথেতে করিব আমি স্থশীঘ্র গমন। অভএব এক কথা করহ প্রবণ।। না পারিবে মম সঙ্গে যেতে যোগাইয়া। একারণে বলি যাহা শুন মন দিয়া॥ কিঞ্চিৎ আমার অগ্রে হও অগ্রসর। পশ্চাতে পশ্চাতে আমি যাইব সত্তর । না যাইতে সবে উত্তরিব আগে ভাগে। কহিতেছি সার কথা তোমাদের আগে।। কণায় বিশাস যদি নাহি নয় মন। প্রমাণ তাহার কিছু করহ আবণ।। বাঁশীটি আমার জান প্রাণের সমান। বাঁশী বিনা থাকিতে না পারি কোন স্থান।। খাঁনী লয়ে তোমা সবে চল ধীরে ধীরে। সংক্ষ সকে

# ষিতীয়ভাগ।

ভোষাদের বাইব অচিরে । একপ কথার ক্লফ ভূলালেন মন। মখী দের মনে হৈল বিশাস তখন। বেই প্রভু জগতের মারার আধার। বিধি শিব নোহ প্রাপ্ত মায়াতে যাহার।। যাহার মায়ায় জীব ভ্রমে ত্রিভুবনে। সখীপণে তার মায়া বুঝিবে কেমনে।। আশাদেতে-जानन्ति । इता मधीनन। श्रीकात्र कतिल मत्व कृत्कत वहन।। অন্তর্যামী নরহরি জানিলেন মনে। বড়াই বসিয়া ছারে ছারীগণ সনে । ক্ষীরসর আনি বহু আমার কারণ। দ্বারে রাখি পুরে প্রবে-শিল সখীগণ।। সেই সব দ্রব্য তথা আগুলিয়া আছে। আমারে দেখিতে তার ইচ্ছ। হইয়াছে।। একান্ত মনেতে বসি ভাবিছে আমায়। অভএব দেখা দিতে হইল ত্বায়।। ক্লফচন্দ্র এই কথা ভাবিছেন মনে। এদিগেতে এক ভাব ভাবে স্বীগণে । কুষ্টের ঐশ্বর্যা দেখে হয়েছে ভাবনা। কেমনে দিবেক অল্প ক্ষীর সর ছানা। সে কথাও নরহরি মনেতে জানিয়া। স্থীগণে কিছু কথা কন লক্ষা দিয়া। ব্রদ্ধ হতে তে।মরা সকলে আসিয়াছ। আসার কারণে কিবা দ্রব্য আনিয়াছ। স্থারা বলিল হরি তুমি মহীশার। কি দ্রব্য আমরা দিব ভোমার গো**চর।। আমরা অবলা জাতি** কাঙ্গালিনী অতি। তোমারে যে দ্রব্য দেই হেন কি শকতি॥ ক্লুফ্ कन अवश्रहे प्रवा किছू आहि। तिङहरू कर कि आहेरम वसुर কাছে। দ্বারদেশে রাখিয়াছ অনুভব হয়। আপনি দেখিব গিয়া আমি সমুদয়।। এত বলি কৃষ্ণচন্দ্র চলেন তথায়। সভ্যগণ সক-লেতে পাছে পাছে যায়।। কুবুজাও সঙ্গে সঙ্গে দেখিতে ধাইলা। শিশু স্বাশু ভক্তি স্বাশে ভাষে ক্লফলীলা।।

#### অথ বড়াই সহিত জ্রীক্লফের সাক্ষাৎ।

প্রার। বড়াই বসিরা ছারে দ্রব্য আগুলিরা। ভাবিতেছে সখীদের বিলম্ব দেখিরা॥ এক জন না আইল ফিরিরা এখন। জামি কি দেখিতে নাহি পার ক্লম্পধন।। বড়াই প্রবীণা কড় ক্লেন্তে ভকতি। মনেং করিতেছে অনেক মিন্তি।। আমিত

ख्याति कृष्ण कानि खाला वृत्ता क्वांन प्रत्य कान किन नारि वप कुंत । उर्देश जुनिः नीनातरंग कत्रह व्यात्मातः। उर्दे मट्ड उद शरह আমার প্রমোদ। অদ্য আমি আমিরাছি স্বারেতে তোমার। বাঞ্চা কি করিবৈ পূর্ণ তুমি হে আমার।। বাঞ্ছা করতক্ষ তুমি সর্বাশাক্তে कृत । (मृत्या त्वन ও नात्मत् क्षक्त ना क्रत ।। मीना अमि छव बादत আছি হে পড়িয়া। একবার দেখা দেহ এখানে আসিয়া। মনেই ভাবিতেছে করি আকিঞ্চন। এ সময়ে দ্বারে হরি উপনীত হন।। বড়াইর পদে প্রণমিল। দরাময়। দেখি তথাকার জনে চমৎকার হয়। ধন্য খন্ত করিয়া বাখানে সর্বজনে। ধন্য ধন্য ত্রিভূবনে ব্রজগোপী গাণে।। কুফচন্দ্রাকন তুমি শুনহ বড়াই। মম ছেতু কি এনেছ দেহ किছু थाই। यत्नामा मारमञ्जू मछ तम्ह थाउम्राहेमा। এত वनि দ্বীড়ালেন নিকটেতে গিরা।। বড়াই পসরা হাতে নিয়া ক্ষীরসর। তুলে দিল এক্ষিকের মুখের ভিতর।। এক্ষিক খাইরা তাহা তৃত্ত हरत्र कन। वर्ष्टापटन बाहेलाम शृद्धतंत्र मछन। এहेन्द्रश वड़ाहेत ৰাঞ্ছা পূরাইয়া। ক্রমে সব সখীগণে সন্তোষ করিয়া। দ্রব্য সব নিয়া হরি দূতে আজ্ঞা দিয়া। দেবকী মায়ের কাছে দেন পাঠা-ইয়া। কিছু রাখিলেন কুবুজার ষরে। সভাসদগণে কিছু দেন नमान्द्रत। अनलत पात्री आत एठा यठ अन। किছू किছू नक-लाद्य करंत्रन अर्थन । क्रुटक्षत्र हेक्स्राय प्रया टेहन भेठखन। विनादत्त। মধুরা সহ না হইল হ্যান॥ একের মাথন বলে সবারে জানান সধীদের অন্তরেতে আনন্দ বাড়ান ॥ এই কপে সহানন্দ হৈল দেই ক্ষণ। অপরে অপূর্ব্ব কথা করহ ভাবণ ॥

अथ श्रीकृष्य मश्रीमिन्नरक इन्मानरमत्र त्यम मिश्राम उ दाँभी अर्थन करत्न।

প্রার। বৃদ্ধা কতে বিবেদন করি জীনিবাস। আমাদের মনে এক কাছে অভিলাব।। বারেক ব্রজের বেশ করত ধারণ। দেখুক नतन कदत नथुतात कन्य अथाटन दन दनम छद दकर प्रत्य नारे। একবার কুরুজারে দেখাইরা বাই।। জানিবার সময়ে প্রতিজ্ঞা করে আদি। যুচাইয়া রাজ বেশ ধরাইব বাঁলী।। প্রতিজ্ঞাট পূর্ব মন তুর্ণকর হরি। অনস্তর আমাদের দেহ দে বাঁশরী। বাঁশী नात क्षे रात्र जक्षभूति गहि। मान मान अस्म तान जाका कामारे।। प्राथ क्रयः कथा त्वन वार्थ नार्वि दय । त्वर्छ द्दव जाना ব্রজে তোমারে নিশ্চয়।। শুনিয়া রুন্দার কথা কমললোচন। করেন ব্রজের বেশ তথনি ধারণ। ব্রজহতে যে সাজেতে এসেছেন হরি। রেখেছেন নিজে ভাষা সযতন করি।। ধড়া চূড়া পৃষ্ঠবাস হুপুর বাঁশরী। আনাইয়া গৃহ হতে পাঠায়ে কিন্ধরী।। আপনি मारकन रुति मानद्र व्यादिरम। अथरम व्याटिन धी निक किं एएटम ।। थड़ा श्रतिवात काटन वटनन काना है। एनथ तुम्ला পেঁচ্ত ভুলিয়া যাই নাই।। মাথায় মোহন চূড়া কিছু হেলাইয়া। वाकित्वन मनः नात्य डिकीय धूनिया।। कवर किनया अंछि शृष्टं शृष्टं वात्र । अप्रमण कमल मूर्य मृद्यमन दात्र ।। करत्र क्यूत बोला कर्त्व क्थन। मकरत्र भूव ভাছে करत वलमल।। शथस्त সমুজ্জুল হইল এমন। মেছের কোলেতে শোভে চপলা যেমন।। গলায় মুক্তা মালা কৌস্তভের সঙ্গে। পরিলেন কালাচাদ অভি মনোরকে।। বনফুল হার ডছপরে উপহার। বর্ণিতে ভাহার শোভা সাধা আছে কার।। কটিতে ধটির পরে আঁটিয়া যুগু, যুর। অবশেষে পরিলেন চরণে মৃপুর।। মৃপুর পরিয়া ক্রম্ণ হরষিত মন। করিলেন ভঙ্গি ভাবে গতি বিলক্ষণ।। আশ্চর্যা সে গমনের ভাব দেখি তার। বড়াই বলিল ক্লফ নাচ একবার।। বড়াই বচনে হরি হরে হরবিত। সৃত্য আরুস্তেন তথা সখীর বিদিত।। সখীগণ সানন্দেতে দের করতালি। ভঙ্গি করি তথার নাচেন বনমালী।। কটিতে কিঙ্কিণী বাজে চরণে সূপুর। স্থীগণ কর-তালি দের অ্মধুর।। মধুর করণ ধানি সহ পড়ে তাল। আনকে हरेंग्रा (छात्र नाह्राय शांभान।। यदर्भ शांकि खूत्रभन कति नत्रभन।

আরম্ভ করিলা তথা ছুকুভি বাজন।। হুমধুর বাদ্যধানি উঠিল গগণে। হেথা প্রভু নাচিছেন মধুরাজ্ঞবনে।। বেশ আর নৃত্য তাঁর করি দরশন। মোহিত হইল যত মধুরার জন।। অক্রুর উদ্ধব আদি যত সাধুজনে। ধন্ম ধন্ম করিয়া বাখানে গোপীগণে।। ধন্ম গোপীগণ আর ধন্য ব্রজপুর। হেন নৃত্য নিত্য নিত্য দেখিল প্রভুর। কুবুজা দেখিয়া ৰূপ মোহিত ইইল। রুন্দা আদি সধী-দের মানস পুরিল।। তবে বহুক্ষণ কৃষ্ণ নিত্য সাঙ্গ করি। রুন্দারে वरमन मिथ धत थ दां मती।। दां भी नाम त्या रामा मत्य कत्र भना। পশ্চাতে পশ্চাতে যাব নির্জ্জনে কথন।। পথের গতিকে যদি কিছু গৌন হয়। বাঁশী দিয়া শান্ত কর রাধার হৃদয়।। সে সময় না ষাবেন জানেন অন্তরে। তবে কি তথায় কথা কন মিথ্যা করে।। ক্লুফবাক্য মিথ্যা হলে মিথ্যা হয় বেদ। একারণে কহিলেন করিয়া প্রভেদ।। কহিলেন সত্যেশ্বর সত্য জানাইয়া। পশ্চাতে পশ্চাতে ষাব কৌশল করিয়া।। চক্রীর চক্রের কথা বুঝে সাধ্য কার। সখীদের মনে বাড়ে আনন্দ অপার।। তবে রুন্দ। সহচরী বাঁশী করে নিয়া। কুফের কথায় অতি পুলকে পুরিয়া।। একতে মিলিলা হয়ে সধানয়জনে। ভূমিলুচি প্রণমিল কৃষ্ণের চরণে।। বড়াই বন্দিয়া ক্লফ করেন প্রণতি। পরস্পর হৃদয়েতে পুলকিত অতি॥ কৃষ্ণ আদা আশা আর পাইয়া মুরলী। স্থীরা চলিল ত্রজে হয়ে কুতুহলি।। হয়েছিল ভয় আগে কুবুজার মনে। রুঞ্চ লয়ে যায় পাছে গোকুল ভবনে।। সে ভয় যুচিয়া হৈল আনন্দ উদয়। ক্রফ-সহ কুরুজিনী পুরে প্রবেশয়।। অক্রুর উদ্ধব আদি সভাসদ গণ। এক্ষের কার্য্য দেখি আনন্দিত মন।। স্থীপ্রণে প্রবোধিয়া ক্লফ হর্ষিত। শিশুরাম দাসে ভাষে কথা স্থললিত।।

## অথ রুন্দাদি সখীগণের এক্রিক্টের বাঁশী লইয়। মথুরা হইতে ব্রচ্জে আগমন।

পরার। ক্রম্ভ আসা আশা আর বাঁশরী পাইয়া। রুন্দা আদি সব সখী পুলকে পূরিয়া।। বড়াই সহিতে হয়ে একত্রে মিলন। পোকুলের অভিমুখে করয়ে গমন।। হংসীর গমনে চলে অভি ধীরে ধীরে। ক্ষণে যায় ক্ষণে চায় পাছে ফিরে ফিরে।। আসি-তেছে বটে কি না কমললোচন। ইহা ভাবি পুনঃ পুনঃ করে নিরীক্ষণ । यমুনায় নৌকাষানে আরোহণ করি ৷ উত্তরিল অনু-ক্ষণে গোকুল নগরা।। আছয়ে নাগরা সব পথ নির্ক্তিয়া। কখন आंत्रित्व बून्नां श्रीकृत्यः नहेशां। मशीरमंत्र मक्त्र कृषः ना स्मिथ তথন। इंटेल नकरल किছू हिन्छायुक्त मन।। किन्छ नथीरमत सिथ বদন সন্মিত। ভাবিল পশ্চাতে হরি আছেন নিশ্চিত।। যে হয় জানিগে বলি অগ্রসার ধায়। ক্রফকই ক্লফকই বলিয়া স্থধার।। স্থীরা সকলে ক্রমে দেয় প্রিচয়। শ্রবণে হইল সবে সানন্দ হৃদয়॥ কতক্ষণে উত্তরিল রাধার আলিয়ে। দেখে রাধারয়েছেন মূর্চ্চাগতা হয়ে।। চারিপার্শ্বে বিদয়াছে অনেক সঞ্চিনী। হুর্ণলতা সমা পড়ে শ্রীক্লফ মোহিনী। দেখিয়া রাধার মুখ ব্যথিত অন্তরে। হর্ষমুখে ডাংক সধী অতি উচ্চৈঃস্বরে। উঠ উঠ উঠ ওর্ণোকম-লিনী রাই। আইল ঞীক্ষণ তব চিন্তা আর নাই।। যেই মাত্র এইৰূপে শ্রীরুন্দা ডাকিল। চমকিয়া রাধাসতী অমনি উচিল।। উঠিয়া বসিয়া রাই বলে ৸ই সই। কই কই কই মন প্রাণ ক্লফ कंदे।। क्र्यःकदे क्रयःकदे क्रयःकदे कदे। वल वल भीख वल वल প্রাণসই।। রুন্দা কয় প্যারি এই বাঁশী দিলাহরি। আসিছে পশ্চাতে রুথে আরোহণ করি।। আইল বিলম্ব আর নাহিক বিস্তর। ক্লফের বাঁশরী প্যারি ধরগো সত্তর।। কেমনি প্রভুর ইচ্ছা অন্ত কথন। বাঁশীতে উদয় হৈলা শ্রীনন্দনন্দন॥ বাঁশীতে আসিয়। ইরি কৈলা আবির্ভাব। বাঁশী দৃষ্টে গ্রীমতীর বাড়ে মনো-

ভাব। আন্ আন্ বাঁশী আন্ হনয়েতে ধরি। উত্তাপিত প্রাণ মোর স্থশীতল করি।। বাঁশী নতে সহচরি এই সেই কালা। এ वाँभी एक निकारित समरवित साला।। এक विन कमनिनी वाँभी निवा করে। রাখিলেন সেই বাঁশী হৃদয় উপরে ॥ এীকুঞ্চের আলিঙ্গনে হতেন যেমন। বাঁশী আলিঙ্গিয়া রাধা হলেন তেমন।। অমুক্ষণ ক্লফ বাঁশী হৃদয়েতে ধরি। মনেতে ভাবেন প্যারী না আসিবে ছরি।। মনস্তাপ শান্তি হেতৃ পাঠায় বাঁশরী। বাঁশীতে শ্রীকুষ্ণ অঙ্গ স্থ্রখন্ডোগ করি।। যাহা হউক্ তাপ শান্তি নিয়া প্রয়োজন। বাঁশী न्दर এই मिंड श्रीनन्दनन्दन ।। এই कथा मदन मदन कति अनुमान। সখীগণ ডাকি কাঁছে করেন কল্যাণ।। বড়াইর চরণেতে প্রণতি করিয়া। করিলেন তৃষ্ঠা তারে অনেক কহিয়া।। অনন্তরে বাঁশী প্যারী করিয়া ধারণ। সকল সখীকে ডাকি বলেন বচন।। বাঁশী নিয়া সবে হুদে ধর •একবার। এীকুফ বিচ্ছেদ শান্তি হইবে সবার । এত বলি দেন বাঁশী সখীদের করে। সকলেই বাঁশী নিয়া হৃদয়েতে ধরে ।। সখীদের তাপ শান্তি করাইয়া সতী। ললিভারে ডাকি তথা বলেন গ্রীমতী।। নন্দ নন্দরাণী ক্রুফ শোকেতে অস্থির। বাঁশীস্পর্শে করাইয়া করগো স্থস্তির।। সথীগণ আদি যত আছুয়ে কাতর। সকলের তাপশান্তি করগো সত্তর।। পরেতে আনিয়া বাঁশী দিওগো আমারে। এ কথা বলিয়া বাঁশী দেন मिकादा ॥

#### অথ কৃষ্ণ বাঁশী প্রাপ্তে সে সময়ে ব্রজবাসী তাবতের তাপ শান্তি।

পরার। শ্রীমভীর আজ্ঞামতে ললিতা উঠিয়া। স্বতনে বাঁশ-রিটা করেতে লইয়া। নন্দালয়ে গিয়া শীত্র হয়ে উপনীত। সাক্ষাত করিয়া তথা যশোদা সহিত।। কহিলেন শুন রাণী করি নিবেদন। বাইয়াছিলাম মোরা মথুরা ভবন। বিকিছলে গিয়া সেই মথুরা

ভবনে। দেখিয়া এসেছি রাণী তোমার নন্দনে। কহিলাম তোমা-দের সবাকার দশা। শুনিয়া ছঃখিত ক্লফ হইয়া সহসা।। কহিল কহিবা মায়ে যাইব সত্ত্বর। ভাবিয়া জননী যেন না হন কাতর।। মাতা পিতা স্থা স্থী সকলে কহিবে। অবিলয়ে নীলমণি ब्राप्ता जानित्य। इंदा विन अहे या भी पिन मम करत । कहिन বাঁশীটা তুমি রাখ নিয়া ঘরে॥ যখন যাহারে তুমি দেখিবে কাতর। বাঁশী স্পর্শ করাইবে তাহারে সত্ত্ব ।। তা হইলে তাপ শাস্তি হইবে তখন। ইহা বলি বাঁশরিটা করিল অর্পণ।। এই আমি আনিয়াছি দেখ দৃষ্টি করি। তাপ শান্তি কর রাণী স্পর্শীয়া বাঁশরী।। যেই মাত্র নন্দ রাণী, একথা শুনিল। পুড়িয়া আছিল ভূমে অমনি উঠিল।। আহ্লাদেতে ললিভারে দিয়া আলিদন। ক্লফের বাঁশ টা করে করিল ধারণ। বাঁশী স্পর্স্পে হেন ভাব উপজিল তার। কোলেতে পাইল যেন জীক্লফ কুমার। ধন্ম রানী পুণ্যবতী ধন্ত তার ভাব। বাঁশীতে হলেন কুষ্ণ ক্রোড়ে আবি-ৰ্ভাব। রাণীর স্বেহের কথা অন্তত কথন। ক্লফ্ষ বোধে বাঁশরীর মুখে দিলা স্তন ॥ স্থর্গে থাকি বিধি দেখি করে হায় হায় । ধতা ধন্য শত ধন্য নাণী যশোদায় ৷ অতুক্ষণ ক্রোড়ে বাঁশী করিয়া ধারণ। তাপ শান্তি ধশোদার হইল তখন। অনন্তর শ্রীনন্দ আপনি তথা লানি। রাণী স্থানে নিয়া ক্রোড়ে করিলেনু বাঁশী।। রাণীর মতন শান্তি হৈল্ তার তাপ। বাশীকে চুম্বন করে সম্<del>যো</del>-ধিয়া বাপ।। অনন্তর ফুফের মতেক সহচর। ঞীনাম স্বল আদি সাসিয়া সত্ত্বর। ত্রুমেতে সকলে বাঁশী করিয়া স্পর্শন। করিলেক সে সময়ে সভাপ মোচন।। কোন কোন রাখালেতে আনদেদু পূরিয়া। গোগনের গাত্রে দেয় বাঁশী ছোঁয়াইয়া। অপূর্ব্ব ব্রজের ভাব বর্ণে সাধ্য কার। ভাবিলে পাযাণ গলে পাযত কি ছার।। ব্রঙ্গ ভাবে ভাবকের নাহি ভব ভয়। বলেছেন প্রভাসেতে বাাস মহাশয়। শ্রেব। করহ পরে বাঁশরীর কথা। ললিতা লইয়া পুনঃ বাঁ শরিটা তথা। এমতীর নিকটেতে করিল অর্পণ। রাখিলেন

কর্মনিনী করিয়া যতন।। মতাস্তরে দূতী আনে বাঁশটা যথন।
প্রকা
ইলেন কুঞ্চে জ্রীনন্দ নন্দন।। জ্রীক্ষের বামভাগে জ্রীমতী
বিলি। ভক্তের মনের দান্ত অন্তর হইল।। ভবান্ধি তরণে তরী
রাধাক্ষ্ণ পদ। তাহে আরোহিয়া শিশু ভাবে গদ গদ।। গুড়াইয়া গুণ সারি গুণ সারি গাই। কে যাবে ভবের পারে সঙ্গে
এসো ভাই॥ ভক্তি কেরুয়াল ধর ভাবের বাতাস। প্রেম পালি
তুলে চল না হবে আয়াস।। ব্রজ গোপীকার কভু না ছাড়িও সঙ্গ।
ভাবভরে তরে যাই ভবের তরঙ্ক।।

#### অথ জ্রীক্নষ্ণের মথুরালীলা ওকংস ধ্বংসতাবনে জ্রাসক্ষের ক্রো ধবর্ণন।

পয়ার। অস্থি প্রাপ্তি নামে ছুই জরাসন্ধ স্থতা। সর্বাপ্তণ-ধরাধন্তা মান্ত। পুণাযুতা।। কংসরাজে জানি মহাবীর চূড়ামণি। মনোপ্রীতে জরাসক্ষ অর্পিল নন্দিনী। কংসরাজ পাটরাণী করে দুই জনে। বহুদিন বঞ্জে স্থথে মথুরা ভবনে।। কালাগতে কাল-সম এক্রিফ হইয়া। মহাবার কংসে ধ্বংস হেলায় করিয়া ॥ উঞা-সেনে রাজ্যভার করিয়া প্রদান। করেন আপনি তার কার্য্য সমা-ধান।। কংমের নিধনে কংস জায়া ছুই জন। পতি শোকে অতি-শর করিয়া ক্রন্দন।। জনকের কাছে গিয়া দিল সমাচার। শুনি কোপে জরামন্ধ অগ্রি অবতার !৷ জিজ্ঞাদিল কংসেরে কে করিল নিধন। অস্থি প্রাপ্তি বলিলেক গোপের নন্দন।। কেহ কেহ বলে বস্তুদেবের তনয়। গোপনেতে ছিল গিয়া গোপের আলয়।। ু সময় পাইয়া সেই হ'ইয়া প্রকাশ। তব জামাতারে আসি করিল বিনাশ।। এত বলি ভূমিতলে পড়ে ছুই জন। তাহা দেখি শোকে রাজা করয়ে রোদন।। মূহুর্ত্ত মধ্যেতে রাজা শোক সম্ব-রিয়া। মহাকাল দর্পসম উটিল গর্জিয়া।। হঙ্কারেতে কত বীর কল্পমান হয়। অকালে সকাল যেন মানিল প্রলয়। ফুটি সম মাটি ফাটে চরণের ঘায়। কার সাধ্য সে সময়ে সম্মুখেতে যায়॥

# দ্বিতীয়ভাগ।

সেনাপতি বলি রাজা দল্ভে হাঁক দিল। স্বৰ্গ মৰ্ত্য রসাতলে সে শব্দ ভেদিল।। শব্দ শুনি হুরনাথ পাইলেন ভয়। সেনাপডি जानि देशन मन्मूरच जिल्हा। मगरधत स्नाभि हि मृण नाम धरत । মৃত্যুঞ্জর মহাকাল বারে ভর করে।। মৃত্য বলে মহারাজ কি কার্য্য করিব। স্থারশের কেশে ধরে কাছে কি আনিব।। পাতাল হইতে শীজ্ঞ বলিকে ধরিয়া। বলেতে আনিব তব নিকটে বান্ধিয়া॥ বাস্থ্রকির মাথা হতে পৃথিবী কাড়িয়া। সাগরের জলেতে কি দিব ডুবাইয়া। স্থমেরু পর্য্বত ভাক্তিরের কি চূর্ণ। কি করিব মহা-রাজ আজ্ঞা কর তুর্ণ।। হয়েছ আপনি কার প্রতি প্রতিকুল। বল রাজা কার বংশ করিব নির্মূল।। জরাসন্ধ রূলে সৈনা করহ সাজন। আপনি যুদ্ধেতে আমি করিব গমন।। শুনেছ মথুরাধামে বস্থদেব নাম। তার পুত্র ছুই জন কুষ্ণ বলরাম।। কংসের ভয়েতে शृद्र्व ছिल शलाइया। वाजियारक वन प्रत्र शाशास शाइया।। বিনাদোরে বর করিমাক্ত জাসাতারে। বিধবা করেছে মস ছটি ছহিতারে।। উত্রাসেন অধমেরে দিয়া রাজ্য ভার। আপনারা কাছে থাকি কার্য্য করে তার।। অতি দর্প হইলাছে তাদের শরীরে। উপযুক্ত ফল দিতে হইবে অচিরে।। অতএব শীষ্ত্র কর সেনার সাজন। এই দণ্ডে মধুরায় করিব গমন।। গতমাত্রে সে ছুটারে আগে বিনাশিব। তার পরে যতুকুল নির্মূল করিব। রাম বেন সবংশেতে विधिन রাবণে। জমদগ্রিস্থত বেন নাশে ক্ষত্রি-গণে।। সেইমত যতুগণে করিব নিঃশেষ। তবে সে আমার দক্ত জানিবে বিশেষ।। এত বলি ক্রোধে জলে মগধ রাজন। আজ্ঞা দিল করিবারে সেনার সাজন।। আজ্ঞামতে সাজাইতে সেনা সেনাপতি। উপনীত হৈল গিয়া অতি শীঘ্ৰগতি।। বাহিনীতে উত্তরিয়া মূঢ্য বীরবর। আদেশিল সেনাগণে সাজিতে সত্তর।। শিশুক্ষাও ভাষে ভয়ে করিয়া গ্রবণ। জরাসন্ধ নৃপতির সেনার माजन।।

### প্রভাসখণ্ড।

#### অথ জরাসন্ধের যুদ্ধ যাত্রা।

ত্রিপদী। সাজিল সেনানি দল, পদভরে ভূমিতল, টল টল করিতে লাগিল। শব্দে শুরু যত লোক, ত্রস্ত হৈল সপ্ত লোক, প্ৰলয়ের কলোল উঠিল।। যুড়ি হাট ঘাট বাট, চলিল মাগধী ঠাট, ঠাট নাট করিতে করিতে। কেহ ক্রোধে দেয় লক্ষ্ণকেহ বা বাজায় ডক্ষ, কেহ নৃত্য করে হরষিতে।। বাজে শৃঙ্গ কাড়া ঢোল, জগ-রক্ষ ঝাঁঝরোল,খরতাল করতা ক্রানী। কাঁসোর আশোর জাঁক, ভুতুরী ধুধুরী বাঁক, বীণ বীণা সপ্তসরা বাঁশী।। বাজে রণ জয়ঢাক, সেনাগণে দেয় হাঁক, কত কত তাহার কাহিনী। কেহ ধরে ধমু-র্কাণ, কেহ করে হান হান, বাহিনী আঠার অক্ষোহিণী।। ক্রোধে করে হলস্থুল, কেহ কেহ শেল শূল, করে ধরে করে মহাদস্ত। দত্তে করে হাম হুম, হইল এমন ধূম, যেন মহাপ্রলয় আরস্ত।। দেখিয়া সৈন্যের কাণ্ড, আর নানা বাদ্যভাণ্ড, জরাদজ হর্ষিত মন। সশস্ত্রেতে সজ্জা করি, বৃহৎ দ্বিরদোপরি, অবিলম্বে কৈল আবোহণ It নাহিক তিলেক শঙ্কা, বাজয়ে যুদ্ধের ডঙ্কা, মথুরায় আসি উত্তরিল। ব্যুহ করি শতপুর, জরাসন্ধ মহাশূর, মূহর্ত্তেতে নগর বেড়িল। জরাসন্ধ আগমন, গুনি যত যতুগণ, মহাভয়ে অস্থির হইয়া। ক্লেফ কৈল নিবেদন, ক্লফচন্দ্র সেইক্লণ, বলরামে কহেন ডাকিয়া।। দলিতে হুপ্তের দল, ছুই ভাই মহাবল, করিলেন যুদ্ধের সাজন। শিশুরাম দাসে ভাষে, পৃথিবীর ভার নাশে, অবতার বিভূ সনাতন।।

> অথ কৃষ্ণবলরামের যুদ্ধে গমন ও জরাসক্ষের সহিত যুদ্ধ।

পরার। কৃষ্ণের ইচ্ছায় রথ অতিমনোহর। স্বর্গহৈতে ছই খানি আইল সত্ত্বর।। একখানি তালধ্বজ একখানি পক্ষ। অক্ত শস্ত্র তারমধ্যে পূর্ণ লক্ষ লক্ষা। অক্ষয় অজয় রথ দেখিয়া নয়নে। উঠিলেন ছুইভাই আনন্দিত মনে।। তালধক্তে বলরাম পক্ষীধক্তে হরি। প্রবেশেন রণভূমে শঙ্খনাদ করি।। বিশাল শঙ্খের নাদে পুরিল গগণ। চমকিল সপ্তলোক কাঁপে শক্তগণ ॥ কুফে দেখি জরাসন্ধ হয় অগ্রসর। কালাস্তক যমসম হাতে ধনুঃশর।। দুরে-হতে ডাকি বলে শুনরে গোপাল। গোপের উচ্ছিষ্ট ভোগে হইয়া বিশাল।। হইয়াছে মনে ভারে বড় অহস্কার। পড়িলি আমার কোপে নাহিক নিস্তার।। এই দত্তে পাঠাইব শমনভবন। দেখি ভোরে রক্ষা আজি করে কোনজন।। এতবলি মহাকোপে ধরি শরাসন। ক্লক্ষের উপরে বাণ করে বরিষণ।। ক্রফটন্দ্র ধত্নকেতে পূরিয়া সন্ধান। বাণে বাণে বাণ তার করি খান খান।। করেন অসংখ্য বাণ হরি বরিষণ। মূহুর্ত্তেকে আচ্ছাদিল সকল গগণ।।। রোধিল সূর্যোর তেজ হৈল অন্ধকার। রণভূমে দৃষ্টি আর নাহি চলে কার।। অস্থির হইল সৈত্য বায়ু হৈল রোধ। দেখি তাহা জরাসন্ধে বাঢ়ে মহাক্রোধ।। মহাক্রোধে মহাবীর বাণ বর্ষিয়া। ফেলিল क्रुटक्षत बान সমস্ত कार्षिया। পুনরপি বান বীর করে অব-ভার। বাণে বাণে ক্লফ ভাহা করেন সংহার।। হস্তীপরে যুকে বৃহ-জ্ঞথের নন্দন। তাহা দেখি বিবেচিয়া কমললোচন।। পাঁচবাণে কাটিলেন দ্বিরদের শির। দেখি কোপে জরাসল্প হইল অন্থির।। ভূমে নামি যুদ্ধ করে বীর মহাবল। রথে ভ্রমে ভ্রমে ভূমে রণেতে অটল।। এইকপে ছইজুনে ঘোর যুদ্ধ হয়। এদিকেতে বলদেব करतन क्षनग्र।। रुखी यग क्षरविना परन ननवन। रम स्मरा সেইমত রোহিণী নন্দন।। দৈলা মধ্যে প্রবেশিয়া কৈল মহামার। তিষ্ঠিতে না পারে দৈন্য অগ্রেতে তাহার।। তালপাজ রথে থাকি , বীর হলধর। বিন্ধিয়া মাগধ সৈত্য করিলা জর্জ্জর।। আবণের ধারা সম বরিষয়ে বাণ। কারো হস্ত পদ কাটে কারো নাক কাণ॥ कारता काटि कानू जश्या कारता छेक्टमभ। येख यख कति कारता করয়ে নিঃশেষ।। কারো কাটে কক্ষ বক্ষ কারে করে চির। কারে। বা মুকুট সহ কাটি পাড়ে শির।। হস্তী ঘোড়া রথ রগী কাটে

जनियात । क्रिथित रहेन नमी वहिन श्राथात ॥ त्राव्ह छाटन मुख्-सिर कि करत भनन। प्रिविश भनात्र रेमल छरत्र अभनन। छारा **प्रिथि वीत ग्रहा देश आखेशान। भागधी वाश्नि मध्या वीदत्र** প্রধান।। সৈত্তে আশ্বাসিয়া আসি কৈল মহামার। ভারে দেখে ক্রোধেশ্বলে রোহিণীকুমার।। নানাবাণ বরিষণ করেন তথন। বাণে বাণে মৃঢ্য তাহা করিছে নিধন। উভয়েতে নানা অন্ত্র করে অব-তার। উভয়ে উভয় অন্ত করয়ে সংহার।। এইৰূপ অনুক্রণ করিয়া সমর। প্রায় হৈল জয় যুক্ত মৃঢ্য নীরবর।। তাহা দেখি ছলধর বিবেচিয়া মনে। শর সহ শরাসন ত্যক্তি সেইক্ষণে।। লইয়া মুবল হল লক্ষ্দিয়া ভূর্ণ। মুবল আঘাতে তার রথ করে চুর্ণ।। পরে হলে আকর্ষিয়া মৃত্য বীরবরে। বধিলেন মুখলের ঘারেতে সত্তরে।। অবিলম্বে নিজ রথে করি আরোহণ। ধমু,ধরি পুনঃ বাণ করেন বর্ষণ।। তাহাতে মাগধ সৈন্য হইল অস্থির। বলাইর অস্ত্রে কেহ নাহি হয় স্থির।। বলাই করিলা যদি মহা মহামার। পলায় সকল দৈন্য করি হাহাকার। দূরে থাকি জরাসক্ষ দেখিতে পাইল। দৈন্য ভঙ্গিয়ান দেখে ক্রোধ উপজিল।। মহাক্রোধে মহাৰীর ক্লফ যুদ্ধ ছাড়ি। বলরাম অগ্রেতে আইল তাড়াতাড়ি।। বলাই প্রবল যুদ্ধ করেন যথায়। অতিবেগে উপনীত হইয়া তথায়। শ্রাসন ধরি শর করে বরিষণ। বলাইর যত বাণ করিল নিধন।। পুনরপি মহাক্রোধে করে বাণ রৃষ্টি। রণস্থল অন্ধকার নাহি চলে দৃষ্টি।। ভাহাদেখি বলদেব ক্রোধে হুতাশন। মূহুর্ভে তাহার বাণ করিয়া নিধন। পূনঃ বাণ বরিষণ করেন সঘনে। খণ্ড খণ্ড করিয়া , কাটেন সেনাগণে।। তাহা দেখি জরাসন্ধ অগ্নিসম হয়। পুনরপি বাণর্ষ্টি করে সাতিশয়। উভয়ের বাণে হৈল উভয়ে জর্জর। রক্তেনিক্ত হইল উভয় কলেবর।। এ দিগেতে ক্লফ্চন্দ্র জগত केश्वत । रेमना करा कतिवारत बहेश मञ्जत ।। खुमर्मनहक मीज कृतिया (कर्भा । এक्विवाद मर्ख रेमछ करत्रन निधन ।। मर्ख रेमछ क्य यि रेट्न त्र ग्रह्म । छाटा प्रिथ क्रतांत्रक छाटा हक्क्रां

একাকী করয়ে যুদ্ধ তবু নাহি ডয়ে।। আকানে থাকিয়া দেখি
অয়য় অয়য়য়।। অয়য়য়য় কয়ে হোকু জয়য়য় জয়ী। দেবতায়
বলে হউন বলাই বিজয়ী।। এখানেতে ছই বীরে মহাযুদ্ধ হয়।
ছজনে সমান যুঝে কেহ ত্যান নয়।। তবে বলদেব হয়ে অতি
কোধমন। শীত্রগতি ত্যজিয়া হাতের শরাসন।। হলধর হলকয়ে
করয়া ধারণ। লক্ষদিয়া ভূমিপরে পড়িল তখন। হলাগ্রেতে
জরাসন্ধে করি আকর্ষণ। য়ৄয়ল আঘাতে চান করিতে নিধন।।
দূরে হৈতে দরশন করিয়া জীহরি। ত্রুত আসি জ্যেতির ছকর
চাপি ধরি।। না মার না মার দাদা মগধ রাজনে। ইহা হৈতে বছ
কার্য হইবে সাধনে।। ইহা বলি ছাড়াইয়ায়িলয়া সেইকণ।
কহিলেন গৃহে যাও মগধ রাজন।। অপমান পেয়ে জরাসল্ধ দেশে
যায়। ছই ভাই কোলাকুলি করেন তথায়। তার পরে বলরামে
কন পরিচয়। বৃহত্রথ স্কুত আমাদের বধ্য নয়।। এত বলি বলদেবে
রাখি বুঝাইয়া। গৃত্রতে গেলেন তবে যুদ্ধ নিবর্ত্তিয়া।। শিশুরামদানে ভাষে ব্যানের বচন। পুনর্কার জরাসন্ধ করে আগমন।।

## অথ জ্রাসন্ধ রুষ্ণ সঙ্গে যুদ্ধার্থ পুনর্কার মথুরায় আগমন করে।

পয়ার। দেশে গিয়া জরাসক্ষ ভাবিয়া অন্থির। কি কপেতে
জয়ী হব রাম ক্লফ বীর।। ছর্জ্জয় হয়েছে ছটা যাদবের দলে।
ইহারা থাকিতে রক্ষা নাহি ভূমগুলে।। স্থরাস্থর নরে আমি নাহি
করি শক্ষা। আমার নামেতে বাজে ত্রিলোকেতে ডক্ষা।। চক্র
স্থ্য বরুণ কুবের হুতাশন। শুনিলে আমার নাম ভয়ে অচেতনশা
হইলাম গোপস্থত কাঁছে পরাশ্মুখ। ইহার অধিক আর কি আছে
অস্থখ। অপমান অপকার্জি অপযশ আর। কিবা আছে ত্রিভূবনে
অধিক ইহার।। চিন্তায় বাভিয়া চিন্তা হৈল সমাকুল। কি কপেতে
যছকুল করিব নির্মাল।। মনে মনে ভাবে আর বাহিনী যোটায়।
বি মত দৈন্য যোগ করি পুনরায়॥ পুনশ্চ মথুরা ধামে আদি

ছরাচার। পূর্ব্বমত মথুরায় কৈল মহামার। যুদ্ধ বার্তা পেয়ে রাম ক্লফ পুনর্বার। ছই ভাই বছবিধ করিয়া বিচার।। পূর্বামত রণ সজ্জা করিয়া তখন। পূর্ব্বমত জরাসন্ধা সঙ্গে মহারণ।। পূর্ব্বমত পুনরায় হারিয়া পলায়। তথাপি ছুর্ফোধ শক্র কান্ত নাহি পায়।। এইকপে বার বার সপ্তদশ বার। অঃসিয়া করিল যুদ্ধ ছুষ্ট ছুরা-চার।। তথাপি ক্লফের কিছু না করিতে পারি। মনে মনে ছঃখ তার হৈল অতি ভারি।। আসিয়া হারিয়া যায় এই অভিমানে। লক্ষা আসি আবির্ভাব করিলেক প্রাণে॥ খদেশে না গিয়া বীর চলিল কৈলাসে। কুত্তিবাসে আরাধিতে যুদ্ধ জয় আশে।। মনে মনে প্রতিজ্ঞা করিল সভাজন: সদৈত্যেতে পুনঃ গিয়া মধুরা ভবন।। যদ্যপি বধিতে পারি ক্লফং বলরাম: তবেত রহিবে মম জরাসন্ধ নাম।। এত ভাবি কৈলাদের অভিমুখে যায়। পথমধ্যে নারদ ঋষির দেখা পায়।। নারদে দেখিয়া রাজা প্রণাম করিল। স্থাপন অবস্থা গুলি সকলি কহিল।। নারদ বলেন তপস্থায় কিবা ফল। ঝাতে জয়ী হতে পার শুন মহাবল। আছয়ে যবন প্রজা অনেক তোমার। পাঠাও সে সব গণে যুদ্ধে এইবার।। যবনের কাছে কুষ্ণ হবে পরাজয়। কহিলাম স্থমন্ত্রণা ভোমারে নিশ্চয়॥ শুনি রাজা হর্ষিত হয়ে বড় মনে। সেই দণ্ডে ফিরে গেল আপন ভবনে। ডাকিয়া যবন গণে বলিল বচন। অবিলম্বে বেড়ো গিয়া মধুরাভবন। রাম ক্লফে মারি কর দেশ উপকার। বিলম্ কিঞ্চিৎ ইথে সাহি কর আর।। শুনিয়া রাজার আজ্ঞা যবনের গণ। শীন্ত গতি বেড়িলেক মথুরা ভবন ॥ যবনের অধিপতি যে কাল যবন। নিজ কাল হেতু গেল সে মধুভবন।।

## ত্মথ এক্সিঞ্চ দ্বারিকা পুরী নির্মাণ করিয়া পরিবার তথার রাথেন।

পরার। যদ্যপি মথুরাপুরী বেড়িল যবন। শুনি ক্রফ হইলেন চিস্তাযুক্ত মন।। নহেত জামার বধ্য এই ছুইগণ। ইহা সব কি কপেতে করিব নিধন।। পাছে এরা স্পর্শে মম জাতি পরিবার। এই হেতু মনে মনে করিয়া বিচার।। সমুদ্রেরে ডাকিলেন বিসি বোগাসনে। আসিয়া সাগর উপনীত সেইক্ষণে।। করবোড় ধূনীপতি বলেন বচন। আজ্ঞা কর কোন্ কার্য্য করিব সাধন।। ক্রম্থ কন মধ্যে তব ছাদশ যোজন। স্থান দান কর তুমি আমারে এখন॥ তথায় করিয়া পুরী পরিবার সহ। বাস আমি তোমাতে করিব অহরহ।। শুনিরা সাগর বড় সন্তোষিত মনে। অস্পীকার করিলেন ক্রম্থের বচনে।। তবে হরি বিশ্বকর্মো ডাকিয়া তখন। নির্মাণ করিতে পুরী বলেন বচন।। বিশ্বকর্মা ব্যস্ত হয়ে অতি শীত্রতর। করিলেন পুরী জিনি অমর নগর।। স্থরেশের ঘর জিনি রাম কৃষ্ণ ঘর। আর আর ঘর তথা সপূর্ব্ব বিস্তর।। পুরী নির্মাইয়া বিশ্বকর্মা শীত্রগতি। নিবেদন করিলেন যথার শ্রীপতি।। তবে কৃষ্ণ হর্ষ মনে পরিবারগণে। রাখিলেন যোগ বলে ছারকা ভবনে।। পরিবারগণে তাহা কিছু না জানিল। মথুরার আছি যেন মনেতে ভাবিল।।

### অথ কাল্যবনাদি বিনাশ।

পয়ার। পরিবার সহ তথা আছেন গ্রীহরি। বলরাম সঙ্গে তথা স্থমন্ত্রণা করি।। যবন সম্মুখে আসি দরশন দিয়া। ভয়ে ভীত হয়ে যেন যান পলাইয়।। হেন ভাবে ক্ষেচন্দ্র করেন গমন। দেখিয়া পশ্চাতে ধায় যবনের গণ।। ধর ধর শব্দ করি ধায় ধরিবারে। ধরে ধরে করে কিন্তু ধরিতে না পারে।। অখিল ব্রহ্মাণ্ড-পতি যেই নারায়ণ। কপাকপ ছই কপ যাঁহার কল্পন।। ধ্যানেতে ধরিতে যারে নারে ঋষি গণে। কেমনে ধরিবে তাঁরে ছষ্টশীল জনে।। ক্ষণে অদর্শন হন ক্ষণেতে দর্শন। এইকপে বহু দূর করিয়া গমন।। বনের ভিতরে প্রেবেশেন মহাভাগ। সঙ্গে সক্ষে যবনেরা নাহি ছাড়ে নাগ।। মহাবন মধ্যে এক প্রকাণ্ড ভূধর। প্রকাণ্ড শুহার ছার আছে পরিসর।। তাহা দেখি মুরহর যবনে চাহিয়া।

প্রবেশেন শীত্র সেই গুরুষিধ্যে গিয়া। যবনেরা দেখে হরি গুরুষি প্রবেশিল। তাহারাও পাছে পাছে প্রবেশ করিল। কৃষ্ণচন্দ্র ভারে গিয়া দেখেন তথায়। শয়নেতে সাধু এক আছেন নিদ্রায়॥ আপনার অঙ্গবাস তার অঙ্গে দিয়া। আপাদ মস্তক তার রাঝিয়া ঢাকিয়া।। অলক্ষেতে তথা হরি লুকাইয়া রন। যবনেরা হেনকালে করিল গমন।। কোন্ দিগে কৃষ্ণে আর দেখিতে না পায়। দেখিল শয়িত এক মানব তথায়।। বল্পে আছাদিত আছে সকল শয়ীয়। দেখি তুইগণ মনে করিলেক স্থির।। পলাইয়া গোপস্থত আসিয়া হেথায়। কপটেতে সাধুসম স্থথে নিদ্রা যায়।। ইহা ভাবি তুইশ্রাল সে কাল যবন। সকোপে করিল শিরে চরণ ঘাতন।। পদাঘাতে নিদ্রাভঙ্গ হইল সাধুর। দেখেন সম্মুথে বছ যবন নিষ্ঠুর।। যবন দেখিয়া সাধু কোপ দৃষ্টে চায়। দৃষ্টিমাত্র ঘবনেরা ভত্মা হয়ে যায়।। তিন কোটি যবন হইল ভত্মময়। হেরিয়া হরিয় হৈল আনন্দ উদয়॥ তবে হরি হর্ষে তথা দিয়া দরশন। সেই সাধু মুচুকুন্দের করেন পাবন।।

### অথ রাজা মুচুকুন্দে জ্রীক্লম্ব দর্শন দিয়া মুক্তির উপায় প্রদান করেন।

পয়ার। ধরিয়া মোহন মূর্ত্তি শ্রীহরি তথন। মুচুকুন্দ সমীপেতে দেন দরশন।। ভূবনমোহন ৰূপ সম্মুখে হেরিয়া। এক দৃষ্টে
মুচুকুন্দ রহিল চাহিয়া।। অফুক্ষণে জিজ্ঞাসয়ে নৃপ চূড়ামণি।
এঘোর গুহার এলে কে বটে আপিনি।। ভক্ষ হয়ে পড়িল ইহারা
কোন জন। প্রকাশ করিয়া বল বিশেষ বচন।। ক্রফ কন শুন
ঘলি সত্য পরিচয়। চরাচর চরি আমি আমি বিশ্বয়য়।। য়ুগে য়ুগে
পৃথিবীতে হৈলে ছপ্তভার। ভারোজার হেতু আমি হই অবভার।।
সম্প্রতি হয়েছি বস্থদেবের তনয়। মধুয়ানগর হয় এক্ষণে আলয়।।
ভক্ষ হয়ে গেল যারা ইহারা যবন। আমারে বধিতে মনে ক্রিয়া

মনন।। ধরিবার আশা করি পশ্চাতেতে ধায়। প্রবেশ করিল আদি এঘোর গুহায়। আমারে না দেখা পেয়ে তোমারে দেখিয়া। করিল চরণাখাত আমারে ভাবিয়া।। তুও যবনেরা সেই পদাঘাত পাপে। ভক্ষ হয়ে গেল তারা চক্ষুর প্রতাপে।। মৃদ্র পরিচয় এই করিলে আবন। তব পরিচয় কহ তুমি কোন জন।। শুনি রাজা মুচুকুন্দ স্বভাগ্য মানিয়া। প্রণাম করিল পদে প্রণত হইয়া।। করবোড় করি রাজা অনেক স্তবন। কহিতে লাগিল ক্লফ্ষ আপন ৰচন। সম পরিচয় কহি শুন মহাত্মন্। সূর্য্য বংশে স্থবিখ্যাত মান্ধাতা রাজন্।। তাঁহার বংশেতে জন্ম হইল আমার। সসাগরা পৃথিবী সমস্ত অধিকার।। বলবীর্য্য অতিশয় আমার জানিয়া। স্বর্গ হৈকে স্থরপতি আপনি আসিয়া।। আমারে করিয়া **ইন্দ্র** ষ্ঠানক বিনয়। কহিলেন স্বর্গে হইয়াছে শত্রুভয়।। সে সব শত্রুকে **জ**য় না পারি করিতে। আইলাম অবনীতে তোমাকে **লইতে**।। ক্রপা করি আসি তুমি আমার আলয়। অমরে নির্ভয় করে শক্ত করি কয়।। আর করিলেন বহু আমারে স্তবন। কি করিব ইন্দ্র অনুরোধেতে তথন।। স্থরপুরে গিয়া আমি করি অধিবাস। বহু দিনে স্থরশক্র করিলাম নাশ।। অকর্টকা করি সেই ইচ্ফের নগরী। ইন্দ্র কাছে কহিলাম করযোড় করি।। আজ্ঞা কর যাই আমি আপন ভবন ॥ শুনিয়া আমারে ইন্দ্র বলেন বচনু।। দেবতার কার্য্য হেতু স্থরপুরে আসি। বছ দিন হইয়াছ স্থরপুর বাসী।। দেবের আশীষে তব আয়ুর্দ্ধি হয়ে। এত দিন আছ তুমি অমর আলয়ে।। একণে তোমার আর নাহি তথা কেহ। গত ইইয়াছে সব ধন জন গেহ।। অতএব তুমি তথা গিয়া কি করিবে। একণে তোমারে তথা কেহ- না চিনিবে। মনোভিট্ট সিদ্ধি বর যাচহ রাজন। যাহা চাবে ভাহা আমি করিব অর্পন ॥ ইন্দ্রের বচন শুনি অবাক হইয়া। অমুক্ষণ মনে মনে বিচার করিয়া।। ইন্দ্র কাছে চাহিলাম এই বর দান। নিভ্ত দেখিয়া এক দেহ দিব্য স্থান।। জন্ত ভয় মশা মাছি না থাকে আপদ। সচ্ছদেতে নিদ্রা যাই

হয়ে নিরাপদ।। কুধা তৃষ্ণা হীন হয়ে থাকুক শরীর। বুমাইতে পাই যেন হয়ে চিরস্থির।। তথাস্ত বলিয়া ইন্দ্র দিলা বর দান।
নিভ্ত দেখিয়া প্রভু দিলেন এস্থান।। তদরধি আছি আর্মি এখানিতে হরি। একণে উপায় প্রভু বলহ কি করি।। এত বলি করিলান ক্ষেকে স্তবন। হরি তারে বরদান দিলেন তখন।। একণেতে ভপ গিয়া করহ আমার। পরজন্মে দ্বিজ দেহ হইবে তোমার।। সেই দেহে তপন্থা করিয়া পুনরায়। তবে তুমি আমারে পাইবে নৃপরায়।। এত বলি নরহরি যান মথুরায়। মুচুকুন্দ তপোবনে তপন্থায় যায়॥ শিশুরাম দাসে ভাষে রাধাক্ষ্ণ পায়। আজন্ম রসনা যেন হরি গুণ গায়।।

### অথ জরাসন্ধের মথুরায় পুনরাগমন কৃষ্ণ বলরামের পলায়ন।

পয়ার। পুনরপি জরাসন্ধ সসক্ষ ইইয়া। পূর্ব্বমত বহু সংখ্যা
বাহিনী লইয়া। বেড়িল আসিয়া ছপ্ত মথুরা নগর। দেখিয়া মন্ত্রণা
করি রাম দামোদর।। ইছি না করিয়া তথা দিয়া দরশন। সৈত্য
ভাঙ্গি বেগেতে করেন পলায়ন।। তাহা দেখি জরাসন্ধ ক্রোধভরে
আলি। সৈত্যগণে আদেশিল ধর ধর বলি। সৈত্যগণ পাছে পাছে
যায় ধরিবারে। প্রাণপণে কোনমতে ধরিতে না পারে।। তবেত
অত্যন্ত বেগে মগধ ঈশ্বর। রথ চালাইয়া দিল পশ্চাতে সত্ত্রর।।
তথাপিও রাম কুম্থেল না পারে ধরিতে। পশ্চাতে গাকিয়া রাজা
লাগিল কহিতে।। ওরেরে গোপাল ওরে রোহিণী নন্দন। জানিলাম ক্ষত্রি তোরা নহ কদাচন। ক্ষত্রি স্থত-কি এতেক প্রাণে করে
ভয়। যথার্থই গোপ তোরা কথা স্থনিশ্চয়।। কত দূর পলাইবি
অত্রেতে আমার। এখনি ধরিয়া মুগু ছেদ্দিব দোঁহার।। এত বলি
দস্ত করি অতি বেগে ধায়। কোন মতে রাম কুম্থে ধরা নাহি
যায়।। হাসি হাসি রাম হরি পাছে ফিরে চান। কণেকে নিকট

७२७

# ্দ্বিতীয়ভাগ।

হন কণে দুরে যান।। এই কপে কত দুর করিয়া গমন। সম্মুখে দেখেন এক পর্মত ভীষণ ॥ কন্টকেতে সমাচ্ছন আছে চারি ধার। কোন দিয়ে পথ তাহে নাহি উচিবার।। অলকে উচিলা দোঁহে তাহার উপর। দেখিয়া অবাক হৈল মগধ ঈশ্বর। কি করে তথায় রাজা উঠিতে না পারি। আপনার মনে মনে উপায় বিচারি।। সৈন্য আদেশিয়া শুক্ষকার্চ আনাইয়া। পর্ব্বতের চারি ধারে দিল সাজাইয়া।। পর্বতের ধারে কাষ্ঠ পর্বত সমান। সাজাইয়া অগ্নি তাহে করিল প্রদান।। জ্বলিল দারুণ অগ্নি মহাধুম ময়। পর্ব্বতীয় জীব জন্ত পুড়ে ভশ্ম হয়।। রাম ক্রফ অলক্ষেতে করিয়া গমন। উপনীত হইলেন দ্বারিকা ভবন।। জরাসন্ধ রাক্ষা তাহে জানিতে নারিল। পুড়িয়া মরিল ইহা মনেতে ভাবিল।। এত ভাবি হর্ষ হয়ে মগধের পতি। নিশ্চিন্তে ফিরিয়া গেল আপন বসতি।। রাম ক্লফ মথুরানগর পরি হরি। করিলেন নিবসতি ছারকানগরী॥ रहेन मथुता नोना है एथ ममाशन। कृठीय ভাগেতে হবে দ্বারকা কথন।। ক্লফের অন্তত লীলা অদ্ভত চরিত্র। শ্রবণেতে পাপী গণে হয় স্থপবিত্র।। ভাবণেতে ইচ্ছান্বিত হয় ষেই জন। তাহার দেহের পাপ করে পলায়ন। ভাবণে পঠনে আর গুণামুকীর্ভনে। অনারাদে মুক্তিপদ পায় জীবগণে। ইহকালে মহান্ত্রখ হয় সবা-কার। বন্ধ্যা হয় পুত্রবতী শাস্ত্রের বিচার । হারাপতি পায় সতী সদা স্থংখাদর। এগ্রন্থ পঠনে কোন ডুঃখ নাহি রয়।। শিশু আশু রাধাক্তফ পদে ভিক্ষা চায়। আজন্ম রসনা রাধাক্তফ গুণগায়॥ অধিকন্ত ঐহিক কামনা রাঙ্গা পায়। গোষ্ঠীবর্গে যেন কেহ তুঃখ মাহি পায়।। ভাতৃপুত্র ভারিণীচরণে স্থবী কর। চিরজীবী করে রা**খ ছঃখ তার হর<sup>্</sup>। ভাগিনেয় রামচন্দ্রে করহ কল্যাণ।** চির-জীবী কর আর বাড়াও সম্মান। পিশীর সন্তান চন্দ্রকান্তে তুঃ**খ** হর। স্থখে রাখি অন্তে পদে স্থান দান কর।। এই গ্রন্থ প্রকাশক 🕮 বেণীমাধব। তার গোষ্ঠী সহ স্থা করহ মাধব।। চিরজীবী কর আর দেহ ধন দান। সর্বত্যেভাবেতে সদা করহ কল্যাণ। গ্রন্থ

মুক্তাঙ্কণে যারা ক্রিল যতন। হাতেতে করিল কর্ম যুক্ত কিন্তু সকলেরে দেহ আয়ু ধন মান দান। রাধহ পরম ব্রুক্ত কল্যাণ।। কুপাদৃষ্টে পূর্ণ কর শিশুর কামনা। অন্তব্দ্ধানা না ক্রের বঞ্চনা।।

ইতি দ্বিতীয়ভাগ সমাপ্তঃ।